# বিশ্বমানবের লক্ষীলাভ

একেলে কথকতা

স্থরেন্দ্রনাথ ঠাকুর



বিশ্বভারতী গ্রন্থালয় ২ বঙ্কিম চাটুজ্জে খ্রীট, কলিকাভা

#### প্ৰকাশ ১৩৪৭ বৈশাৰ

প্রকাশক শ্রীপুলিনবিহারী সেন বিখভারতী, ৬াও মারকানাথ ঠাকুর লেন, কলিকাতা

> মুদ্রাকর শ্রীপ্রভাতকুমার মুধোগাধার শান্তিনিকেতন প্রেস, শান্তিনিকেতন

धरता। धरता।

ওগো ঘরে-বাইরের নাতি-নাতনীরা।

অনেক মণ্ডার জিনিস জ্টিয়ে এনেছি, সব ধরো—
লক্ষণ যেমন ফল ধরেছিল, ওরকম বোকার মতো নয়—
পড়বে, ভাববে, আমোদ করবে ব'লে।
তোমাদের মা-বাপেরা একটু গন্তীর হয়ে পড়েছেন,
তাই, চুপিচুপি বলি, সাবধানের মার নেই।
কানটা যদি আমার দিকে রাখ,
আমার কথা শোনার স্থবিধে তো হবেই,
ওদিক থেকে মলানির উয়্টাও কয় থাকবে।

তোমাদের

GIGI

# ভণিতা

ভূগোল নামে আমাদের ছেলেবেলায় যা পড়তে হত, তার বেশির ভাগই ফর্দের মতো ছিল— রাজ্যের ফর্দ, শহরের, সমুদ্রের, নদীর, পাহাড়ের, মক্র-ভূমির ফর্দ। আর ছিল অঙ্কের ঘটা,— দেশের প্রসার, শহরের ভিড়, নদীর লম্বাই, পাহাড়ের খাড়াই,— রক্ম-বেরক্মের অঙ্ক, সাংখ্য প্রদর্শনী বললেও হয়। এ সব তথ্য এমন ভাবে ধরে দেওয়া হত, মেন চিরকাল ঐ ছিল, আজ্ঞও আছে, বরাবরই থাকবে। এক কথায়, জ্বগতের জ্বন্সমন্থ লোপাট করে দিয়ে পৃথিবীর চেহারা একটা স্থাবর পিতের মতো দেখানো হত!

কিন্তু আমাদের আমলটুকুর মধ্যে কী হের-ফের না দেখা গেল। কত রাজ্ঞার রাজা কালের কবলে পড়ল, রক্তন্তোভের ভোড়ে কত সীমানার অদলবদল হল। কোঞাও বা কাটা-খালের জলে মরু উদ্ধার পেল, কোথাও নদী শুখিয়ে লোকালয় উজাড় হতে চলল। সমুদ্রে সমুদ্রে যোগ করা হল, মামুষে মামুষে বিচ্ছেদ বাড়তে থাকল; যান-বাহনের গতি বেড়ে গৈল তো কাছাকাছির খেঁবার মতি রইল না। দেখে শুনে সেয়ানা হবার পর সেকেলে ভূগোলের পাতা ওলটালে কোন্ শুতীতের পুঁথির মতো লাগে।

কাজেই আজকালকার শিক্ষাব্যাপার হয়েছে রক্মারি। কোন্ দেশে কত শহর আছে জানিয়ে দিলেই কথা ফুরোয় না; সে সে জায়গায় লোকে জটলা করল কেন, নগরপল্লীর মরণবাঁচনের ধারা কেমন, ভাতে দৈবের হাত কতথানি, মামুষ নিজেই বা কী করতে পারে— নানান আলোচনা এসে পড়ে। তেমনি এখানে-ওখানে পাহাড়গুলো পাশাপানি মাথা তুলে দাঁড়িয়ে আছে দেখিয়ে দিলেই কৌতুহল মেটে

### বিশ্বমানবের লক্ষীলাভ

না; কিসের ঠেলার ওরা সার বেঁধে আকাশ ফুঁড়ে উঠল, ওদের গারে কিরকম অক্ষরে পৃথিবীর ইতিহাস টোকা আছে, সে লিখন কেমন ক'রে পড়ে,— শিক্ষার আসনে বিনি বসেন তাঁকে এমন কত কী খবর যোগাতে হয়।

মান্থবের শিক্ষা বল, চেষ্টা বল, তার প্রথম উদ্দেশ্ত লক্ষ্মীলাভ। প্রথম বলছি কেন, না, সচ্ছলতার ব'নেদের উপর দাঁড়াতে না পারলে, আরো উপরের দিকে হাত বাড়ানোরই যো থাকে না। কিন্তু উদ্দেশ্ত যাই হোক, তাঁকে পাবার লালসে লোকে যে-রকম ঠেলাঠেলি কাড়া-কাড়ি বাধায়, তাতে লক্ষ্মীকে দেশছাড়া কেন, পৃথিবীছাড়া করার যোগাড় করেছে। দোষ শুধু এ বুগের নয়, মন দিয়ে দেখলে দেখা যায় যে, কোনো দেশে কোনো কালে লক্ষ্মীকে স্থান্থিব হয়ে িগ্রত দেশওয় হয়নি। সাধে চাঞ্চল্যরোগ তাঁর ধাতে ব'সে গেছে।

বান্ধণ প্রাধান্তের সভ্যযুগে তাঁদের সাধনায় পাওয়া অধ্যাত্মতত্ত্ব আজও জগতের সম্পদ ব'লে মানা হয়। কিন্তু লক্ষীকে আটক রাখার কথা তাঁরা ভাবেননি, তাই তাঁদের প্রচার-করা বাণী চিদাকাশেই উড়ে বেড়াচ্ছে, কর্মদেহ নিম্নে ধরাধামের লক্ষীশ্রী বিধান করে উঠতে পারল না।

ত্রেভার শ্বন্তিররাজ্ঞার। একমাত্র ভারত্তে প্রকট হননি, পৃথিবীমর বিক্টভাবে তাঁরা দাপিরে বেড়িয়েছেন। "পুক্ষসিংহ" উপাধি পাবার যোগ্যপাত্র হলেও, সাম্রাজ্ঞ্যনেশায় তাঁদের উল্ফোগ বরাবর এমনি, উদ্ভাগ্ত বে, হতভাগা প্রজ্ঞাদের শ্রীসমৃদ্ধি বাবে বাবে নষ্ট বৈ পুষ্ট হতেই পেল না।

এক রকমের বাছাছরি দেখিয়েছেন দাপরের বৈশ্ব কর্তারা, য়ুরোপে বাঁরা বিরাক্ত করেন। ওঁদের লোভ তো রাবণের চুলোর মতো জ্বলভেই

#### ভণিতা

আছে। সে-লোভের খোরাক জোগাবার কাজে ওঁরা ব্রাহ্মণের বিজ্ঞান, ক্ষব্রিয়ের বীরত্ব, তুটোঁকেই জুড়ি জুতে লাগিয়ে রাখতে পেরেছেন। মাঝে মাঝে বুদ্ধের ষে-আগুন জলে ওঠে তার ঝলগানি থেয়েও ওঁদের হুঁশ হল না, আসছে বারের অগ্নিকাণ্ডে পিলপিল করে ঝাঁপ দেপ্লয়াটা বাকি। ইতিমধ্যে গো-বেচারীর আড্ডা যেখানে যত ছিল, তা লুটপাট করে এক একটি কুবের হয়ে উঠলেও, লক্ষ্মীলাভের হিসেবে ওঁদের নাম খয়চের খাতায় লিখতে হয়।

রইল শ্রু, বাঁদিকে শ্যায় বলে শ্রমিক। ঘোর কলি ঘনিরে আসায় এবার লক্ষ্মী-আহ্বানের পালা পড়েছে তাঁদের। গত ক'বার অবতার হসেছেন এক-একটি করে জীব, নৃসিংহের বেলা না হয় জোড়া জীব। গতিক যেরকম, এবার বুঝি মানবসংঘের বৃহৎ কলেবরে ভগবান অবতীর্ণ হতে ইচ্ছে করছেন। এবার শ্রমিকের রাজত্বের পালা। ধনীর দিন কুরিয়ে আসার আভাস চারিদিকেই পাওয়া যাছে। রুলদেশে শ্রমিক-প্রধান তন্ত্র দেখতে দেখতে গড়ে উঠছে। হয়তো সেখানে স্বয়ং কল্কি এসে পড়েছেন বা,— সেই USSR ও এর মুভি ধরে, বাঁদের সংঘবদ্ধ উত্তমে প্রোনো মানবস্মাতের ষত আধ-মরা সংস্কার-বিকার আচারবিচার, সমস্ত ঝেঁটিয়ে ফেলে আগামী সত্যবুগের জমি পরিকার করে রাখা হছে।

সে যাই হোক, এইটুকু ঠিক যে, লক্ষ্মীকে অচলা করে রাখতে না পারলেও, USSR তার প্রসাদ বিভরণের এলোমেলো-পনা কাটিয়ে ওঠার হিক্মত বার করেছেন। ধাত যাবে কোথায়, এঁদেরও এলাকার মধ্যে

১ ইউ এস্ এস্ আর রুল-মহাদেশের সমবেত গমাঞ্চান্ত্রিক রাষ্ট্রসংখ।

#### বিশ্বমানবের লক্ষীলাভ

লক্ষী অস্থির হয়ে ঘুরে বেড়ান, কখনো দিতে ভোলেন, কখনো বা বেশি ঢালেন; কিন্তু এঁদের পঞ্চবার্ষিক সংকল্প (5-year-plan) যখন ধেখানে যতথানি পায়, কুড়িয়ে গুছিয়ে নিয়ে তা থেকে স্বাইকার দরকার বুঝে পরিবেশন করে। তা ছাড়া, ভজের আওড়ানো মন্ত্র অনেক সময় দেবী কানেই তোলেন না, কিন্তু এঁদের নাছোড়বান্দা বৈজ্ঞানিক তন্ত্রের পেড়াপিড়ি তিনি অত সহজ্ঞে এড়াতে পারেন না।

সেকালের কথকঠাকুরেরা যে গব পুরাণকাহিনী বলতেন. তার চেয়ে লক্ষীছাড়া নারায়ণের চির বিরহু ঘোচাবার জন্তে USSR-এর যে নতুন ধরনের যজ্ঞ চলছে, তার গল্প কম মনোহারী বা হিতকারী হবে না, এই আশায় নারায়ণ (বলতে বিশ্বমানবের যিনি অন্তর্গামী নিয়ন্তা) নরোম্ভম (বলতে যারা গুরুস্থানীয়) আর দেবী সরম্বতী (বলতে যে প্রজ্ঞার ক্রপায় গুরুবাণীর মর্ম হৃদয়ংগম হয়) মনে মনে তাঁদিকে নমস্কার ক'রে আমি ভনতে বসে গেছি। পুণ্যবান না হলেও কারো গুনতে মানা নেই। ইতি

স্বরেন ঠাকুর

# নিৰ্ঘণ্ট

ভণিতা		Œ
প্রথম পালা : দরিদ্রেনারায়ণে	র মোহভঙ্গ	
বেদের গল্প	•••	20
চাষার গল	•••	>6
হুর্গতি-নাশন যজ্ঞারম্ভ	•••	२>
দ্বিতীয় পালা : পঞ্চ্ছতের ব	শীকরণ	
মাটির কথা	•••	ર જ
জলের কণা	••	૭૨
আকাশের কথা	•••	80
পাতালের কথা	•••	<b>t&gt;</b>
তৃতীয় পালা : মনপ্রাণের উ	হৈকৰ্ষ	
আহারের সমস্তা	•••	68
শ্রেষ্টের তল্লাশ	•••	90
কুল-শীলের রহস্ত	•••	40
ঈশা-সংকট	•••	b>
চতুর্থ পালা : প্রবাদী-গ্রামবা	দী-সংবাদ	
মহাভাঙন তন্ত্ৰ	•••	>•৩
অর্বাচীনের স্থা	•••	>•9
গ্রামের কথা	•••	۵۰۵

# বিশ্বমানবের লক্ষ্মীলাভ

গ্রাম। বৈঠক	•••	<b>५</b> ५२
জ্ঞিদার-রাখালের ক্থা	•••	<b>३</b> २ •
সমবায়-নেতার কথা	•••	>> €
লগোপিকা কত্রীর কথ।	•••	>50
পঞ্চম পালা: চতুর্বর্গের ফল	বিচার	
ফলেন পরিচীয়তে	•••	><4
ধৰ্ম-এব হতো হস্তি	•••	>,5
ত্যত্তেন ভূঞ্জীণা	•••	>60
স্থে মহিন্নি	•••	>46
ন হি কল্যাণ-ক্বৎ হুৰ্গতিং গা	চ্ছতি …	<b>५</b> १२
পালান্ত পরিচ্ছেদ		
की शर्व	•••	245
কুলক্ষণ	•••	244
ভয় েই	•••	: 66
টিপ্লনী		
<b>श्र न- ऋ</b> गे का त	•••	>50
খেলার ভাব	•••	>9>
খেলার উৎপত্তি	•••	720
ভয় ভাবনা, আশা ভরুষা	•••	866
সভ্যাগ্রহ-সংক্র	•••	366

# বিশ্বমানবের লক্ষালাভ

# প্রথম পালা

# দরিদ্রনারায়ণের মোহভঙ্গ

#### বেদের গল

য়ুরোপে-এসিরায় পৃথিবার ষষ্ঠাংশ-জোড়া প্রকাণ্ড রুশমহাদেশে ব্যান্তর হওয়ার আগে, তার প্রায় সাত ভাগের এক ভাগ ছিল মরু, তাও বাড়তেই চলেছিল। মরু বলতে জনশৃষ্ঠ জলহীন বালি ধু ধু করার ছবি মনে আগে। আসলে, কিন্তু, দৃশুটা তত ফাঁকা নয়। USSRএর কথা বথন হচ্ছে, তথন রুশের মধ্যে সবচেয়ে লম্বা-চওড়া "কারা-কুম" (কালো বালি) মরুর কথাটাই ধরা যাক।

উপরে তো বালি, কিন্তু কিছু দ্র খ্ডলে তলার তিজে মাটি বেরিয়ে পড়ে। ও দেশের বর্ষা হয় বসস্তকালে, সে সময় বালির উপর এখানে-ওখানে কাটা-ঘাস, ডাঁটা-সার-সরু পাতার গাছ, এ রকম কিছু কিছু উদ্ভিদ গজায়। চেপটা-গড়নের ঝাঁকড়া পাতার বাহার দিতে গেলে গাছের ঘড়া ঘড়া জল খাওয়া লাগে, এমন জায়গায় তা তো জোটে না। ঢেউ-খেলানো বালির খোঁদলে বর্ষার জল জমে, তাতে দেখা দের পাঁকের মাছ; আর উপরে কিলবিল করে বেলে সংপ। মাছগুলো কাদার মধ্যে থেকে মুখ বাড়িয়ে সোজাস্থলি হাওয়ার নিখেস টানতে শিথেছে, আর সাপগুলো বালিতে সাঁতরে বেড়ানো অভ্যেস করেছে। মরুজীবিকে মরুভূমির সঙ্গে খাপ খাইয়ে নিতে হয়। যেমন উট, কাঁটা খেয়ে জল না খেয়ে চালিয়ে দেয়; বেলে রঙের সিংহকে তার খাল্সম্বন্ধীদের ঠাওর হয় না, নইলে তারা পালিয়ে বাঁচত, সিংহ অনাহারে মরত।

यासूरवत मरशा, पूत्रपूरत जूकीरवरमत्र मन कमञ्च-वर्षात्र मञ्ज्य এहे

### দরিজনারায়ণের মোহভঙ্গ

কারাকুমে ভাদের ঘোড়া ভেড়া চরাতে এনে স্ত্রী-ছেলেপিলে নিয়ে ছাপ্পর বেঁধে থাকে; এক অঞ্চলের ঘাস-গাছড়া ফুরিয়ে গোলে হঠে বসে; লেঘে গামি পড়ায় সবুজের পালা সাক্ষ হলে, লটবহর গুটিয়ে দক্ষিণের পাহাড় পানে ধ্রাপ্তয়া করে।

সমাটের আমলে এই কারাকুমের ভিতর দিয়ে প্রথমে জল যাবার
নহর, তার পর এক রেল লাইন চালিয়ে দেওয়া হয়। ব্যাপারখানা কী।
হঠাৎ বুঝি রাজার বা উজিবের মরুবাসীর পিপাসার কথা মনে পড়ায়,
প্রজাবাৎসল্য উথলে উঠল ?— তা নয়। মরুর ওপারে মধ্য-এসিয়ার
বড়ো বড়ো নদীর ধারে যেসব জাকালো শহর, ফলস্ত খেতবাগান আছে,
সেখানকার ভালো ভালো জিনিস আমদানির সহজ্ঞ উপায় চাই, তারি
এই আয়োজন।

জল না হলে ইঞ্জিন চলে না; রেলগাড়ি না দৌড়লে লম্বা পথ ফুরোর না,—আগেকার দিনে বোগ্দাদের থলিফাকে রুণের সেরা খরমুজ্ব সরবরাহ করতে হলে এক একটি ফল বরকভরা সীসেমোড়া আলাদা বাক্সবলী করে উটের পিঠে মক পার করতে তিন তিন মাস লেগে যেত।

আর একটু কথাও আছে। রেলপথে যথনতখন ইচ্ছেমতো গাড়ি গাড়ি পল্টন পাঠাতে পারলে দেশটাকে বে্শ সহজে শাসনে রাখা ধায়।

যা হোক রেলগাড়ি চলল, মরুদেশ সম্রাটের তাঁবে এল,—তাহলে বেদেরা অন্তত তাঁর প্রজা হওয়ার গৌরবটা তো পেল ?—:মাটেই তা নয়। এমন হডভাগা প্রজার উপর রাজাগিরি ফলাবার শথ মহামহিম রুশস্মাটের ছিলই না, উলটে তাদের জ্ঞালায় রাজ-আমলারা অন্থির। জ্ঞানের নহর পেয়ে ত্ব'ধারে তারা ভিটে তুলে বসবাস ফাঁদে আর কি।

#### বেদের গল্প

সম্রাটের মোসাহেবের দল তাক করে বসে ছিল, রেলধারে খালধারে জ্ঞামিদারি পত্তন করকে, প্রজা দিয়ে ফসল ফলাবে, কারখানা চালাবে, তাদিকে ছটি ছটি খেতে দেবে, মোটা টাকা পৌছবে জ্ঞামিদারের খাজানায়। কিন্তু বেদেরা কায়েম হয়ে জুড়ে বসলে সব মাটি। তথ্ন তাদিকে উচ্ছেদ করার ঝামেলা পোয়াবে কে।

ह्कूम काति इन-"निकाता।"

আমলায় ধরে আনতে বললে, পেয়াদায় বেঁধে আনে,—রাজকায়দার এ ধারা তো জাহিব আছেই। সদর সেনাপতি সেদিকের সেনানায়ককে পত্র দিলেন—"য়োমুদে (তুর্কি বেদে)রা খালধারে যেখানে যেখানে আড্ডা করেছে, পলটন চদাও করে তাদিকে সরিয়ে দেবেন।"

কশাক-পলটনের সরদাবকে ডাকিয়ে সেনানায়ক বললেন, "সওয়ার নিয়ে বাজার হুকুম তামিল করে এসো, দেখো যেন একটাও বাকি না পাকে "

এক সার কশাক-সওয়ারের ভাষণ চেহারা দূর থেকে দেখেই ভো বেদেদের আকেল গুড়ুম। যে পারলে সে ঘরবাড়ি পরিবার জিনিসপত্র ফেলে, ঘোড়ার চেপ্রে মার টেনে দৌড়। কিন্তু তাতে কি রেহাই পায় —অক্ষরে অক্ষরে হুকুম মানতে না পারলে সেপাইয়ের ইজ্জত থাকে কই। তার উপর যগু গুণ্ডা হলে যা হয়, হঠাৎ খুন-চাপা রোগে ধরে। কাজেই ভেজী ঘোড়া ছুটিয়ে একদল সপ্তয়ার পলাতক বেদেদের টাটু-গুলোকে তেড়ে ধরল আর পাশাপাশি দৌড়তে দৌড়তেই চমৎকার হাত-সাফাই দেখিয়ে তলোয়ারের এক এক কোপে এক এক বেদের মাথা ওড়াল। ওদিকে, ছাপ্পরের আশেপাশে যেসব ছেলে বুড়ো-জীলোক পড়ে ছিল. আর এক দল গিয়ে তাদিকে সাবাড় করল।

ক্থাটা বিশ্বাস করা একটু শক্ত-না ?

### দরিজনারায়ণের মোহভঙ্গ

কিন্ত বিখ্যাত রুশীয় লেখক (এম্ ইলিন্) সম্রাটের মোছর-বসানো ছকুমনামার নম্বর তারিখ ধরে দিয়েছেন – নং ১১৬৭, ৬ই ছুন্, ১৮৭৩। তা ছাড়া, ভেবে দেখতে গেলে, নিরীছের উপর চোটপাট করে বাহাছুরি নিতে কোন্পোদার বীর কবে কোথায় নারাজ হয়েছে।

### চাষার গল

ফসলখেতে ফলবাগানে রেলগাড়ি করে জল যোগাতে হলে জমির বিঘে পিছু আস্ত এক ট্রেন জলের টাঁকি দরকার হত,—ভাগ্যিস্ তা করতে হয় না। তবে রেলেরই মতো বাঁধা পথে জল আসাধাওয়ার চক্কর খায়। আসার লাইন আকাশের ভিতর দিয়ে—সাগর থেকে ডাঙা; ফেরত লাইন মাটির উপর দিয়ে—ডাঙা থেকে সাগর। ফিরডি পথে, নদী বেয়ে যাবার সময়, জলে বিস্তর মাল বোঝাই থাকে,—এটেলমাটি, রকম বেরকমের মুন, কিছু কিছু ধাতু, প্রাণীর দেহপৃষ্টির কাজে লাগে এমন অনেক জিনিস; শেবে এগুলোকে সমুদ্রে ঢেলে দিয়ে, মেঘ হয়ে, জল আকাশ-পথে হালকা চলে আসে। ঐ মাল বদি সব-কে-সব সমুদ্রে ফেলা থেত, ডাহলে ডাঙার জমি ক্রমশ জসার হয়ে, প্রাণী বাঁচিয়ে রাখার অযোগ্য হয়ে পড়ত। কিন্তু গাছের কল্যাণে ধরিত্রীর সে দশা ঘটতে পায় না।

গাছ করে কী, জল সমুদ্রে যাবার সময় তাকে নিজের মধ্যে এককেপ ঘূরিয়ে এনে দেশের মাটির তেজ বজার রাখে। এই যে ব্রাঞ্চ লাইন, মাটি —গাছ, গাছ—মাটি, এর ভিতর দিয়ে জল চলার সময় গাছ নানা রকম ক্রিয়া করতে থাকে।

প্রথম ছুই পালায় বলা অনেক বৃদ্ধান্ত এই লেখকের (মেন্ এ। ও মাউনটেনস)
 বই পেকে নেওয়।

#### চাষার গল্প

এক তো, মালে-বোঝাই জল থেকে নিজের শিক্ড গুড়ি ডালপালা ফুল নীজ তৈরি করতে যা যা লাগে তা টেনে নেয়; পরে নিজের মূল ডাঁটা-পাতা-ফল অন্য প্রাণীর সেবায় লাগায়; শেষে, বড়ো গাছ পাতা ঝরিয়ে, ছোটো গাছ আন্ত মরা-দেহ দিয়ে, মাটির জিনিদ মাটিকে ফিরিয়ে দেয়। সেই সঙ্গে, পাতার প্রখাসের ভাপ হাওয়াটাকে ভিজিয়ে ঠাও। রাখে, নইলে রোদে-তাতা মক্র-বালির উপরকার বাতাস ঝাঁজিয়ে গিয়ে যেমন হয়, তাই হত,—আকাশে মেঘ জমতেই দিত না, এলেও বর্ষাত না, যদি বা অল্লসন্ত জল ঝরত তা মাঝপথেই শুখনো হাওয়ায় থেয়ে নিত, জমিতে পৌছত না।

গাছের আর এক ক্রিয়া এই— বৃষ্টির মুষলধার অবাধে মাটির উপর
পড়লে তাতে গত হুয়ে যায়, পড়া-জল তোডে গড়াতে থাকলে উপরকার
সারালো মাটি কেটে নিয়ে চলে, কাটা খোয়াইয়ের ভিতর দিয়ে সব
জলটা হুড়মুড় ক'রে নদীতে নেমে পড়ে, কারো কোনো কাজে লাগার
জন্তে হুদণ্ড কোথাও তির্চয়না। গাছ থাকলে আকাশের জলকে এ
রকম ছ্যাবলামি করতে দেয় না— বৃষ্টির চোট নিজের মাথায় নিয়ে জলটাকে
কতক পাতার ডগা দিয়ে, কতক গুড়ির গা বেয়ে, আস্তে আস্তে নামিয়ে
ফেলে, তাকে ঝরা পাতার লেপ চাপা দিয়ে, রোদে ভবিয়ে যেতে দেয় না,
তাড়াতাভি গড়াতে দেয় না, তলে তলে গজীর চালে নদীতে পৌছে দেয়।

তাই বড়ো গাছের বন পাকলে দেশে অনার্টি হতে পার না, ভালো জমি খয়ে মরুভূমি হয়ে দাঁড়ায় না।

কশে ভারি ভারি জন্দল ছিল, যাতে প্রজারা কাঠ-কাঠরার কুঁড়ে বেঁধে থাকত; কুডোনো কুটোকাটার জালে রারা করত, শীত কাটাত, বনের ফাঁকে ফাঁকে জানোয়ার চরাত, কিছু ফ্ললও লাগাত। সেই জন্মলের উপর লোভ লাগল উপর-ওয়ালাদের।

### দরিজনারায়ণের মোহভঙ্গ

রব উঠল— "বেটাদের ষেমন বৃদ্ধি ভোঁতা, তেমনি নজর ছোটো, ধালি নিজেদের খুচরো এটা ওটা নিয়ে ব্যতিব্যস্ত, দেশহিতৈষণা কাকে বলে তা জানেও না; দেশের এত বড়ো লাভের সম্পত্তি জংলী প্রজারা কি না বেকায়দা আটকে রাথতে চায়।"

কলে প্রজাদের স্বস্থ ছুটে গেল, জঙ্গল সব বেঁটে দেওয়া হল জমিদারদের মধ্যে। সে বেচারীদের তো সদাই থাঁক্তি, বাড়িটা গাড়িটা আসবাবটাআসটা পুরোপুরি না রাখলে মানই থাকে না, আরামটুকু তো পরের কথা। তাই, যেমন-তেমন করে জঙ্গল কাটলে আথেরে লোকসান, সেক্থা জানা থাকলেও মস্ত মস্ত পুরোনো গাছের দাম, আবাদী জমির উপস্বত্ব, এ সব নগদ আদায় হাত পা গুটিয়ে ব'সে খোয়ানো কি তাদের প্রাণে সয়। পরের ভাবনা পরে যারা আসবে তারা ভাববে।

জঙ্গল কাটতে কাটতে গাদা-করা কাঠের দাম প'ড়ে গেল, আবাদ বাড়াতে বাড়াতে জলের দরে রাশ রাশ ফসল বাজারে ছাড়তে হল, তথন প্রভ্রা ক্ষাস্ত হলেন। কিন্তু ভার মধ্যেই দেশের দফা হল নিকেশ, পড়ে গেল অনার্ষ্টির পালা। প্রথমটা চার পাঁচ বছর অস্তর, শেষে তিন বছর ছ'বছর অস্তর, ছুর্বৎসর ঘনিয়ে আসতে লাগল।

ফসল অজনা বলে রাজা তো প্রজাকে ছাড়ে না—"চুক্তি অমান্ত করা, ডা কি হর!"

ওদিকে স্বাধীনভাবে চাষের অধিকার পেতে যে-সেলামী লাগে তাই কুলোর না, প্রজার থাজনা দেবে কোখেকে, থাবেই বা কী। শেষে স্ত্রী ছেলেপিলে আত্মীরবাড়ি রেখে, তারা দলে দলে মজ্রি থাটতে বেরল।

অনেকে গেল শহরে। সেখানে দশ-জন-থাকা ঘরে বিশ-ত্রিশ-জন ঠাসাঠাসি ক'রে থেকে রোগ বাধাল, রোগ ছড়াতে লাগল, কতরি।

#### চাষার গল্প

আতক্ষে সারা। যারা টিকে রইল তারা শেষে পুলিদের গুঁতোর চোটে ফের বাডিমুখোঁ হল।

আর অনেকে গেল, পথে ভিক্নে করতে করতে, প্রদেশের পর প্রদেশ ছাড়িয়ে, দেই সাইবীরিয়ায়। বাডিতে থাকলে তে। ঠায় মরণ, যে দেশে খাটবার লোকের অভাব, সেখানে যদি খোরাক জোটে। কারে! কারো কাজ জুটল বটে, যাদের কপালে তা না হল তারা ফিরতি বেলা রাস্তার ধারে হাড় ক'খানি রাখল: হু'হুবার রক্ত-মাংসের শরীরে ঐ অফুরস্ত পথ কি খালি-পেটে পার হওয়। যাহ।

গবর্নমেন্টের রিপোর্টে আক্ষেপ প্রকাশ হল, "প্রজাদের এ কী দেশ-ছাড়া পাগলামিতে পেরেছে। জমিদারদের যে সর্বনাশ, ঠিকে লোক দিয়ে চাষ করাতে হলে খরচ কেড়ে যাবে কত।" ভেবেচিস্তে সাব্যস্ত হল, "গ্রামে গ্রামে অক্ষমদের জন্তে দাও কিছু দানা পাঠিয়ে।"

উকিলে আমলায় তা থেকে নিজের নিজের তোলা নেবার পর, রাজ্যের আবর্জনা দিয়ে ওজনে পুরিয়ে যা পৌছে দিলে সেটা এত রকমের মিশল যে, দানা ছাড়া কোনো নামের মধ্যে তাকে আনা যায় না; আর পরিমাণে এত কম যে তাতে জন-পিছু দিনে এক ছটাকও হয় না।

সক্ষমদের পক্ষে হুকুম হল আলাদা, "ভিক্ষে বৃত্তির প্রশ্রের দিলে চরিত্র নষ্ট হবে। তৈরি করো কতকগুলো রেলের রাস্তা, তাদের সকলকে কাজে লাগিয়ে দাও।"

কিন্তু কুলির সর্দার অভিযোগ জানাল, "হজুর, এ সব নিখাকী মজুর নিয়ে করব কী। পায়ে বল নেই, টলতে টলতে আসে; হাতে জোর নেই, কোদাল ওঠেই না।"

উद्धत এन. "वर्टे, काटक काँकि प्तवात किना। वनमानश्चरनारक

### দরিজনারায়ণের মোহভঙ্গ

চাবকে লাল ক'রে ধ'রে বেঁধে বাড়ি পাঠিয়ে দাও।" আর আইন জারি হল, "ভিটে ছেড়ে প্রজার যাওয়াই নিষেধ।"

প্রজার সে ভিটেকে ভদ্রাসন বললে ঠাট্টা করা হয়। জঙ্গলের কাঠ
কাটা দুরে থাক্, প্রজার কাঠকুড়োনো পর্যন্ত বারণ,— কুড়ুলের আওয়াজ
কোথাও শোনা যাচ্ছে কি না, সেদিকে কান পেতে জমিদারের সওয়ার
সারাদিন ঘূরছে। অগত্যা, ভাঁটা-লতা-পাতা জড়িয়ে কোনো রকমে
দেওয়াল-খাড়া-করা খড়ের ছাউনি-দেওয়া তাদের ঘর। তবু মাম্বথাকার ঘরগুলো ওরি মধ্যে একটু মজবুত, জানোয়ারদের ঘরের পল্কা
দেওয়ালে বাইরের জলবাতাস একেবারেই রোখে না, আর গোরুর
খাবারের অনাটন হলে চালের খড় প্রায়ই নেমে আসে। এ অবস্থায়
দার্রণ শীতের সময় যত গোরু-শুয়োর সব মাম্ব-থাকা ঘরে না ঢোকালে
তারা বাঁচে না। এতে স্বস্তি-স্বাস্থ্যের যা হাল হয় তা কি বর্ণনার
অপেকা রাখে।

আর প্রজাদের খাবার ? ছুর্বৎসরে যে দানাটুকু জোটে তা ভেঙে ক্লিটি হওয়ার কাছ দিয়েও ষায় না, কাজেই ছাই-পাঁশ মেশানো সে দানার সঙ্গে জংলী ঘাস-পাতা থেঁৎলে পেট-ভারানো চেহারার কটির মতো একটা কিছু দাঁড় করাতে হয়,— যা ভাঁখলে কুকুর বেড়াল মুখ ফেরায়, মুরগিকে খাওয়ালে মারাই পড়ে,— প্রজারা পেটের জালায় বমি চেপে তাই গেলে। তার উপর কাঁচা জালানির চিড়বিড়ে ধোঁয়ার তাড়সে ওদের চোথের মাধা খাওয়া যায়, বয়স না যেতেই প্রায়

গাঁরে পাকলে না থেয়ে মরা, গ্রাম ছাড়লে মার থেয়ে মরা, এই এমনেও গেছি অমনেও গেছি অবস্থায় ওরা মরিয়া হয়ে চুরিডাকাতি,

### ছুৰ্গতিনাশন যজারম্ভ

জমিদারবাড়ি-জালানো আরম্ভ করলে। তথন সদর খেকে পলটন এসে গুলি চালিয়ে সব ঠাণ্ডা করে দিলে।

শহরে কি অবস্থাপর দয়ালু লোক কেউ ছিল না ?—ছিল বৈ কি।
ছতিকে কি সকলের লোকসান। ভেজাল-দেওয়া জিনিস চড়া-লামে
বেচে কারো বড়ো বাড়ি হয়, কারো নগদ টাকা জমে। তথন দয়া
করারও ফুরসত আসে। থিয়েটার-রে, কনসার্ট-রে, কতরকমের আমোদপ্রমোদের আয়োজন করে গ্রামবাসীদের জ্ঞে টাকা তোলা হল;
উচ্ছিষ্ট দিয়ে ত্রুকয়া তৈরি করে শহরের পাড়ায় পাড়ায় কাঙালী বিদায়ের
ধুম লেগে গেল। কিন্তু তাও বলতে হয়, হাজার বদান্ত হলেও লোকে
কি দিনের পর দিন, মাসের পর মাস থৈর্ব রাখতে পেরে ওঠে? থেতে
পাই না, খেতে পাই না, ঐ একঘেয়ে চীৎকার শুনতে শুনতে কান
ঝালাপালা, মনে ঘাটা পড়ে যায়।

তবুও সেই খাই খাই, রোজই খাই গাই, অবুঝ প্রজাগুলো সামান্ত খাওয়াটা বাঁচাটার জন্তে কি খ্যাপানটাই খেপেছিল।

### তুৰ্গতিনাশন যজারম্ভ

মনে হতে পারে বোবা সাক্ষীর অবানবন্দি হয়ই না। কিন্তু রুশের প্রজাকে পোয়াদায় নীরবে যা সপ্তয়াল, তার বিবরণ নারায়ণের নথির মধ্যে ঠিক উঠে গেল। তবে কি না, তিনি শেষ নাগের নরম পিঠেঃ উপর দিবিয় হেলান দিয়ে বোধ করি একটু ঝিমিয়ে পড়েছিলেন, তাই সে সব কথা বিচার আমলে আসতে কত দিন যে লেগে গেল তার ঠিকানা নেই। কি নরের, কিবা নারায়ণের, আদালত দেখি সব এক ছাঁচে ঢালা, তাদের গড়িমসি চালের আর শেষ পাওয়া যায় না।

### দরিজনারায়ণের মোহভঙ্গ

পরে অবশু বোঝা গেল, কোনো অবসরে রায়টা চুপি চুপি দিয়ে রাখা হয়েছিল।

नाथ कथा नारगनि, এक कथात्र रम त्राय-"विश्रव!"

ছাও কিন্তু অনেক-কাল নধির মধ্যেই চাপা পড়ে রইল। অবশেষে ডিক্রি জারি হল ১৯১৭ সালের অক্টোবর মাসে।

জারির দিনটা কি বিশ্বমানবের একটা পরবের মধ্যে দাঁড়াবে। দেখা যাক। জানা যাবে USSR-এর যজ্ঞ আর একটু এগোলে।

ডিগ্রির মোট কথা এই—এ রাজা, সে উজীরের দোষ নয়, কুব্যবস্থার দোষেই মামুষ ত্রবস্থায় পড়ে। যে জিনিস সকলের, তাকে "আমার" "আমার" বলে টানাটানি, বিনা শ্রমে পরের শ্রমের ফলভোগের চেষ্টা, এতেই পাপ; পাপ করা, পাপের প্রতীকার না করা, তুয়েরই পরিণাম মৃত্যু। বৃদ্ধিরতি অমুসারে মামুষের দেবার ক্ষমতা কম-বেশি; কিন্তু শরীর মনকে স্বস্থ রাখবার জন্তে খাওয়াপরার দরকার সকলের পক্ষেসমান। অতএব যার যতদ্র ক্ষমতা সকলে উৎপাদন করুক, উৎপদ্দ করলে-পর সমবেত চেষ্টার ফলন কারো পক্ষে অকুর্লন হবে না। শ্রমিক প্রজা, শ্রমিক রাজা, শ্রমিক ছাড়া আর পক্ষই নেই, এ রক্ষমটা হলে রাজা-প্রজার, ধনী-দরিত্রের, বিবাদ ভঞ্জন হবে, স্থনিয়মের ব্যতিক্রম ঘটার যা মূল কারণ সেই লোভের লোপ হবে। দৈবের উপর নির্ভর করা হেড়ে দিয়ে নরনারী দেবতাকে নিজের বশে আনতে পারলে ভারা নরোন্তম পদ লাভ করবে, ভখন অভাব বা অসাধ্য কিছু থাকবে না।

এ রায়ের জােরে আশা হয়, লমা লমা তিন মুগের ভােগ ভূগে,
মামুনের ধর্মবৃদ্ধির ছড়তা এবার হয়তাে কাটবে। আর কিছু না হােক,

### তুৰ্গতিনাশন যজারস্ত

গল্ভিটা কিসে কিসে হুরেছিল, সেটুকু কলির খেবে USSR-এর কাছে ধরা পড়েছে বলে মনে হয়।

প্রকাশ হয়েছে যে, নারায়ণীকে দৈতকপে দেখাটাই যত নটের
গোড়া। সরস্বতীর তো ভ্বনভোলানো রূপ, চকিতেমাত্র তাঁর যে দৈখা
পার দে ও হয়ে যায়, লক্ষীর দিকে আর চার না। আবার লক্ষীকে
আবহেলা করলে সরস্বতী অন্তর্ধান হন, অন্তত বাম হয়ে থাকেন। এই ও
উভয় সংকটের মধ্যে মানুষ এত দিন হাবুড়বু থাচ্ছিল।

USSR বুঁঝতে পারলেন, নারায়ণীকে একেশ্বরী জেনে সংবর্ধনা না করলে তিনি নারায়ণকে ধরা দেবেন না। আমরাও আল্মা>-মায়ের দৌলতে সয়অতীকে একটু আধটু চিনে নিয়েছি। শুধু "ফুল নে মা" ব'লে আদর কাড়তে গেলে তিনি গলেন না; গাধা-খাটুনি থেটে হদ্দ হলেও তিনি টলেন না; রসে কষে ঠিকমতো মিলিয়ে নিবেদন না করলে তিনি দিশিণ-মুখ ফেরান না, যাকে বলে "প্রসাদ" তা মেলে নাঁ। তাই USSR সরস্বতীর তুই বর পুত্র কবি-মনীষীর আশ্রয় নিয়ে তাঁর খাতির রাখলেন, আর উভয়কে কমী বানিয়ে লাগিয়ে দিলেন লক্ষীর আরাধনায়। বুদ্ধিটা খেলিয়েছেন ভালো. স্বীকার করতে হয়।

পুরাকালে আরাধনা বলতে ঠিক-কে-ঠিক মন্ত্র উচ্চারণ করা,
মাদ্ধাতার আমলের যত কিছু তুক-তাক কোনোটি বাদ না পড়া, এই
বোঝাত; মাঝে বোঝাতে লাগল ভক্তি-বিলাসের ঘটা— শুব গান,
বাতি ফুল-চন্দনের বাহার; হালে বোঝার ভালো মনে সমানে থেটে চলা,
পদে পদে তুর্গতির নিদান-পিজ্ঞানা, দফে দফে জ্ঞানা বা খুঁজে পাওয়া
ওবুধ প্রয়োগ, এই উপায়ে সাধারণের সেবার প্রত্যেকের সাগ্রহ

১ Alma-mater हेनम् गांडा गांडा।

#### দরিজনারায়ণের মোহভঙ্গ

সাধনা,—যার মধ্যে কোনো দেবতার নাম বা চিন্তা না করলেও, বিনা-নিমন্ত্রণে সব দেবতারা এসে রমণ করেন।

এইভাবে USSR মহা-সমীকরণ যজ্ঞ ফেঁদেছেন। তাই দেখে পৃথিনীর যত রাজা-রাজ্ঞভার মেজাজ যে রকম থিঁচ্ডেছে, এর নাম র্ন্তাজ্বয় যজ্ঞ" দিলেও চলে। আকাশ বাভাস মাটি জল রোদ বৃষ্টিকে নানা প্রাণীকে, তার উপর নিজের মনকেও, মাছুষের মতো মাছুষের জীবনধারণের উপযোগী করে আনা, এই হল এ যজ্ঞের এক এক অল। অকগুলি ক্রমশ ভালোয় ভালোয় উতরে গিয়ে যজ্ঞ পূর্ণ হলে তখন পৃথিবীমাতার বিশ্ব-মানব-ধারিণী নাম সাজ্ঞবে।

যজ্ঞ ব্যাপার চলছে কেমন, তা বিচার করতে হলে কোন্ কোন্ কথা বুঝতে হবে, মনে রাখতে হবে, সে সব কথা পালায় পালায় ক্রমশ বলা যাবে।

# দ্বিতীয় পালা

# পঞ্চতুতের বশীকরণ

## মাটির কথা

হর্ষের প্রতাপে পরাস্ত মিয়মাণ মরু-বেচারা ধুলোয় গড়াগড়ি যায়,—
এ বর্ণনাটা ভূল। মরুটা রাক্ষ্য, লকলকে জিভ বাড়িয়ে ভালোজমি
চেটে থেয়ে নিজের সামিল করতে চায়। বাতাসের সাহায্যে বালির
আক্রমণের নমুনা এ দেশেও দেখা যায়। সমুদ্রভীরের বাড়িতে পাঁচিল
ডিঙিয়ে এসে বাইরের বালি হাতার মধ্যে চিবি হয়ে ওঠে। বালির
উপর দিয়ে রাস্তা পাকা ক'রে বাধলেও তার চিহ্ন বজায় রাখা দায়।
কণারকের মস্ত বড়ো হর্য-মন্দিরটাই বালি চাপা পড়েছিল। কাঠিয়াওয়াড়
থেকে বালি উচ্চ এসে রাজপুতানাকে মরুময় করে তুলেছে।
বালি-চলা রুখতে না পারলে, বাতাস যেদিকে বয়, সেদিকে মরু

শুধু ভূমি নিংর মরু নয়, মরুর মধ্যে উপরের হাওয়াটাকেও ধরতে হয়—হাওয়াই বা বলছি কাকে, সে-বে অদৃশু আগুন। মরু-বালি ধদি চলে বিশ পঞ্চাশ মাইল তো মরু-বাতাসের দৌড হাজার মাইল। বখন ভরা গমিতে, স্র্বের-মারা অগ্নিবাণ ঠিক্রে, বালিটা ঝা ঝাঁ করে, তখন উপরকার হাওয়া প্রচণ্ড ঘূর্ণিপাক খেয়ে য়ৢয়য়াত্রায় বেরয়য়—একা চললে লি'বালি-কণা উড়িয়ে নিলে 'আঁধি'। মধ্য-এসিয়ার ল্লেগে রুশের অপর পারের উত্তেন প্রদেশে খেতের শশু শুখোয়। দক্ষিণ থেকে আঁথি এলে রুশ চাবারা ব্যাবলি করে, "ইরানীরা কাপড় ঝাড়ছে।" এই আঁথি রুশের ফলবাগান ছুঁয়ে গেলে গাছের পাতা কুঁক্ডে ডগা লটকে যায়।

# পঞ্চতের বশীকরণ

প্রকৃতি নিজেই বালিকে দমাবার চেষ্টা করে পাকে। হাওয়ায় উড়ে, জলে ভেসে, পায়ের কাদায় পাথির ময়লায়, নানা উপায়ে ঘাসের গাছের বীচি ছনিয়ায়য় চলাফেরা করে। কিন্তু বালির মধ্যে শিকড় গেড়ে গজিয়ে ওঠার বিল্ল অনেক। অকালে অস্থানে পড়লে বীচি শুখিয়ে যেতে পারে; ষপাস্থানে পড়লেও বাতাসে সরিয়ে ফেলতে পারে, বালিচাপা দিতে পারে।

কারাকুমের "কান্দিম" নামের এক রক্ম লতানে ঘাস কী ক'রে নিজের কাজ উদ্ধার করে, তার কথাটাই বলি। এ ধরনের ঘাস বা আগাছা আমাদের বেলে- জায়গায়ও দেখা যায়।

কান্দিমের বীচি ছোট্টো ফাঁপা গোলার মতো, তার গা-ময় কাঁটা।
সে শুখনো বালির উপর পড়লে হাওয়ার সঙ্গে গড়িয়ে বেড়ায়, য়তক্ষণ না
রস জোটে। বাতাস যদি বালি ঝেঁটিয়ে এনে তাকে চাপা দেবার
যোগাড় করে, হালকা বলটা ফুরফুর ক'রে বালির আগে আগে উড়ে
চলে। রসা জায়গায় পৌছলে কাঁটাগুলো গেঁপে যায়, বীচি আর ন'ড়ে
বেড়াতে পায় না। সে অবস্থায় যদি চাপা পড়ে তখন কান্দিমে-বালিতে
লাগে রেশারেশি, বালির ঢিবি বাড়ে তো ঘাসও সঁলে সঙ্গে বাড়ে।
কান্দিমের গাঁঠে-গাঁঠে শিক্ড, উপরের চাপ সংস্থেও সে তাই দিয়ে তলার
বালিকে আইেপিঠে বেঁধে ফেলে। পরে কোনো সময় জোর বাতাস
উঠে উপরের ঢিলে বালি সরিয়ে ফেললে, শিক্ডে বাধা ডুমো ঢিবিটা
ঘাসের গোচ্চা মাধায় পরে জ'মকে বসে থাকে।

এ ধাঁচার ঘাদ আরো আছে যারা বালিকে হার মানাবার অন্ধ শস্ত্র নিরে উড়ে এসে জুড়ে বংশ। তবে কি না, এরা হারিয়ে নিজেরা হারে : বাড় বাড়ে, কিন্তু বংশ রাখতে পারে না। তার কারণ, একবার পুরোনো পাতা অরাতে আরক্ত করলে দেগুলো প'চে বালির উপর একটা

### মাটির কথা

সারালো আন্তরণ বিছিয়ে দেয়, যাতে ক'রে বর্ষার জ্বল তাড়াতাড়ি শুখোনো বন্ধ হয়ে যায়, তখন তার উপর অন্ত গাছের বীজ্ব লাগার শুযোগ পায়, শিক্ড নামায়, গাছিয়ে ওঠে, শেষে ঝাঁকড়া পাতার আওতায় মারে সেই আগেকার ঘাসের দলকে। ক্রমশ বড়ো গাছের জ্বল ফলাও হলে আবহাওয়া বদলে গিয়ে মক্র উদ্ধার পেয়ে যায়।

মরু-দমনের ইতিহাসটা থদিও তু' কথার ব'লে ফেলা গেল, কিছু আসলে ঘটনাগুলো পর পর ঘটতে সময় লেগে যায় যুগপরিমাণ। মামুষের কিছু অত তর সয় না, নিজের আয়ুর মধ্যে কাজ সারতে না পারনে ফলটা ভোগে আসবে কার ৪

তারো উপায় আছে। রুশের মরু-রেল-লাইনের কোনো কোনো স্টেশনে দেখা যায়, কুলীরা যাথীদের কাছে কত রক্ম বিদেশী ফল তরকারি বিক্রি করতে আনে। তবে কি সেখানে কোনো রুষি তত্ত্ববিদের আস্তানা ?—না, সেখানে যাত্ত্বরও থাকে না। রেলের সঙ্গে সঙ্গে কি না জলও চ'লে এসেতে, তাই স্টেশনের কর্মচারীরাই ইচ্ছেমতো ফল ফলাতে পারে। মরুর চেছারা তড়িঘড়ি ফেরাতে, মায়ুখের উপযোগী করে তুলতে জলই সহায়।

মহাভারতের যুদ্ধ আঠারে। দিনে কাবার হয়েছিল। ইংলপ্তের ইতিহাসে একশ' বছরের যুদ্ধেরও খবর আছে। মামুবে-মক্তে হাঙার হাজার বংসর ধরে যুদ্ধ চলেছে। সেদিন মধ্য-এসিয়ার বালির নিচে কতকগুলি ভাঙাচোরা জল-চলার বাঁধানো নহর বেরিয়েছে, যা একজন মার্কিন পণ্ডিত অনুমান করেন, দশ হাজার বছর আগেকার ভৈরি। ভখন ভো যন্ত্রপাতি বড়ো একটা ছিল না, দূরের পাধর মজ্বের হাতে পিঠে মাধায় করে এনে বসাতে হথেছিল, ভাতে কর্তাদের চাবুকের সাহায্যও ভারা কিছু পেয়ে ধাকবে। এমন আরো কত পুরা-কীতির

### পঞ্জুতের বশীকরণ

অবশিষ্ট জায়গায় জায়গায় পাওয়া বায়। এত কটে গড়া ঞ্জিনিস মান্তুকে
নষ্ট হতে দেয় কেন।

তাতে প্রকৃতির হাত কিছু থাকতে পারে, কিন্তু মান্থবের নিজের ছুর্ছি নির্ভিতা আসলে দায়ী।

রাজাদের দিখিজয় কাহিনী বেশ চটকদার করে লেখা হয়, কিন্তু তলিয়ে দেখলে তাদের কার্যকলাপ মোটেই মনোরম নয়। তারা বেরত কোনো অ্লুর ধনের লোভে লোভে, মাঝপথে বাধা পেলে হছে হয়ে উঠত। যোদ্ধার সাজসজ্জা ছাড়িয়ে ফেললে ভিতরে বেরিয়ে পড়ে নিছক গুণ্ডা, বিপক্ষকে যেমন-তেমন করে কাবু করা বৈ সে কিছুই বোঝে না। সে জানে জলের নহর ভেঙে দিলে মরুবাসী রাজা একেবারে কাবু। তখন তার এলাকার ভিতর দিয়ে লুটপাট করে চলে গেলেও তাকে নিরুপায় হয়ে সইতে হবে; পরে প্রজা বাঁচুক মরুক বিজয়ী বীর তার ধোড়াই তোয়াকা রাখে। পুরোনো কীভিনাশের এই এক কারণ।

আর এক কারণ হচ্ছে কর্মকতার নিজের আহাম্মকি। জমির রকম না বুঝে জল হুড়মুড় করে এনে ফেললেই তো কাজ হয় না, আশ-পাশের চেয়ে জমি যদি নিচু হয় তবে তো মজে হেজে গিয়ে বসবাসের বার হয়ে যায়। তথন তৈরি নহরের মায়া কাটিয়ে স'রে পড়া ছাড়া গতি থাকে না, শেষে মরা নহরের উপর খাঁড়ার ঘা দেবার ভার পড়ে প্রস্কৃতি-দেবীর উপর।

আছো, সেকালে না হয় মাছবের স্থব্দ্ধির উদয় হয়নি, বিজেও গজায়নি, তাই তাদের প্রাণপণ অধ্যবসায় সত্ত্বেও পৃথিবীর অনেক ক্ষমি পতিত হয়েই রইল। কিন্তু তার পরে তো ছটফটে রাজাগুলো

### মাটির কথা

যে-যার রাজ্যে পিতিয়ে বসল, বিজ্ঞান ও হাজির হল মামুষের খিদ্মত করতে; তবু কেন যে-মক দেই-মক থাঁ থাঁ করছে।

ইমারত যত উচু, ভিত তার মতো-মতো চওড়া না হলে যা হর, মান্থবের সেই রকমের দশাট। হয়েছে—তার হৃদয় উদার না হুতেই বৃদ্ধিটা বেজায় চড়ে গেছে। মান্থবে মান্থবে ভালোবাসার টান না খাকলে বৃদ্ধিকে বাগ মানাবে কী দিয়ে। তাই মাঝে মাঝে হালছাড়া বিজ্ঞানের কেরামতি দেখে অবাক হতে হয়—ছঃখ না হলে হাসি পেত।

সবে সেদিন খবরের কাগজে পড়া গেল মার্কিনদেশে দর বাড়াবার জন্মে হাজার হাজার বস্তা গম পুডিয়ে ফেলার অন্তুত কাও।

য়ুরোপেরও একটা গল্প বলি। ১৯৩৪ সালে জ্ব্যানীর বিজ্ঞানের ঠেলার গমের এমনি ফলন হল যে, দেশের লোকে থেয়ে শেষ করতে পারে না, পাঠিয়ে দিলে দিনেমার-গোককে খাওয়াতে। সেখানে আবার গোরু এত বেড়ে গেল যে, গো-খাদক জাতেও তার সন্মবহার করে উঠতে পারল না, কলে পিশে তাদের হাড়েমাসে পিণ্ডি পাকিয়ে ওলনাজ ভয়োরের খাবার বলে চালান গেল। সেখানে ভয়োর বংশের বাড়াবাড়ি আরম্ভ হওয়ায়, ভয়োরখেকোরও হল অরুচি, ভয়োর মেরে সার দিতে লাগল নতুন আবাদী জমিতে,—যাতে আবার বোনা হল গম। বলিহারি যাই চকরের বাহার:

সার দিয়ে বেডে যার গম
গোরুতে থার সেই বাড়তি গম
বাড়তি গোরু দিয়ে থাওরাল শুয়োর
থেতের সার হল বাড়তি শুয়োর

### পঞ্জতের বশীকরণ

আবার বেড়ে যায় গম— টাকডুমাডুম্ডুম্।

ভেদবৃদ্ধিই হয়ে আসছে মান্তবের কাল। যে-যার নিজের দিকে টানাট্যানির চোটে যা উৎপর হতে পারত তা হয় না, যা হয় তাও ফেলা-ছড়া যায়।

১৯২৭ সালে লেখা এক জর্মন পণ্ডিতের মস্কবা চুম্বক করে দিলে আরেবটা ফুটে উঠবে—"মক্রকে উর্বর করার চেষ্টায় সমূহ বিপদ। জমি নিয়ে ফসল নিয়ে হবে কাডাকাছি, বাধবে শেষটা লড়াই। এক জায়গার আবহাওয়ার না হয় উরতি করা হল, আর এক জায়গায় তাতে উলটো ফল হতে পারে, তাবা করবে চেঁচামেচি, সেও গড়াবে ফুদ্ধে। দ্রের লোকের কথা ছেড়েই দাও, প্রতিবাসীর বাড় দেখলে প্রতিবাসীরাই খুনোখুনি লাগিয়ে দেয়।"

আর এক কথা, "এ উপকার করতে যাওয়া চলে না," "ও অভাব মোচন করা পোষায় না"-—আজকালঞার রাজনীতির এ সব বুলির মানে আর কিছু না, যে কর্তৃপক্ষ এ রকম কাজে হাত দেবে তাদের ঘরে কিছু আসবে না। কর্তার ইচ্ছে কর্ম, কর্তার লাভই লাভ। চলতি তন্ত্রে সকলের সমৃদ্ধি বলে কোনো জিনিসই'নেই।

নারায়ণকে ভালো না রাখলে নরনারীর মঙ্গল নেই, এ সোজা কথা আজকাল যেন একটা অন্তুত রহস্তের মতো শোনায়—লোকে আঁতকে, কিম্বা হেসে ওঠে। অথচ, এই কথাটুকু না বোঝায়, ছনিয়ার তিন ভাগ মামুষ আধপেটা খাচ্ছে, অনেকের তাও জুটছে না। এ দিকে বিজ্ঞানীরা বলেন, নতুন বিজ্ঞোনীয়ে কিছু না খাটিয়েও পৃথিবীর জলস্থল থেকে মিলেমিশে করলে যা উৎপন্ন হতে পারে, তাতে পৃথিবীর লোক চারগুণ বাডলেও তাদের খাওয়াপরা চলতে পারে।

#### মাটির কথা

USSR ঠিকই বুঝেছেন। যা কিছু যোগাড় আছে, বা হতে পারে, দে সবের হিসেব ক'রে দরদ দিয়ে পরিবেশন করাই আসল উপায়।

সেজন্মে USSR দলে দলে বিশেষজ্ঞ কাজে লাগিয়ে দিয়েছেন।
কেছ দেখছেন মাটির উপরের ব্যবস্থা,—চন্তি ফসল পুরে। ফলানো, অস্ত্র
ভালো ফসল আনানো, কেছ খুঁজছেন প্রকৃতির গক্তিত ধন মাটির তলা
ধেকে কোণায় তোলা যায়; কেছ আসমানের জল নামিয়ে আনবার
ফিন্দি আঁটছেন, কেছ জমিনে জল চারিয়ে দেবার ফিন্দির ঠাওরাচ্ছেন;
কেছ বা স্থর্গের তেজ, আগুনের তাপ খাটিয়ে শক্তি সঞ্চয়ের মতলব
ফাঁদছেন; দিন নেই, রাত নেই, আপনা-ভূলে তাঁরা জনগণের হিতচিস্তায় লেগে আছেন,—এর-ওর-তার টাকা লাভের আশায় নয়, সমবেত
সমাজের কল্যাণকল্লে এ সাধনা।

একেই বলা ষায় যোগ। শুধু বিশেষজ্ঞের কেন, সংঘের সকলেরই চিত্তের ভাবনা, হৃদয়ের বেগ যেন রাশ টেনে ঘূরিয়ে দেওয়া হয়েছে, ষাতে নিজের চারদিকে ক্রমায়য় চক্কর না খেয়ে সমাজের সমৃদ্ধিতে তারা নিজের বৃদ্ধি বোঝে, সে উদ্দেশ্যে নিজেকে উৎসর্গ করার উৎসাহ পার, সকলের ভাবী-উয়্কির জত্যে প্রফুল্ল মনে নিজের বর্তমান কট্ট স্বীকার করতে পারে।

ভাতেই ভরসা হয়, হাজার বৎসরের দাপাদাপিতে যা হয়নি, এঁদের পাঁচ-পাঁচ-বছরের স্থসমূদ্ধ চেষ্টায় তা হয়ে উঠবে— মরুকে এঁরা মাটি করে ছাডবেন।

#### জলের কথা

ব্যবস্থা করে জল আনতে লাগাতে পারলে মরুভূমিকে ফলস্ত করা যার, এ কথাটা নতুন নয়; জল আনার চেষ্টাও অনেক দিনের, তাও তো দেখা গেল। এক জোট হয়ে সব রকম বিছো খাটানোটাই নতুন; আরো নতুন তার উদ্দেশ্য — সংঘবদ্ধ মামুষের উপকার, যে সংঘের মধ্যে জাতিভেদ নেই, যার মূল-মন্ত্র মানলে কোনো সমাজের তার মধ্যে ঢুকতে মানা নেই।

স্বর্গেমর্ভ্যে পাতাবে জল তো সর্বত্র। আকাশে জলের অনুশু ভাপ উঠে মেঘ-কুয়াশা হয়ে দেখা দেয়। সমুদ্র ছাড়া, মাটির উপরের জল থাকে জমির খাঁজে নদী, গহ্বরের ভিতর হ্রদ, পাহাড়ের উপর বরফ হয়ে। মাটির তলার জল কোথাও চুঁয়ে চুঁয়ে ধীর স্রোতে চলে, কোথাও গুহায় গর্তে স্থির থাকে। কেমন ক'রে এই সব জলকে মামুষের দরকার মতো হাজির করা যায়, USSR-এর সেই ভাবনা।

স্বাভাবিক উৎস বাদে, পাতকুয়ো, নলকুয়ো, বাঁধা ইঁদারা, এই সব হল পাতালের জলে পৌছে তাকে উপরে টেনে আনার মামূলি রাস্তা। মরুর মধ্যে কোনো জায়গায় উৎস পাকলে তার কাছে মামূর বসতি করে আসছে, আশপাশে কিছুদ্র পর্যস্ত নিজের থোঁড়া কুয়ো ইঁদারা দিয়ে চাবের কাজ চালাভ্ছে, এই তো সেকেলে বন্দোবস্তা। কিন্তু কুয়োর উপর কুয়ো বাড়িয়ে জলের জোগাড়ে মরুকে ঝাঁঝর। করে ফেলা,— এ কালের সে পত্না নয়।

বাঁধানো নহরে-আনা জল পেলে, মামুষের পক্ষে যানবাহন নিয়ে
মক্ষ পারাপার করার উপায় হয় বটে, কিন্তু দে জল ত্থারের জমির
ক্তাটুকুই বা ভেজাতে পারে, তেপাস্তর বালির ভিতর দিয়ে বড়ো জোর

#### জলের কথা

একটা উর্বর রেখা টেনে যায়। যেমন লম্বা তেমনি চওড়া রুশের মরুর আবাদ কি তার উপর নির্ভর করে চলতে পারে। কাজেই নহর বাড়ানোর চেষ্টাও বড়ো একটা চলছে না।

তবে জাহাজে ক'রে জল আনা হবে না কি। তামাশার ভিতর এক এক বার সতিয় কথা থেকে যায়। কাশুপ সাগরের এক কোলের ধারে মরুর মধ্যিখানে ক্রাস্নোভডয় ব'লে এক শহর আছে— বাংলা অক্সরে লিখলে যার নাম উচ্চারণের অম্ববিধে বাড়বে বৈ কমবে না— সেখানে নোনা জলের ছড়াছড়ি, খাবার মতো এক ফোঁটাও মেলে না। কাজেই সাগরজলের মুন বাদ দিয়ে পানীয় জল কলে তৈরি করে নিতে হয়। কল বিগড়ে গেলে, মেরামত না হওয়া পর্যন্ত সাগর পার থেকে জাহাজে জল আনে; ইতিমধ্যে খাবার জল টাকায়-সের বিকোয়। তাই বলে কেই কি মনে করবে, মাঝ-মরুতে জল পোঁছে দেবার এটা এক উপায়?

বরফ-পাহাড়ে অফুরস্ক জল জমাট বেঁধে আছে। প্রাকৃতির দেখাদেখি ঐ জলের ভাগ নদী দিয়ে দরকার মতো আনতে পারলে একটা
উপায়ের মতো উপায় হয় বটে— ভগীরপ-ইঞ্জিনিয়র যে-কৌশলে গঙ্গার
ভাগীরপী শাখাকে বাংলা দেশের ভিতর দিয়ে চালিয়ে দিয়েছিলেন।
USSR ঐ ধরনেরই পথ ধরেছেন। তাঁদের দৃষ্টিশক্তি ঋষিতৃল্য না
হলেও, তার অভাব ভূতত্ব-পুরাতত্ত্ব চেচা দিয়ে পুরণ করে নিয়েছেন।

আরো ত্মবিধে হয় যদি যে-খেপে জোলো হাওয়া সাগর থেকে ডাঙার উপর দিয়ে পাহাড় পর্যন্ত চলে তার জলের বোঝা এখানে-ওখানে ইচ্ছে-মডো খসিয়ে নিতে পারা যায়, তাহলে আনা-নেওয়ার পথ বল, সময় বল, ঝঞ্চাট বল, অনেক বেঁচে যায়। খাণ্ডবদাহের সময় অজুন ইজের প্রচণ্ড বর্ষণ আটক রেখেছিলেন; বিজ্ঞানীরা দেবরাজের বারিধারা চুরি

### পঞ্চতের বশীকরণ

করার চেষ্টায় আছেন। আকাশের সে গল পরে ছবে; এখন ভূতলের কথা চলুক।

একবার ভূচিত্রকে বায়স্কোপে চড়িয়ে সচল করার কল্পনা করা যাক, যাদ্ধে করে ভূগোল-ইতিহাসের খেলা মানসচক্ষে এক সঙ্গে দেখতে পাওয়া যাবে। তবে, যে সব ঘটনা ঘটতে এক-আধ বুগ লাগে সেগুলোকে এক নন্ধরে দেখে নিতে হলে ছবির কলটাকে বেজায় ভাড়াভাড়ি চালাতে হবে।

বিজ্ঞানীমহলে একবার কথা উঠেছিল, মার্কিন মহাদেশ ধীরে, অতি ধীরে, এসিয়ার দিকে ঘেঁষে আসছে। কথাটার সত্যিমিখ্যে নিয়ে মাথা বিকরে লাভ নেই, আমাদের নাতির নাতির আমলেও ধরাছোঁয়ার মতো কিছু দেখা যাবে না। কিছু আমাদের বায়স্কোপে এ কল্পনার ছবি চাপালে মহাদেশ-ছটোর পরস্পরের ঘাড়ে পড়াটা এ পালার মধ্যে দেখে নেওয়া যেতে পারে। আবার উলটো দিকে ঘোরালে এ রকম কাছে ঝুঁকে আসার কারণটাও আর এক বিজ্ঞানীর কল্পনায় প্রকাশ পাবে। তিনি মনে করেন ঘটনাটা সেই পুরা কল্পের, যবে জাঁলালো কোনো জ্যোতিক অতিথির টানে পৃথিবীর একমাত্র পুত্রা চাঁদ, মায়ের কোল ছিটকে বেরিয়ে, প্রশান্ত মহাসাগরের অভল গছ্বরে আপন স্থৃতি রেখে যায়। এই বিপুল ক্ষত ক্রমশ জুড়ে আসাটাই ছই মহাদেশের ক্রমশ কাছাকাছি আসার কারণ। এ সব কল্পনার উপর ঝোঁক না দিয়ে ভবিশ্যতে ঠোকাঠকির ফলটা বরং আলোচনা করা যাক।

বিপরীত দিকে চলতি ছুই ট্রেন ধাকা থেলে যেমন মাঝের গাড়ি-গুলো থাড়া হয়ে ওঠে, মহাদেশের বেলা তেমনি দেখা যাবে, যে-কিনারা ছুটো ভীষণ ঠালে ঠেকবে, তাদের তলায় গুরে, গুরে যেসব পাণরের ভিত আছে তারা চচ্চড় ক'রে বেঁকে চুরে ঠেলে উঠবে, মধ্যিখানের

#### জলের কথা

শমুদ্রের তলায় যা-কিছু চুন বালি শামুক ঝিমুক সব মাথায় নিয়ে এক সার পাছাড় হয়ে দাঁড়িয়ে যাবে। এইরকমেই একটা ধাকায় জন্মছিল হিমালয়শ্রেণী—এখনো তার চুড়োয় চুড়োয় জলচর শামুক ঝিমুকের খোলস পাওয়া যায়; মাটির ঢাকা খসে গিয়ে তার ভিতরকার গুঁর বেরিয়ে পড়লে পাথরগুলোর ছ্মড়ে খাড়া ছওয়ার চেছারা পষ্ট দেখা যায়।

ভাঙায় ডাঙায় ঠেকতেই মাঝে যে জল ছিল তা ত্বুদিকে ছিটকে বেরোবে। ত্ব্বারে ডাঙার জমিটা চাপের চোটে কুঁচকে ঢেউ থেলিয়ে যাবে, আলুর থেতের মতো দাঁড়ার পর খাল, খালের পর দাঁড়া। কোপাও জলের নিচে পেকে মাটি জাগবে, কোপাও জল চড়ে এসে মাটি তলাবে। এরকমেবই ঘটনায় কোনো সময় হয়তো এ্যাটলান্টিস্ (Atlantis) দেশ তলিয়ে গিয়েছিল; লোহিত সাগর মাঝে চড়ে এসে আরবে আফ্রিকায় বিচ্ছেদ ঘটিয়েছে; ওলন্দাজদের দেশ নামিয়ে দিয়ে তাদিকে তাহি তাহি শব্দে বাঁধ বাঁধিয়ে রেখেছে।

এই ভাবেই সমুদ্র পরগুরামকে কোন্ধন-কেরল দেশ দান করেছিল, আর যাদবকুলের রাজধানী কেড়ে নিয়েছিল।

পাহাড় খাডা হলে তার উপর বৃষ্টি হবে, বরফ পড়বে, থাঁজে খাঁজে ধরনা নেমে আসবে, জল নিচে পৌছে স্রোতা হয়ে জমির ঢাল ধ'রে ধ'রে চলতে থাকবে। গাছ যে রকম গুঁড়ি থেকে আরম্ভ করে ডাল-পালা ছড়ায়, নদীর বাড় ঠিক তার উলটো, শাখা ±শাখা নানা দিক থেকে একস্রোতে জুটলে পর, শেষে গুঁড়ির মতো ভরা নদী জেঁকে ওঠে। প্রথম দিকটা, যাকে নদীর ছেলেবেলা বলা যেতে পারে, নদীতে নদীতে শাখা কাড়াকাড়ি খেলা চলে, একই স্রোতা একবার এর দিকে একবার ওর দিকে যায়। কিছুদুর এগিয়ে, যে-নদী অনেক শাখা নিয়ে

# পঞ্চতের বশীকরণ

দলে পুরু হয়, সে বুক ফুলিয়ে চলে, নয়তো একহারা হয়ে সরু থাকে।

পাহাড় থেকে মাটি বরে নিয়ে আসার সময় তারি পলি ফেলতে ফেলতে নদী ছ্থারের জমি তাজা রাখে, কিন্তু বুড়ো বয়সে পলির ভারে সে নিজের পথ নিজেই আটক করে, তাই তথন একবার এ পাড় একবার ও পাড় ঘেঁবে তাকে টলতে টলতে চলতে হয়। এই অবস্থা হয়েছে আমাদের বুড়ী প্রানদীর, যেজস্তো সে আজ এক পারের গ্রাম ভেঙে অপর পারে চড়া ওঠায়, কাল চড়া কেটে গ্রামের ধারে মাটি ফেলে। শেকলালে নদী সমুদ্রের ভিতর য়েসব সার ঢালে তাতে প্রচুর বাজি শেওলা জন্মায়, সেগুলো মাছে খায়, মাছকে আবার মায়ুষে থায়। আগাগোড়াই নদী মায়ুষের সেবক।

কারাকুমের ভিতর দিয়ে চলেছে আমুদরিয়া নদী, সেটা উত্তর-পশ্চিম রোখে চলতে চলতে মাঝে উত্তর দিকে মোড় নিয়ে আরল সাগরে গিয়ে পড়েছে। অনেক কাল আগে এই নদী বরাবর পশ্চিম মুখ ধরে কাশুপ সাগরে পড়ত, তার চিহ্ন দেখা যায়। পুরানো চীন ফারসী গ্রীক প্রিমিলিয়ে জানা গেছে যে, পাঁচ হ' শতাকী অস্তর এই আমুদরিয়া একবার এ পথ দিয়ে একবার ও পথ দিয়ে চলে আসছে। এখনকার পথটা ১৫৭৫ সালে ধরেছিল. আবার ছ্'তিন শ' বছর পর কাশুপ সাগরে তার ফিরে যাবার কথা।

আরশ সাগরের পথে শুধু বালি, নদীর জল পেরে তাতে ফসল ফলালেও, নদীর ধারে শহর গড়ে ওঠার স্থবিধে নেই। কিন্তু আমু-দরিয়া পশ্চিমমুখে চলতে থাকলে, গন্ধক, পাথর-তেল, আরো কারবারের উপযোগী অনেক জিনিস পথে পড়ে। এই সব থাকায় আগের বারে যে শহরগুলো উঠেছিল তার টুকরো-টাকরা আজও বালির মধ্যে পড়ে

#### জলের কথা

আছে। এ পথটাই যদি মামুষের বেশি উপকারী, তবে অভশত বংসর পর যা ঘটবে, তাকি ছু'তিনটি পঞ্চবার্ষিক সংকল্পের মধ্যে এগিয়ে আনা যায় না १

তাহলে ভাবতে হয় আমুদরিয়াটা অমন তু-মনা নদী কেন।

হয়েছে কী, বোধারা শহরের কাছাকাছি এসে, আমুদরিয়া পড়েছে একটা দাঁড়-জমির মুখে। সেখান থেকে ত্ইরোখে ত্ই খাল জমি চলেছে। নদীটা এখন উত্তরমুখী খাল ধরেছে, তাই থেকে বোঝা যায় এখালটাই বেশি নিচু। এক ঘড়া জল গড়ানে জায়গায় ঢাললে দেখা যায় ধারাগুলি বেছে বেছে কেমন স্বচেয়ে নাবী ঢাল ধ'রে চলে। যদি মাটি ঢাপা দিয়ে কোনো একটা ধারার পথে বাধা দেওয়া যায়, তখন সেটা আগত্যা কম নিচু পথই নেয়। এই মাটি ঢাপা দেওয়ার কাজটা নদী পলি ফেলে নিজেই করে।

নদীর ধর্মই হল পতিত-উদ্ধার,— নিচুকে উচু, শুক্ষকে সজীব, অহল্যাকে সীতার উপযুক্ত করা। এই ব্রতপালনে আমুদ্রিয়া চলতি পণটাকে ক্রমশ ওঠাতে থাকে; শেষে যখন তলার সঙ্গে সঙ্গে জলও বেশি উচু হয়ে ওঠে, তথন পতিতপাবনী অছা পথটায় গড়িয়ে পড়েন।

ঘডির পেণ্ডুলামের মতো আমুদরিয়ার পালা করে এ-পথ ও-পথ ধরার এই কারণ।

পথ বদলাবদলির হিসেব যদি বোঝা গেল, ভাহলে যে পথ চাই সে
পথে নদীকে চালাবার উপায়ও ধরা পড়ল। পশ্চিমমুখী খালের চেয়ে
নদীর জল উচু হয়ে উঠলেইইনে কাশুপ সাগরের দিকে চলবে,—এই না ?
আছো বেশ, তবে পলি-পড়ার পথ চেয়ে বসে না থেকে, বাঁধ বেঁধে

<sup>&</sup>gt; य कमि छथित भक्त इंख्यात छाटा रन ( नाहन ) हरन ना ।

२ मांद्रमत्र कमा।

## পঞ্জুতের বশীকরণ

জলটাকে তুলে ধরলেই তো হয়। ইতিহাসে ভূগোলে তথ্য থোঁজার পারিশ্রমিক এই সহজ্ঞ উপায়টি USSR পেয়ে গেল।

তবে কিনা, ভাবলেই ভাবনার কারণ জোটে। নদীর কাশ্রণ সাগরে যাবার পথের মধ্যিখানে এক প্রকাণ্ড গাঢ়া আছে, যেটা নদীর জলে ভরে গেলে একটা মস্ত বড়ো হ্রদ হবে—আগে তাই ছিল, তার লক্ষণ পাওয়া যায়। এ পথে নদী চালালে এই গহরর ভরা পর্যন্ত অপেকা করে বসে পাকতে হবে, পরে ওপার দিয়ে নদী বেরিয়ে চলতে কত বৎসর যে কেটে যাবে তার ঠিকানা নেই। তাড়াভাডি কাল্ক সারতে হলে খাদের ভিতর দিয়ে ত্ই পাড় বাঁধাই করে নদীকে ওপারে আন্ত পৌছে দিলে ভবেই পাঁচ সাত বছরের মধ্যে ওর কাশ্রপ-সাগর সংগম ঘটবে। তখন সেই ক্র্যাস্নোভড্স্ক্ শহরে আর জাহাজে করে খাবার জল আনা লাগবে না।

কাশ্রপ সাগর রূপের মহা উপকারী জলাশয়—পূব-দক্ষিণের লুআঁধি থেকে অপর পারের উর্বর প্রদেশের ফসল বাঁচিয়ে রাথে বলে নয়, সমস্ত রুশরাষ্ট্রের আদ্ধেক মাছ সরবরাহ করে। তবে মুশকিল হয়েছে কী, এ সাগর আর সাগর নেই, হয়ে গেছে ছল। যে সময় ভারতবর্ষের মাধায় হিমালয় পাহাড়ের সার ঠেলে ওঠে, এ ঘটনাও সে সময়কার। বার সমুদ্রের সঙ্গে যে যোগ ছিল, তা বন্ধ হওয়া অবধি এর জ্বমাথরচের হিসেব গোলমাল হয়ে গেছে।

সাগরজ্ঞলের খরচের মধ্যে— যে-ভাপ হাওয়ায় টেনে নেয়; জমার
মধ্যে— যে-জল নদীগুলো ফিরে আনে। সব সমুদ্র সব নদী ধরলে
জমাখরচের মিল থাকে, জল মোটের উপর কমেও না বাড়েও না;
সমুদ্রে সমুদ্রে যোগ থাকায় এক সময় কোথাও বেশ-কম হলে
স্রোত চলে ঠিক করে দেয়।

#### জলের কথা

কিন্ত হ্রদ যদি আপনাকে আপনি সমান না রাখতে পারে, তাহলে ক্রমণ ওখোর। হাওয়া তো জল টানতে ক্স্পর করে না, যত ফলাও পার তত টানে। জলের সে ক্ষয় সমৃত্র থেকে পূরণ না হওয়ায় যে ক'টি নদী ভিতরে এসে পড়ে তারাই ভরসা। জল যেমন কমে, হ্রদের প্রস্কারও কমে, তাতে হাওয়ার জল-টানার ক্ষেত্রও কমে। শেষে উবে-যাওয়া জলে নদী-আনা জলে সমান সমান হলে, হ্রদের একটা লেভেল দাঁড়িয়ে যায়।

কাশ্রপ সাগরের হয়েছে সেই দশা। একঘরে হবার পর থেকে গুথোতে শুখোতে আসল সমুদ্রের লেভেল থেকে প্রায় পঞ্চাশ হাত নেমে গেছে, এখনো অল্লে অল্লে নামার দিকেই চলছে। কিন্তু আর কমে গেলে জন এত নোনা হবে যে, তালো মাছ আর টি কবে না; ধারে যেসব বন্দর আছে তা থেকে জল সরে গেলে তারা কাল্লের বার হয়ে যাবে; রুশের বাসিন্দারা নানান ফেরে পড়বে। তাই USSR-এর রায় বেরিয়েছে— ক্লাশ্রপ সাগরকে জল খাইয়ে বাঁচিয়ে রাখতে হবে।"

পুবদিক থেকে আমুদরিয়াকে আবার এনে ফেলার কথা তো বলা হয়েছে। পশ্চিম শিকে আপনি এসে পড়ছে মস্ত লম্বা বলা নদী। এমনিতেই বড়ো-সড়ো হলেও এর জল আরো বাড়াবার প্রস্তাব হচ্ছে। এমার ওধার থেকে শাখা টেনে নিয়ে তা কতক হতে পারত, কিছ জাঁকালো ভাবে কাজটা না করলে USSR-এর উপযুক্ত হবে কেন।

কলের যে অংশ মুরোপের মধ্যে পড়ে, তার উত্তর সীমার খেতসাগর আর উত্তর-মহাসাগর; দক্ষিণ সীমার কাশুপ-সাগরের মাধা, আব্ধব সাগর আর ক্রফাসাগর। এ প্রদেশের মাঝামাঝি প্রপশ্চিম লম্বা এক অধিত্যকা আছে, যার থেকে দক্ষিণমুখী বলা নদী পুর ঘেঁষে কাশুপ-সাগরে পড়ে, আর্ডন নদী পশ্চিম দিয়ে আব্ধব-সাগরে গিয়ে পড়ে।

### পঞ্চতুতের বশীকরণ

এই নদী মূটো আঁকতে-বাঁকতে এক জানগায় অনেকটা কাছাকাছি এসে পড়েছে, সেখানে খাল কেটে যোগ ক'রে দিলে ডনের অনেক জল বন্ধার ভিতর দিয়ে কাশুপ সাগরকে দেওয়া যায়।

কিন্ত রোসো। তাতে উদোর গাঁট কেটে বুদোর পকেট ভারি করা হবে না তো?

না, সে ভন্ন নেই। নদীর জল ক'মে গেলেও আজব সাগরের তত যায় আসে না, কারণ সে সত্যিকার সাগর, ক্লফ সাগরের ভিতর দিয়ে বার সমুদ্রের সঙ্গে তার যোগ আছে।

তা যেন হল কিন্তু হে জমি ডন-নদীর জলের উপর নির্ভর করে তার কী হবে।

সে ভাবনাও করা হয়েছে। জমাখরচ খতিয়ে দেখা গেছে, ডনের বিস্তর ফাল্তো জল আছে. যা আসল কাজে না লেগে বাজে বস্তায় লোকসান হয়ে যায়। তবুও আজব-সাগরের বড়ো বড়ো চিংড়ি কাঁকড়ার খোরাকের কমতি না পড়ে, সেটা মনে রেখে ডনের জল নেওয়া হবে।

মাপা যদি ঘামানোই হল, তবে একা ডন-নদী নিয়েই বা কেন। ঐ প্রদেশে আরো কত নদী আছে। ছোটোগুলি ছেড়ে দিলেও, মাঝের সেই উচু ভূমির উত্তর দিয়ে ডুইনা-নদী খেতসাগরে আর পেটচোরা নদী উত্তর মহাসাগরে চলেছে। অক্ত ডাঙার মতো অধিত্যকার জমিও দাঁড়ে খালে ঢেউ-খেলানো। তবে দাঁড়াগুলো কোথাও পাহাড়ের মতো, কোথাও বা উচু মাঠ হয়ে রয়েছে; লখা টানা খালে স্রোতা বইছে, চওড়া গহরর বিল হয়ে আছে। এই রক্মারি অবস্থার স্থযোগ নিয়ে, কতক কেটে, কতক বেঁথে যদি ছু'একটা বড়ো গোছের হৃদ তৈরি করা যায়, যাদের সঙ্গে লক-গেট দিয়ে উত্তরবাহিনী দক্ষিণবাহিনী যত ছোটো বড়ো নদী সব যোগ করা থাকে, তাহলে ক্লফ্যাগর থেকে খেতসাগরু

#### জলের কথা

পর্যস্ত প্রায় দেড় হাজার মাইল লম্বা এক জল-পথের জাল তৈরি হয়, যাতে ক'রে বাণিজ্যের উপর বলে লক্ষী অনায়ালে রাষ্ট্রের এপার ওপার চলাফেরা করতে পারবেন।

ভা বাদে পঞ্চবাধিক সংকল্প চালাবার কেমন স্থবিধে হবে ভাবে। দেখি।

কয়েদীর মতো মাটিতে-শিকল-বাঁধা চাষা, আকাশ পানে হা-পিত্যেশ করে চেয়ে-থাকা চাষা,—এদের দিন আর থাকবে না। USSR-এর জাত্কাঠির পরশে চাষা হয়ে উঠবে নানা বিজেধর ইঞ্জিনিয়ার। এ-গেট খুলে সাগরে জল ভরো, মাছ বাড়াও; ও-গেট খুলে মরু ঠাণ্ডা করো, ফসল বাঁচাও; সে গেট বদ্ধ রেখে প্লাবনের জড় মারো— একাধারে সেইক্র চক্র বায়ু বরুণের প্রতিনিধি হয়ে এমন সব হকুম জারি করতে থাকবে।

এ রক্মের বিরাট উত্থম আমাদের ছন্নছাড়া দেশে সম্ভব হলে, তাতে যদি সিকিম-ভোটানের মাঝখানের ত্যার দিয়ে তিক্তের নানা নদীর উদ্বৃত্ত জল সাহেবগঞ্জের কাছ বরাবর গলায় আনা যেত, তাহলে অস্তত বাংলার নদীপ্রলো আজ শুখিয়ে মরতে বসত না।

নদীকে এধারে ওধারে চালাতে হলে বাঁধ বাঁধাই সেরা উপায়।
কিন্তু যে দেশে উচু নিচু, শুক্ত নরম হরেকরকমের জমি, সেখানে অনেক
দেখে শুনে এ কাজ করতে হয়। বালির বাঁধের বিপদ তো জানাই;
তলায় মরা পাথর আছে কি না তাও দেখা দরকার নইলে ধলে যাবার
ভয়; নিচের মাটি যদি কোঁপরা থাকে জল চুঁইয়ে বেরিয়ে গিয়ে কাজ
নষ্ট। তা বলে, বাঁধ মজবুত হলেই যে ঝঞাট মিটল, তাও নয়।

মনে করো এক বাধবিৎ ঘাড়ে যন্ত্রপাতি নিয়ে অনেক খুঁজে পেতে

# পঞ্চভূতের বশীকরণ

নিরাপদ জারগা পেরে মিস্ত্রী-মজুর আনার উত্তোগ করছে, ছেনকালে লম্বা পুঁথি বগলে মাছবিৎ এসে বচসা লাগালে:

"কী করা হচ্ছে ?"

,"বাধ বাধছি, মশার।"

"এখানে বাঁধ ?"

"আজে, তলা পরথ করেছি, ঠিক আছে।"

"রেখে দিন আপনার তলা ! মাছের কী হবে তাই ভারুন। পেটে ডিম নিয়ে যে মাছ উপরে উঠছে, তাদিকে এখানে আটকে দিলে ডিম পাড়বে কোথায়, পোনাই বা বাড়বে কোথায়। নদী নিয়ে ছেলে, বেখলা করলে জীবের প্রাণ যাবে।"

"আছো, অত কথার কাজ কী, আমাদের চ্জনেরই মনের মতো জারগা দেখা যাক।"

ঘোরাঘুরি ক'রে যদি তা পাওয়া গেল তখন কাগজের তাড়া হাতে চাষবিৎ এসে থেঁকিয়ে উঠল :

"বলি, এখানে জ্বল উচু করলে বর্ষার সময় তল্লাট হেজে যাবে যে। তথন দেশে কত হাজার বস্তা ফসল ঘাটতি হবে, সে ধবর কি রাখতে নেই।"

"বেশ, বেশ, আপনি না হয় ঠিক জায়গা বাতলে দিন"—

এই বলে তাঁর সকে রফা হতে না হতে, হাঁ হাঁ করে হাজির হল নাবিক।

"কভারা বাজে তর্ক করেন কেন। এখানেই বা কী, ওখানেই বা কী, বিনা-গেটের বাঁধ যদি তোলেন, নৌকো পার হবে কেমনে। জলপথে মাল চলা বন্ধ হলে ঢোলাই খরচে সব থেয়ে নেবে যে।"

নানা-বেন্তা সংকট দেখে অবশেষে সমবায়ী উপস্থিত হয়ে সদরে তার

#### আকাশের কথা

করলেন—"এদের স্বাইকে সভা করে বসানো হোক, নইলে কাজ এগোবে না।"

আমাদের মন-গড়া এ টেলিগ্রামের অপেক্ষা না করেই আলাদা বিজ্ঞের বিশেষজ্ঞ দলকে USSR এক সঙ্গে পরামর্শ করিয়ে কাজে হাত দিয়ে থাকেন। সে পরামর্শ সভা কী রহৎ ব্যাপার। একটা বড়ো হলেও স্বাইকে ধরে না। তাতে ক্ষতিই বা কী। তারা তো মুথে মুথে তর্ক করে না, যে-যার তথ্য সাজানো, বুক্তি দেখানো, আঁক ক্ষা, সবি লিখে হয়; শেষে নেতারা যে কাজের জ্জে যা দরকার তাদের রিপোর্ট থেকে সংগ্রহ করে ব্যবস্থা করেন।

বিষয়মোহে জড়ভরত দেশে যেখানে জমির স্বত্ব এক পক্ষের, জলের স্বামীত্ব অপরের; যেখানে একই নদীর কতকটা এক কর্তার তাঁবে, বাকিটা ভিন্ন-এলাকায়, যে যার অধিকার নিয়ে মন্ত, কেও কাওকে পোঁছে না, কেও কাওকে রেছাই দেয় না; সেখানে এমন সব-দিক-দশাঁ কল্পনা করাই মুশকিল, কাজে আনা তো দুরের কথা।

USSR-এর বিরাটরাষ্ট্রে তাঁরা ক্ষিতিপতি, সিদ্ধুপতি, প্রজাপতি সবই। ভত্র-পাতা-সর্বস্থখনাতা হয়ে তাঁরা যে ভাবে পতিধর্ম পালনে উঠে প'ড়ে লেগেছেন, তার তারিফ না করে থাকা যায় না।

### আকাশের কথা

ঘর বলতে আমরা বুঝি, মাথার-উপর চাল, চার পাশে দেয়াল; চীনেরা বলে মাঝের ফাঁকটাই আসল। আকাশ ফাঁকা, তাই মহান। তাই বলে শৃষ্ঠ ব্যোমকে ভূতের দলে ফেলার মানে কী হতে পারে। তাকে ভূতের খেলাঘর বললে বরং মানাত।

# পঞ্চতের বশীকরণ

বাঁরা গগনে বিহার করেন, তাঁদের মধ্যে আগে মনে উদয় হন স্থ— তাঁকে ধরে দেবভার দলে, তাঁর রশ্মিকে ভূতের মধ্যে, যে ভূত দিয়ে প্রকৃতিমাতা প্রাণশক্তি গড়েন; তাঁর আজকালকার ছেলেরাও পিছ-পাও নয়, তারা এ ভূত দিয়ে তৈরি করে কলের শক্তি।

ষাভাবিক অবস্থায় বাকে বলে জলের ভাপ, চাপের মধ্যে জন্মালে তাকেই বলে স্থীম, সে অবস্থায় তাকে জল থেকে বার করতে তাপও লাগে বিস্তর। বিজ্ঞানীদের চেষ্টা চলেছে, আতসী কাঁচের ভিতর দিয়ে শুচ্ছের স্থাকিরণ জড়ো করে তাদের মিলিভ তাতে জলকে স্থীমকরা। স্থীম একবার হলে তা দিয়ে ইচ্ছেমতো যে-কোনো রকমের কল চালিয়ে নেওয়া যায়, এমন কি, সাহারার মধ্যিখানে বসেও ববফ জমানো যায়,— যেমন তপস্থার ঝাঁকে সাধক বাসনা ঠাণ্ডাঃ করতে পারেন।

স্থের পরেই মনে পড়ে চন্দ্রকে। তিনি নিস্তেজ হলেও নেহাত শক্তিহীন দেবতা নন। সমুদ্রের জলকে টান মেরে পৃথিবীর উপর দিয়ে জোয়ারের ঢেউ ছ্বেলা ঘোরান, সেই সঙ্গে বায়ুমগুলেও বাভাসের স্রোত চালান।

বায় তো দেব-কে-দেব, ভূত-কে ভূত। অদৃশ্য হলৈ কী হয়, পবন-দেবের দাপট যে খেয়েছে সে তাঁকে ভূলতে পারে না। বায়ুর ভৌতিক শক্তিকে মামুব পাল ভূলে নৌকো জাহাজ চালাবার কাজে চিরকাল খাটিয়ে এসেছে; তার উপর, হালে, চাকার মতো পাখা ভূলে, পাঁচ রকম কলের মধ্যে, জলতোলা কল তা দিয়ে চালানো হয়ে থাকে, যার সাহায্যে কুয়োর উপকার অনেক গুণ বাড়িয়ে তোলা যায়।

আর আছেন, মেঘের গায়ে যিনি থেকে থেকে চম্কান,—সেই সোদামিনী। তিনি দেবীও নন ভূতনীও নন; তার মানে তাঁর সঙ্গে আমাদের পূর্বপূক্ষদের ভালো রক্ম আলাপই ছিল না। এখন আমরা

#### আকাশের কথা

তাঁকে যুগলরপা ব'লে চিনেছি। যুগলমিলন হলে তিনি শাস্ত অপ্রকাশ থাকেন। মেঘের দৌরাত্ম্যে বিচ্ছেদ ঘটলে, পুনমিলনের মুহুতে তিনি ক্রুদ্ধ কটাক্ষ হেনে যান, তাঁর বজ্ঞ কখনো বা মাছুষের উপরেও এসে গড়ে। সেকালের ভাবুকেরা বজ্ঞকে ইক্রের হাভিয়ার মনে করায়, বিদ্যুতের কোপকে খেলা বলে ভুল করতেন, তাঁর ক্ষণপ্রভার আড়ালে প্রচণ্ড শক্তি মৌজুদ থাকার খবর তাঁরা জানতে পারেননি।

নামকরণে বিজ্ঞানীর। কিছু বেরসিক। বিজ্ঞানী যে ভাবেই আমাদের সাক্ষাতে আস্থক, সে সভেছে জানান দের "আমি আছি"; তবে তার এক ভাবকে হাঁ-ধর্মী অপরকে না-ধর্মী বলা কেন। বরং এই ছুই ভাবের দামী-দামিনী গোছের নাম দিলে সাজত। কিন্তু নাম যাই দিন, কাজ আদারের বেলা বিজ্ঞানীর। খুব দড়ো। এই দামী-দামিনীকে আলাদাকরে রাখলে তাদের মেলার আবেগ তীব্র হয়ে ওঠে একথা জানতে পেরে, সেই আবেগের তেজকে মাহুষের কাজে আনার অনেক কলকোশল বেরিরেছে। চপলাকে স্থির করে আধারকে আলো করা হয়; বক্সকে গর্জে ঘাড়ে পড়তে না দিয়ে তার কণিকাপ্রবাহকে তারের নালীর মধ্য দিয়েক্সড়স্থড় করে যেখানে দরকার সেখানে পাঠানো হয়; বৈছ্যুৎকে মাহুষের অশেষ রকম খিদ্মতে লাগানো হয়। তবে ঠিক মতো তোয়াজ না করলে শ্রমিকও বেঁকে বসে— বিজ্ঞলীর তো কথাই নেই, তাকে ক্ট্রাইক করার ফাঁক দিলে প্রাণ নিয়ে টানাটানি।

আকাশ থেকে ফরমাশ-মতো জল ঝরাবার কৌশল পেতে ছলে মেঘের জীবনী মনে রেখে সাধনা করতে হয়।

বাতাস বরাবর একটানা বয় না, তা করলে এক জায়গায় হাওয়ার ঘাটতি এক জায়গায় বাড়তি হয়ে গগুগোল বাধত। তাই বাতাস স্তারে স্তারে দিকে চলে। সুর্যের তাপে সাগর থেকে ভাপ উঠে,

### পঞ্জতের বশীকরণ

জলের ভিতর গোলা স্থনের মতো, হাওয়ায় বেমালুম মিশে থাকে। জল হাওয়ার চেয়ে ভারি হলেও জলের ভাপ তার চেয়ে হালকা, তাই জোলো হাওয়া পাতলা হয়ে উপরে উঠে ডাঙার দিকে বইতে থাকে। পাহাড়ে ঠেকে জল ঝরাবার পর হাওয়া শুখিয়েও যায় ঠাওাও হয়, তাইতে ভারি হয়ে নিচে নেমে সমুদ্রের দিকে ফেরে। আসলে, কিন্তু বাতায়াতের পথ তুটো এত সোজাস্থজি নয়,—পৃথিবীর পাক খাওয়া আছে, মেরুর বাঁধা ঠাওাই আছে, মরুর আগুনের ঝল্কা আছে, সমুদ্রের সামঞ্জভ্রত্থণ আছে,—এত রক্ম ক্রিয়ার ফলে হাওয়ার পথ জটিল হয়ে পড়ে।

रयमन करत्रहे छन्नक, इहे विभत्रील वालारमत र्छकार्छिक हरन छाला ভারি হাওয়ার ঠেলার জোলো হাওয়া আরো উপরে উঠে যায়। পাহাডে যারা চডে তারা জানে ক্রমে উঠতে থাকলে থাপে থাপে কেমন ঠাণ্ডা ৰাড়ে। তাই ভাপ উচুতে উঠলে ঠাণ্ডায় জ'মে আবার জল হতে চায়। কিন্তু চাইলেই তো হয় না, জলের বসবার জায়গা দরকার করে,—যেমন নিচের হাওয়ার জল শীত পড়লে শিশিরবিন্দু হয়ে ঘালে পাতায় বদে। আকাশে সে রকম জায়গা পাওয়া যায় ধুলো-ধোঁওয়ার কণার উপর, যারা বৈত্যৎ সংগ্রহ করায় উপরে চড়ে যেতে পেরেছে। ঠাণ্ডা ভাপ धुलांत्र चांगत्न वगटा (भारत कालत का शास प्राप्त पार्म प्राप्त मार्कित কাছাকাছি থাকলে তাদিকে বলে কুয়াশা, উপর আকাশে থাকলে মেঘ ৷ কতকগুলি মেঘের কণা মিশে জলের ফোঁটা বাঁধলে আকাশে আর ভেলে থাকতে পারে না, হাওয়ার চেয়ে ভারি হওয়ায় ধরায় ঝরে পড়ে। কিন্তু মেঘের কণার সঙ্গে থাকে, দামী হোক দামিনী হোক, একটি করে বৈদ্যাৎকণা— ভারা না মিললে জলের কণারাও মিশতে পায় না। সে অবস্থায় মেঘ মেঘই থাকে, জল হয়ে বর্ষায় না, বাডাসের সঙ্গে সঙ্গে রভের বাহার দিয়ে ঘুরে বেড়ায়,— তাতেই কবির মন সরস হয় বটে,

#### আকাশের কথা

কিছ চাষার পোড়া প্রাণ জুড়োর না। বৈদ্যুতের যুগল ধর্ম এই যে, দামীতে দামীতে নয়, দামিনীতে দামিনীতে নয়, মেলে শুধু দামী-দামিনী। ভাই মিলনানন্দের বারি ঝরাতে হলে বিপরীত ভাবের বৈদ্যুত ভরা ছুই মেদের সাক্ষাৎ লাভ হওয়া চাই,—তবেই বিরহের ঝাঁজ উৎসবের রোশনাই আর দামামা বাছে মেটে।

কিছু কাল আগে, আকাশে ক্রমাগত আতশ-বাজি উড়িয়ে, উপর মুখে কামানের আওরাজ করে, হাওয়ায়-মেশা ভাপকে জল করার চেষ্টা হয়েছিল। সারাদিন ধুল্পমার কাণ্ডের পর, সন্ধ্যে নাগাদ ফোঁটা কতক বৃষ্টি হল বটে, কিন্তু মজুরি পোষাবার মতো মোটেই নয়। বিজ্ঞানীদের কিন্তু মাকড়সার স্বভাব। তাদের মনের মধ্যে যে সব বিওরি ভন্ ভন্ করে বেড়ায় সেগুলোকে ধরা-ছোঁয়ার মধ্যে আনতে পরীক্ষার যে জাল পাতেন, তা বার বার ছিঁড়ে পড়লেও তাঁরা ছাড়েন না। তাঁদের মহামন্ত্র হচ্ছে try, try, try again! মেঘের কাছে ইচ্ছা-বৃষ্টি-বর আদায় না করে বিদায় নেবেন না, এই ভীষণ পণ করে তাঁরা লেগে আছেন।

তার পর বেরল এরোপ্লেন। তাতে করে উপরে ওঠা তত শক্ত নয়, উপরে নিরাপদে<sup>4</sup>থাকাটা সব সময় ঘটে না।

কেন, মুক্ত আকাশে আবার কিসের বাধা।

এক বিল্ল হচ্ছে মেঘ। তার মধ্যে চুকে পড়লে দিকলম হতে পারে, দামী-দামিনীর মাঝে পড়ে এক চোট বজ্র থেতে হতে পারে, পর পর ভারি-হালকা হাওয়ার বিল্রাটে যন্ত্রটি মাটি পানে হঠাৎ ছোঁ মারতে পারে। এই সব বেগতিক দেখে মেঘের সক্ষে এরোপ্লেন-চালকের লাগল ঝগড়া।

সেই হাপায় পাঁচ রকম পরীক্ষা করতে করতে একজন এরোপ্লেন-হাঁকিয়ে মেঘের ভিতর এক বস্তা মুন ছিটিয়ে দিলে, তাতে তিন-চার মাইল-জোড়া মেঘ দেখতে দেখতে হাওয়ায় মিলিয়ে গেল। বৃষ্টি আনার

## পঞ্চভূতের বশীকরণ

হিসেবে এটা অবশ্য উলটা-বুঝা-রাম গোছের হল, কিন্তু অতিবৃষ্টি বন্ধ করার উপায়ও তো ফেলনা নয়।

ক্রমে বৃদ্ধের দায় ঠেকে এরোপ্লেন থেকে গাঢ় খোঁয়। উড়িয়ে নিজপকর সেনাকে শক্রর চোখের আড়াল করার ফলি আবিফার হল। সম্মোহন বাণ মেরে অঙু নি যেমন কৌরব মহারথীর দলকে ঘুম পাড়িয়ে-ছিলেন, তেমনি আকাশ থেকে বিষাক্ত খোঁয়া ছেড়ে বিপক্ষের চির-নিদ্রার ব্যবস্থাও হতে লাগল। এই খোঁয়া-চালানো কেরামতির স্থবিধে পেয়ে USSR তাকে কাজে লাগাবার উত্যোগ করলেন— মামুষ মারতে নয় লোকের হিতার্থে।

বিজ্ঞানীর উপর হুকুম হল, "যাও এরোপ্লেনে, অপকে খুশি করে ক্ষিতির জন্মে বক্শিশ নিয়ে এসো।"

তখন চললেন বিজ্ঞানী, মেঘ-কণাদের জ্বোড় মেলাবার বন্দোবস্ত করতে। এরোপ্লেন যখন মেঘরাজ্যে প্রথম চক্কর খেল. তখন সব শুখনো, মেঘের জ্বল মেঘেই লেপ্টে রইল, না লাগল প্লেনের বা চালকের গায়। বিজ্ঞানীর সঙ্গে ছিল বিপরীত বৈছ্যুৎ-ভরা গোয়া ওড়াবার সর্ক্লাম; সে গোঁয়া ছাড়ার পর, ইল্সে শুড়ির ছিটে দিয়ে মেঘ তাকে আশিস্ জানাল। শেষে তিনিও নেমে এলেন, আর রীতিমতো এক পস্লাও বর্ষাল— বেশ যেন স্বাভাবিক বৃষ্টি।

শাত্মে বলে অথের পর ছঃখ চাকার মতো ঘুরপাক খায়। স্টির কত রকম জিনিস চাকা ভাবে ঘোরে, ভাবলে চমৎকার লাগে।

ধরো না কেন, নিখাসের সঙ্গে জন্তরা হাওয়া থেকে অক্সিজেন টেনে নের, প্রখাসের সঙ্গে ছাড়ে অক্সিজেন-কার্বন-মেশানে। বাপা। তাই থেকে গাছগুলো কার্বন থেয়ে নিয়ে পরিকার অক্সিজেন হাওয়ায় ফিরে দেয়। সেজস্তে এই ছুই পক্ষ পাশাপাশি বাস করলে থাকে ভালো।

#### আকাশের কথা

আবার উদ্ভিজ্ঞ না থেলে পশুপাথি শরীর রাখার মসলা পার না, তা থেকে যা দরকার নিয়ে বাদবাকি ময়লা বলে ফেলে দেয়। সেই ফেলা জিনিস দিয়ে মাটি উদ্ভিদকে সার যোগায়। আরো দেখো গ্রামবাসী শহরকে পেটের খাবার সরবরাহ করে, শহর পাড়াগাঁয়ে মনের আহার পান্টা পাঠায়। শিশুকে শুরু নিজের সম্পদ দিয়ে আনন্দিত করেন, শিয়ের আনন্দ দেখে বিশুণ আনন্দে আরো দিতে পাকেন, আনন্দের এই চক্রবৃদ্ধি বাড়ে ছুজনে মিলে ভূমানন্দের সন্ধান পান।

কিন্ত কিন্তের থেকে কোথায় এসে পড়া গেল ? শিবের গান তো করতে বসা হয়নি এখানে বলবার কথাটা এই ছিল— নদীকে পুষ্ঠ করে বৃষ্টি, বৃষ্টিকে আনতে হলে বৈহ্যত লাগে, আবার পুষ্ট নদীর সাহায্যে বিজ্ঞলী তৈরি হতে পারে।

নদীর জল চালাচালির সময় USSR এই চক্রের কথা ভোলেননি। বেখানে, নদীর প্রপাত আছে, বেখানে লম্বা ঘোরালো বাঁকের হুই মুড়ো খাল কেটে জুড়ে দিলে জলের ভোড় বাড়ানো যায়, সেই সেই জায়গায় একটা করে বিজ্লী-তৈরির শক্তি-ঘর ভোলা হচ্ছে। এক পক্ষে যেমন নদীর জলের জাল, সম্ভ পক্ষে তেমনি বৈহুতে ভারের জাল; কোথাও কখনো কম পড়লে, যেখানে বেশী—সেখান থেকে অভাব পূর্ণ হতে পারবে।

এবার তাহলে, আর থাল-কেটে বাঁধ বেঁধে নদীর জলকে থোশামোদ ক'রে আনা নয়। শত-হন্তীর সহস্র-বোড়ার শক্তি ধরে এমন সব বৈছ্যুতপম্প বসে যাবে, যারা মাত্র স্থইচের ইন্ধিত পেলে, পাহাড়ী ঝরনাকে লজ্জা দিয়ে, এখাল থেকে ওখালে, নিচের নদী থেকে উপরের হলে হড়েছড় করে জল তুলবে ফেলবে।

আরো উপরের কথা হল, আকাশ থেকে সোজাস্থজি জল নামানো।

# পঞ্জুতের বশীকরণ

হাওয়া যতই শুথিয়ে থাক না কেন, তাতে বেশ একটু জলের ভাপ থেকেই যায়। যখন মাছুবের সাধ্যি এমন হবে যে, অভিরিক্ত খরচ না করে যেখানে ইচ্ছে আকাশের জল টেনে নামাতে পারবে, তখন ইস্কের পৌরাণিক কর্তব্য আধুনিক মানবে নিজেই সেরে নিতে পারবে। তাহলে দেবরাজ শথের নাচগান নিয়ে মশগুল থাকার সময় "গেলুম রে, মলুম রে" রবে কেও তাঁর মজলিসের রসভঙ্গ করতে ছারস্থ হবে না।

তবে সাবধান। অব্যবস্থিত রাজ্যে এবিতে খাটাতে গেলে বিজ্ঞানী উভয় সংকটে পড়ে যেতে পারেন। যার বাড়ি বিয়ে, সে আবদার করবে আকাশ পরিষ্কার ঝক্ঝকে থাক্; ওদিকে যে-চাষার খেত খাঁ খাঁ করছে সে ঝম্ঝমে বৃষ্টির জন্মে আপসা-আপসি করবে। মাঝে থেকে বিজ্ঞানী-বেচারীকে এক পক্ষ না এক পক্ষের ঠ্যাঙার গুঁতো না খেতে হয়।

USSR-এ দে হাঙ্গামার ভয় নেই। তাদের পঞ্চ বার্ষিক সংকল্লের খবর আগে পাকতেই সকলকে জানিয়ে দেওয়া হয়। বেদিন না বর্ষালে কারো ক্ষতি নেই, উৎসবের পক্ষে সেই দিনই শুভদিন ধরা হবে; আকাশের কোন্ ভাগে কোন্ গ্রহতারা দেখা দিয়েছে তাতে মামুবের ভাগ্যের ওলট-পালট কল্লনা করার দরকার হবে না। মনের মিলে পরস্পরের হিতসাধনে মামুব যে যে জায়গায় জমায়েত হয়, সেগুলিকেই পরম তীর্থ বলে মানা হবে; ভিড় ঠেলে মরতে মরতে এ-ঘাটে ও-ঘাটে ভ্ব দিয়ে, মন বা কপাল কেরাবার হুরাশা মনে পোষা হবে না। যে বর্ষণে দেশগুদ্ধ লোকের অয়সংস্থান হবে, তার জল্পে দেবতার থামথেয়ালী মর্জির অপেক্ষা পাকবে না, স্তবস্তুতির বাজে থাটুনি বেঁচে যাবে, যাদের গরজ তাদেরই প্রতিনিধি নিজগুণেই যথাষ্থ ব্যবস্থা করবেন—এই হচ্ছে USSR-এর স্মীকরণ যজের নববিধান।

### পাভালের কথা

পাহাড় যেন জনস্থল আকাশপাতাল সবেরই বাইরে, অথচ সকলের সঙ্গে তার ঘনিষ্ঠ হা। পাতালে ভিত, আকাশ ফুঁড়ে উঠেছে মাথা, প্রকাণ্ড ভাল্লুকের মতো, পিঠে জঙ্গলের রোঁয়া নিয়ে ভুঁইয়ে হাতপা ছিতরে সে উপুড় হয়ে আছে। নিজের উপর মেঘের বর্ষণ টেনে নিয়ে সেই জল সমুদ্রের দিকে গড়িয়ে দিচ্ছে, সেই সঙ্গে গা-ধোয়া মাটি দিয়ে নিচের সার-চোষা মাঠগুলোকে তাজা রাখছে।

সমুদ্রকে রত্নাকর বলে বটে, কিন্তু রত্নের ভার নিয়ে কোনো ডোবাজাহাজের ভিতর থেকে ছাড়া, সমুদ্রতলা থেকে রত্ন উদ্ধারের থবর তো
শোনা যায় না। আসল রত্নাকর হল পাহাড—ভার পেটের ভিতর,
ছাল-ভোলা পিঠের উপর, আশপাশের খাঁজে-গর্ভে যত রত্নের কাঁডি।

আজকাল, অবশ্য, পাঁচ-রঙা পাধর হাতে পায়ে গলায়, ফোঁড়া নাক-কানে ঝুলিয়ে "আমি কী হম" গোছের হাবভাব দেখাবার দিন চলে ষাচ্ছে। গবর্নমেণ্টের রূপায় মূদ্রার কাজও সোনা রুপো ছেড়ে কাগজ দিয়ে সারা হচ্ছে। •তবুও নানা কাজের ধাতুগুলোকে রত্নই বলতে হয়। আধুনিক হিসেবে এগুলি ভূতও (ভৌতিক পদার্থের মৌলিক উপাদান) বটে।

মাত্র পাঁচ ভূতের দিন আর নেই, বিজ্ঞানীরা এ পর্যস্ত ৯২টা ভূত খুঁজে পেয়েছেন, ক্রমে আরো হয়তো পাবেন। তার মধ্যে চলতি কথার যাকে ধাতু বলে তা তো আছেই, এমনও অনেক জিনিস আছে যাকে ধাতু বলা হয় না; তাছাড়া আছে রেডিয়াম জাতীয় পদার্থ, যাদের পরমাণু ক্রমশ তেজ হয়ে ফেটে ফেটে বেরিয়ে পড়ে, যেজতে তাদিকে রেডিও-তেজী (radio-active) বলা হয়।

### পঞ্চতের বশীকরণ

সে-ছিসেবে পাহাড়কে ভূতালয় বলাও চলে। শোনা যার পাহাড়ী জাতদের বড়ত ভূতের ভয়—কিন্তু সে-ভূত এ-ভূত নয়।

কথনো কথনো রত্বের খনি দৈবাৎ ধরা পড়ে। রুশের উরল-পাহাড়ে একবার একটা বড়ো গাছ ঝড়ে উপড়ে পড়ে। পাহাড়ী চাষারা তার শিক্ড-জড়ানো ছ্একটি পারার পাথর পেয়ে, শিক্ডের গতের মধ্যে আরো খ্ডতে খ্ডতে পারার খনিতে পৌছে গেল। মার্কিন দেশে এক ডোবার উপর তেল ভাসছে দেখে নল চালিয়ে পাথর-তেলের উৎস বেরিয়ে পড়ল। আমাদের দেশেও পাহাড়ের গায়ে রাস্তা করতে বা পাথর কাটতে মাঝে মাঝে নানান ধাতুর সন্ধান মেলে।

কিন্ত দৈবের উপর নির্ভর করে বসে থাকলে আবিষ্কারের কাজ কচ্ছপের চালে চলে, বিজ্ঞানকে সহায় করলে খরগোশের মতো দৌড়তে পারে। টাকার ব্যাগ হারিয়ে এলে তাকে হঠাৎ কোথাও কুড়িয়ে পাওয়ার আশা খুব কম, বিধিমতে খুঁজতে গেলে ভাবতে হয়, কোথায় যাওয়া হয়েছিল, কোন পথে আসা হয়েছিল, কার গাড়িতে চড়া হয়েছিল, মাটির পানে চোখ রেখে সেই পথে ফিরে গিয়ে, সেই গাড়োয়ানের খবর করে ভরতর করে দেখতে হয়। খিনি খোঁজারও সেই নিয়ম।

ফিন-জাতের দেশ ফিন্ল্যাও-এ এক বিজ্ঞানী কতকগুলো বড়ো বড়ো তামার পাণর দেখতে পান। সেটা পাহাড়ী জায়গা নয় যে, তামার খনি পাকবে। তাহলে সে পাণর এল কী ক'রে। আকাশ পেকে নিশ্চয়ই পড়েনি; তবে জলের তোড়ের সঙ্গে গড়িয়ে আসা অসম্ভব নয়।

किंख नमी करें।

এখন না পাক্, এক সময় ছিল, ছড়ানো ছুড়ি দেখে অনুমান হয়। কেন।

তবে গোড়া থেকে বলি শোনো।

#### পাতালের কথা

উচু পাহাড়ের, কিম্বা মেরুর কাছাকাছি দেশের পাহাড়ের মাথা এত ঠাণ্ডা যে, সেথানকার বরফ মোটেই গলতে পায় না, পাহাড়ের থাঁজে থাঁজে বরফী-ধারা (glacier) হয়ে পৃথিবীর টানে আত্তে আত্তে নামতে থাকে।

মনে করে। এক চাংড়া বরফ এক-ফেরা সরু তার দিয়ে ঝোলানো আছে। চাংড়াটার ভারে নিচের তারের ঠিক উপরের এক লাইন বরফ গলে যাবে, সেই ফাঁকে তারটা বরফের ভিতর কেটে চুকবে। যেমন ঢোকা, তারের নিচে আর চাপ থাকবে না, গলা জলটুকু আবার বরফ হওয়ায় ফাঁকটা বুজে যাবে। এমনি করে তারটা ধীরে ধীরে বরফের ভিতর দিয়ে কাটার চিহ্ন না রেখেই উঠবে। শেষে তারটা একেবারে উঠে গেলে চাংড়াটা তুটুকরো না হয়ে আন্তই তার ছেড়ে নিচে পড়বে।

পাহাড়ের খোঁদলের মধ্যে বরফীনদী সেই ভাবেই চলে। তুই কিনারার চাপে ধারে ধারে একটু করে একবার গলে, গলার সময় একটু নামে, চাপ উতরে গেলে সে জায়গা আবার জমে যায়, আবার চাপ পড়ে। এই গলা জমা ভিতরে ভিতরে চলতে থাকে, বাইরে থেকে দেখলে সমস্তটা নিরেটভাবেই ক্রমে নিচের দিকে নামে।

ছোটো বড়ো ঢিলে পাধর পথেষা পায় তাই আঁকড়ে বরফীনদী সঙ্গে নিয়ে চলে, সেগুলো তলায় কিনারায় আঁচড়ের দাগ রেখে যায়। নিচের গরমে পৌছে নদীর বরফ গলে জল হলে পর, বড়ো পাথরগুলো সেখানেই থেকে যায়, ছোটোগুলো জলের তোড়ে কিছু দ্র ঘসড়াতে ঘসড়াতে গোল হয়ে যায়। শেবে জমির ঢাল কমে গেলে স্রোভও মল হয়ে যায়, তথন নদী বালি মাটির কণার চেয়ে ভারি আর কিছু টেনে নিতে পারে না, তথন মুড়িগুলোকেও ফেলে যায়।

এই বুত্তান্ত মনে পাকায়, যে-বিজ্ঞানী সেঁই তামার পাপর দেখেছিলেন

## পঞ্চভূতের বশীকরণ

তিনি মুড়ি দেখে, আশপাশের পাথরের গায়ে আঁচড়ের দাগ দেখে সেই পুরাকালের বরফীনদীর পথ ধরে চলতে লাগলেন, ৪০।৫০ মাইল যেতে না বেতেই পাছাড়ী জমির মধ্যে তামার খনি পেয়েও গেলেন।

তবু থাকে একটা সমস্থা। এক সময় যেখানে বরফীনদী ছিল, আজ সেখানে মানুষের বসবাস,—এমনটা হয় কী করে।

এ নদী হচ্ছে সেই কল্লের যখন পৃথিবীর উত্তর ভাগের সবটাই মেরুর
মতো বরফের রাজ্য ছিল। ক্রমে ভৌতিক ক্রিয়ার গতিকে বরফী যুগ
কেটে গিয়ে য়ুরোপ-এিসয়ার উপর ভাগ মায়ুষ থাকার উপযোগী হল।
যদি কালে ভূখণ্ডের নড়াচড়ার গতিকে সমুদ্রের মধ্যে গাল্ফ্ খ্রীম্
নামের গরম জলের যে ধারা চলাচল করছে ভার স্রোত অন্ত দিকে ঘূরে
যায়, তখন ইংল্যাও আইস্ল্যাও হয়ে যাবে,—কিন্তু তখনো কি ব্রিটিশ
সাম্রাজ্য জনাট বেঁধে থাকবে।

পাহাড়ের উপরকার কোনো পাধরের গায়ে হাত দিলে সেটা সেখানকার হাওয়ার মতোই ঠাওা ঠেকবে। কিন্তু পাহাড়ের ভিতরটা বিলক্ষণ গরম। রেললাইন চালাবার জন্তে যখন স্থরক্ষ কাটে, পাহাড়ের মাঝামাঝি পোঁছে এত তাত বাড়ে যে কাজ করাই মুঁশকিল। মাটির নিচে গর্ভ খুঁড়ে চললে সেখানেও গরম, যত তলানো যায় তত তাপ। শীত দেশেরও গভীর খনিতে যায়া কাজ করে তারা থায়ে জামা রাখতে পারে না। মার্কিন দেশে একটা পাধর-তেল তোলার নল তুমাইল নিচে পর্যন্ত নামানো হয়েছে, তার তলায় জল আপনি স্থীম হয়ে য়ায়। বিজ্ঞানীয়া বলেন ১৫।২০ মাইল নিচে পাধর-গলা তাত।

মোট কথা, আমরা যে ভূমির উপর বাস করি, বড়ো বড়ো ইমারত ভূলি, যাকে স্থাবরের আদর্শ বলে মানি, সেটা গলা ধাতুর উপর ভাসছে বললেও হয়। ২০।২৫ মাইল নিচে যা কিছু আছে—শোনা, রুপো,

#### পাডালের কথা

লোহা, গীনে, টিন-শবি গলা অবস্থায়, তবে উপরকার ভীষণ চাপের কারণে টগবগ করে না ফুটলেও তাতে তরলতার কিছু কিছু গুণ আছে।

বিজ্ঞানীরা এই পাঁচ মিশল গলা পদার্থটাকে magma বলেন, উপরে উঠে ঠাণ্ডা হলে এর থেকে যত রকম ধাতু পাথরের ও অবশেষে মৃত্তিকারও জন্ম হয়, সে খাতিরে আমরা একে মাতৃকা বলতে পারি।

এই মাতৃকার তলায় কোন্ প্রচণ্ড চুলোয় আগুন জলছে ?

তলার চুলোই নেই। বিজ্ঞানীরা প্রমাণ পেয়েছেন যে, আরো ৫০।৬০
মাইল নিচে গেলে যত চাপ বাড়ে তত তাপ বাড়ে না। উত্তাপের কারণ
মাতৃকার মধ্যেই আছে—এক ঝাঁক সেই রেডিও-তেজী ধাতুর পরমাণ্,
যারা ক্রমান্বয় ফেটে ফেটে বেরছে, তারাই এই ভীষণ আঁচ জাগিয়ে
রাখে। এদেরই কল্যাণে পৃথিবী চাঁদের মতো জুড়িয়ে গিয়ে প্রাণী-পোষার অন্ধগরুক্ত হয়ে পড়েনি।

গড়ে ২০ মাইল নিচে এই রেডিও-তেজী ধাতুর ভারি ভিড়। আরো ৬০ মাইল নেমে গেলে এগুলির চিহ্ন বড়ো একটা পাওয়া যায় না, সেখানকার চাপে পাথর তরল হতে পায় না। স্থতরাং ৬০ মাইল গভীর মাতৃকা সাগরের শক্তী পাথরের তলা আমাদের পায়ের ৮০ মাইল নিচে। পৃথিবীর ব্যাসের মাপ ৮০০০ মাইল, কাজেই কেন্দ্র থেকে ভূপৃষ্ঠ ৪০০০ মাইল তফাত। এই ৪০০০ মাইলের উপরকার ৮০ মাইল স্তরের এইটুকু খবর পাওয়া গেছে।

জ্বলের সমুদ্রে যেমন জাহাজ, তেমনি পৃথিবীর উপরের স্তর্টা, ডাঙাই হোক, পাহাড়ই হোক, আর সাগরজ্বল ভরা খাদই হোক, সবই সেই মাতৃকার উপর দোলা খাচ্ছে; তবে দোলের তালটা খ্ব বিলম্বিত। ডাঙার তলার পাথরের ভিতটা যত ভারি, সমুদ্রের তলার ভিতটা তত

# পঞ্চতের বশীকরণ

নয়, সবচেয়ে ভার পাহাড়শ্রেণীর তলাঃ। ভার অমুগারে এসব মাতৃকার মধ্যে কম-বেশি ডুবে আছে।

কিন্তু উপরের ওজন বরাবর এক রকম থাকে না। জলের ক্রিয়ায় পাহাড়ের উপরকার স্তর দিন-কে-দিন ক্ষয়ে যাচেছ, তার গা থেকে থসা মাটিপাথর, আরো পথে কুড়ানো যা-কিছু নিয়ে নদীগুলো অবিশ্রাস্ত সমুদ্রে ঢেলে চলেছে। তার ফলে পাহাড়গুলো হয়ে যাচেছ হালকা, নদীর মোহানার সামনেটা হয়ে আসছে ভারি। সেজস্তে, ধীরে ধীরে হলেও, পৃথিবীর ভিন্ন অংশের ওঠা নামা চলছেই। যেমন, যে নৌকোটায় যাত্রী ওঠে সেটা জলের ভিতর একটু নেমে যায়, যার থেকে যাত্রী নামে সেটা একটু ভেসে ওঠে। তাছাড়া তাপেরও হেরফের চলতে থাকে।

পাত্রে ভরা জলের উপর চাপ দিলে উপচে পড়ে, ঢাকা থাকলে ফাঁক দিয়ে ছিটকে বেরোয়। জলভরা হঁকোয় টান না দিয়ে হুঁ দিলে জল নল দিয়ে ফোয়ারা হয়ে ওঠে। সেইরকম, কোনো ভ্যত্তের ভার কিয়া তলার তাত বেড়ে উঠলে, তার মাতৃকার উপর চাপ পড়ে, তাতেগলা ধাতৃগুলো এপাশ ওপাশ সরার জায়গা না পেয়ে উপরের পাথরের ফাটলের মধ্যে দিয়ে উঠে পড়ে, শেষ পর্যন্ত ফাঁক পেলে ভূপুঠে বেরিচয় পড়ে। ত্বপাশের পাথর কম মজবুত হলে সেগুলোকে হছে ভুলে পাহাড় করে দেয়।

এরকম ঠেলে-ওঠা জায়গার মধ্যে বিস্তর ফাটল থেকে যায়, তাই পাহাড়ের মধ্যে দিয়েই বিশির ভাগ মাতৃকা উপরে বেরিয়ে পড়ে, সেখানে ঠাণ্ডা হলে পাথর হয়ে জমে যায়। ফাটলের ভিতরে ও উপরে হালকা, নিচে ভারি স্তরে স্তরে থিভিয়ে থাকে। তাতেই জনায় এক এক স্তরে এক এক রকম পাথরের থনি।

ফাটলে ওঠার সময় মাতৃকা কোনো গুহার জমা জলে ঠেকলে, তার

#### পাতালের কথা

তাতে সে জল স্থীমের ফোয়ারা হয়ে মাটির ফাঁক ফুঁড়ে বেরয়, কিয়া ধাতুগোলা গরম জলের উৎস হয়ে দেখা দেয়।

যদি গোড়ার চাপের জাের খুব বেশি হয়, য়াতে ফাটলের উপরকার মুখ আারা ফাঁক হয়ে মাতৃকার স্রোত তােড়ে উপলে ওঠে, তাহলে সেরকম ফাটা-মুখ পাহাড়কে বলে আগ্রেয়গিরি।

বেরবার মুখ যদি ছোটো হয় বা মোটেই না থাকে, তাহলে চাপের মধ্যে ঠাণ্ডা হলে তরল ধাতৃগুলো ফটিকের মতো দানা বেঁধে ধনীর পছল্লস্ই পাঁচ রকম মণি হয়।

এই হল এক ধরনের খনির জন্মর্তাস্ত। এ কাহিনীর পরিচ্ছেদে পরিচ্ছেদে ভূথগুগুলোর নড়াচডার সময়, ভূমি কেঁপে কেঁপে উঠে মান্থবের তৈরী ঘরনাডি, কখনো বা মান্থবের প্রাণসমেত, নষ্ট করে। ভূতের এই উপদ্রবকে মান্থবের পাপে দেবতার কোপ বলে কেউ কেউ ব্যাখ্যা দেন। জনকয়েকের অপরাধে স্থানবিশেষের আবালবৃদ্ধবনিভাকে সাজা দেওয়ার রোগ মান্থবের নেতাদের মাঝে মাঝে দেখা যায় বটে, কিন্তু এরকম অন্তুত বিচারনীতি দেবচরিত্রে আরোপ করায় তাঁদের মহিমা কতদুর বাডানো হয়, সে বিচারের ভার শ্রোভার উপর রইল।

ধাতৃপাপর ছাড়া অপর পদার্থের খনি জন্মাবার ধারা অস্তরকমের।

মাতৃকার ভাসা দেশগুলোর ওঠানামার গতিকে কোনো ডাঙা যার সাগরতলার নেবে, কোনো সাগর আসে ডাঙার উপর চড়ে, যে ডাঙা তলিয়ে যার, তার উপর সমুদ্রের অগুনতি শামুক-ঝিছুক-জাতীর প্রাণীরা মরার সময় তাদের চুনের খোলস, দিনের পর দিন, বছরের পর বছর, শতালীর পর শতালী সমুদ্রের তলার উপরে ফেলতে থাকে। এভাবে কয়েক যুগ কেটে গেনে পর, যথন সে সাগরের জল আবার সরে পড়ার পালা পড়ে, তথন তার সেই তলা আবার হয় ডাঙা, কিন্তু আগেকার সে

## পঞ্জতের বশীকরণ

ভাঙা নয়, এবার চুনের পুরু পর্দা প'ড়ে তার খালদাঁড়া সব একাকার।

সাগরের যেখানে কোল ছিল সেখানে পড়ে মুনের পলি।

সাগরে বা ব্রদে নদীর মোহানা থাকার গুচ্ছের শেওলা গজিয়েছিল, ত্ব্ধারের পেঁকো মাটিতে ভারি জঙ্গল উঠেছিল। সেসব জায়গা তলিয়ে যাবার পর তাতে গাছের সংগ্রহকরা স্থের তেজ ভরা কয়লা, পাধর তেল জনায়।

এরকম নতুন-ওঠা ডাঙাগুলো বালি মাটি চাপা পড়লে এই পদার্থ-গুলো যে যার খনির মধ্যে থেকে যায়।

এখন কথা হচ্ছে, উপর থেকে কেমন করে জানা যাবে, পাহাড়ের ভিতর কোন্থানে ফাটল ছিল, কোন্টার মধ্যে কী কী পাথরইবা জমা হয়ে রয়েছে। আন্দাজে এখানে ওখানে গত করে খুজে বেড়াতে গেলে বিস্তর খরচ। শক্ত পাহাড়ী পাথর কুরতে হীরে-বসানো যন্ত্র লাগে। সে খরচ বাঁচাতে হলে বিজ্ঞানীকে মগজ খাটিয়ে যন্ত্র বার করতে হয়।

এক যন্ত্র উদ্ভাবন হয়েছে মাধ্যাকর্ষণের নিয়ম ধরে— যে আকর্ষণ থাকায় আমরা ঘরের দেয়ালে বেড়াতে পারিনে, থাকতে হয় মেঝের উপর। শুধু পৃথিবী সকলকে টানছে তা নয়, প্রত্যেক জিনিস প্রত্যেককে টানছে, তবে ছোটো ছোটো টানের ফল সাদা চোখে ধরা যায় না। স্কল্ম নিক্তির মতো এই যে যন্ত্র, এটা টানের অল্প হেরফেরে সাড়া দেয়, মাটির নিচে কোনো ভারি পাথরের শুর থাকলে সেদিকে ভার কাঁটা হেলে পড়ে। এই যন্ত্র নিয়ে ঘুরে বেড়ালে কাঁটার ভলি দেখে বোঝা যায় কোন জায়গার তলায় ধাতু পাথর জমা আছে।

লোহার মতো চুম্বক-টানা ধাতুর খবর কম্পাদের কাঁটাও দিতে পারে। উপর-নিচে ছলতে পারে এ ভাবে চুম্বক-কাঁটাটাকে ঝোলালে,

#### পাতালের কথা

সে নাটির নিচে এ জাতীয় পাধর যেখানে আছে সেদিকে ঝোঁকে—
তার ঝোঁকার রোখে লাইন টানলে সে লাইন ধাতুর সন্ধান বাৎলে
দেবে। ছু তিন জায়গা থেকে এ রকম লাইন টানলে তারা যেখানে
মিলবে সেখানে পাধরও মিলবে। এ লাইনের উলটো দিকে পাকতে
পারে মুন বা চুন বা ক্য়লার খনি।

ভূমিকম্পের মতো শক্রপক্ষের কাছ থেকেও এ বিষয়ে সহায়তা পাওয়া যায়। ভূকম্প মাপার সিসমগ্রাফ (seismograph) নামে এক রকম কম্পমান যন্ত্র আছে, সে ভূমির কাঁপুনির রকম অমুসারে কাগজে আঁকজোক কাটে। তার লিখন যে পড়তে জানে, সে ়কাগজে-আঁকা রেখার খেলা দেখে বুঝতে পারে কোন্ দিকে কত দ্রে কাঁপুনি শুরু হয়েছিল, কোন্ পথ দিয়েই বা সেটা ঘুরে ফিরে কম্পমান যন্ত্রে পৌছেছে।

মেঘ ডাকার আওয়াজের কথা ভাবলে এ যন্ত্রের ক্রিয়া বোঝার কতক অবিধে হতে পারে। ছপাশ থেকে দামী-দামিনীর দল যথন বজ্ঞ-নিনাদে মাঝের বায়ুস্তর ফুঁড়ে এসে মেলে, তথন কাছাকাছি শ্রোতার কানে প্রথমে তার কড়াৎ শব্দ বাজে। তার পরে আসতে থাকে তার প্রতিধ্বনি—গুড় গুড় গুড় গুড় গুড়ুম গুড়ুম গুড়ুম। প্রথম গুড়-গুলো হল কাছের,মেঘ, মাঝের মেঘ, ক্রমশ দ্রের মেঘ থেকে সেই গোড়ার কড়াৎ-টা পর পর ঠিকরে আসার শব্দ। যথন এমন হয় যে দ্রের মেঘ থেকে, আর কাছের এ-মেঘ ও-মেঘ সে-মেঘ ঘুরে, ছই আওয়াজ একসঙ্গে কানে পৌছয়, সেবারে হয় গুড়ুম; যে-বারে এক সঙ্গে তিন চার দিক থেকে আওয়াজ এসে পড়ে, সেবার হয় জানলা-দরজা-কাপানো বড়ো গুড়ুম; তার পরে সেই গুড়ুমের আওয়াজ এদিক-ওদিক থেকে ঠিকরে ছোটে। ছোটো গুড়মে অবসান হয়।

## পঞ্চভূতের বশীকরণ

সমজদার হয়তো এ সব আওয়াজ শুনে, আকাশে কিভাবে মেঘের চাপগুলো সেজে আছে তার একটা ছবি পেতে পারে।

একই ভূথাকার কাঁপুনি সেই রকম দফে দফে আসে,—যন্ত্রে প্রথম পাওয়া যায় যেগুলি সোজাত্মজি সব চেয়ে ছোটো পথে এসেছে; পরে আসে যেগুলি পৃথিবী ঘুরে উল্টো দিক থেকে পৌছয়; শেষে ছাজির হয় যেগুলি প্রথম একপত্তন নিচের দিকে তলিয়ে গিয়ে পরে পাতালের কোনো পাথরে ঠেকে ঠিকরে উপরে ফিরে আসে। শেবের এই কাঁপুনিগুলি পাতালের অনেক খবর এনে দেয়।

তবে কি তলার অবস্থা জানতে হলে ভূমিকম্পের আসার আশে হাঁ করে বসে থাকা লাগবে।

তা কেন। মাটিতে গত করে তার ভিতর বারুদ বা ডাইনামাইট ফাটালে তো ভূমিকে যখন ইচ্ছে যত ইচ্ছে কাঁপিয়ে তোলা যায়। বারুদ ফাটিয়ে লাগাও যন্ত্র, ওস্তাদের কাছে ধরে দাও তার লেখা, সেবলে দেবে মাটির নিচে কোথায় কত দূরে কী রকম ধরনের পাথর আছে।

আবার আমাদের ধুয়োয় এদে পড়া গেল। কৈজ্ঞানিক বিস্তে তো USSR-এর এক-চেটে নয়, তবে কেন এমনভাবে কথা হচ্ছে ফেন এ বিষয়ে তাদের কিছু বিশেষত্ব আছে।

চলতি তন্ত্রে রাজা-প্রজা ধনী বিজ্ঞানী সুবাই কাজ করে নিজের নিজের লাভের আশার। জমির মালিক প্রায়ই বিলাসী, বিজ্ঞান সম্বন্ধে উদাসীন, অপরকে খাটিয়ে নিতে মজবুত, পারিশ্রমিক দেবার বেলার করা। বিজ্ঞানীও নিজের বহু কটে পাওয়া বিজ্ঞের ছায়্য মূল্য না পেলে ভাকে ছাড়তে চান না, পেটেই রেখে দেন। যারা নিলোভের বড়াই করেন, আমাদের সেই ভাপস ফকিররাও ওযুধবিস্থধ পেলে যে রকম

#### পাতালের কথা

আগলে রাখেন, একা বিজ্ঞানীর উপরই বা কটাক্ষ করা কেন। এই লাভ বা প্রতিপত্তির মোহে কত ভালো ভালো আবিদ্ধার সাধারণের চির-সম্পত্তি হতে পায়নি তার কি ঠিক আছে।

বিপ্লবের আগে থেকেই রুশের কর্ম (Kursk) জেলার লোকের নজরে ঠেকত যে, সেখানকার সব কম্পাসের কাটা নিচের দিকে একটু ঝুঁকে থাকে। এর কারণ বার করার জ্ঞােলাষ্ট্র (Leist) নামে এক জ্মান পণ্ডিতকে সকলে ধরে পড়ল। সে বিজ্ঞান-পাগল এ কাজে লেগে গেল ভা বারো বৎসর টানা খেটেই চলল।

তার হাতে ক্রমশ ৪৫০০ দাগের এক জটিল নকশা গড়ে উঠল, যার এক এক দাগ ফেলতে তাকে চৌপর দিন ধুলোয় জঙ্গলে হাঁটাহাঁটি করতে হয়েছে, কারণ দাগ বেঠিক পড়লে তাতে অকাজ ছাড়া কোনো ফল হবে না। যারা কম্পাস বয় তাদের কোটে লোহার বোতাম বা পকেটে চাবির গোছা, বা কাছাকাছি লোহার যন্ত্রপাতি থাকতে কম্পাসের কাঁটার লাইনে দাগ কাটলে ভুল হবে।

হাড়ভাঙা খাটুনির পর তো নকশা দাঁড়াল। বাকি রইল পাঁচ জায়গায় গত করে• নকশার লিখন ক্ষেত্রে যাচানো।—কিন্তু তার টাকা আসে কোখেকে।

খনি বেরলে তো জ্মিদারদের লাভ। কিন্তু নকশা এত বড়ো জায়গা দেখাছে, যা অনেক জ্মিদারের এলাকায় চারিয়ে পড়ে। অথচ মিলে-মিশে কাজ করার অভ্যেস জ্মিদারদের আদ্বেই নেই, বিজ্ঞানের তাঁরা কোনো ধার ধারেন না; এক মুদ্রা বার করলে সেটা হাল-ফিল ছু মুদ্রা হয়ে ফেরা চাই, এই এক তত্ত্ব তাঁরা নিশ্চর জ্ঞানেন।

কাজেই অনেক কটে যদি বা পরীক্ষার জক্তে তাঁরা চাঁদার টাকা কবলালেন, তো মেওয়া ফলার সবুর তাঁদের সইল না, কাজ শেব হবার

## পঞ্ছতের বশীকরণ

আগেই চাঁদা দেওয়া বন্ধ করে দিলেন। হতাশ পণ্ডিত তো পাতাড়ি শুটিয়ে দেশে ফিরে গিয়ে না খেতে পেয়ে মারা গেল। তখন সেই নকশা পড়ল জর্মান বিশেষজ্ঞদের হাতে। সেটা যে কত বড়ো শুপু ধনের সিন্দুকের চাবি, সে কথা তাঁদের বুঝতে বাকি রইল না।

ইতিমধ্যে রুশের বিপ্লব আরম্ভ হয়ে গেছে। জমিদার আর নেই, রাষ্ট্র চালাচ্ছেন USSR। ঐ নকশার মূল্য লাখে লাখে আদায় করার আশায় সেই জর্মান বিশেষজ্ঞের দল রুশে চলে এলেন।

কিন্ত USSR নিজের গুপ্ত-সিন্দুকের চাবি পরের কাছে ঠকে কিনবেন কেন,—তাঁরা কি চাবি গড়তে জানেন না। এক পণ্ডিতের জায়গায় তাঁরা লাগিয়ে দিলেন এক ঝাঁক বিজ্ঞানী; দেখতে দেখতে বেরিয়ে পড়ল কোটি কোটি মন লোহায় ভরা এক প্রকাণ্ড খনি। তাতে USSR-এর এক মস্ত অভাব মিটে গেল, কারণ বাইরের রাজ্য সকলেই বিরুদ্ধ-পক্ষ, তাদের কাছ থেকে ডবল দাম দিয়ে লোহা কিনতে হচ্ছিল।

এসব ব্যাপারের মজাটুকু এই যে, ভারতের ঋষিদের বাণী দূরে থাক্, USSR তাঁদের নামও লোনেননি, অথচ কাজে তাঁদের কথার ব্যাখ্যা অজ্ঞানতে করে চলেছেন। উপনিষদে ত্যাগ করে ভোগ করার কথা যা বলা হয়েছে, বিষয়ীর কাছে তার কোনো মানেই হতে চায় না, বড়ো জ্ঞার তাদিকে এইটুকু ব্ঝিয়ে দেওয়া যেতে পারে যে ব্যাঙ্কে টাকা তোলা থাকলে ভোগে আসে না, খরচ করলে তবেই সেটা মূলধন হয়ে ভোগের উপায় জ্মাতে পারে। ওদিকে যারা বৈরাগ্য-রোগ-গ্রন্থ. তাঁরা ভূলে যান যে আনন্দসজ্ঞোগের আসল উপায় দিখিয়ে দেওয়াই ঋষির উদ্দেশ্য, মনে করেন বুঝি ভ্যাগের গুণগানই করা হচ্ছে।

USSR কিন্তু ঠিক বুঝেছেন, কাজেও দেখাচ্ছেন যে, যা ত্যাগ করা দরকার সেটা হচ্ছে ব্যক্তিগত ভোগের যোহ, যাতে একের লোকসান

### পাতালের কথা

বিনা আরের লাভ হয় না, যেজনে বিষয়ে বিষ মাখানোই থাকে, তাই
নড়তে চড়তে লাগে ঝগড়াঝাঁটি, মামুষের উন্নতির দরজা থাকে বন্ধ।
এই মোহের হাত থেকে উদ্ধার পেলে তবেই সম্ভব হয় দেশস্ক
লোকের সম্ভোগ, যাতে ভোগ্যবস্তু সকলের ভাগেই বেড়ে ওঠে, সমবেত
ব্যবস্থার গুণে বিবাদের জড় মরে যায়, মনকে উচু স্তরে ওঠানোর পথ
খোলসা হয়।

# তৃতীয় পালা

### মনপ্রাণের উৎকর্ষ

#### আহারের সমস্তা

সাধে ভাবি USSR হয়তো এবারকার অবতার, দেখাই তো গেল, আকাশ বায়ু জ্যোতি জল এঁদের বাগ মেনে আসছে, এঁদের শাসনে উত্তরবাহিনী নদী পশ্চিমে চলেছে, পশ্চিমের নদী পূবের নদীর সঙ্গেল মেশাছে; এঁদের বিধানে যেখানে ছিল মক্ষ দেখানে কোথাও বনের পাখির বৈঠক বসেছে, কোথাও শহুরে মাছুব হটুগোল লাগিয়েছে; যাছিল কাঁকা পাথুরে অধিত্যকা, হয়েছে সেখানে কাটা খাল, খালের ধারে সবুজ গাছের বেড়া, সেকেলে নবাবদের কেয়ারি-করা বাগানের অতি বৃহৎ সংস্করণের মতো; সকলের আধার যে পৃথিবী তার রূপ এমন ফিরে যাছে যে কিছু কাল পর এরোপ্লেন থেকে এক নজর দেখলে তাকে সেই ইহুলোক বলে আর চেনাই যাবে না।

ধরিত্রীকে রূপদী করার শথ তো নয়, "পরির্দ্র নারায়ণ" যাতে পেট ভরে থেতে পান, দেই আগ্রহে এত গা-ঘামানো, এত মাধাব্যধা।

তাহলে আমরা নরেরা কি রাক্ষনের জাত—্বুঝি শুধু আঁউ মাউ আর খাঁউ।

তা যাই বল, এক পেট খিলে নিয়ে বৃদ্ধির কি ধার হয়, না মেজাজ খোস খাকে। চরম গতির কথা তো ছেডেই দাও।

এই চোদ্দ-পোরা ধড়টাকে তাজা ভাবে খাড়া না রাখলে, ধর্ম-জর্ম-কাম-মোক কোনোটারই নাগাল মেলেনা। আর মান্তবের খাবার ধাঁচাটা ধদি রাক্ষুসে হয়েই থাকে, সে দোষও প্রকৃতি-মারের, যাঁর কুপার কোনো

#### আ্হারের সমস্তা

না কোনো প্রাণী হত্যা না করলে তার প্রাণই বাঁচে না। কাজেই থোদার উপর খোদকারি ক'রে প্রকৃতির প্রকৃতি বদলাতে না পারলে মান্তবের মামুষ হওয়াই দায়।

মহাভারতে তুরকম রাক্ষসের পরিচয় পাওয়া যায়। বর্বর-অবস্থায়
মান্থবের হিড়িম্ব রাক্ষসের মতো ভাব—যাকে পাই তাকে খাই, জুটলে
নাচি গাই, নইলে হল্ডে হয়ে বেড়াই। সভ্যতার বড়াই করলেই তো
হয় না, আজ পর্যন্ত অনেক জাতের মান্থবের জীবনধাত্রা ঐ রকমই।
কিন্তু বকরাক্ষসের মতি অক্ত ধরনের। সে পরের আমন্ত্রণ থেকে বাঁচিয়ে
গ্রামকে স্বচ্ছেন্দে রাথত, তার দাম হিসেবে নিজের পেটচালাবার জক্তে
পালা করে একজন গ্রামবাসী থেত।

উৎকৃষ্ট মামুব বকের নিয়মে আশ্রিত প্রাণীদের সঙ্গে ব্যবহার করতে চায়। কিন্তু অনেক সময় দে ঐ রাক্ষসের মতো মাত্রা ঠিক রাখতে পারে না। দেখো না কেন, আমাদের ধর্মপ্রাণ জাতের মধ্যে নিজের পাঁঠা খাবার শথটা দেবতার উপর চাপিয়ে একদল ভক্ত রক্তনদী বইয়ে উৎকট আমোদে মাতে। সভ্যতা-অভিমানী মার্কিন দেশে জানোয়ার-মারা কলে এক দিকে দিয়ে শুয়োর চুকিয়ে জন্তটার আর্তনাদের রেশ কান থেকে না থেতেই অক্ত দিক দিয়ে তার চাম্ডার জুতো বার করে নিজের কেরামতি দেখে নিজেই তাক।

সে যাই হোক, নরোত্তম পদ পেলে কী হবে বলা যায় না, নরের এখনকার অবস্থায় প্রকৃতির সঙ্গে রফারফি ছাড়া গতি নেই। বাঁদর মাংসাশী নয়, সে পাতা ফল খেয়ে থাকে। কিছু অভিব্যক্তির তাড়ায় যথন বানরের এক দল গাছ থেকে নেমে ছুপায়ে খাড়া হয়ে নর-রূপ নিল, তথন পড়ল ফাঁপরে। ফল থেকে এসে গেল দূরে, অথচ চাষবাস

### মনপ্রাণের উৎকর্ষ

তথনো শেখেনি। থিধের জালায় কী করে, পাথরের অস্ত্র বানিয়ে তা দিয়ে জীবজন্ধ মেরে খাওয়া অভ্যেস করতে হল।

কিন্তু মাংস খাওয়া নরের দেহমনের উপযোগী না হওয়ায় মায়ুবের শরীর হয়ে দাঁড়াল ব্যাধিমন্দির। সে বিষয়ে সচেতন হয়ে আজকালকার পাশ্চাত্য ডাক্তারেও বলতে আরম্ভ করেছেন যে, মাংস খাওয়া মায়ুবের পক্ষে দরকারী তো নয়ই, উপকারীও নয়। ক্রষ্টির ফ'লে বৃদ্ধির্তি শোধন হলে মায়ুষ রাক্ষ্য-পিশাচের নকল না করে, নিজের আকেল মতো চলে রক্তারক্তি কাও ভ্যাগ করবে— এই আশায় ভর করে এখানে নিরামিষ আহারের আলোচনাই চলুক।

গাছের সঙ্গে মান্থবের যে খান্ত-খাদক সম্বন্ধ সৈটা নেহাত মন্দ দাঁড়ায় নি। ফলের বেলায় তো কথাই নেই, ওটা গাছ নিজের গরজে মিষ্টি রসের ভেট সমেত মান্থবের হাতে তুলে দেয়, সঙ্গে থাকে এই মাত্র আবদার— "বংশ রক্ষার উপায় করে দিয়ো।"

ফল ফলাতেই তে। গাছতলার আশপাশের মাটির সার ছুরিরে আসে, সেই মাটিতে সোজাস্থজি বীজ পড়তে দিলে নতুন চারার সঙ্গে পুরোনো গাছের খোরাক নিয়ে কাড়াকাড়ি লেগে যাবে। তাই দুরের তাজা মাটি পর্যস্ত বীজ পৌছে দেবার জন্মে সচল জীবের সাহায্য নইলে নয়।

এদিকে, গাছের সে নীরব আবেদন মান্ত্র নিজের গরজেই মঞ্র করে, গাছের মাধার হাত বুলিয়ে মিষ্টার ভোজনের ব্যবস্থা করেছে। তাই দেশে দেশে মান্ত্রের যজে-করা যজে-রাখা ফলবাগানের ছড়াছড়ি। কিন্তু হাররে কানা পদ্মলোচন। স্থফলা বাংলার ফলবাগান কোধার।

বাই হোক, প্রকৃতির ব্যবস্থার মধ্যে মানুষে-গাছে ফলসংক্রাব

#### আহারের সমস্তা

চুক্তিটা সমবায়সম্বন্ধের একটা স্থল্পর দৃষ্টাস্থ— কোনো পক্ষের লোকসান নেই—উভয়েরই লাভ।

চোরের উপর বাটপাড়ি করে উদ্ভিদ-খেকো জন্তু মেরে খাওয়া বাদ্
দিলেও হ্ব ডিম খাওয়া, রেঁয়া-পালক পরা, আরো পাঁচ কাজ আদায়ের
কারণে পশুপাথির সঙ্গে মান্তবের সম্বন্ধ রাখতে হয়। পাশ্চান্ত্য দেশে
গোকর পালের চাকচিক্য দেখলে চোথ জুড়োয়, মান্তবের যত্তচেষ্টায়
তাদের দেহ বংশ হুই রৃদ্ধি পাচ্ছে সে বিষয়ে সন্দেহ থাকে না; স্বীকার
করতে হয়, সেখানে হ্ব দিয়ে গোজতি য়বেই প্রতিদান পাচ্ছে। কিন্তু
পূজিত গো-মাতার দেশে তার শ্বীণ হব দেহ, তার বাছুরের হাড়-সার
দশা দেখলে দরদীর হ্ব খাবার রুচি উড়ে যায়। পুরো খেতে না দিয়ে
অতিরিক্ত খাটিয়ে আধমরা করে রাখার য়ে-অহিংসা, তার চর্চা না করে
বরং ওরকম ভবয়য়ণা থেকে সংক্ষেপে নিয়্কৃতি দেওয়াটা বেশি দয়াধর্মের
পরিচয় কিনা, সে প্রশ্ন ওঠে; কিন্তু এখানে তার বিচার নাইবা করা
সেলে।

তার চেয়ে ঘাসের দিকে চোখ ফেরানো যাক। বুনো অবস্থায় ঘাসের বিচি হবার পরেও কটে আগেও বটে, বনের জন্তরা থেয়ে মাড়িয়ে তার কর্ম-সারার যোগাড় করে। তা সত্ত্বেও যে-বিচিগুলো পেকে উঠতে পায় ভাও কতক পাথুরে জ্মিনত পড়ে ভথোয়, কতক জলে পচে, কতক নানা বিপাকে মারা পড়ে; শেষে হাজার-করা ভ্চারটে যা স্থবিধেমতো জায়গায় আস্ত পৌচয়. ভারাই ঘাসবংশ বজায় রাথে।

ে এর তুলনায় ঘানের শস্ত-দাদার আরামের কথা ভাবো। কত থাটুনি দিয়ে তৈরি, কত আগাছা নিড়িয়ে পশুপাখি খেদিয়ে সাবধানে রাখা জমিতে বীজ লাগানো হয়, বাঁচিয়ে রাখার জঞ্চে কত রক্ষের তিথির চলতে থাকে। শেষে খেতের উপর খেত জুড়ে নধর সবুজের বাহার দেখে,

### মনপ্রাণের উৎকর্ষ

চাষা তো চাষা, কবির মনেও আনন্দ ধরে না। কে বলবে মামুষে-শস্তে নিন্দের সম্পর্ক।

অনেক স্থলে গাছ দিখিজয় করারও স্থােগা পেয়েছে। মাহ্র কত হাজার বৎসর ধরে পৃথিবীময় ঘুরে বেড়াভে । কত রকম কারণে এক এক দলকে দেশান্তরে থেতে হয়েছে—আজ বলে নয়, আদিকাল থেকে; শুধু কাছাকাছি নয়, এক মহাদেশ থেকে অস্ত মহাদেশে, নানা জাতের মান্তবের যাতায়াতের চিহ্ন আছে,— কখনো আবহাওয়ার হেরফেরে, কখনো বা মান্তবের প্রধান শক্র মান্তবের তাড়া খেয়ে। যারা যখন থেখানে গেছে সঙ্গে নিয়েছে খাবার ফলমূল দানা, তার মধ্যে পথে কিছু পড়ে গিয়ে মাটতে লেগে গেছে, নতুন বসতি করার পর কিছু ইচ্ছে করেও লাগানো হয়েছে।

এ রক্ম করে গম, ধান, আরো কত কী ফলশশু পৃথিবীর সব জায়গায় ছড়িয়ে পড়েছে। ভারতের আম গেছে মার্কিন দেশে, চীনের লিচ্ এনেছে এখানে, মত মান (Martaban) কলা, বাতাবি (Batavia), মোসন্ধী (Mozambipue) নেবৃ, আজও নিজের নিজের নামে আদিস্থানের পরিচয় দিছে। তার উপর বীজ বাছাই করে, কলম করে, সার দিয়ে নানান উপায়ে ফলশশুের জাতের উন্নতি করা হয়েছে। জললের টোকো এঁলো আম, বাগানের ল্যাংড়া বোন্ধাইয়ে দাঁড়িয়েছে। পাছাড়ী বাছ্রে নাশপতি, অগন্ধী রসালো কাশ্মারী pear হয়ে উঠেছে। আর শশু তো সবি রক্ম-রক্ম বুনো ঘাস থেকে জাতে তোলা।

মামুষের এত দিনের চেষ্টাচরিত্রে তো এই ব্যাপার করে তুলেছে, তবে USSR-এর এ বিষয়ে আর নতুন দেখাবার থাকল কী।

আছে, ঢের আছে। এত দিন কী ভাবে চলে আসছে জান! নতুন জায়গায় যে বীজ পৌছল, তার ঝড়তি-পড়তি আপনি লাগল

#### আহারের সমস্তা

তো লাগল, হেলায় কিছু বা বিশেষ ভাবে লাগিয়ে দেখা হল, বাঁচল ভো বাঁচল নয় ভো নতুন মাটিতে অচল বলে ছেড়ে দিলে। সার দেওয়ার ব্যাপারও সেই রকমই। হাতের কাছে যে সার আছে. বা জোটে, ভাই গাছের গোড়ায় দিয়ে দেখা হল, ফল না পেলে থেয়াল ছুটে গেল, ফল পাওয়া গেল ভো বাহাত্বরি নিলে।

USSR-এর উন্থম বল, অধ্যবসায় বল, ধারাবাহিক চেষ্টা বল, সে সব অস্থা ধরনের। তারা গাছের চরিত্রই বদলে ফেলতে বসেছে। ভারতবর্ষের রোদে-মামুষ-হওয়া ব্রহ্মচারী, সে যদি তিব্বতের বরফে গিয়ে সাধনায় বসতে পারে, শীত দেশের লড়াক্কে জাত যদি ধনের লোভে আফ্রিকায় বালির তাতে আড্ডা গাড়তে পারে, তবে ওস্তাদের মতো ওস্তাদের হাতে পড়লে গাছই বা নিজের অভ্যেস বদলাতে শিখবে না কেন।

ত বে গাছকে শেখাতে হলে অপ্রাপ্ত অমুসদ্ধান চাই, অফুরস্ক পরীক্ষা চাই, অদম্য উৎসাহ চাই, সকলের উপর সমবেত চেষ্টা চাই। USSR-এর এই সব আছে বলেই এতকালের কৃষ্টির বাড়াও তাঁরা অনেক কারদানি দেগাতে পারছেন।

মাথা যতই খাটানো হোক, হাজার পড়াগুনা করা হোক, তাতেই মামুষের পূর্ণ বিকাশ হয়,না, আমুরাগ্য-বিনা আনন্দলোক লাভ হয় না, সে বিষয়ে অঞ্চরা ঋষি প্রকারাস্তরে সাবধান করে দিয়েছেন। USSR-এর অঞ্চরাগের কী পরিচয় পাওয়া যায়, তা পরে দেখা যাবে। কিন্তু যিনি যে-লোকের আকাজ্ঞা করুন না কেন, আগে ইহলোকের অল্পংস্থান আবশ্রক। সেই উপদেশ রাজ্মবি জনক হাতে-লাঙলে দিয়ে গেছেন। সে সনাতন দৃষ্টান্ত আ্যুধ্নিক প্রণালীতে USSR কেমন ভাবে বিস্তার করছেন, তারি কিছু কিছু গল্প এই পালায় করা যাছে।

# ভোষ্ঠের ভল্লাশ

কশের বিপ্লব নির্বিবাদে হতে পায়নি, সে তো ধরা কথা। বাইরের শক্রদের আক্রমণ এক পক্ষে চলছিলই; ভিতরেও বাগড়া দিছিল বিক্লম্ব দল, যাদের ব্যক্তিগত সম্পত্তি ছেড়ে দিতে হওয়াটা মোটেই উপাদের ঠেকেনি; আর প্রতিপত্তি প্রাধাস্থা নিয়ে রেবারেফি— তাই বা যাবে কোথায়। এসব নিয়ে কাটাকাটি মারামারি পমপ্রে হলে, বিপ্লবী কর্তারা যে-রাষ্ট্রের ভার পেয়ে কাজ চালাতে বসলেন, তার একেবারেই ভ্রেদশা।

ক্রশের সে সময়কার খবরের কাগজ পড়লে অবাক হতে হয়। শহরে বাস-গজানো রাস্তার ত্থারে পোড়ো বাড়ি; পল্লীর সব পতিত খেত আগাছা-ঢাকা; কারখানার কলে মর্চে; স্টেশনে সারবন্দী রেলগাড়ি অচল। ধক্ত তাঁলের প্রুষকার, যারা ছারখার রাষ্ট্রের ঘোর অন্ধকার রাতে দমে না গিয়ে, নগরে নগরে বিজ্ঞলী দীপমালা পরাবার, গ্রামে গ্রামে ত্রনিয়া-ছাঁকা সেরা ফসল ফলাবার সংকল্প করতে পেরেছিলেন।

খালি ফাঁকা কলনা নয়। ঘরে বাইরে সেই অরিবাম অশান্তি সত্ত্বেও সেরা বিজ্ঞানীর দল বাছাই করে, কোন্ জারগার কিসের অভাব, যা আবশুক তা কোন্থানে কেমন করে পাওয়া যায়, সেই খোঁজে তাদিকে লাগিয়ে দিলেন।

সব দেশেই কিছু কিছু বিদেশী গাছগাছড়া দেখা যায়, কিছ সে বিষয়ে মার্কিন দেশের কাছে কেউ নয়। সেখানকার মামুষও যেমন পাঁচ দেশের আমদানি, সে দেশের পর্যটকরাও তেমনি নিজের খেয়ালমডো নানা জায়গার রকম বেরকমের গাছ এনে জ্টিয়েছে। সেখান থেকে শেখবার অনেক আছে বটে, কিছু খামখেয়ালী ভাবে কাজ করলে

### শ্রেষ্ঠের তল্লাশ

USSE-এর চলে না, তাই তাঁরা মার্কিন দেশের মাছিমারা নকল করেননি।

USSR-এর প্রথম দিকে সংকল্প (plan) ছিল, যে-প্রদেশে যা সহজে 
হয় সেখানকার বাসিন্দা দিয়ে দেশস্ক্র লোকের জন্তে তাই উৎপন্ন করিয়ে 
চারিয়ে দেওয়া হবে। কিন্তু দেখা গেল তাতে আনা-নেওয়ার হালাম 
অনর্থক বেড়ে ওঠে। চাষ আবাদই হোক, খনির কাজই হোক, বড়ো 
ভাবে করতে গেলে, গোরু ঘোড়া ঠেভিয়ে কুলোয় না, নানা রকম 
কলকবণ লাগে, কল তৈরির জন্তে কাহাকাছি কারখানা চাই, শ্রমিকদের 
টাটকা ফলতরকারি খেতে হলে দ্র থেকে আনা চলে না। কাজেই সব 
প্রাদেশে সব রক্ষের বন্দোবন্ত রাখতে হয়।

কর্তাদের কাছে চারদিক থেকে আবদার আসতে লাগল:

"আমানের বরফের দেশ বলে আমরা কি' গমের রুটি থেতে। পাব না।"

"আমাদের এখানে পোকার উপদ্রব, ফলে পোকা ধরে না এমন গাছ চাই, নইলে আমাদের ফল খাওয়াই হবে না।"

"কারথানার কুটুনো কোটে কলে, কলের মাপের সমান গোল আলু হয় এমন জাতের বীজ চাই।"

#### --কত রকমের ফরমাশ।

এখন তো আর সমাঁটের গবর্নষেণ্ট নেই ষে, প্রজ্ঞারা বকাবকি করলে রাজজ্যোহ হয়। USSR-এ সকলেই শ্রমিক, শ্রমিকদের দরদ শ্রমিকে বোঝে; তাছাড়া এত সাধের এত কষ্টের বিপ্লব, বিপ্লবীর ছেলেপিলেরা রাজ্ঞার হালে খেয়ে মান্ত্র না হলে মান থাকবে কেন। তাই USSR-এর চোখা চোখা জিনিস চাই. তড়িছড়ি চাই, ছনিয়া হাতড়ে বেড়াবার

### মনপ্রাণের উৎকর্ষ

তর সয় না। ঠিক জিনিসটি যেখানে পাওয়া যাবে, বেছে বেছে সেখানে লোক পাঠাতে হবে।

মতলবটা তো ভালোই। তবে কোথায় কী আছে লেখানে গিয়ে না দেখে আগে থাকতে আন্দাজে লোক পাঠানো, দে কী রকম।

এ হেঁয়ালিতে বিজ্ঞানী ভরায় না। গণৎকার হিসেবে বিজ্ঞানীর বেশ হাত্যশ আছে।

আগে তো বুধ মঙ্গল শুক্র বৃহস্পতি শনি, এই পাঁচটি বই গ্রহ জানা ছিল না। শনির চালচলন ঠিক অয়নমতো হচ্ছে না দেখে জ্যোতিবিদ অনুমান করলেন, সে আরো দূরে কোনো অজানা গ্রহের টানে না পড়লে এমন গতিভ্রম হয় না; আকাশের কোন্খানে সে গ্রহের দেখা পাওয়া উচিত তাও গুনে ঠিক করলেন; তার পর সেদিকে দূরবীন যেমন তাক করা, অমনি বরুণ (uranus) গ্রহ ধরা পড়া। ক্রমশ এই প্রণালীতে খোঁজ করে দূরে কাছে আরো কত গ্রহ বেরল।

তেমনি যত রকম মৌলিক পদার্থ জানা ছিল সেগুলিকে পরমাণুর বাঁধুনি অমুসারে ধাপে ধাপে সাজাতে গিয়ে, রসায়নবিদ দেখলেন এক একটা ধাপ ফাঁক থেকে যায়। সে ফাঁকে বগাবার মৃতো পদার্থ উপস্থিত না থাকলেও, নিশ্চয়ই পাওয়। যাবে ভরসা করে থোঁজ করায় নতুন নতুন ভূতের দেখা পাওয়া গেল।

উদ্ভিদেরও সব শ্রেণীভাগ করা হয়েছিল। নীল গোলাপ কেউ খুঁজতে বেরয়নি, কারণ শ্রেণীর মধ্যে তার ফাঁক ছিল না; কিন্তু হলদে ফুলের মটর ক্লেন না থাকলেও, শ্রেণীতে তার ফাঁক থাকায় সেথানকার বিজ্ঞানী মনে জানেন কোথাও না কোথাও পাওয়া যাবে। আমরা দেখে জানি এ দেখেই পেডে পারেন।

কিন্ত ফুলের বাগান করার জন্তে তো USSR ব্যস্ত হননি; তাঁরা ফে

#### শ্রেষ্ঠের তল্লাশ

সব খান্তের থোঁজে ছিলেন, তার কী উপায় করা হল সেই হচ্ছে কথা। এই ধরো না কেন, এমন এমন গম তাঁরা চান যার কোনোটা বরফের দেশে টিকতে পারে, কোনোটা যে দেশে মাসকতক টানা রাত সেখানেও ফলতে পারে, কোনোটা জলের অভাবে বা অতি বর্ধায় মরে না। একাধারে সব গুণ তৈরি না পেলেও, ছ'চার রকমের জোড় মিলিয়েও দরকারমতো করে নেওয়া ঘেতে পারে। মোট কথা নানা গুণের বিচি চাই, যত রকমের পাওয়া যায় তত রকমই চাই।

'পুঁথিগত বিজে' নিন্দের ছলে বলে, কিন্তু কাজে লাগাতে জানলে সে বিজে বড়ো কেলা যায় না। যে আমলের হোক, যে ভাষায় হোক, পুঁথিতে গমের বিষয়ে যা কিছু কথা পাওয়া যায়. পগুডেরা বসে গেলেন সেগুলোকে টুকে নিয়ে একত্র করতে। নানা যুগের পর্যটকদের অমণ্রান্ত থেকে তাদের চলাচলের পথের যে সন্ধান পাওয়া গেল, ভাই থবে গমের চিহ্ন খুজতে লেগে গেলেন। সব মিলিয়ে গমের যত রকম খবর পাওয়া গেল, ভাই এক ভূচিত্রের উপর্ সাক্ষানো হল; এক এক গড়নের,—গোল, ভেকোণা, চৌকো, তারার মতো,— ফুটকি দিয়ে এক এক রক্মের গম বেঝোনো হল।

কোনো দেশে একটা শভের চাষ অনেককাল ধরে চলতে থাকলে, প্রকৃতির নিয়মে সেখানে তার নতুন নতুন জাত উদ্ভব হতে থাকে; ক্রমে সেখানে তার হরৈক রক্মের নমুনা দাঁড়িয়ে যায়, আমাদের দেশে ধান চালের যেমন হয়েছে।

পরে আদিস্থান থেকে দেশাস্তরের যাত্রীরা শস্তের দানা সঙ্গে নেওয়ায় তার প্রচার কী রকম করে হয়, তা তো দেখা গেছে। কিন্তু সব জাতের দানা নেওয়াও হয় না, যা নেওয়া হয় সব মাটিতে পড়েও না, যা পড়ে সব লাগেও না। এর থেকে এই তত্ত্বিকু উদ্ধার হয়,

কোনো শক্তের বেখানে সব চেয়ে রক্ম বেশি, সেটাই তার আদি স্থান।

গমের ফুটকি চিহ্ন বসানো বে ভূচিত্রের কথা বলা হরেছে, তাতে দেখা গেল ভারতবর্ষের উত্তর-পশ্চিম কোণে আফগানিস্থানের এলাকার, যত রক্ম ফুটকির ভারি ঠাসাঠাসি। নকশার উপর অক্ত যেদিকেই লাইন টানা যায়, তা ধরে চললে ফুটকির রক্ম কমতে থাকে, দূরে মাত্র ছ'এক রক্মে গিয়ে ঠেকে। বোঝা গেল কোথায় গমের আদি স্থান,— সব রক্ম গমের বীক্ষ যোগাড় করতে হলে যেতে হবে সেই আফগানিস্থানে।

এই যুক্তি অমুদারে নানা বীজের আদিস্থান বেরল। ১৯২৪ সালে দলে দলে বিজ্ঞানী খানাভল্লাশে রওনা হলেন এক এক বীজের আদিস্থানে। যারা গম আনতে আফগানিস্থানের দিকে বেরলেন, তাঁদের রোজনামায় দেখা যায় কী অদম্য উৎসাহে অশেষ কষ্ট সহা করে পাহাড়ের ভিতর দিয়ে তাঁদিকে কেমন করে চলতে হয়েছিল।

তৈরি রান্তা প্রায় কোথাও পাননি, স্রোতার উপর দিয়ে সাঁকো নাই, অনেকস্থলে পা পাতবারই জায়গা পাওয়া যায় না।, হিংস্র জন্তর কম্তিনেই, মামুষ ডাকাতেরও বাড়াবাড়ি। কাজেই অল্লে অল্লে অতি সাবধানে সন্তর্পণে এগোতে হয়েছিল— কোথাও রামচক্রের মতো তড়বড়ে পাহাড়ী প্রপাতের উপর সেতৃবদ্ধ করে, কোথাও হয়্মানের মতো পাথর থেকে পাথরে লাফিয়ে, কিংবা পাহাড়ের গায়ে ঝুলতে ঝুলতে। মাঝে মাঝে ঘোড়া থেকে নামিয়ে বোঝা নিজে বইতে হয়েছে, কতবার জিনিসপত্র খদে গড়িয়ে পড়েছে; এক এক স্থান এমন ফুর্গম বে, আধ্রণটা অস্তর পরামর্শে বনে তবে এক পাহাড় থেকে পরের পাহাড়ে যাবার উপায় হয়েছে।

#### শ্রেষ্ঠের তল্লাশ

শেবে এক কাফিরের দেখা পেরে, তাকে কিছু বকশিশ কর্লে তাকে পথ দেখাতে রাজি করানো হল। তাও সে এক গ্রামের কাছাকাছি নিয়ে গিয়ে দে-পিট্রান—আর এগোতে সে সাহস পেল না।

পাহাড়ের ফাঁকে ফাঁকে গায়ে গায়ে গ্রাম বল নগর বল, বেসব ছোটো ছোটো বসতির মধ্যে বিজ্ঞানীর দল অবশেষে পৌছলেন সেগুলি অপরূপ—যেন বছরূপীর দেশ।

পোনকার লোকগুলোর কত ছাঁদের চেহারা,—কেউ বা ফরসা কটা চুল-দাড়ি; কেউ বা কাফরীর মতো কালো, চুল কোঁকড়া। আর কত চঙ্কের পোশাক,—কারো ফুলো পাজামা, কারো কবা ইজের; কারো গারে আলখালা, কারো খাটো কুতা, কারো বা পরনে! আন্ত ছাগল-ভেডার চামডা। ভাষাও সেই মতো রকমারি,—কেউ স্থাকে বলছে আফতাব, কেউ রেজ্মার, কেউ বা স্ন। কোনো গ্রামের লম্বাই চওড়াই নেই, কেবল খাড়াই, পায়রার খোপের মতো ঘরগুলো পাহাড়ের গাবেরে উঠেছে, এক এক ঘর পাহাড়ের মধ্যে এক এক গত, মাধার উপর একট বারাণ্ডা বার-করা।

এমন আজব দেশ্ল ভূঁই-ফুঁড়ে ওঠেনি,—এ হাল সেকালের গুণ্ডা-রাজাদের বিজয়কীতি। অহারীয় (Assyrian) ধোদ্ধা থেকে আরম্ভ করে সিকল্পর (Alexander) বাদশা, জঙ্গীস খাঁ, অনেকেই ভারতের ধনের লোভে হিল্কুলের পথ দিয়ে আনাগোনা করেছে, কত জাতের সৈন্তসামস্ভ সঙ্গে নিয়ে। বিজয়ের মজা মারলেন তো কতারা, হেজিপেজি দলবলের ক্লেশের একশেষ। তাদের মধ্যে অনেকে ফিরে যাবার ষন্ত্রণাভোগ এডাবার জল্ঞে পাহাড়ের গুহাগহ্বরের মধ্যে লুকিয়ের রেয়ে গিয়েছিল। আর আশপাশের উপত্যকায় বেসব বুনো চাবী, তারাও অনেকে বিদেশী সেনার উৎপাতে পাহাড়ের ভিতর পালিয়ে

এসেছিল। বর্বরজ্ঞাতের যেমন হয়, নতুন কিছু নিতে জানে নাঃ অভ্যন্ত আচারবিচার আঁকড়ে, পাকে,—এরা সবাই সেই রকম থাকল কাছাকাছি, কিন্ত মিশল না, বদলাল না, এগোল না, এখন পর্যন্ত তথনকার নমুনা হয়ে রইল।

পাছাড়ের ধাপে, স্রোতার ধারে ধারে, এদের বেগব ছোটো ছোটো থেত কালো পাথুরে জমির উপর সর্জ-বুটির মতো দেখা দিল, সেগুলি বিজ্ঞানীরা যেরকম অমুমান করে এসেছিলেন, ঠিক তাই— রকম বেরকম গমে তরা—নরম দানার, কড়কড়ে দানার, গোল দানার, লম্বা দানার, কোনোটায় জল দেওয়া লাগে না, কোনোটা উৎকট শীতে দানা পাকায়। আর সেখানকার হাটবাজারগুলো তো ফলতরকারির প্রদর্শনী বললেও হয়,— এত রকমের কাঁকুড় ফুটি খরমুজ তরমুজ ডালিম বেদানা গাজর শালগম মুলো শাকসবজি,—জংগী থেকে আরম্ভ করে উৎকৃষ্ট জাত পর্যস্ত বাজারে পাশাপাশি রাখায় নিজের নিজের অভিব্যক্তির ধারা দেখিয়ে দিছে। বিজ্ঞানীরা আশ মিটিয়ে বস্তা বস্তা বীজ সংগ্রহ করলেন।

বিজ্ঞানীর যত দল দেশে দেশে বেরিয়ে পড়েছিলেন, তাঁরা শেকে যে-যার অহিংশ্র-লুঠের ভার নিয়ে স্বস্থানে ফিরে এলেন। আফগানিস্থান থেকে ৭০০০, পশ্চিম এসিয়া থেকে ১০০০০, মধ্য এসিয়া থেকে অগুন্তি, মার্কিনদেশ থেকে আলুর যত জাত আছে, সব মিলিয়ে লাখো রকমের বীজ এসে হাজির; সেগুলোকে ভিন্ন ভিন্ন মাটি-আব-হাওয়ার প্রদেশে পরীক্ষার জন্মে চারিয়ে দেওয়া হল। যত্ন তদ্বিরের ক্রটি ছিল না, তব্ত পরীক্ষায় পাস হল অল্লই,—যেমন এক জাতের গাছ বরফের তলায়ও বেশ বড়ো বড়ো আলু গজাতে লাগল, মেক্লর ধার পর্যন্ত শাসগমে কণিতে ছেয়ে গেল, নতুন নতুন গমের জাত এখানে ওখানে লেগে গেল—কিন্ত বেশির ভাগ হল ফেল।

# শ্রেষ্ঠের তল্লাশ

কতক রক্ষের আয়েবের ওষুধ হতে পারে,—শুখনো মাটিতে জল আনা যায়, লয়া দিনের অতিরিক্ত আলো ছাউনি দিয়ে ক্মানো যায়, লয়া রাতের অয়কার বিজ্ঞলি বাতি দিয়ে ঘুচিয়ে দেওয়া যায়। কিন্তু ওয়ুধের উপর নির্ভর করে জীবন্যাত্রা চালানো মুশকিল, তার খরচও বেজায়; উপয়ুক্ত অভ্যেসের জ্ঞোরে শরীর রাখতে না শিখলে চলে না। অবশ্য বুড়ো-ধাডিকে শেখানো হায় না, শিক্ষার ফল পেতে হলে ছাত্রকে কচি-বেলায় হাতে নিতে হয়।

গাছকে শেখাবার বিষয়টা কী—শাস্ত্রে যাকে বলে তিতিক্ষা—তার মানে শীত গমি, থিংধ ভেষ্টা, যখন যা ঘটে, অমান বদনে বদ স্তি করা। তা শেখাতে হলে গাছের বীজের জন্তে ব্রম্কচর্যাশ্রম খোলা দরকার,— করা হলও তাই।

আশ্রম স্থাপন হল এক লগা চালা-ঘরে। তোডযোড়ের মধ্যে জলের চৌবাচ্চা, বালতি ঝাঁঝরি কোদাল নিছানি দাঁছি-পাল্ল। আর বিশেষ করে তাপমান যন্ত্র; আয়োজনের মধ্যে ইচ্ছেমতো ঘরটাকে ঠাণ্ডা গরম আলো অন্ধকার করার বৈজ্ঞানিক সরঞ্জাম। এই আশ্রমে গমের বীজকে কিভাবে ঠাণ্ডা সপ্তয়ার সাধনা করাল, তার রিপোর্টটা দেখা যাক।

মাটিটাকে কুপিয়ে আলগা করে তাতে এক পত্তন বীজ পোঁতা হল।
ঘরটাকে বরফের চেয়ে চার ডিগ্রী ঠাণ্ডা করে রাখা হল। মাটির ঢাকার
মধ্যে বীজ্ঞতালা গরম হতে না পায় সেজত্তে মাঝেমাঝে মাটি আঁচড়ে
ঠাণ্ডা হাণ্ডয়া চুকিয়ে দেণ্ডয়া হল। জলের ছিটে দিয়ে দিয়ে বীজকে
তাজা রাখা হল। অতিরিক্ত ঠাণ্ডায় জমে যাবার মতো হলে কাপড়ঃ
চাপা দেণ্ডয়ার ব্যবস্থা হল। এ রক্ম ক্রছ্লাখনের পর বসন্তকালে ষে

বীজের চারা বেরল, সেগুলিকে কিছু উত্তর দেশের কিছু দক্ষিণ দেশের মাঠে রোপণ করে বাইরের সংগারে বার করে দেওয়া হল।

ভান হাত বরফ জলে, বাঁ হাত গরম জলে ডুবিয়ে রেখে তুই হাত সমান জলে দিলে গে জল ভান হাতে গরম, বাঁ হাতে ঠাণ্ডা লাগবে,— ভার মানে জীবের বোধশক্তি ভাপমান যন্ত্রের মতো কাজ করে না। উত্তর দেশের বসপ্তের গোডায় রোদের ভাপ প্রায় না থাকলেও, বরফী-শীতে পালন-করা গমের চারা সেইটুকুই পর্যাপ্ত বলে মাথায় করে নিল, ভাতেই ভাড়াভাভি বেড়ে ওঠায় বেশি-শীত পঞ্চার আগেই শীষ ধরে পেকে গেল। বরফ পড়লে কী হবে না হবে সে সমস্তা মিটে গেল, লঘা রাতের ভাবনাও আর ভাবতে হল না। দক্ষিণেও শীতের সময় জলের অভাব হয়, সেই ভবে। পড়ার আগেই সেখানকার গম কাটা সারা। ঠিক ওয়ুধ পড়লে সে সব দিক দেগে নেয়।

মান্ধবের বেলায়ও কি তাই হয় না। যে ছেলে কট সয়ে মানুষ হয়েছে, সে বড়ো হয়ে অলে সম্ভট থাকে, মজবুত শরীর-মন নিয়ে সংসারে তেড়েফুড়ে ওঠে, পাঁচ ইন্দ্রিয়ের দান নিয়ে বেশ আনন্দে থাকতে পারে, বিলাদের থরচ যোগাবার জ্ঞান্ত শরীর পাত করে তাকে অকালে বৃদ্ধিয়ে যেতে হয় না।

তবুও একটা কথা বাকি রইল। দরকা্রী অভ্যেস কচি বয়সে করাবার কথা বলা হয়েছে। তার চেয়ে বেশি ফল হয় যদি আরো আগে ছাত্রকে ধরতে পারা যায়। বৃদ্ধিতে বৃদ্ধিতে স্থানিকত কনেকে যদি

<sup>&</sup>gt; বিচার করে কাল করার অভ্যান হলে বুদ্ধিকে স্থানিকত বলা বেতে পারে; আর বুজিকে স্থানিকত বলা বার বলি দব অবস্থার রদ টানতে পারে, বিশেষত নীর থেকে কার তোলার মতো স্থত্ঃশ মেশানো সংদার থেকে স্থটা ছে'কে আদার করে নিতে পারলে।

#### শ্রেষ্ঠের তল্লাশ

উপযুক্ত বর দেওয়া যার, ছেলে পেটে থাকতে যদি মাকে স্বস্থ সবল প্রফুল্ল রাণা হয়, তাহলে বংশের উন্নতি মারে কে। একথা মানুষ পশু পাধি পোকা গাছ দবেতেই খাটে।

विश्वाचांत्र त्माहां हे मिर्स नित्म्ष्टे थांका व्यासामित त्माम এक है। त्यारात्र स्वर्य में छिरस्र हं , अव्याद व्याशीन हिन्छा मृत करात मत्क मत्क माल्य स्वर्य वृष्कित्र विव्याशास्त्र मत्वर व्याव्य व्याव्य विव्य व्याव्य मिथिरस त्यास्त्र हे स्वर्य व्याव व्याव व्याव स्वर्य हे मिथिरस विव्य पत्र प्रक्रिय स्वर्य व्याव व्याव व्याव व्याव व्याव हे मिथिरस त्यास्त्र मिथिरस व्याव विश्व हो मिथिरस व्याव है मिथिरस व्याव व्याव

USSR-এর ভাব এর ঠিক বিপরীত। পূর্বজন্মের বা ছ্লৈ বের উপর দোষ দিয়ে বংস তো তাঁরা থাকেনই না, উলটো নিজের পূর্ফষকারের জােরে জন্মের পূর্ব থেকে দোষবর্জন গুণবর্ধন কেমন করে করা যায়, সেই চেষ্টাতেই তাঁরা, আছেন। তারি কিছু কথা এবার বলা যাক—
তাতে আমাদের হাহাকার ঘােচাবার উপায় যদি নাও হয়, তাঁদিকে বাহবা দেবার স্থখটা তো পাওয়া যাবে।

# কুলশীলের রহস্য

ডুলোফিলা (Drosophila) নামে কলা-খেকো এক রকম মাছি হয়, বিজ্ঞানীরা তাই পুষতে লেগে গেলেন। রাম ! রাম ! ও কেমন ধারা ? শেষটা মাছি খাবে না কি ।

আরে, ব্যস্ত হও কেন, অমন তড়বড় করে সিদ্ধান্তে বাঁপিয়ে পড়া ভালো নয়। খাবার জন্যে পাঁঠা পোষে বলে আর কোনো কার্ননে কিছু প্রতে নেই বুঝি। মাছি পোষার কত স্থবিধে একবার ভেবে দেখো। প্রথমত রাখতে বেশি জায়গা লাগে না, লোহার জালের একটা বাক্সে হাজারে ধরে; দ্বিতীয়ত গাইগরচ নেই বললেও হয়, এক পয়সার খোরাকে অনেক দিন চলে; সবের উপর ওরা দশদিন বয়সে ডিম পাড়তে শুরু করে, একমাস না ষেতে মাছি হয় দিদিমা।

তাহলে প্ৰমাণ হল কী, না—
মাডি সহ:জ বাড়ে
মাছি সন্তায় বাড়ে
মাচি ঝটপট বাডে—

আহা, ওকথা এত আড়ম্বর করে নাই বা বোঝালে, মাছি বাড়িয়ে কী হবে সেইটে খুলে বলো দেখি।

ভবে বলি শোনো।

মান্টার মশারকে যেজভো মাইনে দেওরা মাছিবংশকে সেইজভো গ্রাসাচ্ছাদন যোগানো,—উদ্দেশ্য, বিজেলাভ। মাছির মহা ভাগ্যি, মামুষকে ওরা প্রজনন-ভল্ব শেখাবার চেয়ার পেয়ে গেছে।

প্রস্তুনন-তত্ত্ব কথাটা বেমন কটো-মটো, বিষয়টাও তেমনি—ভাগ্যিস্ ওর মধ্যে ঢোকার কোনো আবশুক নেই। USSR-এর যজ্ঞ-চালানো

# কুলশীলের রহস্ত

আমাদের বোঝা নিয়ে বিষয়, তার জত্তে যেটুকু দরকার, তাই সাদা করে। ভাবার চেষ্টা করা যাক।

বাপের মতো হাত, কি মায়ের মতো নাক, এ সব সস্তানে পেরেই থাকে; তবে হাত-ভাঙা বাপের ফুলো ছেলে, কি নাক-কাটা মায়ের বোঁচা ছেলে, তা হয় না। আবার সস্তানের এমন গুণ-দোষও দেখা যায়, যা মা-বাপে নেই। এই হের-ফেরের হিসেবটা পেলে তবেই বোঝা যাঁবে একটা প্রাণীকুলের ভিতর কোনো বিশেষ গুণ আনতে হলে তার কী উপায় করা যায়।

প্রাণীর দেহ কত অগুন্তি, রক্ম বেরক্মের কোষ দিয়ে গড়া; সে দেহ তো মা-বাপের কাছ থেকে সস্তান আশু পায় না, পায় শুধু একটি ধূগল জননকোষ। জননকোষ বলতে দেহের নিভ্ত স্থানে কভকগুলি বিশেষ কোষ, যারা স্ত্রী বা প্রুবের মধ্যে অর্ধাঙ্গ অবস্থায় থাকে। স্থ্যোগ পেয়ে ছ্' রক্ম ছুটো জননকোষের মিলন হলে একটি পূর্ণাঙ্গ কোষ হয়ে, সে আলাদা জীবন আরম্ভ করে, পিতৃকুল মাতৃকুল ছুই দিক থেকে পাওয়া গুণ অনুসারে নতুন দেহ গড়তে থাকে।

আরো একটু কথা আছে। অশরীরী গুণগুলি সন্তানকোষে চলে আদে না,—দে মা-বাপের জননকোষ থেকে পায় শুধু গুণের কারিগর। জননকোষগুলি নিজেই এত ক্ষ্দ্র যে, অণুবীন দিয়ে কঠে দেখা যায়। তাদের মধ্যে আবার গুণের জননিকা (genes) যেগুলি আছে, তারা অণুর তুলনায়ও অণু, তারা ধরা পড়েছে মনোবীন দিয়ে, অর্থাৎ যুক্তির জোরে। এই জননিকাগুলির ক্রিয়ায় সন্তানের নতুন দেহ বংশের সনাতন দেহের সাদৃশ্র পায়।

এই জননিকা-সমেত জননকোষগুলি দেহের নিভ্ত স্থানে থাকায়, বাইরের আঘাতে দেহের অন্ত কোষগুলি জ্বথম হলেও সেখানে সে

চোট গিরে লাগে না, ভাই তার ফল সম্ভানে বা বংশের ধারার মধ্যে পৌছর না।

তা যেন হল, কিন্তু অন্তত বংশের যত রকম দোষগুণ, প্রত্যেক সন্তানে তা পায় না কেন। সে কতক বাপের দিক থেকে, কতক মায়ের দিক থেকে বেছে নেয়; মা-বাপে যা দেখা যায় না এমন গুণও পায়,—এ রকম হয় কী করে।

গোড়াকার কথা এই বে, যথনই স্ত্রীদেহে পুরুষদেহে জ্বনকোষগুলি অর্ধান্ধ হয়, তথন থেকেই গুণের একটা বাছাই ঘটে, যার দক্ষন তাদের মধ্যে জ্বনিকার সমান ভাগ-বাটোয়ারা হয় না। ঠিক কী রকম করে কী হয় বর্ণনা করার চেষ্টা করতে গেলে আলাদা করে দেহতত্ত্বের পালা গাইতে হয়, তার অবসর তো এখানে নেই। তবে একটা কৌশল করা যেতে পারে।

কথায় বলার চেয়ে অনেক সময় নকশা দেখিয়ে সহজে বোঝানো যায়। তন্ত্ৰপান্তে যন্ত্ৰ ব'লে একরকম নকশার সাহায্যে বিশ্ববন্ধাণ্ডের ভত্ত্ব বোঝাবার প্রণালী আছে। অত বড়ো কথায় কাজ কী, একটা বাড়ি তৈরি করতে হলে কাগজের উপর রেখার ঘর কেটে, এখানে ওখানে চিহ্ন বদিয়ে কী রকম বাড়ি চাই ভা রাজমিল্লীকে বেশ বুঝিয়ে দেওয়া যায়,—যদিও মাটির তলায় থাকবে ভিত, উপরে উঠবে দেয়াল, কোথাও লাগবে ইট কোথাও কাঠ কোথাও লাহা,—আসলে-নকশায় চেহারার মিল কিছই থাকবে না।

সেই রক্ম একটা রূপক দিয়ে বংশধরদের মধ্যে গুণের যাওয়া আসার হেরকের বোঝাবার চেষ্টা করা যেতে পারে; কিন্তু মনে রাখতে ছবে, আসলের সঙ্গে রূপকের রূপের মিল থাকবে না, স্ক্র-থেলা সহজে স্পষ্ট করতে হলে স্কেল বদলে মোটামুটি দেখাতে হবে।

# কুলশীলের রহস্ত

জনন-কোষগুলোকে এক একটা গ্রামের মতো ভাবা যাক, যার মধ্যে গুণের জননিকাগুলি যেন তাঁতি ছুতোর কামার কুমোর কাঁসারি, পাঁচ রকমের কারিগর। তার পর মনে করা যাক, কতুপিকের একটা নুতন গ্রাম পত্তন করার ইচ্ছে হয়েছে।

ছকুম জারি হল— "ক, খ, এই ছই গ্রাম থেকে পাঁচ রকমের পাঁচ জন করে, মোট দশ জন কারিগর সদরে পাঠানো হোক, তার মধ্যে থৈকে পাঁচজন বাজাই করে গ-গ্রামে বসানো হবে।"

এই পাঁচ জোড়া কারিগর জড় হলে তাদিকে একটা অন্ধকার ঘরে পোরা হল, যার দরজা কোন্দিকে তারা কেউ জানে না হাভড়াহাতড়ি করে দরজা পেয়ে সেখান থেকে প্রথমে যে পাঁচজন বেরিয়ে এল, তারা যে যার বাড়ি ফিরে গেল। যে পাঁচজন পিছিয়ে থেকে আটক পড়ে গেল, তাদিকে পাঠানো হল গ-গ্রামে বাস করতে।

এই যে অন্ধকারে চিল-মারা গোছের কারিগর বাছাই, নতুন গ্রাম সম্পর্কে এর ফলাফল একটু ভেবে দেখা যাক।

প্রথমেই তো বোঝা যাছে যে, গ-গ্রামে পাঁচজন গেল বটে, কিন্তু তারা পাঁচরকমের কারিগর নাও হতে পারে। অন্ধকারে ঠেলাঠেলির পর হয়তো ক-খ-গ্রামের তুই তাঁতি নতুন গ্রামে যাবার দলে ধরা পড়ল, তুই কামীরই ছাড়াঁ পেয়ে নিজের গ্রামে ফিরে গেল। গুনতিতে ঠিক রইল, রকমে হল বেশ কম। সে অবস্থায় প্রথম ফল এই দেখা যাবে যে, গ-গ্রামে তাঁতের কাজ চলবে জোরে, কিন্তু সে গ্রামের লোককে লোহার জিনিস বাইরে থেকে াকনে আনতে হবে।

আবার ধরো, স্-গ্রামের তাঁতি বোনে তথু মোটা ধৃতি, খ-গ্রামের তাঁতি ফুল-পেড়ে শাড়ি বুনতে জানে; অথচ গ-গ্রামে

তাঁতের সরঞ্জাম মোটে একপ্রস্থ। নতুন গ্রামে ফুলপেড়ে শাড়ি কজ'নেই বা কিনতে পারবে, মোটা ধুতির বেশি কাটতির আশা দেখে তুজনে মিলে ঐ কাজেই লেগে গেল। তবুও খ-গ্রামের সে তাঁতি পাকার, গ-গ্রামে ফুলপাড় বোনার বিছেটা চাপা পাকলেও মারা পড়ল না। যা হোক, বিতীয় ফল এই দেখা যাবে যে, গ-গ্রামে মোটা ধুতির কারবার জেনে উঠল।

তৃতীয় ফল প্রকাশ পেতে পারে যখন ঙ-গ্রাম পত্তনের বেঙ্গা গ-ঘ-গ্রামের উপর কারিগর জোগাবার ভার পড়বে। ঘ-গ্রামের তাঁতি হয়তো গামছা ছাড়া কিছুই বৃনতে পারে না, অথচ বাছাইয়ের গোলমালে সে নতুন গ্রামে গেলই না, গেখানে গৌছল একা ফুলপাড়-বোনা তাঁতি। ভাতে ঙ-গ্রাম হঠাৎ হয়ে উঠবে ফুল-পেড়ে শাড়ির মোকাম। সাধারণ লোকে তাজ্জব হয়ে বলাবলি করতে পারে—"মোটা ধুতি গ্রামের আর গামছা-বোনা গ্রামের কারিগররা বসল ঙ-গ্রামে,—সেখানে ফুলপাড় তৈরির বিস্তেটা এল কোখেকে ?" গ্রামপত্তনের ইতিহাস যে গোড়া-থেকে জানে সেই এ রহস্ত ভেদ করে দিতে পারবে।

এমনও হতে পারত যে উ-গ্রামে গ-ঘ গ্রাম থেকে ত্বরুমেরই তাঁতি পৌছল। সে অবস্থার গামছার খাটুনি কম কাটতি বেশি—বিজ্ঞানের ভাষার এ গুণ ভমিষ্ঠাণ্ট (dominant) হওরার ফুলপাড়ের বিত্যেটা আবার চাপা পড়ল—বিজ্ঞানের ভাষার রিসেসিভ (recessive) হল কিন্তু তবুও মরল না। তাহলে হয়তো এ রকম ভাবে চাপা পড়তে পড়তে চ ছ জ-ঝ-গ্রাম পেরিয়ে ঞ-গ্রাম পত্তনের সমর কুলপাড়-বোনা তাঁতি নিজের বিজ্ঞে জাহির করার স্থবিধে পেল। ততদিন পর

#### কলশীলের রহস্য

এই ফুলপাড়-ধারার গোড়া খুঁজে বার করতে ঐতিহাসিকেরও ধাঁধা না লেগে যায় না।

এই রূপক আরো থেলিয়ে চললে, অনেক রকমের ছেরফেরের অন্ধিসন্ধি পাওয়া যেতে পারে। আপাতত ষেটুকু বলা হল, তাতেই আমাদের এ পালার কাজ চলবে।

ভাটিলতা কমাবার জন্তে আমাদের এই রূপকে মাত্র পাঁচ রক্ষ কারিগরের কথা বলা হয়েছে। আসলে মানবদেছে বিশ-পাঁচিশটা আলাদা রকমের জননিকা ক্রিয়া করতে থাকে, তার দক্ষন ফলাফলও খ্ব ঘোরালো হয়। এমনও দেখা যায়, মা বৃদ্ধিমতী, বাপও ধীরস্থির, অথচ মা বা বাপ কারে। ছিটগ্রস্ত পিতামহ বা মাতামহের একটি জননিকা বংশপরম্পরার ভিতর দিয়ে ঘুরে ফিরে এদে পড়ায়, এদের এক ছেলে হল পাগল। আবার বাপ সাদাসিধে, মা পাঁচপোঁচী, অথচ বংশের ছুই ছুই ফাঁয়াকডা ধরে নানা গুল দৈবাৎ এক দেহে জুটে পড়ায়, ছেলে হল মহাপুরুষ।

পূর্বপূরুষদের গুণাগুণ থোঁজ করে বার করা যায়, বংশধরদের গুণাগুণ তো দেখতেই পাওয়া যায়, মাঝপথের গুণ বাছাবাছি ব্যাপার ঠিকমতো জানা নেই বলে আমাদের নকশায় অন্ধকার ঘরের কথা বলা হরেছে। কোন্ ঘটনার পর কোন্ ঘটনা হয় জানা থাকলে বলা হয় নিয়মে চলছে; নিয়ম না জানা থাকলে বলে দৈবাং ঘটেছে। স্টির প্রকরণ সম্বন্ধে মান্থবের বিজ্ঞে যত বাড়ছে, ততই জগংপ্রাহ দৈবের রাজ্য থেকে নিয়মের এলাকায় এনে পড্ছে।

কুলের মধ্যে শীলের পুকোচুরি খেলাটা মাঝে মাঝে অন্ধকারের আড়ালে হতে থাকলেও, তার যতটুকু জানতে পারা গেছে তা দিয়ে জাত বদলের কাজ মোটামুটি চালানো যায়। ফরশা বর কনে ক্রমাগ্ত

মিলিরে চললে ফরশা পরিবার দাঁড়িয়ে যাবে—সে কথা সবাই জানে।
লাল গোরুতে সানা গোরুতে জোড় মেলাতে থাকলে পর পর কতকগুলি
লাল, কতকগুলি সানা, কতকগুলি মাঝামাঝি রঙের বাচ্ছা হবে, তাও
গুণে বলার প্রণালী বিজ্ঞানীরা বার করেছেন। পাহাড়ী শক্ত নাশপাতির
সক্ষে নিচের রসালো ক্ষীণজ্জীবী নাশপাতি মিলিরে মজবুত অথচ স্বস্থাদ
নাশপাতির জাত তৈরি হয়েছে। আবার কথনো বা উলটো উৎপত্তিও
হয়ে পড়ে; তলায় মুলো উপরে কপি হবে আশায় তুই গাছ মেলাতে
গিয়ে শিকড় হল কপির মতো, পাতা হল মুলোর।

গাছের পুংকোষ থাকে ফুলের রেণুর মধ্যে, স্ত্রীকোষ থাকে ফুলের তলায় একটা বিশেষ আধারে। স্বাভাবিক অবস্থায় রেণু চালাচালির কাজ মৌমাছিতে বা অস্ত পোকার করে, তারা মধুর ঘটক-বিদায় পায়। মামুষের ইচ্ছেমতো জোড় মেলাতে হলে, তুলি দিয়ে রেণু তুলে নিয়ে স্ত্রীকোষের আধারে দিয়ে দিতে হয়।

আমাদের দেশের সেকেলে ঘটকেরা পাত্রপাত্রীর লক্ষণ মিলিয়ে, বিয়ে দেবার উপযুক্ত কিনা ঠিক করে দিত। আজকাল গাছের ওস্তাদেরাও গাছের আবশুকমতো জাত তৈরি করার উদ্দেশ্তে লক্ষণ দেখে গাছের জোড় মেলায়। বিদায় হবার পর ঘটকের ভূল ধরা পড়লে সে ধোড়াই কেয়ার করত, কিন্তু গাছের ওস্তাদ ফলোদয় না হওয়া পর্যস্ত কাজে লেগে থাকে। ভূলের পর ভূল হলেও সে দমে না, বার বার ঘ্রিয়ে ফিরিয়ে এ-গাছ ও-গাছ সে-গাছ মিলিয়ে য়া চায় তা পাবার চেষ্ঠা ছাড়ে না। দোবের মধ্যে এতে বজ্ঞ সময় লাগে। বৎসরাস্তে যতক্ষণ আবার হল না ফোটে, নতুন পরীক্ষায় হাডই দিতে পারা যায় না।

জননকোষ বা তার ভিতরের জননিকার উপর বাইরের ঘটনার ৫ভাব যে একেবারেই পৌছয় না, তাদের কোনো রক্ষেরই পরিবর্তন

# কুলশীলের রহস্ত

হয় না, তা তো নয়। মাছ্র্য ও-বিষয়ে হাত লাগাবার আগেই প্রকৃতির মামূলী-নিয়মেই কত নতুন নতুন উন্মের প্রকাশ পেয়েছে। নইলে আদি পক্ষীজোড়ার বংশধরদের মধ্যে রাজহংসই বা ধবধবে সাদা, ময়্রই বা রং-বেরঙে চিত্রিত হল কেমন করে। এ পর্যস্ত প্রাণীদের জাত বদলানো সম্বন্ধে তো প্রকৃতিরই অপেকা করে চলতে হয়েছে। দৈবাৎ কোনো স্থবিধেজনক নতুন গুণ জন্মাতে দেখলে তবেই তাকে জাতের মধ্যে কায়েম করার তদ্বির করা হয়েছে,—যেমন এক মেবপাল একটি খাটো পায়ের বিকৃত বাচ্চা পেয়ে তাই দিয়ে বেঁটে ভেডার জাত গড়ে তুলল, যারা বেডা টপকে পালাতে না পারায় তাদিকে বেশ সহজে আগলে রাখা যায়। তবে প্রকৃতিকে নিজের চালে চলতে দিলে এক আধটা নতুন গুণ জাতের মধ্যে বদে যেতে, অভিব্যক্তির পথে জাতের ত্ব

সংস্কার আঁকড়ে থাকা সম্বন্ধে জননিকাগুলো হিল্মামুষকেও হার মানায়। কোনো বিজ্ঞানী একজোড়া বাবুই পাঝি খাঁচার মধ্যে পুষে-ছিলেন। স্বাভাবিক অবস্থায় তারা যদিও পোকা খায়, তিনি তাদের জস্তে ছাতু থাবার ব্যৱস্থা করেছিলেন আর ঘাসের বোনা বাসার বদলে টিনের কোটোর মধ্যে তাদের থাকার জায়গা দিয়েছিলেন। তাতেই তারা বেশ বইল, জ্বোড় বাঁধল, ডিম পাড়ল, বাচ্ছা হল। সে বাচ্ছারা এভাবেই বড়ো হল, তাদেরও খাঁচার মধ্যে বাচ্ছা হল। কাজেই এসব বাচ্ছারা পোকা ধরে খাওয়া, ঘাস বুনে বাসা বাঁধা কিছুই শিখতে পেল না। কিছু সেই বাচ্ছার বাচ্ছাকে যখন খাঁচার বাইরে ছেড়ে দেওয়া হল, তারা প্রথম থেকে ইতন্তত না করেই পোকা ধরে থেতে লাগল, ঘাস কুড়িয়ে বাসা বাঁধতে লেগে গেল,—ষেমন-তেমন বাসা নয় ঠিক সেই বোভল গড়নের। জননিকাদের মধ্যে পূর্বস্থতি বা সংস্কার (নাম যাই

দাও) অটুট ছিল বলেই তো থাঁচায়-মামুষ সে-বাচ্ছাদের পক্ষে এসক করা সম্ভব হল।

মানবজাতি ডেপুটি-স্রষ্টার পদ পাবার পর, পরিবতনের কাজ কতকটা তাড়াতাড়ি এগিয়েছে বটে। খরগোশের মতো জীব অশ্ব হয়ে উঠল; মায়্বের শক্র যে নেকডে, সে মায়্বের মিত্র কুকুর বনে কত রকম জাতের বাহার দেখাল; ঘাসের বিচি গমে ধানে গুলজার হল। তবু এসব হতে সময় নিয়েছে কম নয়; কারণ এ পর্যন্ত জননকাবের উপর আক্রমণ, তাদিকে একটু প্রগতিপরায়ণ করার চেষ্টা,— তার উপায় জানাও ছিল না, করাও হয়ন।

সেইজন্তে দশ দিন বয়সে যে মাছি বংশবৃদ্ধি করে, তাদের উপর বিজ্ঞানীদের এত বোঁক। কী উপায়ে জাতের মধ্যে বিশেষ গুণ আনতে বা তা থেকে দোষ ছাড়াতে পারা যায়, তার ছিসেব পানার জন্তে এই Drosophila মাছিদের নিয়ে বছরে ছিত্রিশবার নাড়াচাড়া করা চলে। মাছিদের ক্ষছে নরম দেহ, উপরে কিরণ ফেললে ভিতর পর্যস্ত তার তেজ প্রবেশ করে, শরীরের যে-কোনো জায়গায় তেজী আরক ফুঁড়ে দেওয়া সহজ্ঞ; কোনো কোনো অঙ্গচ্ছেদ করলেও তাদের প্লাণের হানি হয় না।

এখন মাছির উপর X-কিরণ ফেলে বিজ্ঞানীরা তাদের জননিকাকে উত্তেজিত ক'রে তাদের কত রকম চেহারার অদল-বদল করাছেন—খাটো ডানা, লম্বা ডানা, সাদা চোথ লাল 'চোথ, আড়া খুদে বা তেখেড়েলা; ক্রেউ আলোর দিকে ওড়ে, কেউ আলো দেখ্লে পালার, গুণেরও কত রকম ওলট পালট।

তবে, উপযুক্ত রকম কিরণ বা আরক লাগাতে পারলে, কলার বহরের চালের দানা, কুমড়োর মাপের আলু, একবেলার খোরাক যোগাবার মতো এক একটা আম, এ স্বই বা তৈরি হবে না কেন।

#### ঈশাসংকট

মামলার নিশন্তি না হতেই তা নিয়ে মন্তব্য-প্রকাশ অপরাধের মধ্যে গণ্য। গাছে কাঁঠাল থাকতে গোঁকে তেল দিলে সেটা অপবাদের কারণ হয়ে থাকে। এই নজির অমুসারে প্রজনন-পরীক্ষা আর একটু না এগোলে ভাবী ফলাফলের অ্বস্বপ্ন দেখে জিভে জল না আনাই সমীচীন।

তাই বলে মামুষের হিতৈবী বিজ্ঞানীদের সঞ্চলতা কামনায় দোষ নেই। তবে কিনা, USSR-কী জয়। হাঁকার আগে আরো একটু বিবেচনা করা লাগবে।

# ঈশাসংকট

প্রীস্টান সাধক বলেন, প্রেমের কারণে পিতৃত্বরূপ প্রমেশ্বর স্থিরি মধ্যে বহু হলেন,—শুধু তা নয়, এমনি আত্মহারা হলেন যে, জগতে তাঁকে খুঁজে পাওয়া যায় না, বিজ্ঞান দিয়ে তাঁকে ধরা-ছোঁয়ার চেষ্টা রুথা। প্রেমের জোরে নিজের মধ্যে প্রমাত্মাকে উপলব্ধি করলে তবে মাতৃরূপা জীবাত্মা পুত্র-ভগবানকে নবজন্ম দেন।

আমাদের ঋষি আর এক ভাবে বলেছেন, জগতের মধ্যে যত জগৎ, জিশা সে সব ছেয়ে আছেন।

স্পৃষ্টি হল প্রবাহের মুধ্যে প্রবাহ। যেটুকু আমাদের গোচরে আছে তাতেই দেখতে পাই,—বিশ্বের মস্ত বড়ো ইতিহাসের মধ্যে সৌরজগতের অভিবাক্তি, তার ভিতর এই পৃথিবীর অভ্যুদয়, পৃথিবীর উপর নানা প্রাণীর জীবনধারা, এক এক জাতের প্রাণীর মধ্যে কত ব্যক্তি, ব্যক্তির মধ্যে কত কোষ, কোষের মধ্যে নতুন ব্যক্তির জননিকা। জড়পদার্ধও ক্রমশই নিরেট বস্তুর কোঠা ছেড়ে প্রবাহের দলে এসে পড়েছে।

कारना ना कारना क्रेमांत्र প्रভाবে তো এই गर श्रीराहश्वन (य-ग्राद

নিয়মে চলে, কিন্তু পরমেশ্বরকে সত্যিই তো তার মধ্যে খুঁজে পাওয়া যায় না। আলাদা প্রবাহের চালকও যেন আলাদা,—সব সময় তাদের এক মতি থাকে না, অস্তুত তাদের-চালানো প্রবাহগুলির এক গতি ঘটে না, বিরোধ বাধে, একের গড়া অঞ্জে ভাঙে।

প্রকৃতির অধিকা-মূর্তির যে সামঞ্জন্ত—যাকে বিজ্ঞানীরা ব্যাল্যান্স অব নেচার (Balance of Nature)বলেন—তার বাইবের পরিপাটী ঠাট শান্তির ছবি, অপচ তার তলে তলে করালীর রণরক ; বাঁচার জায়গা, বাঁচার অ্যোগ, বাঁচার উপায় নিয়ে ছোটো বড়ো প্রাণীদলের হরদম ভীষণ রেষারেষি চলেছে ; গোছগাছ নেই তা নয়, কিন্তু ফেলা-ছড়াও বিস্তর। পরস্পর সাহায্যের মাধুর্য, নিষ্ঠুর খাওয়াখাওয়ির কদর্যতা পাশাপাশি পাওয়া যায়।

এই অবস্থার কথা ভাবলে, "যা করেন ভগবান," এই বাঁধি বুলিতে সায় দিতে মন সরে না। ভগবান গতে ফেলেন আবার সেই গ্রু থেকে ভোলেন; বাঘ দিয়ে মামুষ খাওয়ান, মামুষের বন্দুকে বাঘ মারান; যাকে হুই বুদ্ধি জোগান ভাকেই হুই কাজের সাজা দেন,—এ ভাবে কথা কইলে কোনো তল্কের সন্ধান ভো মের্দেই না, মাঝে থেকে ভগবান নামের গান্তীর্য নই হয়।

জড়ের বাধাবিত্মের মধ্যে দিয়ে প্রজ্ঞাশক্তি, নিজের ক্রমবিকাশের পথ খুঁজে ফিরছে, ভূল পথে বার বার কিছুদ্র চলে আবার পালটে নভূন পথ ধরতে হচ্ছে,—চেহারাটা সেইরকম লাগে। কোথার যাবার পথ ? বহু থেকে আবার একে পৌছবার নাকি ? এই চেট্টাই যেন প্রক্রতির লীলা।

মাঝপথে নানা খণ্ড-ঈশার আঁকুবাঁকু দেখে পরম মছেখরের চরম অভিপ্রায় সম্বন্ধে কোনো তন্ত্ব সাব্যক্ত করে বসার ঝোঁক চাপলে, সাৰ্ধান

#### ঈশাসংকট

খাকা উচিত। জ্ঞানের নিচ্ন্তরে থাকতে উচু রকমের প্রশ্ন তুললে, সন্থ্রর পেলেও অনেক সময় তার মানে করা যায় না। এক ইংরেজ বিজ্ঞানী এর একটা মজার উদাহরণ দিয়েছেন।

মনে করে), এক অঙ্কনবীশ আলোর গতি গুনতে শিখেছে, কিছু জ্যোতিক্বে হালচাল পর্যন্ত তার বিশ্বের দৌড় নয়। একদিন, সামনের বনের উপর এক রাম্থয় দেখে, তার গুনে বার করার শথ হল, ঐ পাঁচরঙা আলো কতদুর থেকে আসছে। নিয়মমতো অঙ্ক পেতে উত্তর বেরল—'৯,৩০,০০,০০০' মাইল। অঙ্কনবীশ বার বার পরথ করে মাথা চুলকে ভাবতে লাগল, "তাইতো, ক্যার ভূল পাচ্ছিনে, অথচ গণনার একি অভূত ফল।" সামনের বনটা তো মাইল কতকের বেশি দূর হতেই পারে না। তার ধাঁধা লাগা দেখে এক জ্যোতির্বিজ্ঞানী বন্ধু আখাস দিলেন—"ওহে, উত্তর ভালোই পেয়েছ। রামধয় থাকে বলে সে তো মেঘ থেকে ঠিকরে-আসা স্থাকিরণ বই অক্ত কিছু নয়। ওর দিকে মুখ করলে স্থা থাকে পিছনে, সেই কথা বিপরীতের মাইনাস্ চিক্ছ (—) জানিয়ে দিচ্ছে। আর স্থা ৯, ৩০, ০০, ০০০ মাইল দূরে তো বটেই।"

আধ্যাত্মিক তত্ত্ব ব্যাখ্যা করতে গিয়ে বিজ্ঞানীরা হিমসিম খেলেও, যদ্মের সাহায্যে বৃদ্ধি খাটুয়ে যা পান, তার বর্ণনা করায় তাঁরা এমন পোক্ত যে, যার ইচ্ছে সে যাচিয়ে নিতে পারে। তাই রকমারি ঈশার চেহারা বিজ্ঞানের দৃষ্টিতে একবার দেখে নেওয়া যাক, পরে তত্ত্বজ্ঞান উদয় হলে সমন্বয়ের উপায় বেরিয়ে পড়তে পারে। শিক্ষানবীশকে এইটুকু সতর্ক করে দেওয়া দরকার, উপলব্ধি হবার আগেই বড়ো বড়ো জ্ঞানের কথা আওড়ালে চৈতক্ত জাগার সাহায্য হয় না, উলটে তাকে ভূলিয়ে অসাড় করে রাখা হয়।

পুরাকালে, যখন পৃথিবী সবে স্থা থেকে ছিটকে বেরিয়ে প্রচণ্ডতাপে বাপাময় ছিল, তখনকার অবস্থায় আমরা এখন যাকে প্রাণের ক্রিয়া বলি, তার উপায় ছিল না। কালক্রমে ঠাণ্ডা হবার পর যখন জীবনরূপী জলের কতক অংশ তরল হয়ে আকাশ থেকে নেমে এনে মাটির খাঁজে-খলের বসে গেল, তার মধ্যে প্রাণীকণা উদ্ভাবন হয়ে ভেসে বেড়াতে লাগল। এই প্রাণ জিনিসটায় ঈশার প্রকাশ প্রথম ফুটে ওঠে, য়ার্লক্রন জডের নিরুদ্দেশ গতির মধ্যে একটা মতি দেখা দেয়।

প্রাণশক্তির মতি অমুসারে দৈবাৎ এক আধটা নয়, দল-কে-দল প্রাণবিন্দ্রা দেহ গড়তে লেগে গেল। প্রাণকোষটা ভাঁজ হয়ে পেটের থোঁদল হল, আগা পাকিয়ে ছাজ বেরল, ছাজের ঝাপটায় উদর প্রণের চেষ্টায় ঘুরে বেড়াবার স্মযোগ পেল। খেয়ে দেয়ে দেহ বেশি বেডে গেলে ফু'টুকরো হয়ে বংশবৃদ্ধি হতে লাগল, ক্রমে যুগলমিলনের কৌশল বেরিয়ে, সস্তানের মধ্যে বৈচিত্র্য এসে উরতির পথ খুলে গেল।

প্রাণশক্তির কথা না এনে ফেললে চলে না। যে খাবার সামনে নেই, যে ভাবী উন্নতি আগে পাকতে কল্পনায় আগতে পারে না, ভার গোঁজে প্রাণীকণাকে পাঠালে কে।—যদি বল ভিতরকার অন্ধ সংস্কারের এই কাল, তবে প্রশ্ন ওঠে গোড়ায় সে সংস্কার এল কোখেকে। যদি বল এক ঈশায় সবই করাছেল, ভাহলে প্রাণীতে জড়ে, প্রাণীতে প্রাণীতে কাটা-কাটি মারামারির হিসেব পাওয়া যায় না। কাজেই আপাতত প্রাণশক্তি ব'লে কোনো খণ্ড-ঈশার প্রভাবে প্রাণক্রিয়া চলে, ভাই ধরতে হয়।

আবার দেখো, প্রবাহের মধ্যে যেমন প্রবাহ, ঈশার উপর তেমনি ঈশা। প্রাণীকণার উন্নতির সঙ্গে সঙ্গে প্রাণশক্তির উপর জৈবিক শক্তির আবির্ভাব হয়, তার প্রভাবে প্রাণীকণাদের মধ্যে সমবেত হয়ে বড়ো কলেবর ধারণ করার চেষ্টা দেখা যায়।

#### ঈশাসংকট

প্রথম দিকে জীব দেহ-ধারণের চেষ্টার এক দৃষ্টান্ত স্পঞ্জ জ্ঞাতি, যে স্পঞ্জের সমাজদেহের খোলসকে ইংরেজ্বরা গামছার মতো ব্যবহার করে। এই কোঁপরা-ছিবড়ের মতো জিনিসটা সমুদ্রতলার একজাতের প্রাণীকণা সমবায়ের তৈরি বাস-পল্লী। স্থড়কের মতো যে সব গর্ত ওর মধ্যে দেখা যার, তারি ধারে ধারে মাথা গুঁলে স্থাজের দিক ফাঁকার রেখে, প্রাণীকণারা স্থাবর হয়ে থাকে,—ভিটে কামড়ে যেমন পাড়াগোঁরে মান্ত্র থাকতে চার, তার চেয়েও কায়েম হয়ে। এ অবস্থার তারা আলাদা হয়ে খাবার খোঁজে বেডাতে পারে না, কিন্তু স্বাই মিলে একভালে স্থাজ নেড়ে তারা এই স্থড়কের ভিতর দিয়ে জলের স্রোভ চালাতে থাকে। জীবদেহে রসরক্ত চলাচলের আতাস এখানে পাওরা যায়। স্রোতের সঙ্গে যা-কিছু পৃষ্টিকর জিনিস ভেসে আসে, যে-যার জায়গার আটকে থাকলেও তার ভাগ সকলে পার।

এই বে িলেমিশে সমুদ্রের মধ্যেকার মালমসলা জ্টিরে স্থরক্ষমর বাসস্থান তৈরি করা, একদকে তালে তালে ভাজ নাডা, প্রত্যেকের আলাদা প্রাণশক্তি সকলকে ঠিক একভাবে এসব কেমন করে শেখাতে পারে। তাই আবার প্রাণীদলের উপরকার জৈবিক শক্তির প্রভাব মানতে হয়।

স্পঞ্জের মতো ঢিলে-ঢালা সমবার দিয়ে আরম্ভ করে, প্রাণীকণারা এক একদল বর্ণভেদ কর্মতেদ স্বীকার করে নানা অঙ্গবিশিষ্ট আঁটসাঁট জীবদেহ গড়তে শিখে উঠল। সেই সঙ্গে দলাদলির স্ত্রপাত হল, খাদ্যখাদক সম্বন্ধ উৎকট হয়ে উঠল।

ঢেউরের আধার সমুদ্রকে আমরা 'এক' বলি, কিন্তু ঢেউগুলি একটি আর একটিকে কখনো বাড়ার, কগনো চাপা দের, ঠোকাঠুকি লাগলে ফুটোই ভেঙে পড়ে, তাই দেখে তাদিকে 'আলাদা' বলি। আবার

এরোপ্রেন থেকে সমুদ্রে-ঢেউরে একাকার মৃতি দেখতে পাওয়া যার। তেমনি উদারদৃষ্টিতে বড়ো ঈশার সঙ্গে ছোটো ছোটো ঈশার যোগাযোগ ধরা পড়তে পারে। সেই আশার খণ্ডশক্তিগুলোর ক্রিয়াকলাপ আরো ভালো করে বোঝার চেষ্টা করা যাক।

একদল প্রাণীকণা স্থিকিরণের তেজ শরীরের মধ্যে আটকে নিম্নে তার সাহায্যে সোজাম্বজি জড়কণা দিয়ে প্রাণের ক্রিয়া চালাবার উপায় পেয়ে গেল। এরা উদ্ভিদশ্রেণীতে ফলাও হল। আর যে প্রাণীকণার দল তা করতে পারল না, তারা উদ্ভিদ খেয়ে তাদের তৈরি কোব দিয়ে প্রাণক্রিয়া চালিয়ে নানা শাখার উদ্ভিদ-খেকো শ্রেণী বার করল।

গোড়ার গোড়ার উদ্ভিদজাত সবই শেওলার মতো নরম ছিল, তখন তারা জলের তলার বা ধারে শিকড় গাড়ত। ক্রমে তাদের কোনো কোনো দল শক্ত ছালের ঢাকা বানিয়ে, তার ভিতরে নিরাপদে রস চলাচলের ব্যবস্থা রেখে, ডাঙার উঠে পড়ল, শেবে বিচি ছড়াবার নানা ফলি বার ক'রে পাহাড়ের মাথার পর্যন্ত চড়ে গেল। উদ্ভিদ-খেকোরাও গারে শক্ত চামড়া মুড়ে ওদের সঙ্গে সঙ্গে পৃথিবী ছেয়ে ফেলল। এদের মোটামুটি ছুই শাখা,—পোকার মতো যাদের নরম দেহ, আর হাড়ের কাঠামো থাকার যাদের দেহ শক্ত। এদের মধ্যে কোনো কোনো প্রশাখা আরো সোজার পৃষ্টি আদার করার চেটার, উদ্ভিদ খাওরা ছেড়ে শুপ্রেণীর পশুপাথি মাছপোকা থেতে লাগল।

তবু, এত রকমের খাওয়া-খাওয়ি সত্ত্বেও জন্ধতে পাখিতে গাছে পোকায় পরস্পর সাহায্যেরও কিছু কিছু সম্বন্ধ রয়ে গেল; তার কিছু আভাস আমরা আগে পেয়েছি।

এতেও ঈশার বৈজ্ঞানিক পরিচয়ের শেষ নয়। জৈবিক শক্তি যেমন নানা রক্ষ প্রাণীকণার সমবায় বেঁধে জীবদেহ তৈরি করে চালায়,

#### ঈশাসংকট

তেমনি আরো উপরকার এক শক্তি, যাকে সংঘণক্তি বলা যেতে পারে, সে জীবদের মধ্যে গুণকর্ম বিভাগ করে সমাজের মতে। আরো বড়ো কলেবর রচনা করায়। এই সংঘশক্তির ক্রিয়াকলাপ অল্লের মধ্যে ব্যুতে হলে পোকার ছোটো ছোটো সমাজের উপর নজর করলে স্থবিধে হবে।

সমাজ-বাঁধা পোকার মধ্যে উই, মৌমাছি, পি পড়ে, এরাই প্রসিদ্ধ।
একদল প্রাণকোরে মিলে যেমন এক একটি উইপোকা গড়েছে,
তৈমনি একদল উইপোকা মিলে মাটির ছাল-ঢাকা সমাজ-কলেবর
রচেছে, যাকে বলে উইটিবি। সেই টিবি-গারদের অন্ধকারে নিজন্ধহারা উইপোকারা যে রকমের জীবন কাটার, তাতে ওদের সংঘশক্তিকে
ভামসিক বলতে হয়।

জন্তব চামড়া কেটে গেলে যেমন জৈবিক শক্তির হুকুমে রসরজের দৌড়োদৌড়ির চোটে জায়গাটা ফুলে ওঠে, রক্ত জমাট বেঁধে বাইরের খারাপ জিনিস কিছু চুকতে দেয় না, ভিতরে নানা কোষের ক্রিয়ায় নতুন চামড়া তৈরি হয়, তেমনি উইটিবির মাটির ছাল কোপাও ভেঙে গেলে, সেখানে লাল সাদা ছু'রকমের উইপোকা ছুটে আসে, লালগুলি বাইরের পোকামাকড় ঠেকিয়ে রাখে, সাদাগুলি ভিজে এঁটেল মাটির ছোটোছোটো ডেলা এনে ছাল মেরামতে লেগে য়ায়।

এখানেই সংঘণজি নিজেকে জানান দেয়। ভাঙা মাটির ফাঁকের ছ'দিক থেকে জোড়ার কাঁজ চলে, শেষে ঠিক এক থামালে জোড় মিলে যায়। তবে কি এই চোখ-কান হীন সামাপ্ত পোকারা নিজের মধ্যে এরকম জটিল কাজের বিষয়ে পরামর্শ করতে পারে। এক বিজ্ঞানী সে কথা পরীকা করার জভ্যে একটা টিবিকে করাত দিয়ে এ-পার-ও-পার ফেড়ে কাটার ফাঁক দিয়ে উপর থেকে নিচে পর্যন্ত একটা টিনের চাদর চালিয়ে দিলেন, যার মধ্যে দিয়ে একদিক থেকে অভিদিকে কোনো রকম

আদানপ্রদান চলতে পারে না। তবু দেখা গেল উইকর্মীরা ছুদিক থেকে মেরামতের কাজ আরম্ভ করে ঠিক এক থামালে টিনের ছুপাশে ফাঁকটা জুড়ে দিলে। কোনো উপরের সংঘশক্তির নিদেশি ছাড়া এমন তো হয় না।

এই সংঘশক্তির প্রভাবে উইটিবির জ্বীবনধাত্রার যত রক্ম কাজ চলে—মাটির তৈরি স্থড়ক বেয়ে লিজহীন কর্মীদের কাঠের সন্ধানে বেরনো, কাঠের গুঁড়ো কেটে এনে গরম স্যাৎসেতে গুদমে পুরে, ছাজা ধরিয়ে তাকে হজম করানো, সেই তৈরি "ফুড়" খাইয়ে ডিম ফোট। বাচ্ছাদিকে বড়ো করা, উপরের মাটি শুকিয়ে গেলে জ্বলের কাছ পর্যন্ত নেমে গিয়ে ভিজে মাটি ভুলে আনা, আরো কত কা।

জন্তুর মাথা কাটা গেলে যেমন তার শরীরের যত রকমের কোষ সব নির্জীব হয়ে মারা যায়, তেমনি উইপোকাদের সংঘশক্তি ওদের মাতৃস্থানীয় একটি বিশেব স্ত্রীপোকার মধ্যে দিয়ে কাজ করে। সেটি পেটসর্বস্থ একটি ডিমপাড়া যন্ত্র বললেও হয়, টিবির নিভ্ত স্থানে একটি
আলাদা ঘরে বন্ধ থেকে সে জীবন-ভর ডিমই পাড়ে। বাচ্ছাদের মতো
তাকেও কর্মীরা খাওয়ায়, সেবা করে। তাকে যদি মেরে বা সরিয়ে ফেলা
হয়, তাহলে উইপোকাদের নিত্যকর্ম বন্ধ হয়ে যায়, তারা একেবারে
নিজ্জে হয়ে পড়ে, টিবির আয়ু শেষ হয়ে যায়।

ঢিবির বংশবৃদ্ধি উপলক্ষ্যে পোকাদের বৎসর্বে একবার ডানা গজায়, বিয়ের উৎসবের দিন সেই একবার এরা খোলা আলো হাওয়ার স্বাদ পায়। কিন্তু হায় কপাল, সে কি অন্তুত উৎসব। ভোজ পড়ে যায় রাজ্যের লোভাহত গির্গিটি টিক্টিকি বাছড় চাম্চিকের দলের, আর তরকারি হয় হতভাগা বর ক'নেরা স্বয়ং। শেবে যে হু'চারটি টি কে বায়, তারা জোড় বেঁধে ডানা খসিয়ে নতুন টিবি পত্তন করতে বসে বটে,

#### ঈশাসংকট

কিন্ত সে পরিণামের উদ্দেশ্যে যে-সংঘশক্তি মরবার তরে ঝাঁকে ঝাঁকে উইপিপীলিকাদিকে পক জোগায়, তাকে অন্তত মিতাচারী বলা যায় না।

ঈশার এক খণ্ড পথ হারিয়ে অন্ধকারে ঘুরপাক খাচেছ, ঢিবি জীবনের চেহারাটা সেইরকম নয় কি।

মৌমাছিদের সংঘশক্তি রাজসিক, চাকের মধুময় আঁধার থেকে প্রফুল্ল कामत्नद (कल्लाम अंतिन वानारशाना । চাকের বাসিন্দাবা হচ্চে-একটি পাটরানী, গুটিকতক বাচ্ছা রানী, দশবিশটা পুরুষ-মোদাছেব, আর বাকি সব লিক্স্থীন কর্মী। আকাশমার্গে বিবাছ-উৎস্বের মাতামাতির পর থিতিয়ে বসলে, পাটরানীর কাজ হচ্ছে চাকের ঘরে ঘরে ডিম পেডে বে গানো। চাকের বাসিন্দা বেড়ে উঠলে, বাচ্ছা রানীরাও সেই সঙ্গে সাবালিকা হয়ে এক এক ঝাঁক কমী নিয়ে স্থানান্তরে নতুন চাক ফাঁদতে বেরিয়ে পড়ে, এই ভার তাদের উপর। আর কর্মীরা একনিষ্ঠায় চাকের যত কিছু কাজ সব করতে থাকে—মোম তৈরি থেকে আরম্ভ করে. মোম দিয়ে চাক গড়া, রানীদের সেবা, ডিম-ফোটা বাচ্ছাদের খাওয়ানো, রোদের •বেলায় মধু এনে ভাঁড়ারে রাখা, শত্রুর আক্রমণ ঠেকানো, রাতে সকলে মিলে একদকে ডানা নেড়ে চাকের ছাওয়া विकारना. वाष्ट्रारम्य मर्था काता तानी हरव, काता शूक्य हरव, काता कर्मी থাকবে, রেণুতে মধুতে মিশিয়ে সে রকম খাবার ব্যবস্থা করা,—এমন অশেষ কাজে খাটতে খাটতে এদের অল আয়ুর কটা দিনের মধ্যে শরীর জীর্ণ হয়ে যায়।

কর্মীদের এত খাটুনির উৎসাহ কি মধুর রসে মাতোয়ারা হওয়ার লোভে ?—ভা তো নয়।—বেটুকু মধু খার এক তো তার চেয়ে চের বেশি তুলে রাখে, তাছাড়া রানীকে বাচ্ছাকে না খাইয়ে ওরা তো খারই

না। যত খাতির রানীর, যত সেবা বাচ্ছাদের, যত কঠোরতা হতভাগা পুরুষগুলোর ভাগ্যে; বসস্ত-উৎসবে একজন উদ্যোগী পুরুষ তো রানীকে লাভ করে, বাকি সব ঘরে ফিরে এসে বেকার বসে থাকে, ফুলের মহুম উতরে গেলে কর্মীরা তাদিকে ঘেরাও করে মেরে দেয়—মধুর বাজে খরচ ওদের এতই অসহ। নিজেদের সম্বন্ধে কর্মীরা উদাসীন, কেউ কারো অপেক্ষা রাখে না, কোনো কর্মীর আঘাত লেগে সে যদি যন্ত্রণায় ছটফট করতে থাকে, তার দিকেও অক্টেরা ফিরে তাকায় না, চাকের কাজের হুড়োছড়িতে তাকে যদি মাড়িয়ে যেতে হয়, সেও স্বীকার।

নিজের বেলা এত হেলা, পরের কাউকে আতুপুতৃ, কাউকে মারধর,—
এ ব্যাপারের হিসেবটা এই যে, এরা বোঝে শুধৃ "বৃদ্ধি", স্বজাতবৃদ্ধি—
মামুবের মধ্যে যেমন ক্ষত্রিয়-বৈশুপ্রবর নিজের স্থখসছল তৃচ্ছ করে
রাজ্য বাড়াতে, ধন বাড়াতে, মশগুল পাকে। শেষে এতদিনের গৃহস্থালি,
এত করে সঞ্চয় করা মিষ্টিধন, ওদের এই যথাসর্বস্বের মায়া কাটিয়ে
নিজেদের কোন্ এক অতীত অহেতৃক-বৃদ্ধিবাতিকগ্রস্ত সংঘশক্তির
এক ইশারায় অর্বার্চান রানীয় অমুচর হয়ে ওদের তরুণ দল অজানায় মধ্যে
অকাতরে ঝাঁপ দেয়। ঝড জল মুর্যোগের হাত পেরুক যায়া বেচে যায়,
তারা পৌহয় কোপায়? না, আবার নিজেকে ভূলে নতুন চাক তৈরি
করা, আবার তৈরি চাক ছেড়ে বেরিয়ে পড়া। ব্যক্তির উৎকর্ষ-সাধন
গোছের কোনো বালাই নেই।

এক রক্ম তপস্বীদলের আন্তানা দেখা যায়, সেথানে বোকাগৃহস্থদের খাটুনির দান মাটির তলায় কাঁড়ি হতে থাকে, বুড়ো তাপসরা সরে পড়ার আগে একদল শিয়াকে সেই তপস্তা শিখিয়ে যায়, যাতে করে পুতে রাখা ভিক্ষের ধন আরো বাড়তে থাকে, যা দেবতার উপকারে

#### ঈশাসংকট

লাগে কিনা জানা নেই, ধর্মের কাজে যে লাগে না সেটুকু নিশ্চয়। এই রক্ম তপন্থীদের দেখলে মৌচাকের কথা মনে পড়ে।

পিপড়েদের জীৱন বিচিত্র, সন্দেহ নেই। ওদের সংঘশক্তিকে সান্ত্রিক বলা না থাক, চৌকস বলা চলে। ওদের শস্তু ফলানো আছে, গো> পালন আছে, সন্ধিবিগ্রহ আছে, বাচ্ছাদের প্রাণপণ যত্ন তো আছেই, তা ছাঁড়া শর্নাপরকে আশ্রয় দেওয়া আছে, পরম্পরকে দানকরাকরি আছে, এমন কি ওদের মধ্যে দাতাকর্ণের দল আছে যারা মিষ্টি

১ আমরা যে জীবকে গোরু বলি, তা অবশু পিঁপড়েরা পালন করে না। এক জাতের ছোটো পোকা আছে যারা গাছের মিষ্টিরস থেরে টেটুপুর হরে থাকে, পিঁপড়েরা যত্ন করে ভালিকে কাছাকাছি বসার, তাদের গারে শুড় বুলিরে থোশামোদ করে সে রসবিন্দু আদার করে নের।

রসের বোঝা নিম্নে বঙ্গে থাকে, যে চায় ভাকে বিলোয়। দেহ নেহাত খুদে না হলে, ওরা হয়তো মাহুষের সঙ্গে সমানে টক্কর দিত।

নাবিকেরা এক দ্বীপের গল্প করে, যেখানে ডেঞে পিঁপড়ের দল এমন আডা গেড়েছিল যে, দেখানে অস্তু কোনো জানোয়ার থাকার যো ছিল না; তারা দ্বীপ দেখবে বলে যেমন নৌকো থেকে নেমেছে, আর পিঁপড়ের দলবদ্ধ আক্রমণে ব্যতিব্যস্ত হয়ে পালাতে পথ পায় না। ক বছর পর আর একবার দেখানে খবর নিতে গিয়ে দেই নাবিকেরা দেখে যে ইতিমধ্যে এক প্লাবনে পিঁপড়েরা উক্লাড় হয়ে গেছে, মাছুব সমেত নানা জন্তর বসবাস শুরু হয়েছে।

পিপড়ের। যে, সংঘশক্তির জোরে চলে-ফেরে, তার একটা প্রমাণ বললেই হবে। বাঘ-সিংহকে আলাদা করে খাঁচায় রাখলে. ত্টি ত্টি খাবার যোগালে, তারা আয়ুর শেষ পর্যন্ত তাতেই টি'কে থাকতে পারে। কিন্ত ত্টি একটি পিঁপড়েকে প্রচুর খাবার দিয়েও আলাদা করে রাখলে তারা বাঁচে না।

পোকাসমাজের একটু একটু যা ছবি দেখা গেল, তা থেকে কিছু তত্ত্ব উদ্ধার করা যায় কি, যা আমাদের এ পালায় কাজে পাগতে পারে।

এক তো বোঝা যাছে যে, খালি আমি-হারা হলেই বড়ো হবার দরজা খুলে যায় না। দেবীর উপর অভিমান করে কবি জিজাসা করেছেন, "কোন্ অপরাধে এ দীর্ঘ মেয়াদে সংসারগারদে থাকি, বল্ ?" সে বিলাপের উত্তর এই—গৃহস্থ যদি গতামুগতিকের গোলাম হয়ে চলে, নিজের পায়ে নিজেই শিকল পরায়, তবেই তার সংসারটা আশ্রম না হয়ে গারদে দাঁড়ায়। যেটা ভবের লীলা হবার কথা, তাই হয় ভব্যয়ণা। হিন্দু যথন স্বাধীন বৃদ্ধির্ভি থেলানো ছেড়ে দিল, তথন থেকে চোথের জলে তারাকে ডাকতে ডাকতে তার দিন কাটছে, বিধাতার

# ঈশাসংকট

কাছে রোজ-কে রোজ পাঁচ মোহর পারিতোষিক ও আদায় করে আনন্দ করা মায়া-পাগলের ভাগ্যে ঘটে না। মনে পড়ে কবি ইকবালের উপদেশ—"আমিকে হারানো দূরে থাক্, তাকে এমন টনটনে চৈডভ্তে ভুলতে হবে যাতে সে বিশ্বকে নিজের ভিতর টেনে নিতে পার্বে।"

আর একটা দেখা যাচ্ছে এই,—সংঘশক্তি যতবার সংস্কারবদ্ধ জীবকে সমবায়ে মিলিয়ে বড়ো করতে গেছে, ততবারই তাদিকে ঘূর্ণিপাকে ফেলে নিজেও তার মধ্যে আটকে গিয়ে, ত্রাণের চেষ্টায় ভঙ্গ দিতে হয়েছে। এখন ঈশার যা কিছু আশাভরসা মামুষের মতো মামুষ নিয়ে কারবার ক'রে।

মাহ্বব ছুই ধারার মধ্যিগানে এসে পড়েছে। বুদ্ধি-থাটানো ছেড়ে দিয়ে সে বাপদাদার আমলের ক্রিয়াকাণ্ড নিয়ে চোথবাধা বলদগিরিও করে পাকে, আবার নিজের নিত্যনতৃন স্থান্তর আনন্দে আলো হতে আরো আলোয় উড়ে বেড়াতেও পারে। তার লক্ষীনারায়ণ লাভের তিন যুগের ব্যর্থ চেষ্টার কথা তো বলা হয়েছে,—এবার বা মাহ্ববের দিয়ে গুণশনার শেষ পরীক্ষা—কল্পি অবতার USS-Rকে দিয়ে তিনকেলে বাজে সংস্কারের জাল ঝেড়ে ফেলে যদি লক্ষীনারায়ণের উপযুক্ত আসন পেতে রাথতে পারে। নইলে অস্ত্রঝন্ঝনানির আওয়াজে মাহ্বব দিকবিদিক জ্ঞান হারিয়ে, বর্বর অবস্থায় দৌড়ে ফিরে যাবে। পাকা ঘুঁটিকে কেঁচে গাদ থেকে আবার বেরোতে হবে।

পুরোনো আবর্জনা বিদায়ের কথা যদি ভোলা গেল, তবে একটা বিধান নেওয়া দরকার।

পুরাকালে উৎপেতে। অস্থরের জালায় অস্থির হলে দেবতারা বাঁচাও, বাঁচাও! বলে চণ্ডীদেবীকে কাকুতিমিনতি করতেন। এ কালের

১ পাঁচ ইন্সিরের দানকে সাধক রবিদাস এই ভাবে নিতেন।

নেতারা থাঁকে ডাকেন, চতুরা-রূপে অ-সহযোগ সাজেই আস্থন, আর নিজ্ব-র্তিতে রণসজ্জায়ই আস্থন, তিনি সেই চণ্ডীই বটেন, রেহাই দেবার পাত্র তিনি নন। কোনো না কোনো ভাবে তাঁর আনির্ভাব না হলে প্রকৃতির গলতিই হোক, আর মান্থবের বদমায়শিই হোক, তা থেকে নিজ্বতি পাবার উপায় দেখা যায় না।

তাই জিজেস করি, যে শক্ররা কথনো লুকিয়েচুরিয়ে কথনো বা হাঁক্-ডাক করে, মাঝে মাঝে সমীকরণ যজ্ঞবেদি নষ্ট করতে আসে, তার্দের বড়যন্ত্রের বিরুদ্ধে ক্ষত্রতেজ প্রকাশ করে যজ্ঞ রক্ষার চেষ্টার দরুন USSR-কে আদর্শন্তি পায়ও বলে গাল পাড়া চলে কি।

মামুষের সঙ্গে মামুষের কালক্রমে রফারফি হলেও হতে পারে;
গোছগাছের হিকমতে মামুষ হয়তো বা নির্বিবাদে পরস্পর-উপকারী
জীবজন্ধ গাছপালা দিয়ে ক্রমশ নিজেকে ঘেরাও করে রাধতে পারবে;
কিন্তু হিংসাকে কি একেবারে বাদ দিতে পারা যাবে। অন্তত ধুলো থেকে, জল থেকে, হাওয়া থেকে, কলেরা-ম্যালেরিয়া, টাইফয়েড-ইনফুরেঞ্জার যত রোগবীজ্ঞকে মেরে সারা না করলে, "মধুবাতা ঋতায়তে,
মধু ক্রন্তি সিদ্ধবং…মধুম্ৎ পাধিবংরজ্ঞঃ…" এই মন্ত্রী দিয়ে মামুষ নিজের সংঘশক্তির প্রতি স্থিতিকার শ্রুমা জানাতে পারবে না।

শক্ষিতের নিজেপ্রশংসার বাড়াবাড়ির কুমাশা ভেদ করে পরের পালায় USSIC-এর মনের ভাবের কতকগুলি স্থাপ্শট ছবি নেবার চেষ্টা করা যাবে।

# চতুৰ্থ পালা

# প্রবাসী-গ্রামবাসা সংবাদ

#### মহাভাঙন ভয়

বিপ্লবের প্রথম পঞ্চবাধিক সংকল্পে চাষাদের উপর হাত পড়েনি।
শ্রমিকদের মধ্যে ওরাই সবচেয়ে অবুঝ, সবচেয়ে পুরোনোর গোঁড়া।
ভা ছাড়া, তখনো বাইরের শক্রর আক্রমণ পুরোদমে চলেছে। এ
অবস্থায় দেশস্ক্র লোককে বাঁটালে সামলানো মুশকিল হত।

কর্তাদের বিধান অমুসারে, এই সমবায়ই গ্রামের সব কাজ চালাবে। একসঙ্গে গুছিয়ে কলের সাহায্যে চাষবাস পশুপালন করলে আগের চেয়ে ফল অনেক বেশি পাওয়ার কথা, তাই দিয়ে সমবায়ীদের জীবন্যাত্রা ভালোমতে চালিয়েও যা বাঁচবে সেটা দেশের অভাব পূরণের জজ্যে কর্তৃপক্ষের হাতে থাকবে। তাতে পল্লীবাসীরও অবস্থার উন্নতি হবে, রাষ্ট্রমধ্যে অসাম্য ক্রমে আর থাকবে না।

সমবায়ভ্ক হতে যাদের নেহাতই মন সরবে না, তাদের উপর জবরদন্তি করার হুকুম হয়নি; তারা নিজেদের পরিবার পালনের জন্তে একটি গোরু বা ঘোড়া, গুটিক্তক হাগল ভেড়া বা শুয়োর রাখতে পারার ব্যবস্থা হল। কিন্তু সমাজে তাদের মানমর্থাণা থাকবে না, সমবায়ভাগ্রারে সন্তায় কেনার অধিকার তারা পাবে না; তা হাড়া, এ

#### প্রবাসী-গ্রামবাসী সংবাদ

ভাবে রাখা সম্পত্তির মূল্য অহুসারে তাদিকে একলসেঁড়ে টেক্স দিতে হবে।

কিন্তু পরের মেছনতে নিব্দের দরকারের অতিরিক্ত চাষ্থাবাদ করিয়ে, বা পশু রেখে, বা কারবার চালিয়ে বিনাশ্রমে আরামের চেষ্টা একেবারেই মানা। এটা অপরাধের মধ্যে গণ্য। এরকম কুংনী (koolack) ধরা পড়লে, তার সম্পত্তি সরকারে বাজেয়াপ্ত হয়ে তাকে নিধ্নী (de-koolackise) করে দিয়ে, যেখানে নতুন আবাদ করা হচ্ছে সেখানে তাকে সপরিবারে মজুরি করতে পাঠিয়ে দেওয়া ছবে।

মরিস হিপ্তাস (Maurice Hindus) একজন নামজাদা লেখক। তাঁর জন্ম রূপের এক গপুগ্রামে। ১৪।১৫ বছর বরসে ঘরবাড়ি ছেড়ে তিনি মাকিন দেশে গিয়ে বসবাস করেন; সেখানেই ক্লতী হন। কিন্তু দেশের উপর তাঁর টান যায়নি, তার-সব খবর তিনি রাখতেন।

বিপ্লব শুরু হলে. ই প্রবাসী জন্মভূমিতে বেড়াতে এগে বুঝতে পেরেছিলেন যে, কুশের মাটির সঙ্গে চিরকাল লেপ্টে আছে যে-চাবী, এ মহা নাটকে তাকেই প্রধান পাত্র হতে হবে, যদিও তথনো ভূমির স্বত্তা-িধিকার নিয়ে আইনের টানাটানি পডেনি। পরে মার্কিন দেশে ফিরে গিয়ে তিনি যথন বিপ্লবীকর্তাদের মহাভাঙন তন্ত্র—ন্টালিন নাম দিয়েছিলেন দি গ্রেট ব্রেক (The Great Break) প্রচারের সংবাদ পেলেন, তাঁর মন বডোই থারাপ হয়ে গেল।

এই নিরীহ ক্বক জাতের উপর ইতিহাসের কী সাংঘাতিক ধাকাটাই এসে পড়ল। এক ঠেলায় সেকাল থেকে একালে লাফিয়ে আসা, রাজশক্তির আশ্রয় ছেড়ে আত্মশক্তির উপর এসে পড়া, সম্রাট-আমলের শত-অভ্যাচার সম্ভ করেও বে বাস্তুট্কু জমিটুকু আগলে এসেছে, অবশেবে সে সব অনভ্যন্ত সমবায়ের হাতে ইচ্ছে-স্থাধ স্থাপ দেওয়া—

#### মহাভাঙন তন্ত্ৰ

এ বড়ো ভাষণ ফরমাশ। সকলের বাড়া এই, বে গৃহস্থ রাজদিন জমি-জমার ভাষনা ভেবে, তিলে তিলে পলে পলে সম্পত্তি বাভিয়ে মুক্জি হয়ে উঠেছে, এখন ভার এই ষ্ণাসর্বস্থ না ছাড়লে তাকে কিনা পেতে হবে সাজা।

প্রবাসীর মনের ব্যথা আমরাও বুঝি। ধনীর ধন জালিয়াতে কাঁকতালে মেরে নিলে তাকে সশ্রম নির্বাসন-দণ্ড দেওয়া হয়, তা তো গাঁসওয়া হয়ে গেছে। অত্যের খাটুনির ফল ভোগ করে ধনী গায়ে ফুঁ দিয়ে বেড়ায়, তাও দেখে দেখে আর বিসদৃশ লাগে না। কিন্তু ধনী বেচারীকে জালিয়াতের মেকদারের সাজা পেতে হবে শুনলে মনটা ছা্রাক করে ওঠে বইকি।

পৃথিবীর কোনো জাতকে জোনো কালে কি এত বড়ো ধর্বনাশের মুখে পড়তে হয়েছে। এ কথা প্রবাদী মাধায় হাত দিয়ে বসে ভাবছেন, এমন সময় তিনি নদিয়া ( Nadya ) নামের একটি পরিচিত রুশমেয়ের চিঠি পেলেন—

#### নদিয়ার চিট্টি

আমাদের দল-বল নিয়ে আমি গ্রামে গ্রামে ঘুরতে চলেছি,—চাষীদের সমবায় পত্তন ক্রতে।, কাজটা সহজ নয়, কিন্তু ফলটা বিরাট। তুমি এখানে চলে এসো; যে চাষীদের প্রকৃতি তুমি অচল অটল মনে কর, তারা কেমন করে সমবায়ী হতে শিখছে, দেখবে এসো। চোখে দেখলে, ওদের হুঃধ কল্পনা করে তোমায় আর হুঃখ পেতে হবে না, তোমার নিজেরও চিন্তশোধন হবে। তুমি ভবিশ্বংবাণী করেছিলে— প্রাণ যাবে তবু চাষায় বাস্ত ছাড়বে না; সেই একগুরে চাষীকে আমরা ক্মেন করে পথে আনছি, দেখে যাও। তথু দেখেই বা ক্ষান্ত হবে কেন।

#### প্রবাসী গ্রামবাসা সংবাদ

রুশকে নতুন ভিতের উপর খাড়া করার কাজে আমাদের সঙ্গে যোগ দাও। এখানকার হাওয়ায় আগুন লেগেছে,—নতুন ভাবের, অভাবনীয় উন্তমের আগুন।—

এই নদিয়া একটি বেঁটেখাটো মেয়ে, ঝাঁকড়া কটা চুল, বড়ো বড়ো কটা চোখ উৎসাহে জ্বজ্বল করছে, গোলগাল মুখ, স্থ-ছাঁদের ঠোঁট, মিষ্টি কিন্তু তীক্ষ গলার স্থর, মন-কাড়া হাসি। আত্মশক্তির উপর তার অগাধ বিশ্বাস। ১৯ বছর বয়সে তার বিয়ে হয়, কিন্তু স্বামী তাকে বিপ্লবের ধান্দায় জড়াতে দিতে চায় না বলে, সে সংক্র ত্যাগ না করে ত্যাগ করল স্বামীকে। এখন সে অসীম আনন্দ-উচ্ছাসে USSR-এর নববিধান প্রচারে মেতে আছে।

নিমাকে কেউ যদি জিজেল করে—"এ কাজে তুমি কি স্থপ পাচছ"
— সে হেলে ওঠে, কিংবা রাগ করে। ব্যক্তিগত স্থথ বলে জিনিসটাই সে
মানে না। তাকে যাতে থেপিয়ে বেড়াচ্ছে, সে স্থাথের সন্ধান নয়।
মহাযুদ্ধে সামাস্ত সৈনিকের মতো সে এই বিরাট যজ্ঞে আত্মনিবেদিতা।
যে শরীর পাত করতে বলেছে, তার আবার আলাদা স্থাত্থ কিলের।
যজ্ঞের প্রগতিতেই তার স্থগতি।

নদিয়া একা নয়। আজকের রুশে এমন হাজার মেয়ে আছে, তাদের হাজার ভাইও আছে, যারা সমীকরণ যজ্ঞ পূর্ণ করার মহারত সাধনে প্রাণ পণ করেছে।

নদিয়ার ভাকে সেই প্রবাসী জন্মভূমিতে ফিরে এলেন,—বিপ্লবের ধারা নিজের চোথে দেখতে। তিনি যা দেখলেন ভনলেন, কভক তাঁর নিজের জ্বানিতে, কভক তাঁর টুঁকে-নেওয়া পাঁচ জ্বনের মুখের ক্থায়, এ পালায় ধরে দেওয়া যাচেছ।

# অর্বাচীনের কথা

বিকেলবেলা রেলন্টশনে নেমে, আমার ছেলেবেলাকার খেলাঘর সেই গগুগ্রামের রাস্তায় হেঁটে চললাম। যে ধারে যাই, মেঘমুক্ত রোদে ভরা আকাশের মনোহর নীলে চোথ জুড়োয়। মনে হল লার্ক পাথির এমন আপনহারা গান আর কগনো শুনিনি। চারিদিকে কোথাও হেলাফেলার চিহ্ন নেই, ফগলে ফগলে মাঠ উপলে উঠছে, ভাবী আশার উৎসবে সবই উৎফুল্ল।

আমি প্রাণ ভরে দেখতে শুনতে চলেছি, এমন সময় গ্রামের কাছা-কাছি পৌছে এক স্কুলের ছেলের সঙ্গে দেখা। বয়স বছর বারো হবে। চাষার রীতি অমুসারে সে কাঁধে-ফেলা লাঠির আগায় জুতো জোড়া টাঙিয়ে খালি পায়ে চলেছে, মাথার ছাঁটা চুলের উপর টুপিও নেই। বগলে একঝুলি বই। সে বুঝি সমণায়ের লাইত্রেরির জন্ম শহরে বই আনতে গিয়েছিল, এখন বাড়ি ফিরছে।

আমি প্রবাসী বলে নিজের পরিচয় দিয়ে, ওর সঙ্গে গল্প জুড়ে দিলাম—বাড়ির কথা, গ্রামের কথা, গ্রাম-সমবায়ের কথা, য়ার মধ্যে এই বছরের গোডার্ম ওর বাপ ভতি হয়েছেন।

জিজেন করলাম, "বড়ো হলে তোমার কী হতে ইচ্ছে যায় ?" নে বললে, "ইঞ্জিনীয়ার হব।"

"বিশেষ ক'রে ইঞ্জিনীয়ার কেন।"

গ্রোমের গোলাবাড়ি, সাঁকো, কারথানা, যা কিছু দরকার বানিয়ে। দেব।"

"তুমিও তাতে বেশ ধনী হয়ে উঠবে, না ?" ছেলেটা হেসে উঠল।

<sup>&</sup>gt; লাৰ্ক পাখি আকাৰে উড়তে উড়তে গার।

#### প্রবাসী-গ্রামবাসী সংবাদ

"হাসছ কেন।"

"বোৰা ছাড়া ধনী হতে কে চায়। তাই ছাসছি।" পরে সে গন্তীরভাবে বললে, "ধনী হওয়া মানে পরকে লুঠ করা।"

"কিন্তু ভালো ভালো জ্বিনিস তোমার নিজের হয়, তাও কি চাও না ? ভোমাকে কেউ যদি ঘোড়া কি মোটরগাড়ি দেয়. তা কি নাও না।'

"নিই বইকি, নিয়ে বাবার সমবায়ে দিয়ে দিই। জানেন, প্রবাসী, মশায়, আজকাল ধনী কথাটা আমরা গুদামজাত করেছি, ওটা আর চলতি নেই।"

আমি অবাক হয়ে ছোকরার পানে তাকিয়ে রইলাম। এউটুকু
মুখে অত বড়ো কথা। একি ওর সত্যিকার মনের ভাব, না শেখানো
বুলি। কিছ বেশ স্বচ্ছনেদ বলে গেল, চোথের ভাবে মুখের কথায়
গরমিল তো দেখলাম না, মুখস্থ গৎ আওড়াবার মতো চেহারা মোটেই
নয়। আমি যে-দেশ থেকে এসেছি, সেখানকার ে সেরা বলা দূরে থাক্
এ কথা ভাবতেই পারে না; সেখানে এ ধরনের মতামত নেহাতই ফাঁকা
শোনাত; তাই প্রথমটা সন্দেহ হয়েছিল।

রান্তার মোডে ছেলেটির সঙ্গে ছাডাছাড়ি হল। ' আমাদের বাডি যে পাড়ায় ছিল, নানা কথা ভাবতে ভাবতে দেদিকে চলতে লাগলাম।

এখন দেশে বে-ছন্দ চলেছে, তা রান্তার তৃই, পাশের মাঠের চেহারা থেকেই বোঝা যায়। এক দিকে সমবায়ের হাত পড়েছে, আল দিয়ে খেত ভাগ করা নেই, কলে বোনা বিচির গাছের সোজা সোজা লাইন জমির ঢাল ধরে যেন ফসলের স্রোতের মতো বিল পর্যস্ত চলেছে। অপর ধারে, যারা সমবায়ভূক্ত হয়নি, তাদের ভাগ করা ছোটে। ছোটো থেতে ফসলের সে তেজ নেই, ভারা যেন বিরুদ্ধ ভাবের জের টেনে রেখেছে মাত্র। এ বংসরের গোড়ায় যে "সমবায়" এত ভয়ভাবনা ওজন-

## অর্বাচানের কথা

আপত্তির বিষয় ছিল, এরি মধ্যে তার প্রভাব, প্রকৃতির ঋতুপরিবর্তনের মতো বেমালুম এনে গ্রামকে ছেয়ে ফেলেছে।

মনে সন্দেহ রইল না, ভবিষ্যতে আর যাই হোক, রুশের সেই
নিরিবিলি বিমস্ত পল্লীর দিন ফ্রিয়েছে। আমাদের এই গ্রামে আজও
কারখানা দেখা দেয়নি; যেদিন কলের বাঁশি গ্রামবাসার মন কেড়ে
নেবে, সেদিন যা থাকে অদৃষ্টে, তারা নতুনের মধ্যে বাঁপে না দিয়ে
পাঁরবে না।

এই স্কুলের ছেলেটি বড়ো হলে, বিপ্লবের নতুন আঁচ নরম পড়ে গেলে, তথনো যদি এই নিজস্ব ধানে বিতৃষ্ণার ভাব, পরের অভাবমোচনে আগ্রহের ভাব, দেশে সজাব থাকে, তাহলে USSR বাস্তবিকই পৃথিবীর যত রাজ্যকেই বল, যত ধর্ম সম্প্রদায়কেই বল, একটা নতুন আদর্শ দেখিয়ে দেবেন।

আমরাও তাহলে প্রবাসীর কথার নিজের ভাবে সায় দিয়ে মৃক্তকণ্ঠে শীকার করব, USSR নীলকণ্ঠের মতো বিষরের বিষ টেনে নিয়ে, ভ্যাগের দারা ভোগ করার মস্ত্রে সমীকরণ যজ্ঞ সফল ক'রে কলির ক্ষয় করে এনেছেন।

#### গ্রামের কথা

সূর্য অন্ত যায় যায়, কিন্ত এখনো বেশ আলো আছে। তবু গ্রামে চুকতেই যেন প্রকৃতির প্রফুল ভাবের উপর একটা ছায়া পড়ল। রাস্তার ছ্ধারের বাড়িগুলোয় অযজের নানা লক্ষণ নজরে ঠেকল,—বেড়া উঠন, ঘরদোর সবই কেমন বেমেরামত। ট্রিনিটিইর উৎসব এল বলে, কিন্তু আমাদের ছেলেবেলার সে সাজসজ্জা কই। কোনো চালে নতুন খড় ওঠেনি, কোনো দরজায় নতুন রং পড়েনি।

<sup>&</sup>gt; Trinity ইতাবের সেকেলে নবার গোছের উৎসবের খ্রীস্টান সংশ্বরণ।

বুঝলাম, সমবায় নিয়ে দোটানা ভাবের এই মুতি। পাছে অবশেষে সমবায়ে না গিয়ে উপায় থাকবে না মনে করে কেউ হাতে রেথে খরচ করছে, কেউ বা সমবায়ে যোগ দিয়েছে, কিন্তু ভালো মনে দিতে পারেনি বলে পরের কাজ ভেবে হাত সরছে না।

গ্রামে এখন আমাদের জ্ঞাতি আর নেই। আমার চোদপুরুষ এখানেই জন্মেছে, মরেছে, বংশের শিক্ত গেড়েছে, কিন্তু এ আমলে আমরা সে শিক্ত উপ্তে দেশবিদেশে ছড়িয়ে পড়েছি। আমার এখন নতুন জীবন, নতুন মন, নতুন আকাজ্ঞা; তবু মনে হচ্ছে এ গ্রামের সকলেই আমার আপনার। মাঠ, জলা জঙ্গল, কোপায় কী ছিল, সবই আমার মনে গাঁপা আছে। সেখানে সাধীদের সঙ্গে কত খেলেছি, বনের ফল, পাধির ডিম কত পেড়েছি, পালক কুড়িয়ে এনে যে-যার মাকে বালিশ তোশক করতে দিয়েছি।

কিন্তু এ কী। বিলের খারের জকলটায় তো কিছু ছিল না,—আজ সেখানে মস্ত একটা বাড়ি দেখছি। কাছে গিয়ে দেখি এটা নতুন তৈরি স্কুল বাড়ি, সাদা রঙের দরজা জানালা, উপরে লেখা বড়ো বড়ো অক্ষরের নামটা আমার দিকে পাঁাট পাঁট করে চেয়ে না থাকলে বিশ্বাসই হত না।

আমার ছেলেবেলায় এখানকার চাষারা লেখাপড়ার ধার ধারত না।
তাদের চিঠিপত্র লিখে পড়ে দিয়ে আমি ঝুড়ি ঝুড়ি আপেল ফল দক্ষিণে
পোয়েছি। মনে পড়ে, একথার জাপান যুদ্ধের সময় একজন বিদেশী এসে
পুরোনো খবরের কাগজ থেকে যুদ্ধের কথা শুনিয়ে ছ'চার বস্তা বাজরা
আদায় করে নিয়ে গেল।

এখন স্থলের ছুটি। কিন্তু ভিতরে চুকে দেখি একধারের গরে সার

## অর্বাচীনের কথা

সার থাট পড়েছে, তার উপরে ধবধরে বিছানা পাতা। শুনলাম, চাষা গিরিরা সমবায়ের কাজে বেরলে, এটা তাদের ছেলে রেখে যাবার জায়গা। ছেলেরা বেশ খুশি মনে ছামাগুডি দিয়ে বেড়াচেছ।

আমার দেখে দাই এগিয়ে এসে অনেক গল করলে। হাসতে হাসতে বললে, প্রথম প্রথম ভাগি আপত্তি উঠেছিল, ছেলেদিকে চাবী-প্রথমতো ঘোলে ভেজানো বাজরার রুটিনা খাইয়ে খাঁটি ছ্থের উপর শুখিয়ে রাখা হচ্ছে।

আমার কাছে কিন্তু বড়ো হাসির কথা নয়। মনে পড়ে গেল ছেলে-বেলার আদরিয়া (Adarya) গিরির কথা। তেরো বছরে তার তেরোটি ছেলে হয়ে সবক'টি মারা যায়। অথান্ত কাকে বলে, নোংবা কিলে হয় কিলে যায়, না জানার এই ছুর্দশা। বেচারীর কাঁদতে কাঁদতেই জীবন কেটেছিল।

স্থাবাড়ি ছাড়িয়ে আর একটু ষেতে, ঠিক যেখানটায় আমাদের বাড়িছিল, সেখানে দেখি সাজসরঞ্জাম সমেত একটা দমকল ঘর। এ রকম সব খোড়ো চালের গ্রামে আগুন-লাগা কী সর্বনেশে কাণ্ড মনে করলে এখনো বুক কাঁপে। জলের যোগাড় নেই, একসঙ্গে চলাবলার অভ্যেস নেই; যে জল আছে এলোমেলো আপ্ সাআপ্ সীর চোটে তাপ্ত পৌছ্য় না; কেউবা বাধা দিয়ে বলে, দেবতার কোপ জলে শান্ত হবে না, তুধ চাই; ফলে, আগুন ঘর্রের পর ঘর গ্রাস করছে, হাতপা এলিয়ে তাই দেখতে হত।

আমাদের আমলে বছরে বছরে কত শত গ্রামে এই বুকফাটা ঘটনার আবৃত্তি চলত। শেবে ঘরপোড়া চাবাগুলো এ-গ্রাম গেকে ভিক্ষে করে আবার বার্ডি করার কাঠিবড় আনতে বেরত। এখন ভাহলে তারো উপায় হয়েছে।

এবার চেনালোকের পাড়ায় এসে পড়েছি। চারিদিক থেকে—
"এসো, এসো, একটু বসে যাও, একপাত্র ছ্ব থেয়ে নাও",—সমাদরের
ডাকাডাকি চলল। তাদের অমুরোধ এড়িয়ে শেষে ছেলেবেলার এক
বন্ধর বাড়ি গিয়ে উঠলাম। আমাকে পেয়ে স্বামীলী ছজনেই মহা খুলি,
তাড়াতাড়ি নিজের নিজের কাজ সেরে নিয়ে ত্ব পনীর ডিমহালুয়া
সাজিয়ে থেতে বসিয়ে দিলে। সেখানেই রাত কাটালাম।

# গ্রাম্য বৈঠক

পরদিন রবিবার, সকলেরই ছুটি। রান্তার বেরিয়ে দেখি প্রবাদী ফিরে
আসার থবরে অনেকে আমায় দেখতে আসছে, তাছাড়া ছুটি বলেও
রান্তার লোকের আনাগোনা বেশি। কামারের বাড়ির সামনে ফাঁকা
জায়গাটায় কাটা গাছের গুঁড়ির উপর আমরা সব আড্ডা করে বসলাম।
সমবায়ে সব কিছু দিয়ে থয়ে বে নি:য় (Bedniak) হয়েছে, বিপ্লবীহিসেবমতো সেই মান্তাগণা; য়ে অসমবায়ী গৃহস্থ নিজে আলাদা খাটে
খায় (Seredniak) সে মাঝামাঝি; য়ে পরকে খাটয়ের নিজে আলক্তের
আরামে থাকার চেষ্টা করে সে হয় কুখনী (koolack)। কিন্তু গ্রামসমাজে এসব শ্রেণীভেদের চিক্ দেখা গেল না; এখানে মাত্র ছুই দল—
যারা সমবায়ের পক্ষপাতী, আর যারা সমবায়ের বিরোধী।

মার্কিন দেশের গল্প শোনাবার জন্তে আমায় স্বাই ধরে বসল।

আমি কিন্তু সে আবদার কাটিয়ে বললাম, "না, সে হবে না। আমি তোমাদের কথা শুনতে এসেছি, ভোমরাই সব বলো।" সব দলের লোক আছে দেখলাম—যার যা মতামত জেনে নেবার এমন স্থযোগ ছাড়ি কেন।

## গ্রাম্য বৈঠক

একটা বুড়ো চাষা আরম্ভ করে দিলে—"একটা জিনিস আমরা খুব শিখেছি—গোরু ঘোড়া ভেড়া আর বাড়ানো নয়।"

বুঝলাম, এটা রাগের কথা। যেটুকু না দিলেই নয়, তার বেশি সম-বায়ের হাতে দেওয়া হবে না, তাতে দেশের অভাব বাড়ে বাড়ুক,— বিরোধী পক্ষের এই ভাব। যারা এসেছে তাদের মধ্যে কর্তৃপিক্ষের লোকও রয়েছে, তবু কেউ ছেডে কথা কইবার পাত্র নয়।

্ আর এক চাবা বলে চলল, "এই দেখো না, সেদিন আমার বাড়ি পেরাদা চড়াও হল। দোষের মধ্যে আমার একটা তিন-কাল-যাওয়া বিচিলি কাটার কল আছে, তা দিয়ে বছরে সামাষ্ট্র কিছু রোজগার করে থাকি, তাই দেখে আমাকে কুখনী সাব্যস্ত করার চেষ্টা। আমি হেসে বললাম—লোভ হয়ে থাকে, লোহার দামে ভোমরা ওটা নিয়ে নাও— তবে পেয়াদা থামল। কিন্তু ভাতেও পার নেই।—ভোমার গোরু কটি ? আমি বললাম—একটি। দেখিয়ে দাও।—নিয়ে চললাম গোয়ালে। তুটি দেখছি যে।—ওটি তো বাছুর। পেটে বাল্ঞা, বাছুর কেমন ?—বাছ্য়া পেটে থাকলে ভো গাই হয় ন্।, বাছ্য়া আগে হোক। এই বলে আমি গিলিকে ডাক দিলামু। সে এসে এমনি তুড়ে দিলে যে পেয়াদা পালাতে পথ পায় না।"

সকলে। এই তো গিরি বলি।

সৈনিকের এতো গ্যাঙা লোককে একজন ডেকে বললে, "এই যে নিকোলাই, বলো না হে, কতারা তোমাকে কী নাকালটা করেছিল।"

নিকোলাই। থাকু না, সে সব পুরানো কথা খুঁচিয়ে ভূলে কী হবে।

সকলে। না, না, বলে ফেলো। আমাদের মার্কিন অতিথি সব জ্বানতে চায়।

নিকোলাই। আমি গোড়াতেই ভেবেছিলাম, সমবায়ভূক্ত হব; কিন্তু গিরি বেঁকে বসল, বললে তাছলে গলায় দড়ি দেবে, তাই হল না। শেবে আমার সব কেড়ে কুড়ে নিলে, রাখার মধ্যে মন কতক খাবার দানা আর ফুচার বস্তা আলু রেখে গেল। এখন সমবায়ে চুকে নির্বাসন থেকে বেঁচেছি।

এইটুকু বলে নিকোলাই সরে পডল।

এক বুড়ো। আমাদের নিকোলাইর মতো হিসিবি মাছ্য আর দেখা বেত না। রোদ ঝড় জল যাই হোক না কেন সে সমানে রোজগারের ফিকিরে খুরে বেড়াত। বিচিলির গাড়ি থেকে ছু'এক গাছ পড়ে গেলে ছুটে গিয়ে কুডিয়ে আনত। আলু তোলার সময় কাঁচা পচা কিছু বাকি রাখত না। আমোদ নেই, আহলাদ নেই, শহরে কাজে গেলে শখ করে ময়দার কটিটুকু মুখে দিত না। এত করে জমানো ধন এ রকম বেঘোরে মেরে নেবে, কে জানত।

অন্ত গ্রামের এক সমবায়ী-ধুবক এ কথা শুনে আলোচনায় যোগ দিলে।

যুবক। এত করার যে কথা বলছ, এত কুরে লাভটা হত কার।
আলপাশে যারা আধপেটা থেয়ে আছে তাদিকে কি খাওয়াত। নিজেও
থেল না, মলে সঙ্গেও যাবে না, তবে কিসের জন্তে জমাল। তার চেয়ে
মার্মের মতো থাকলে হত না ? তোমার্দের নিকোলাইকে চিনিনে,
কিন্তু আমাদের গ্রামের কামারটা ঐ রকম ছিল। সে মরার পর ঘর
থেকে, গুদম থেকে, চালের ভিতর থেকে কী যে না বেরল, বেশির ভাগ
কেলে দিতে হল। সকলে জানত তার মোহর-ভরং বাক্স আছে।
থোঁজ, থোঁজ, কোথাও পাওয়া যায় না, শেষটা পায়খানার তলার মাটি
থুঁডে বেরল। কী যাচেছতাই জীবন।

#### গ্রামা বৈঠক

বুড়ো। তোমাদের মতো লক্ষীছাড়া নিঃস্ব হয়ে ঘুরে বেড়ানো স্ব চেয়ে ভালো—না ?

যুবক। ভালো নয় তো কী। আমরা ভালো খাই পরি, পরস্পারের জ্বপত্নের ভাগ নিই, পরদেশেরও খবর রাখি, মামুষের জীবন কেমন ছওয়া উচিত তাই নিয়ে ভাবনা চিস্তে করি, সেই মতো চলে বেঁচে জ্বথ পাই।

্ অনেকে। ঐ সমবায়ের গোঁড়া আসছে। এসো মাসী। তুমি তো সমবায়কে স্বর্গ মনে কর। প্রবাসী ভায়াকে সব বলো না।

মানী। হাঁ, ঘণ্টা-নাড়ার স্বর্গ বটে। ঘণ্টায় ওঠো, ঘণ্টায় খাটো, ঘণ্টায় খাও, ঘণ্টায় শোও—ঘণ্টা না পড়লে মা-হারা পাথিছানার মতো চিঁচিঁকরতে থাকো।

এক রসিক। মাসী দেখছি বাজনাবাছি ভালোবাসে না। সকলে হেসে উঠল।

মাসী। সত্যি কথা, ঘণ্টার বাজনায় নেচে বেড়াতে ভালোবাসিনে। পরশু দিন কাজে মন লাগল না, চৌপরদিন পড়ে ঘুমোলাম। কাল বিধে হল, পাঁচ বার থেলাম। সমবায়ে থাকলে আমার জল্ঞে পাঁচ বার ঘণ্টা পড়ত ?

नकत्न। नावान, मानी, नावान।

সমবায়ী যুক্ত। হথন ফসল কাটা হবে, তোমরা ভালো খাও, কি আমরা ভালো খাই দেখা যাবে।

বুড়ো। ভারি তো বাহাছুরি। দেশের যত ভালো জমি ঘোড়া গোরু তোমাদের সমবায় নিয়ে বসে আছে। কাঠ চাও, কলের লাঙল চাও, টাকা হাওলাত চাও, সদর থেকে তথনি যুগিয়ে দিছে। আমরা

অমন স্থবিধে পেলে তোমাদের চেরে অনেক কারদানি দেগাতে পারতাম।

একজন মোটাসোটা গ্রামবাসী এগিয়ে এল,—"নিংম্ব কাকে বলে জানতে চাও তো আমায় দেখো। আগেও নিংম্ব এখনো তাই। তবে আগে পাঁচ সাত মূদ্রা যোগাড় করে টেক্সটুকু দিতে পারলেই চুকে ষেড, আর জালাতন করত না। কুকুরটা পর্যস্ত বাড়ি চুকতে পেত না। এখন টেক্স লাগে না বটে, যা দরকার তাও পাই, কিছ খানাতল্লাশের জালায় প্রাণ যায়। আর কেটে নেয় কত—বাড়ির বিমা, ফসলের বিমা, এর পর বলবে হাত-পা'র বিমা।"

এক শ্রোতা। আরে ভাই, বিমা কি খারাপ জিনিস।

নিঃস্ব। খারাপ কে বলছে। কিন্তু আমার খাটুনির দাম থেকে কাটবে কেন। নিঃস্ব বলে কি আন্ত আন্ত মুদ্রা কাটা গেলে মায়া লাগে না।

আবার হাসি পড়ে গেল।

প্রথম শ্রোতা। খুচরো অস্থবিধের কথা ছেড়ে দাও। আমি বলি গোড়ায় গলদ। দেখো প্রবাসা ভায়া, ভূমি তো জান একই পরিবারের মধ্যে লোকে গালাগলি চুলোচুলি না করে থাকতে পারে না; আর এই পরকে নিয়ে সমবায় করা, এতে ঝগড়াঝাঁটি হাতাহাতি লাগবে না? কিছুদিনের মেয়াদ হলেও হত, এ যে চিরস্থায়ী বংশাবস্তর

ছিতীয় শ্রোতা। যা বলেছ ভাই। খাওয়াপরা ঠিক থাকলেই তো হয় না, নিজের ইচ্ছেমতো ফসল লাগালাম, ইচ্ছেমতো খাটলাম কি বলে রইলাম, জমালাম কি খরচ ক্রলাম,—এ না হলে কি সংসার করা বলে। আমরা তো জেলখানায় আছি,—যা বলবে তাই করো, যা দেবে তাই খাও, পরের ভাবনা ভেবে মরো।

## গ্রাম্য বৈঠক

তৃতীয় বাক্তি। দেবার অবিচার কেমন, তাও দেখো। এক গিরির দশ ছেলে সে দশ মাপ হুধ পাবে, আর যে বেচারীর একটি ছেলে সে এক মাপের বেশি পাবে না।

বুড়ো। আমাদের সরে পড়বার সময় হয়েছে। গলায় দড়ি দিয়ে সংসার থেকে বিদায় নিলে তবে বাঁচব। এখন হয়েছে ছোঁড়াদের রাজত্ব।

• আমি বুঝলাম, বুডো বিপ্লবের ঝাঁকানি খেয়েছে, কিন্তু তার ভাবটা মাথায় থিতিয়ে বসাতে পারেনি। পুরোনো ছাড়লে সামনে দেখে অতল গহরর. তরাসেই হয় সারা। জিজেস করলাম,— "সমবায়ভ্জে করার জক্তে কি জবরদন্তি লাগিয়েছে।"

সকলে। না, না, তা নয়। আগে পেড়াপিড়ি চলত বটে, কিন্তু কতারি মহা ভাঙনের উপদেশ বেরবার পর সে সব আর হয় না।

এক ব্যক্তি। হয় না বলভ কী করে। সমবায়ে যোগ না দিলে ব্যানর-ঘানরের চোটে কি সোয়ান্তি থাকে। অভ্যেচারও আছে বই কি। সেদিন, মনে নেই, ঐ পোল (Pole) পাড়া থেকে ভরা-শীতে মেয়ে-ছেলে-স্থদ্ধ কভজনক্ষে বাড়ি থেকে বার করে দিয়ে উত্তরে খাটতে পাঠিয়ে দিলে। বাপ রে, সে কী কারাকাটি।

যুবক। ওরা তো সব কুধনী।

বুড়ো। ভাঁলো এক কুধনী কথা শিখেছ। ধনীদের কি রক্তমাংসের শরীর নয়,— ওদের ছেলেপিলে শীতে মারা পড়লে আমাদের গায়ে লাগে না ?

যুবক। কালস্রোতের বিরুদ্ধে দাঁড়ালে ছ:খ তো ডেকে আনা হয়। ক'টি স্ত্রীলোক-বালকের খাতিরে বিপ্লব আটকে থাকতে পারে না। আগেকার আমলের বিকট অভ্যেচারের কথা ভোমরা ভূলেই যাচ্ছ।

## প্রবাদী-গ্রামবাদা সংবাদ

তার জন্তে যদি সম্রাট আমলা জমিদার পাদ্রী সবই সরাতে হল, তবে কুখনীর শেষ রাখলেই বা চলবে কেন। বিপ্লব আমাদের পিঠে হাত বুলোতে আসেনি, মামুষ করতে এসেছে। কর্মীরা দেবতা নয় সে তো জানা কথা,—মানলাম মাঝে মাঝে বাড়াবাড়ি করে বসে; কিন্তু ধরা পড়লে উপর থেকে সাজা তো পায়।

এমন সময় এসে পড়ল ফিটফাট পোশাক বুট-জুতো-পরা সদরের প্রচারক, গ্রামে গ্রামে থারা সমবায় পত্তন করে বেড়াচছে, তাদের এক জন। ওকে দেখে সকলে একটু শশব্যস্ত হয়ে পড়ল বটে, কিন্তু বিরক্ত হল না, ভালোভাবেই আমার সঙ্গে তার পরিচয় করিয়ে দিলে।

সে দাঁড়িয়ে দাঁড়িয়েই আরম্ভ করে দিলে— "কী গো। নাকে কারা হচ্ছিল বুঝি। বেশ, বেশ, প্রাণ ভরে কাঁছনি গাও। দেখুন, প্রবাসী মশায়, এরা সব শিশু; দিনে খুব করে কেঁদে না নিলে রাতে ভালো ঘুম হয় না।

"শোনো হে, হতভাগা অসমবায়ী যারা আছ। আমার কথাগুলো একটু মন দিয়ে শুনে যাও। বলি, তোমরা কী শুথে টুকরো টুকরো জমিশুলো এখনো ধরে আছ। এই মার্কিন ভদলোকের সামনেই বিচার হোক, ইনিও শুরুন। বছরে বছরে বুড়োরা সরে যাছে, রেখে যাছে অমেক ছেলে, জমির ভাগ ছোটো থেকে আরো ছোটো হতে চলেছে। আলে আলে কত জমি থেয়ে যায় সেটা হিসেবে আন কি। আর আজকাল হল কলের যুগ, আল থাকলে কলের লাওলের শুবিধে পাও না। পুরোনোর মায়া কাটাতে পারছ না, শেষটা কি আমার, আমার বলে বাড়ি আঁকড়ে না থেয়ে মরবে।

## গ্রাম্য বৈঠক

এক শ্রোতা। আপনাদের সমবার আসার আগে কি খেতে পেতাম না।

প্রচারক। কেন বাজে কথা বল, বাপু। তোমাদের সে খাওয়া কি খাওয়া ছিল,—না আধমরা থাকাকে বাঁচা বলে। দশ বিশ বছর পরে কী হবে সেটা ভাবা তো তোমাদের ধর্মে নেই, নইলে বুঝতে দেশের ছেলেদের উরতির জ্বন্থে কী রকম আয়োজন চলেছে। তোমরা যে কত বোকা সেটুকু বুঝলেও কাজ হয়। এই কবছর আগে যথন ও-গ্রামের জমিদার-বাড়ি ভাঙা হল, তথন তোমাদের স্কুল-তৈরির জ্বন্থে মালমশলা দিতে চেয়েছিল,—বয়ে আনতে হবে বলে তোমরা নিলে না। পরে তো টাদা তুলে সেই স্কুল করতে হল, তাও কি সোজায়,—টাদার টাকা আদায়ই হয় না। স্কুল হয়ে খ্লি হওনি, এখন বুকে হাত দিয়ে বলতে পার ? সমবায়ের কোন্ কাজটা অক্সায় হয়েছে বলো তো দেখি। দমকল করে দিয়েছে, জলাগুলোর উপর সাঁকো বিসিয়েছে, সমবায়ে যোগ দিলে কত সন্তায় জিনিসপত্র পাও—

দিতীয় শ্রোতা। রেখে দিন আপনার সমবায়, সমবায়ের কথা আলাদা—

প্রচারক। আলাদা তে বটেই। যেমন-কে-তেমনি থাকলে আঞ্জ সমাটের আমলার ঠেলার মজা বুঝতে, সেসব দিনের যন্ত্রণা তো হজ্জম করে বসে আছ। আসল ব্যাপার কী তা বুঝেছি। ফাঁক ভালে ধনী হবার লোভ ছাড়তে পারছ না। কিন্তু খবরদার। সে পথে গেলে মববে। ও মায়া পুষে রেখো না। কর্তারা কুধনীর ওর্ধ জ্ঞানে, তা ভো দেখতেই পেয়েছ। ধরা পড়লে ছাড়নছোড়নের আশা কোরো না। প্রবাসী মশায় নতুন এসেছেন, তোমাদের ফোঁপানিতে তিনি ভূলতে পারেন, আমরা ভূলব না। তোমরা ইচ্ছে কর, আর নাই

কর, তোমাদের সকলকে সমবায়ী শ্রমিক করে মায়ুষ করব তবে ছাড়ব।

বেলা হয়ে এল, মজলিশ ভেঙে গেল, আমরা যে-যার বাড়ি চলে এলাম।

## জমিদার-রাখালের কথা

ইছণী জমিদার ইত্রাহিম-দাদাকে আমার বেশ মনে ছিল। লখা শরীর, চোস্ত চেহারা, ফিটফাট পোশাক, হাসিথুশি মামুষ। ইছণীদের অবশু জমিদারি-স্বত্ব পাওয়ার অধিকাব ছিল না, তবে তিনি ছিলেন বড়ো জোতদার, ব্যবসাদারও বটে। প্রদেশের মধ্যে তার গোরুর পাল বিখ্যাত। রাস্তা থেকে একটু ভিতরের দিকে তাঁর স্থন্দর সাজানো বাড়ি ফুলবাগান, ফলবাগান সমেত বেশ পরিপাটি।

আমরা যখন গ্রামে ছিলাম, এ পাডায় এলে ইব্রাহিম-দালা প্রায়ই আমাদের বাড়িতে চা' খেয়ে যেতেন, সে স্ত্রে আমাদের সঙ্গে বিশেষ বন্ধুত্বও হয়েছিল। বিপ্লবের পর তাঁর আর খোঁজ রাখতে পারিনি। এখন শুনলাম তিনি সমবায়ভুক্ত হয়ে বাড়িতেই আছেন।

কথাটা একটু আশ্চর্য লাগল কারণ সমবায় হল চাধীদের, জমিদার বা জোতদারদের তাতে কেমন করে স্থান হতে পারে। তবে সমাটের আমলে ইছদীদের উপর অমাম্বিক উপদ্রব হয়েছিল বলে বিপ্লবের পর তারা অনেক বিষয়ে আসন পেয়েছে শোনা যায়। শুনলাম ইব্রাহিম নাকি সমবায়ের গোরুর পালের খবরদারি করার ভার পেয়েছেন।

<sup>&</sup>gt; ক্লশ-গৃহস্থদের বাড়িতে সারাদিন স্যামোভার-এ চা চড়ানো খাকে। কেউ দেখা করতে এক এক গেলাস পরম চা ছুখ চিনি দিয়ে নর, নেবুর রস দিয়ে তৈরি করে আভিখ্য-করা রীতি।

## জমিদার-রাখালের কথা

আংগকার দিনে কাউকে রাখাল বললে গাল দেওয়া হত,— আজকাল অবশ্য ওটা সম্মানের পদ। তবু সেই শৌখীন-প্রাণ ভদ্রলোক রাখাল-গিরি করছেন.— কেমন শাপছাড়া ঠেকল। ভাবলাম যাই, দেখে আসি।

বাড়ির হাতায় ঢুকেই তফাত বুঝতে দেরি হল না। একি সেই বাড়ি। কোপা সে চেকনাই, কোপায় সে ফুলের বাহার। বাগানের বৈড়া ভাঙা, রাস্তায় আগাছা ঠেলে উঠেছে, সবস্থদ্ধ পোড়ো চেহারা। এখন ঘরে ঘরে অনেক সমবায়ী পরিবারকে পাকতে দেওয়া হয়েছে, তাদের ছেলেপিলের। চারদিকে ঘুরে বেড়াছে; গাছে গাছে দড়ি টাঙানো, তার উপর সকলের কাপড় শুথোছে।

"ইব্রাহিম কোপায় ?"—জিজ্ঞেদ করায় একটি ছোটো মেয়ে বললে তিনি মাঠে গোরু চরাচ্ছেন।

বিলের ধারে মাঠে গিয়ে দেখি, ঘাসের উপর ইত্রাহিমদাদা ব'সে, ছাতে গোরু খেণাবার চাবুক। চেহারার সে চাকচিক্য আর নেই, আনেক দিন দাভি কামানো হয়নি, পাজামা গুটোনো, খালি পা, বেশ একটু বুড়িয়ে গেছেন। সামনে এক পাল গোরু আরামে ঘাস খাচেছ।

প্রথমটা ইব্রাহিম আমার চিনতে পারেননি, নাম বলতে খুশি হয়ে উঠলেন; তথন মুখে আঁগেকার জেলা কতক ফিরে এল। তাঁর পাশে বাসের উপর বসে তাঁকে আমার দেশে আসার কারণ জানিয়ে দিলে পর তিনি নিজের কথা বলতে আরম্ভ করলেন, "বুড়ো হয়ে গেছি, না প কিছু যত দেখাছে তত নয়। বুড়ো বয়সের উপযুক্ত হালকা কাজও পেয়েছি। এই দেখো আমার হাতিয়ার। সেনানায়কের যেমন তলোয়ার, আজ এরও তেমনি মহিমা।" ব'লে তাঁর হাতের চাবুকটা

আমার সামনে তুলে ধরলেন।—"মার্কিন-দেশে যথন ফিরে যাবে, তোমার মাকে যদি বল আমার রাখাল করে দিয়েছে, তিনি হয়তো কেঁদেই ফেলবেন। তোমরা আমার কত বড়ো লোক ঠাওড়াতে মনে আছে ?" বলে ইব্রাহিম হেসে উঠলেন।

প্রথমটা সন্দেহ হল, বুঝি কাষ্ঠহাসি। কিন্তু কই, না গলার স্বরে, না চোখের চাউনিতে, খেদের লক্ষণ কিছুই দেখলাম না। বেশ সহজ্ব প্রশাস্তভাবে তিনি বলে চললেন,— "মাকে বুঝিয়ে ব'লো, কাঁদরার্র কিছু নেই,—স্থথেরই কথা। আমি নিজে, কাঁদা দুরে থাক্, যত দিন যাছে ততই বুঝছি যা হয়েছে ভালোই হয়েছে। বিপ্লবের মধি।খানে বাস করলে কত রক্ম প্রশ্ন মনের মধ্যে তোলপাড় করতে থাকে,— আগেকার দিনে সেসব কথা তুললে বলতে পাগল। হতে পারে আমরা সকলে পাগলই হয়েছি। আবার এও হতে পারে, আগেই ছিলাম পাগল এখন সহজ্ব মামুষ হয়েছি। আমার তোমার খুব অন্তুত লাগছে,—না ?"

"ও কথা কেন বলছেন, দাদা ?" আমি আপত্তি করে উঠলাম।
"তুমি যে-দেশ থেকে আসছ, সেখানকার লোক্টের কাছে আমাদের
এসব ব্যাপার কত অস্তুত ঠেকে, তা জানি, তাই কথাটা মনে হল,
ভাই।"

ইতিমধ্যে এক গোরু দল ছেডে ফলল-থেতে গিয়ে পড়ল। তাই দেখে, ইবাহিম লাফ দিয়ে উঠে, তার পিছন পিছন ছুটে, চাবুকের ফটাস্ ফটাস্ আওয়াজে তাকে ঘুরিয়ে আনলেন। মুখের ঘাম মুছে আবার এলে বসতে, তাঁর অনেকখানি বয়স যেন ঝরে গেল। নিজের কাহিনী তিনি আবার বলে যেতে লাগলেন,— "আমাদের সমবায়ে এক বুড়ো চাষা আছে সে লেখাপড়া জানে না বটে, কিন্তু বুজি

#### জমিদার-রাখালের কথা

টনটনে। আমায় সমবায়ভুক্ত হতে দেখে সে আহ্লাদে আটথানা। হাতে ধরে বললে— বেশ করেছ ভাই। টঙে চড়ে বসে থাকনি, আমাদের দলে নেমে এসেছ, তোমার স্ববৃদ্ধির উপযুক্ত হয়েছে। একল্সেঁড়েপনায় লাভটা কী। প্রতিবাসী যে জিনিসের নাগাল পায় না, তা একা ভোগ করে কি সত্যিকার তৃপ্তি হয়।

"সেকালে এ প্রশ্ন শুনলে হেসে উড়িয়ে দিতাম; এখন তা পারি না, নিজ্বের মনেই সে কথা দিনরাত উঠছে। এই কথাই তোমাকে বলবার আছে। আমাকে সমীকরণপত্নী কি অরাজকপত্নী, কি কোনো একটা পত্নী মনে ভোবো না। আমি যে কী তা নিজেই জানিনে, জ্বানার দরকারও দেখিনে। মোট কথা পুরোনোর জ্বপ্লাল ঝেড়ে ফেলে বেঁচেছি, আগের ভাব এখন মনে করলে লজ্জা হয়।"

আমি জিজ্ঞেদ করলাম, "আপনার স্ত্রী, ছেলেরা,—তাঁদের ভাব কী!"

"ছেলেরা তো অনেক দিন থেকে বিপ্লবের পক্ষে। স্ত্রীও আস্তে
আন্তে মন ঘ্রিয়ে আনছেন। ইছদী ব'লে আমরা অনেক বিষয়ে রেছাই
পেতাম, তবু জোতদার থাকতে এ টেল সে টেল দিতে শাঁদ ক্রমশই
কমে আস্ছিল। অন্তাদিকে যে প্রশ্নের কথা তোমায় বললাম, মনের
মধ্যে তাও থেলছিল—আমরা খাব মাংস মাখন পনীর সাদা ময়দার
কটি, আর আশাঁপাশের মান্ত্রের জ্টবে খালি শাক্ষবজ্জির ঝোল দিয়ে
বাজরার কালো কটি, এটা কি ঠিক।

"বুঝলাম, এছিক পারত্রিক ছুদিকের ঠেলায় ছ্ব-নৌকোয় পা দিয়ে পাকা চলে না। গত শরৎকালে একদিন পরিবারের সকলকে ডেকে পরামর্শে বসলাম। আমি বললাম—দেখো এভাবে পাকা পোষাচ্ছে না। এসো, পুরোনোর মায়া কাটিয়ে নতুনকে ধরা যাক।

"রাত ভোর বকাবকি, চোণের জল ফেলাফেলি চলল; শেষে সকলের মন খোলসা হয়ে গেল, পরস্পরের প্রতি আড় ভাব রইল না। সবাই মিলে স্থির করলাম—ভালো মনে সমবায়ী হব। শুধু জমি কেন, বাড়িঘর জানোয়ার আসবাবপত্র, নিজের বলে আর কিছুই রাখব না, স্ত্যিকার নিঃস্থ হয়ে বলব—যা করে সমবায়।

ত্র রক্ম কাজ আধা-থেঁচ্ড়া করা কিছু নয়, ইস্পার নয় উস্পার! তাই আমরা থালি হাতে পরিষ্কার মনে সমবায়ে মোগ দিলাম।

শ্বই স্থের হয়েছে, তা নিথ্যে করে বলব কেন। সমবায়ের হাত এখনো পাকেনি, কিছু ঢিলেমি আছে, কিছু বা নষ্টামি, অনেক গলতি আছে যেগুলো মাঝে মাঝে পীড়া দেয়। আগেকার মতো ভালো খেতে পরতে পাই, তাও নয়। দেথছ তো থালি পায়ে আছি, ছুতো বাঁচিয়ে না চললে শীতকালে করব কী।

"কিন্ত ছ:থের কথাই বা এমন কী আছে। এই পুরোনো বাড়ির ছটি ঘরে আমাদিগকে থাকতে দিয়েছে। ছুখ রুটি যথেষ্ঠ দেয়, মাঝে মাঝে ডিম পাই, হপ্তায় একদিন মাংস,—পুষ্টির কম্জি নেই।

"আসল লাভ হয়েছে কী জান ? হাদয়ের খিল খুলে গেছে, মনের প্রান্ধের উত্তর পেয়ে গেছি। আমার সেই একার বাড়ি এখন কত লোককে আশ্রয় দিচ্ছে। তাদের ছেলেপিলের সঙ্গে খেলা করে যে আনন্দ পাই, তার রস আগে জানাই ছিল না।—এই তো ব্যাপার, ব্যালে হে ভায়া।"

## সমবায়-নেভার কথা

আমাদের গ্রামের চাষারা সমবায়ে অনেকে চুকতে পিছপাও বটে, কিন্তু সকলেই আমায় বলে— সমবায় দেখবে তো ক-গ্রামেরটা দেখো, ও রকম পেলে আমরা সবাই যোগ দিতাম। ক-গ্রাম বেশি দ্র নয়, তাই অবসরমতো একদিন হেঁটে চলে গেলাম।

্বে গ্রামে পৌছে প্রথমটা নতুন কিছু চোখে পড়ল না,—
চারদিকে সেই অয়ত্ত্বের লকণ, শুয়োর মুরিগগুলো রাস্তায় উঠনে, বাড়ির
ভিতর, যেখানে-সেখানে ইচ্ছেনতো ঘুরে বেডাচছে। সমবায়ের
আস্তানাটা গ্রামের ও-পারে, সেদিকে যেতে তবে নতুন জীবনের নডাচড়া
জানান দিল। ইটকাঠ খড় বোঝাই গাড়ির উপর গাড়ি আনাগোনা
করছে—এ দুশ্র গ্রামে বড়ো একটা দেখা যায় না।

সমবায়ের আপিস্থরের সামনে এসে, না বলে ক্ষে চুকে পড়লাম।
সবে তৈরি বাড়ি, এখনো টাটকা কাঠের অ্গন্ধ ছাড়ছে। ঘরের দেয়ালে
বিপ্লবীকর্তাদের ছবি টাঙানো, একটা তাকে মলাটের উপর কাগজমোড়া
বই সাজানো, বড়ো বড়ো তুই জানলা দিয়ে হাওয়া আলো আসছে।

আমার দিকে পিঠ করে ছটি যুবা এক লম্বা টেবিলে বসে একমনে হিসেব মেলাছে। আমি গলার আওয়াজ দিতে তারা আমার দিকে ফিরে, তথনি অভিবাদন করে আমাকে বসতে বললে। এদের মধ্যে একজন সমবায়ের নেতা, বছর ত্রিশেক বয়স হবে, প্রফুল্ল তেজী চেহারা; অন্তটি তার সহকারী, বাইশ বছরের স্থন্দর নীলচোখো ছোকরা। ফুলনেই চাধার ছেলে। আমার দেশে আসার সংবাদ এরা আগেই পেয়েছিল, বললে আমাকে এনে সব দেখাবার ইচ্ছে ছিল। আমি আপনি এসে পড়ায় আনন্দ প্রকাশ করলে।

নেতার ইঞ্জিতে সহকারী উঠে গেল; একটু পরে আমার জন্তে একটি রেকাবে বাজ্বার রুটি আর একপাত্র তুধ এনে দিলে। আমি খেতে বসলে নেতা বলতে লাগল,— "আপনি চাষাদের সব কাঁছনি শুনেছেন নিশ্চয়ই ?"

"খুব শুনেছি !"

ছজনে মুখ চাওয়াচাওয়ি করে মুচকে হাসল। নেতা বললে, "কিছু-দিন থাকলে আরো অনেক ভনবেন। যে কাঁদে না সে চাষাই না। আমি ভুক্তভোগী, জেনে বুঝেই বলছি। আমার এক খুড়োমশায় আছেন, তিনি কাঁছনের সরদার।"

আর এক পত্তন হেদে— "আস্থন আপনাকে স্ব দেখাই"— বলে তুজনে উঠে পড়ল।

বেরিয়ে আসতেই আপিস্থরের লাইনে, এক সার নতুন বাড়ি দেখা গেল। অনেকটা গ্রামবাসাদের বাড়ির গাঁচার, তবে চাল উচু, দরজাজানলা বড়ো, সৃটি করে ঘর, সাজসরঞ্জাম সামান্ত, পরিকার পরিচ্ছন।
এগুলি সমবায়ীদের ধাকার বাড়ি।

পরে যাওয়া গেল গোয়াল দেখতে। তিনটি মন্ত লম্বা চালা ঘর, এক একটিতে দেড়ল তুল গাল গোর আবামে থাকতে পারে। চাষাদের গোয়ালের ভুলনায় বেল কাঁকা খট্খটে চেহারা। এরা আশা করে এই বছরের শেষ নাগাদ শ' আইেক গোরুবাছুর দাঁভিয়ে যানে; বাকি গ্রামের সব গোরু ধরলেও এত হয় না। শীতকালে চাষায়া গোরুকে খড়বিচিলির কুটির সঙ্গে একটু আধটু ভূষি কিম্বা আলুর খোসা ছাড়া কিছু দিতে পারে না। এদের ব্যবস্থা ভালো, মার্কিন পদ্ধতি (silo) অফুসারে গমিকালে কাঁচা ঘাস-পাতা-ডাটা মাটির তলে পুঁতে রাখে, তাই দিয়ে বারো মাস রসালো জাব দিতে পারে।

#### সমবায়-নেতার কথা

আর এক চালায় শুষোর রাখার জায়গা,—সচরাচর যেমন জ্বছা নাংরা তুর্গন্ধ হয়, এ তা নয়, বেশ সাফস্থংরো। তুটি মেয়ে দেখলাম সিদ্ধ আলু পেঁংলে শুংগারদের সান্ধ্যভোজনের যোগাড় করছে। এদের হিসেবমতো এ বছরেই ২৫০ শুয়োর হবে।

চালাগুলো পার হয়ে এক মনোরম উপবনে প্রবেশ করা গেল।
আগে এটা ছিল জমিদারের খাস নন্দনকানন,—ইতর লোকের প্রবেশ
শূন্বেধ। এখন হয়েছে সমবায়ী অসমবায়ী সকল গ্রামবাসীর মেলামেশা
আমোদপ্রমোদের আড়া; এখানেই সভাসমিতি নাটক সিনেমা গান
বাজনা হয়ে থাকে।

এর পর নিয়ে গেল এক ফাঁকা জায়গায়, সেখানে অনেক বাড়ি তৈরি আরম্ভ হয়েছে, তাতে বসবে কারখানা, ভাণ্ডার, স্থল, হাঁসপাভাল; পরে কুসোলে ক্লাবের জন্মেও একটা বাড়ি হতে পারে। এটা হবে গ্রামের ভাবী কৃষ্টিকেন্দ্র।

শেষে এক মাঠ দেখতে গৈলাম যাতে ফলবাগান ফাঁদা হয়েছে।
যতদ্ব চোথ যায়, রকম-বেরকম ফল গাছের চারার সার চলেছে।
উৎসাহে উজ্জলমুখ নেতা বললে, "আপনি আর বছর কয়েক পর ঘুরে
আসবেন, এমন স্ব ফল খাওয়াব যা কখনো খাননি। এবার চলুন,
একটা মঞ্চার জিনিস দেখাই।"

আপিসের ত্কাছে কিরে এসে, লাইনছাড়া একটা ঘরে নিয়ে গিয়ে দেখালে মুরগির ডিমে তা দেবার কল।

নেতা বললে, "এর ইভিহাসে একটু মজা আছে, ওছন। এই কল আনার বিষয়ে তো সমবায়-সভা ডাকা গেল, অন্ত দেশের দৃষ্টান্ত দেখানো হল, কত হালাম কমে বোঝাবার চেষ্টা করলাম এর স্থাবংধটা কী। সমবায়ীদের দল থেকে কত আপত্তি উঠল,— এরকম অস্বাভাবিক

উপায়ে কখনোই কাজ হতে পারে না; জমিদারদের তো অর্থের অভাব ছিল না, তারা এ কল আনায়নি কেন। মার্কিন দেশে আচে তো কী হল, তাদের সবই ছিষ্টিছাড়া। এ দেশে ও কল চলবে না। অনেক বকাবকি অম্বনয় বিনয় করে শেষ কল আনাবার অম্বয়তি পেলাম।

শিহরে কল তো ফরমাশ দেওয়া গেল। যথন এসে পৌছল, ওর অদ্ধিনদ্ধি কেউ ভেদ করতে পারলাম না। কোথায় রে বই—বই আনিয়ে পড়ে যা বুঝলাম দেইমতো কল তো চালানো হল, কিন্তু এম্নিকপাল, একশার মধ্যে মোটে ছটি তিনটি ডিম ফুটল। তথন হাসিটিকারির ধুম দেখে কে। ফিরিয়ে দাও কল, বেচে ফেলো কল, বললাম ও কল এখানে চলবে না,—মহা শোরশরারৎ পড়ে গেল।

"আমরাও ছাডবার ছেলে নই। আবার বোঝাতে বসলাম—দেখো ভাইসকল, কলের তো দোষ নয়, দোষ আমাদের আনাড়িপনার। ওস্তাদ নইলে কি কল চলে, বলো তো ওস্তাদ আনাই। কী ভাগ্যি, কথাটা লেগে গেল, বললে আচ্ছা আনাও, কিন্তু এবার খরচ নষ্ট গেলে আর হাসি নয়, মারধর হবে বলে রাখছি।

"সদবে লিখতে তাঁরা এই ওস্তাদনী পাঠিয়ে দিলেন"—ব'লে, নেতা এক মেরেকে দেখিয়ে দিলে। "ইনি আসতেই আমি বললাম—দেখো ওস্তাদনী, তোমার উপর বড়ো গুরুভার। এবার ফেল হলে আর রক্ষেনেই। মেয়েটি এক কথায় বুঝে নিলে, কাল্পও যেমন জানে খাটুনিও খাটল তেমনি—না ওস্তাদনী ?" মেয়েটি একটু সলজ্জ হাসি হাসল। "যা হোক, সেবার মানটা রইল, শতকরা ৭০টা ডিম ফুটে বাচ্ছা হল। চাষারা মহা খুশি, এখন বলে আরো কল চাই।

"হায়রান হয়ে তো আপিনে ফেরা গেল। আস্থি দূর করাবার জন্তে

#### সমবায়-নেতার কথা

আবার ক্লটি বাখন পনীর আনাল। থেতে খেতে ওরা জিজেস করলে. আপনার কেমন লাগল।"

"আমি তো বলি খুব চটকদার, কিন্তু গ্রামবাসী চাষায়া কী বলে।" "চাষাদের কথা ছেড়ে দিন, ওদের গাঁইগুঁই লেগেই আছে।"

সহকারী একটু টিগ্লনি কাটল—"এবার কিন্তু আপত্তির স্থর বদলেছে। এখন বলে— সমবায়ের কাজ আরো তাড়াভাড়ি এগোছে ন্যু কেন।"

গ্রামের ভিতর দিয়ে বাড়ি ফেরার পথে এক বুড়োর বাড়িতে একটু জিরিয়ে নিলাম। সে সময় তার ছই হৃষ্টপৃষ্ট ছেলে সমবায়ের কাজ সেরে এসে থেতে বসল।

বুড়োকে বলগাম, "ভোমরা তো দেখছি সমবায়ে আছ।" "না থাকার কি উপায় রেখেছে।"

"দেখলাম তো কাজ ভালোই চলছে, কত রকম নতুন বাড়ি হচ্ছে।"

"হাঁ, বাড়ি বাড়ি বাড়ি। লোকে বাড়ি খাবে না কি। কত করে বললাম, বাছুর ভয়োর বেশি করে মারো, আশ মিটিয়ে সকলে মাংস খাই। কে কার কণা শোনে। জানোয়ার বাড়িয়েই চলেছে।"

বুড়োর কথায় ছেলৈরা মুখ টিপে হাসছে, আর রুটি আলু ঘোল খুব তৃপ্তি করে থাছে।

বুড়োর গন্গন থামে-না— কালে কী হয় বলতে পারিনে, এখন তো বি-বন্দোবস্তের এক শেষ। থালি থাটো আর থাটো, কার জ্বস্তে তার ঠিক নেই। ছুটি নেই, উপরি নেই, ফুডিটুকু করার যো নেই। গোরু শুরোরের মতো আমাদেরও না হয় ভালো বাড়িতে রাখে, ভর পেট খেতে দেয়, তাতেই কি সব হল। নিজের খেয়ালে চলতে না পেলে

কি মনে ত্বথ থাকে। নিজের বললে যদি দোষ হয়, ডবে নিজের উপক্ল নিজের সম্পত্তির উপর ভিতরে ভিতরে এত মায়া কেন।"

বুড়োর কথার ছিরিতে ছেলেদের হাসি চাপা দায়:হল।

# গোপিকা-কর্ত্রীর কথা

নিকটের আর- এক সমবায়-সম্পাদকের সঙ্গে আমার বন্ধুত্ব হল—
একটু ভারিকি ধরনের লোক। তাঁর বড়ো সাধ্যতাদের পরিদর্শিকার
সক্ষে আমার আলাপ হয়। সেই উপলক্ষ্যে একদিন আমাকে: তাঁদের
আস্তানায় নিয়ে গেলেন।

শেখানে পৌতে দেখি লাল-ফিতে বাধা এক মাধা বোবডিকাটা চুলা নিয়ে একটি মজবুত চেছারার ১৮ বছর বয়দের মেয়ে এক মস্ত কালো গোরুর তুধ তুইতে বলেছে। মেয়েটির নাম বীরা ('Vera)। তার ত্থ-দোয়ায় আশ্চর্য কিছুই নেই, সমবায়তে তুহিতার কাজ মেয়েকেই দিয়ে থাকে।

"এই আমাদের কর্ত্রী"—বলে সম্পাদক আলাপ করিয়ে দিলেন।

"দামান্ত গোয়ালিনীকে লজা দেন কেন।"—মেয়েট এই উত্তর দিতে না দিতে, আমাদের চেহারা দেখেই হোক, আর গলার আওয়াজ ভানেই হোক, গোরুটা চমকে উঠে ছুখের বালভিটা উলটে পালটে বীরার কাপড ভিঁতে দিলে।

সম্পাদক ব্যতিব্যস্ত হয়ে আক্ষেপ করে উঠলেন—"আহা, বাছা রে। বেচারীর কাপড়ের বড়ো টানাটানি, তার উপর আঞ্চকাল ভাণ্ডাক্তে ভালো কাপড় পাওয়াই যায় না।"

এদিকে বীরা তো ছেঁড়া কাপড় ধরে অস্তর্ধনি হল। সেই ফাঁকে সম্পাদক আমাকে তার বুভাস্ত কিছু শুনিয়ে দিলেন।

## গোপিকা-কর্ত্রীর কথা

বীরা ছিল দরজীর মেয়ে। বিপ্লবের আরজে বাপ মারা যায়। শ্রমিকের সন্তানের পক্ষে সব বিজ্ঞালয়ের দার থোলা, জায়গা পাবার জল্পে উমেদারি করতে হয় না। বীরা শীঘ্রই বিছ্বী হয়ে উঠে ক্লবিভত্ত্বর ডিগ্রী নিলে। তার পর রাজধানীর বড়ো বিজ্ঞালয়ে আরো পড়ার ইচ্ছেছিল, কিন্তু ওর গুণপনা দেখে কর্তুপক্ষেরা তা কংতে দিলেন না, ওকে সমবায়ের কাজে টেনে নিলেন। বীরার বিপ্লবে জলস্তু নিষ্ঠা, সমবায়ের কিয়্মকামুন কণ্ঠস্ত, বলতে কইতে, লোককে বাগাতে, বশ করতে ওর জুড়ি নেই, তাই ওকে এখানে নেত্রী করে পাঠিয়ে দেওয়া হয়েছে।

এ সমবায়ের বিশেষত্ব এই যে, এতে শুধু রুশ নয়, ইহুদী, পোল, লেট, লিথুয়েনীয়, পাঁচ দেশের লেকে জুটেছে, সমবায়ী ক্রমাগত বেড়েও চলেছে। তাই উপযুক্ত নেতা চাই।

বীরার ঘাড়ে পড়েছে অশেষ রক্ষের কাজ। লেকচার, পাঠ, আলোচনা, আমোদপ্রমোদ, এ সবের আয়োজন করা তো চাই, তার উপর সমবায়ের সাপ্তাহিকপত্র চালানো, নানা জাতের সমবায়ীদের মিলমিশ করানো, ফাঁক পেলে গ্রামে গ্রামে প্রচারে বেরোনো। ওর সরকারী পদ হল পশুবুবতা-তুহিতা, সে হিসেবে ওকে দিন তিনবার আটটি গোরু নিজে তুইতে হয়, তাতেও টিলেমি নেই। রাহভার আলোচনা-সভা চালিয়ে এলেও দোয়াবার সময় বীরা ঠিক হাজির।

একটু পরে কাপড় ছেওঁ বীরা হাসিমুখে ফিরে এল, আবার সেই গোরু তুইতে বসল, যেন কিছুই হয়নি। আমি দোয়া দেগছি আর অবাক হয়ে ভাবছি, বিখাসই হচ্ছে না যে এই-সবে কৈশোর-পেরোনো মেয়েটুকুর ভিতর এত থাকতে পারে। দোয়া হয়ে গেলে গোরুকে গোয়ালে তুলে, সেখানকার অবস্থা ঠিক আছে কি না দেখে নিয়ে, বীরা

একপত্তন ছুটি পেল। তথন আমরা বাইরে এসে কাটাগাছের শুঁড়ির উপর গল্প করতে বসলাম।

সম্পাদক তামাশা করে আরম্ভ করলেন— "মোটরগাড়ি চড়বে বীরা গ"

সে উৎকুর হরে চেঁচিরে উঠল—"চড়ব বৈ কি। কোপার, কার মোটর।"

"এই প্রবাসী ভায়ার।"

"কৈ। দেখছিনে তো।"

"না, না, আমি মজা করছিলাম। ইনি হেঁটে এসেছেন।—জান, প্রবাসী ভাই, আমাদের বীরার শথ সাথের অন্ত নেই। বলো না বীরা ভোমার সব মনের কথা।"

বীরা। আমার এমন কী বেশি শব্ধ দেখতে পেলেন।

गम्भानक। जुरु जामात्र की की कत्र ज है एक करत बरना ना।

বীরা। মোটরগাড়িতে বোঁ বোঁ করে লম্বা পাড়ি দিতে সভিয় বড়ো মজা। আর রাজধানীতে প্রধান বিছালয়ের ডিগ্রীটা নিম্নে আসতে পারলে হত। আর এরোপ্লেনে উড়তে ইচ্ছে করে। আর কলের লাঙল চালাতে। আর-আর—একটা ভালো দিনেমার ছবি দেখতে,— এখানে যত পচা ছবি আসে। আচ্ছা, প্রবাসী মশায়, আপনাদের মার্কিন দেশের ছোটো গ্রামেও ভালো ছবি দেখায় ?

আমি। তা দেখায় বই कि।

বীরা। একেই তো বলি স্থবন্দোবস্ত। আমরা এখনো অভটা এগোতে পারিনি। কিন্তু ক্রমে করে তোলা বাবে। তাহলে আপনাদের বিপ্লব আরম্ভ হলে এখানে বসে তার ছবি দেখব। তার আর দেরি কত বলুন তো।

## গোপিকা-কর্ত্রীর কথা

আমি ভাবলাম আচ্ছা ছেলেমাসুবের পাল্লার পড়েছি। বন্ধস না ধরতেই একে নেত্রী বানিরে দিলে কোন বৃদ্ধিতে।

সম্পাদক একটু হেসে বললেন, "একে যদি খুশি করতে চাও তাহলে বলে দাও পৃথিবীময় বিপ্লবের আয়োজন লেগে গেছে।"—পরে, আমাদের ফুজনকে বসিয়ে রেখে তিনি নিজের কাজে চলে গেলেন।

তাঁর শেষ কথার প্রতিবাদ করে বীরা বলে উঠল, "বাজে কথা থে ,শুনতে চাচেছ। সত্যি যা, তাই বলুন। মার্কিন দেশের শ্রমিককে তো কম উৎপীড়ন সইতে হয় না, তবে সে কেন ভোষলদাসের মতো চুপচাপ বসে আছে।

আমি বুঝিয়ে বললাম, বেসব মধ্যবিতেরা ধনীর থার পরে, ধনীর দৌলতে বিলাসে থাকে, তারা দলে এত তারি, তাদের অন্তর্শন্ত রসদের বোগাড় এত বেশি, শ্রমিকেরা জ্ঞানে বাদাবাদি করলে পেরে উঠবে না, ভাই বিপ্লব পর্যস্ত এগোর না।

বীরা। আমার তা বিশ্বাস নয়। বল পরীক্ষায় নামলে শ্রমিকের জয় হবেই হবে। সে যাই হোক, মার্কিন দেশের আরো অনেক কথা জানতে ইচ্ছে করে, আুপনি সব বলুন।

আমি। বিশেষ করে কোন কথাটা শুনতে চাও, বলো।

बौदा। এই शक्न ना, आयाद वस्त्री मार्किन त्यत्सदा की करत।

चामि। कुक्-कटनाटक यात्र, वह भए, चारमामचास्लाम करत्र।

বীরা। রোজগার করে না ?

আমি। আৰুকাল অনেকে তাও করে।

বীরা। সে কথা ভালো। মেরেরা নিজের জোরে না থাকলে ভাদের গতিমুক্তি নেই। কিন্তু আপনাদের মেরেরা আর কী করে বল্ন।

আমি। কেউ কেউ রবিবারে গির্জেয় যায়।

বীরা। তাতে কী হয়।

আমি। মনে শাস্তি পায় বোধ করি।

বীরা। চারদিকে ঘেখানে অশান্তি, নিজের মনে শান্তি পাওয়াটা কি বড়ো জিনিস। সেনিন চাবীদের বৈঠকে বলছিলাম – তোমাদের এই পিশু-ছারপোকা ভরা বাড়ি ছেড়ে সমবায়ে এসে মান্তবের মতো পাকতে শেখো। তাতেঁ তারা বললে—আমরা এইভাবেই বেশ শান্তিতে আছি। —নিজের বাড়ি, নিজের ধন নিজের শান্তি, এ কথাগুলোর উপর আমার ঘেরা ধরে গেছে। কিন্তু আপনাদের মেয়েদের বিষয়ে আসলে যা জানতে চাচ্ছি, তাই বলছেন না,—তাদের জীবনের উদ্দেশ্য কী।

আমি। উদ্দেশ্ত তারা নিজেরাই।

বীরা হতভম্ব হয়ে আমার দিকে ড্যাবড্যাবে চোথে থানিকক্ষণ চেম্নে রইল, "আপনি কি বলতে চান তারা নিজে বই আর কিছু জানে না। মার্কিন সমাজে কুসংস্কার কুপ্রথা কিছু নেই, দীন তৃঃখী বিপন্ন উৎপীড়িত নেই, যাদের জস্তে মেয়েদের কিছু করতে ইচ্ছে যায় ?"

আমি। সে রকম ইচ্ছে তো বড়ো একটা দেখতে পাইনে।

বীরা। কী আশ্চর্য। আমার অমন জীবন, হলে ইাপিরে মারা ষেতাম—মনে হত কোন অকুলে হারিয়ে গেছি। বিপুল ভবে আমি একা—কী সর্বনাশ। সে শিউরে উঠল।

এমন সময় বাড়িভাঙা কাঠকাঠরা-বোঝাই গার্ডি সামনের রাস্তা দিয়ে আসছে দেখে বীরা গাড়োয়ানকে হেঁকে কিছু শিষ্টালাপ করে, পরে আমায় বললে, "পাশের গ্রামে কুখনীদের বাড়ি ভাঙা হল, তারি মাল-মসলা কর্তারা এ গ্রামকে দান করেছেন তাই নিয়ে আমাদের গাঙি ফিরল।"

কুখনীর ৰাড়ি ভাঙা ভনে, মনে যে ছঃখ নিমে দেশে এসেছিলাম

## ্গোপিকা-কত্ৰীর কথা

ভাই উপলে উঠল, আমার মুখ দিয়ে বেরিয়ে গেল—"কী সাংঘাতিক।" বীরা। কিনে সাংঘাতিক।

আমি। বল কী। সদ্গৃহস্থ স্ত্রীপুরুষ ছেলেমেয়ে কচিকাচা সব পৈত্রিক ভিটে থেকে আচমকা ঝেঁটিয়ে বার করে দিয়ে অচেনা অজানা জ্বায়গায় মজুরি করতে চালান দেওয়া কী ভয়ংকর কথা।

বীরা। আপনার মতের সবাই ছলে তো বিপ্লবই হত না।
'আমি। তোমার নিজের কী মনে হয়,— কাজটা নিষ্ঠুর নয় ?

বীরা। নিষ্ঠ্র নিশ্চয়ই। আপনারা কি মনে করেন কুধনীকে নির্ধনী করতে আমরা আমোদ পাই? কত বার চোথ দিয়ে জল বেরিয়ে যায়, তবু না করলে নয় বলে করে যাই। হয় রোগবীজ মারতে হবে. নয় রোগী মরবে। হয় ধনী, নয় সমবায়—ছটো এক সঙ্গে থাকতে পারে না।—ছঃখ প্রকাশ করছেন বটে, কিন্তু আপনি কি সত্যি কাঁদতে জানেন। জগৎজোড়া শ্রমিকের আর্তনাদে যদি আপনার প্রাণ কাঁদত, ভাহলে মনও শক্ত হত। শ্রমিকে শ্রমিকে দেশভেদ জাতভেদ ধর্মভেদ নিয়ে লড়ালড়ি হয় না, সেসব খুঁচিয়ে ভোলে মধ্যবিভেরা নিজের কাজ হাসিদ করার জন্তে; মরতে সরে শ্রমিকেরা। বলতে বলতে বীরা রণরঙ্গিণী মুভি হয়ে উঠল।

এ কথার পুর কী আর বলি, জিজ্ঞেদ করলাম—"তুমি কি বল্পুক চালাতে জান বীরা।"

বীরা। তা না জানলে বিপ্লবের ভিতর আসি ?

वामि। वानात्र यनि युष्क नाटन, जूमि नषाहित्य यात्व ?

बीबा। जामात्र त्क र्छिक्ति त्रारंग, एवं एत्थव।

আমি। সে কী, সঙিন নিয়ে থোঁচাথুঁ চি করতে বাধবে না ?

-वीता। (प्रथून, व्यवांनी मभाग्न, धनी आंत्र धनीत्रं श्रीम मधाविख हाड़ा

জগতে আমাদের কেউ শত্রু নেই। তার: যদি কোনোদিন বাগে পার, আমাদিকে ধে কী করবে আপনি তা কর্নাও করতে পারেন না ; জীলোক বালক কারো নিস্তার থাকবে না। নিজেকে বাঁচাতে হলে তথন যে অল্ল হাতে পাই তাই চালাব। বারত্ব কি প্রুষমাছবের একচেটে করতে চান।

বীরাকে আর ছেলেমামুব মনে হল না। ওর কথার বাহাছ্রির: 
মর নেই, মুখে যা বলছে দরকার হলে তাই করবে, সে বিবরে কোনোঃ
সন্দেহ রইল না। ধর্মের দোহাই, রাজার হুকুম, স্বদেশের প্রতিপত্তি,
এই সব উত্তেজনার জােরে অন্ত দেশে অন্ত কালে লােকে ভগবানকে
ভাকতে ডাকতে মারতে মরতে গেছে,—তা তাে জানা আছে। এরা
তাে বাইরের কোনাে শক্তিকে ডাকে না ; সাধারণ মামুষের ছুংথের দরদে
এদের আত্মশক্তি জেগে উঠেছে; এরাও মারতে মরতে প্রস্তুত। নাঃ
জানি কিসের জােরে এরা খাড়া আছে, এত তেকে চলছে।

বীরার নিজের মুখে শুনব বলে জিজ্ঞেন করলাম,—"তুমি তো দেখছি। ধর্ম মান না, শাস্তি চাও না, তবে তোমার মন কিনের প্রশ্নানী।"

বীরা। আমি চাই প্রেম, আরো প্রেম।

আমি। দাম্পত্য প্রেম ?

ৰীরা। সে জিনিসটা কী তা জানিনে।

আমি। তবে যাকে বলে স্বাধীন প্রেম, তাই নাকি'।

वीता। তা नत्र (जा कि। कित्र क्षेत्रमां मी (श्रीम क्ष्म क्ष

আমি লিখে বাচ্ছি দেখে বীরার কৌতুহল হল। আমার কাছে উঠে এসে জিজেন করলে, "আমার কথা টুকে রাধছেন না কি।"

রুরোপীর ভাবার বাধীন প্রেম বলতে বেদ্ছাচার বোঝার। বারা কথাটার ভালে।
 কানে ধরল।

# গোপিকা-কর্ত্রীর কথা

थायि। हैं।, बड़ेंगे शादि।

वीता। दारथरवन, व्यामात्र मूर्य छन्टो कथा विश्व दारवन ना।

আমি। সে বিষয়ে সাবধান থাকব, ভয় নেই।

লেখা শেষ না হতেই বাইসিকেল চড়ে এক যুবক উপস্থিত— ফিট-ফাট নীল বিপ্লবীকুতা গামে, মাথায় নতুন টুপি, পামে পালিখ-করা জুতো, ভাষাও মাজিভ,—চাষার ছাঁদের নয়। "ইনি জেলাস্ক্লের শিক্ষক", বলে বীরা আমার সঙ্গে আলাপ করিয়ে দিলে। তিনি এসেছেন ছেলেমেয়েদের এক আলোচনাসভায় বীরাকে নিয়ে যেতে। বীরা ভখনি রাজি। "চট করে একটু মুখে হাতে জল দিয়ে আসি" বলে আমার কাছে বিদায় নিয়ে গেল।

চমৎকার সংক্রাটি হয়েছে, ঝকঝকে আকাশ, ফুরফুরে মিঠে বাতাস,— এর সঙ্গে মানায় গল্পসন্ত, হাসিখেলা, নাচগান, না হয় আনমনে একা বসা। কিন্তু সমস্ত দিন বেদম খাটুনির পর এ মেয়ে চলল কোথায়, না ক্রোশ খানেক পথ হেঁটে এক বদ্ধ স্থুলঘরের ভিতর রাত তুপুর পর্যন্ত আলোচনা করতে যায়া বৈঠকে ওর জন্তে অপেকা করছে, তারাও সারাদিন খেটেখুটে, এসে জমায়েত হয়েছে। আলোচনার বিষয় যে ক্লাইতন্ত, তা ভালো করে রুঝতে বোঝাতে পণ্ডিভেও হায় মানে—

ধন্ত ভোমরা বিপ্লবের ছেলেমেয়েরা। ভোমরা কোন্ আলো দেখে ছুটে চলেছ, জানিনে,—কৈন্ত ভোমাদের মার নেই।

প্রবাসীর কথা এই পর্যস্ত।

তাঁর সঙ্গে স্থ্য মিলিয়ে আমরাও ধুয়ো ধরি—বীরার মুখে ফুলচন্দন-পড়ুক। USSR যদি সতিয় প্রেমের প্রেরণায় চলতে থাকেন, তাহকে অস্তরের হোক, বাইরের হোক, রিপুর কী সাধ্যি তার লক্ষী সমেজ্ঞ নারায়ণ লাভের পথ আটকায়।

# পঞ্চম পালা

# চতুর্বর্গের ফল-বিচার

## ফলেন পরিচীয়তে

ফল দিয়ে শুধু গাছের নয়, বীজ থেকে আরম্ভ করে, মাটির, মালীর, মালিকের,—সকলেরই কিছু না কিছু পরিচয় পাওয়া যায়। সেইজস্তে যদ্ধ করা হয়ে থাকলেও কোনো একটা উদ্দেশ্য সিদ্ধ না হলে প্রবচদের দোহাই দিয়ে "তবে দোষ কী ?" বলে বসে থাকলে হয় না। বরং প্রবচনটার মানে একটু ঘূরিয়ে নিয়ে, দোষটা কোথায়, মাঝের নানান খাপের মধ্যে গলভিটা ঠিক কোনখানে ঘটেছিল, খুজে বার করার মজ্রি পোষায়। বিজ্ঞানীদের সেই ত্রীন করবি মস্ত্রই এ যুগের উপযোগী—
try try try again

ফলের বিষয়ে ভাবার আরো কথা আছে। একই ফল ফলাতে আনেক উপকরণ লাগে, আবার একই আয়োজনে রকম-বেরকমের ফল পাওয়া যায়,—বিশেষত যদি সমীকরণ যজ্ঞের মতো জটিল আয়োজন চলতে থাকে। তার মধ্যে কোন্ ফলটা ধরে গুণাগুল যাচাই হবে, সেটা যাচনদারের নিজের ধাতের উপর আনেকটা নির্ভর করে।

য়ুরোপের এখন লড়াকে মেজাজ; USSR-এর ফৌজ, যুদ্ধ জাহাজ, এরোপ্লেন,—এ সবের চেকনাই দেখলে য়ুরোপীয় বিচারক খুশি না হোক, তার ভক্তি আসে। মার্কিন দেশে বস্তু বোঝে; USSR-এর কারখানার অশেষ মাল, খনির অফুরস্তু ভেল, কেত্রের বাড়স্তু ফসল, এ সবের রটনা

<sup>&</sup>gt; শ্রোতাকে সাবধান করে দিতে হয়; সংস্কৃতশান্ত মন্থন করলে এ নামের মন্ত্র মিলবে না।

## ফলেন পরিচীয়তে

কানে গেলে কেন্দো মার্কিন প্রশংসা না করুক, ভাগ বসাতে লালায়িত হয়ে গোলামে দ লাগায়।

এক এক দেশের নাম দিয়ে উদাহরণ দেওয়া হল বটে, কিন্তু সব দেশে নানা ভাবের লোক পাকে থারা বিচারে বসলে নিজের রুচিমতে প্রদেশ সম্বন্ধে একতরফা রায় দিয়ে খালাস হয়। তাই নিবিচারে পরের সম্বন্ধে লোকের কথা মেনে নিলে প্রায়ই ঠকতে হয়; এমন কি নিজের বিষয়ে যে বা বলে তাও ব্রেস্থ্রে নেওয়া ভালো। না দেখেগুনে পোকাধরা ফল চিবোতে চিবোতে আমি নিয়মিষাশী বলে বড়াই করলে তো হয় না; অক্তদিকে পরের হিতের ভাবনায় যে পাগল, সে নিজেকে নান্তিক বললে আমরা কি তা মানতে বাধ্য।

USSR-এর বস্তু তালোই বাড়ছে, আরো বাড়বে বলে লক্ষণ দেখা যায়। তবে, বস্তু যে-দেশের সে দেশেই আগলানো থাকে, তাতে লোভ করে লাভ কী। কিন্তু ভাবের দেশকাল নেই, একার ভোগে তাকে আটকে রাখা যায় না। সেজতো আমরা চাই USSR-এর ভাব বুঝতে, লোভনীয় লাগলে আদায় করে নিতে।

ভাব কথাটাই বেশ রসে ভরা। ভাব হল মনের বাস্তুভিটে, বিশ্ব-রাজ্যের যে জায়গাটুকু আপনার করে নিয়ে মন গুছিয়ে বসেছে। "হু'জনে বড়ো ভাব"—মানে হ'জনের মন এক বাসায় থাকে, অস্কুভ পরস্পরের কাছে ঘন ঘনং যাওয়াআসা করে। এমন কুনো মনও দেখা যায় যে নিজের বাড়ি ছেড়ে বেরতে পারে না; ভার পক্ষে অভ্যের ভাব বোঝা অসাধ্য। জনব্যের বাচ্ছা বৃন্দাবনে গিয়ে পঙলে না জানি কী ঢঙে সেখানকার গীলা খেলত।

ভাবের পরীকা সম্বন্ধে সাবধানে থাকার বিষর এই, যার পরীকা করা হয় আর হে পরীকা করে, বিচারফলের মধ্যে ছক্তনেরই ভাব মিশে যার।

# চতুর্বর্গের ফলবিচার

আবার রায় যে দেয় আর রায় যে শোনে, এদেরও ভাব মেশামেশি না হরে বায় না। ভাবের মতো সুল্ম জিনিস নিয়ে নাড়াচাড়া করতে গেলে তা হবেই। কিন্তু তাতে দোষই বা কী। শেষে যে ভাব ফুটে ওঠে সেটা যদি উপাদের হয়, তাহলে কার মনে ক্তথানি ছিল তাই নিয়ে বোঁট না করে তাকে পরমানলে আত্মসাৎ করাই বৃদ্ধিমানের কাজ।

চতুর্বর্গ বলতে কী বোঝার, তাও আগে থেকে ঠিক করে নেওয়া মলং নয়। মান্ধাতার আমলের এইসব কথার আজকাল মা-বাপ নেই, কেং বেমন খুশি ব্যবহার করে। তাই কথকের মানেটা শ্রোতার কাছে-প্রথমেই গেমে রাখা ভালো; আখর দেওয়ার সময় তাহলে ভূল বোঝা-বুঝির ভয় থাকবে না।

এই দেখো না কেন, আজকাল আমাদের দেশে বল, আর যে দেশেই বল, ধর্ম বলতে বোঝার কাড়াকাড়ি করার, অন্তত মান্ত্র্য থেকে মান্ত্র্যকে তফাত রাথার একটা ছুতো। সমীকরণের কথা ভালো মনে বলতে ভনতে বসে ধর্মের সে মানে নিয়ে আমরা কী করব। যাতে ধরে রাখে সেই ধর্ম—ভারতবর্ষে আগে চলতি এ মানে তো বেশ ছিল। কোন্ কোন্ ভাব USSR-কে বজার রেখেছে, শক্তি যোগাচ্ছে, সে ভাব অজ্ঞেরও কাজে লাগতে পারে কিনা, ধর্মের বর্গে তাই বোঝার চেষ্টা করা যাবে।

তার পর হল, অর্থ। এ কথাটা এমন হাত-পা ছড়িরে বসেছে, বাতে লাগাও তাতেই লাগে। আপাতত ওকে সম্পত্তির উপর আটকে রাখলে আমাদের কথার স্থবিধে হবে। ব্যক্তির পক্ষে সম্পত্তি অনর্থের কারণ, সে বিষয়ে হিন্দু আচার্থের সঙ্গে USSR-এর একমত। এখন দেখতে হবে, USSR-এর নববিধানে সমবারের হাতেও সম্পত্তি পরমার্থের ব্যাঘাত করছে কি না। এটাও দেখার বিষর, ব্যক্তিকে সম্পত্তিছাতা আর লক্ষীছাতা করা এক কথা হরে দাঁড়ার কি না, এছিক

#### ফলেন পরিচীয়তে

উৎকর্ষ সাধনে তাকে উদাসীন করে তোলে কি না। লক্ষীর মান রেখে বিচার করতে হলে, দেবীর বস্তুতান্ত্রিক স্থূল মূর্তি গড়লে চলবে না, আনন্দলাভ দিয়ে তাঁর প্রসাদকে মাপতে হবে।

তৃতীরবর্গ, কাম। ব্যবহারের দোবে কথাটা যাচ্ছে-তাই হয়ে গেছে।
আমাদের কথা গোড়ায়ও যা ছিল, শেবেও তাই,—মাম্বের মূল ঐছিক
কামনা হচ্ছে, জগতে লক্ষীর প্রতিষ্ঠা। সেটা সম্ভব করতে হলে

নরনারীর আপনাদিকে নারায়ণের, বিশ্বমানবের, অংশ বলে বোঝা
দরকার। সে বোধ অন্তত আমাদের দেশে এ পর্যন্ত হয়ন।

দেবী ব'লে হোক, আর রমণী-কামিনী বলেই হোক, হিন্দুর মন স্ত্রীজাতির ডাইনে বাঁরে ঘুরতে থাকে বটে, কিন্তু সেরেফ নারী বলে তাঁদিকে নিজের মহিমার ফুটতে না দেওয়ায় বেচারীদের মন একেবারে গণ্ডিবদ্ধ হয়ে পড়েছে। দিদিমার বা বাড়ির পুরানো ঝির পরামর্শমতো এর পায়ে ওর পায়ে মাথা নোওয়াতে, পাওাপুরুতের ফরমাশ মতো এ-জ্বলে ও-জ্বলে মাথা চোবাতে তো শেখে, কিন্তু কালের উপযোগী কোনো ভাব কি আদর্শ শেখায় কে। আরো মুশকিল এই, বাঁদের শিক্ষার ক্রাটতে হিন্দুনারীর এই দশা, তাঁরাই তাচ্ছিল্য করে তাদিকে ধর্ম-অর্থ উপার্জনের পথের কাঁটা বলেন।

বুণা আক্ষেপ করার জ্বন্তে এ কথা তোলা হয়নি। শাস্ত্রে বলে শনর"কে বেশ করে চিনে ফেলাই "হয়"কে পাবার একটা উপায়। USSR-এর বিধানে নরনারীর যা সম্বন্ধ দাঁড়িয়েছে, সেখানকার বিপ্লবী সমাজে নারী যে স্থান পেয়েছে, তাতে আত্মোরতির স্থবিধে অস্থবিধে কেমন, তাই আমাদের এ পালায় বোঝার বিষয় হবে, সেজপ্রেই এই তুলনামূলক সমালোচনা।

वाकि दहेन त्याक,--वाकात्वद याला अकठा यस कांका कथा।

## চতুর্বর্গের ফলবিচার

পণ্ডিতী চালে আলোচনায় বদলে না-বোঝার অশ্বকার ঘনিয়ে আদার ভয়, তাই সাদা ভাবেই কথা পাড়তে হবে।

মামুষমাত্রেই মুক্তিপথের যাত্রী, পদে পদে পুরোনোর খে'লসমুক্ত হয়ে তাজা জীবনে পা বাড়াতে না পারলে সে জেয়াস্তে মরা হয়ে থাকে। কিন্তু বাকির বছর দিয়ে নয়, কাজ দেখে বুঝতে হয় মুক্তির পথে কে কতটা চলতে পেরেছে। মুখে "বস্তুধৈব কুটুম্বকম্,"— কাজে একে ছুইনে, ওর পাশে বসিনে, তার হাতে খাইনে; চাই "মনের মামুষকে," —সামনের মামুষের অ্থত্বংখ মনে লাগে না; যাব আনন্দধামে,— বিধাতার নিত্যদানের রস তৃপ্তি ক'রে গ্রহণ করতে জানিনে, এই কি মুক্তির পথে এগোবার চেহারা।

USSR-এর নরনারীরা নানা সমবায়ের মধ্যে সংঘবদ্ধ হওয়ায় তারা অস্তত এক পত্তন "আমি, আমার", পেকে "আমাদের" বড়ো কোঠার মধ্যে মুক্ত হয়েছে। এখন দেখার, ভাবার এইটুকু বাকি যে, সংঘে জড়িয়ে পড়ে, নিজত্ব হারিয়ে, ব্যক্তির চরম বিকাশের বাধা কিছু ঘটছে কিনা। এই আলোচনার সঙ্গে সঙ্গে আমাদের চতুর্বর্গের বিচারও সাক্ষ হবে।

## ধৰ্ম এব হড়ো হন্তি

বিপ্লবের আগে, রুশ ভক্তির দেশ, ভক্তের দেশ, ধস্তুর্রাজ্ঞার পুণ্য-প্রজার দেশ বলে মুরোপে তার নামডাক ছিল। Kiev-নগর ছিল রুশের কাশী, পাহাড়ে উপত্যকার বনে-বাগানে মিলিয়ে অতি মনোরম স্থানে পত্তন করা। সেগানে কিবা মঠ মন্দির পাণ্ডা-পুরোহিতের ধুম, মন্দির-গির্জের ভিতরে সোনারুপো জহরতের বাহার, ঝলমলে ঝাপ্লাঝোপ্লা-পরা পুজারি-পাদ্রীদের স্কালসন্ধ্যে মন্ত্র আওড়ানোর ঘটা, কঠোরতার

## ধর্ম এব হতো হস্তি

নানচিক্ধারী গুহাবাসী তাপসদের ভিড়, দেহরাখা সাধুসন্তদের সমাধিস্থানের ছড়াহড়ি, ব্যাধিহরা পুণ্যভরা জলের রক্মারি আধার—সে দেশকালের ধারণামতো ধর্মের যা-কিছু তোড়জোড় দরকার, কোনোটারই ফ্রটি ছিল না।

আর তেমনি বিনয়ে-৻ইট-মাথা, যা-বল-তাই-সই-গোছের নিষ্ঠাবান্
প্রজার দল। তারাই মাথার-ঘাম-পায়ে-ফেলা রোজগারের ভাগ যুগিয়ে
এই বিরাট ধর্মব্যাপার বজায় রেখেছিল। রোগশোক শাস্ত করার
প্রয়োজন বোধ করলে, কিম্বা লালদিনে পুণ্যসঞ্চয় করার ঝোঁক চাপলে,
ছেলে-বুড়ো-স্ত্রীলোক মিলে তারা লাঠিহাতে বোঁচকাকাঁধে, পায়ে হাঁটতে
ইটিতে এই সব মঠ মন্দিরে লাখে লাখে গড় করতে যেত; ইউম্ভির
সামনে বাতি চড়াত; মৃতসন্তদের ভুলে রাশা গায়ের কাপড়ে চুমো
খেত; পাগুপান্তীর কাই থেকে পবিত্র জল কিম্বা আনীর্বাদ কিনে
আনত।

শেখান কার বিগ্রহদের পশুরক্তে ক্রচি ছিল না বটে, তবে তাদের কাছে বর আদায়ের আশায় ছোটোবড়ো মোমবাতি থেকে আরম্ভ করে দামী দামী গয়না পর্যস্ত মানত করা হত,— তা অপরকে ঠকানো, জন্দকরা, পীড়া দেওয়ার বর চাইলেও সে সব অমায়িক বিগ্রহবৃদ্দের বিরক্রির কোনো লক্ষণ প্রকাশ পেত না।

কয়েকটি করে গ্রাম মিলিয়ে একটা করে গির্জে, আর সেই সক্ষে একটি পাদ্রীবাবাজি (batushka) বরাদ ছিল—তাদেরও থরচ অবশ্রু চাষাভূষোকেই বইতে হত। সাধারণ প্রজার ভূলনায় থাকার বাড়িটা

১ মাটির তলার সুরলের মধ্যে অসংখ্য গুছা ছিল, বেখানে তাপদেরা কালকেপ করত: তাকে জীবনবাপন বলা হার কি না সম্পেছ।

<sup>&</sup>gt; সম্বন্ধের আবির্ভাব তিরোভাবের পর্বদিন খ্রীস্টান পাঁজিতে লাল অক্সরে লেখা।

# চতুর্বর্গের ফলবিচার

বাবাজি ভাগোই পেতেন, আর লাগাও অনেকথানি জমি থাকত হাতে যজমানদের সাহায্যে বাবাজির পরিবারবর্গের ফলমূল-সবজির চাষ করে শৌথিন থাবারের যোগাড়টা হত। তাছাড়া অতিথি উপস্থিত হলে টুসেবার আয়োজন—ত্ব ডিম পনীর মাংস—দেখলে মাসহারার হারটা মন্দ ছিল বলে মনে হত না। তার উপর ক্লশের প্রথামতো ক্টোপর দিন গরম চা ভো চলতই।

বাবাজির কাজের মধ্যে গ্রামবাসীদের জন্ম, মৃত্যু, বিয়ে, নামকরণ উপলক্ষে ধর্মগংগত ক্রিয়াকর্ম তিনি চালিয়ে দিতেন; আর রবিবারে পর্ববারে সত্পদেশ দিতেন, বিধাতার থাতিরে নিজের হীনাবস্থা নিবিবাদে মেনে নিতে, পরলোকের দিকে তাকিয়ে রাজার কর, ধর্মের রুজি, যোগাবার ক্রেশ ভূলে থাকতে। শুধু মৌখিক উপদেশই বা কেন, বাবাজির স্থেশান্তিময় জীবনধাত্রা দেখলে, তগবান যা করেন তালোর জন্তে সে বিষয়ে কি সন্দেহ থাকতে পারত।

হঠাৎ এসে পড়ল বিপ্লব। সর্বন্ত ধেমন দেখা যার, এখানেও তাই,
—পায়ের-ভলার-মামুবের মাধা-ভোলার বিপক্ষে কর্মকর্তার ধর্মকর্তার
একজোট হলেন। মোহস্ত পুরুত পুজারি যতরক্ষের পাদ্রী ছিল
সকলে মিলে ভগবানের নামে ধর্মের ধ্বজা তুলে, ইহঞ্চাল পরকাল নাশের
ভয় দেখিয়ে বিপ্লবীদের ঠাণ্ডা করার চেষ্টা পেলেন। কিন্তু ভারা
ভোলবারও নয়, ভরাবারও নয়, বেমন গোঁয়ার তে্মনি ঠোঁটকাটা।

বিপ্লবীরা বলে বসল—দলে না থাকলেই শক্ত; কাজেও দেখাল তাই।
মঠ মন্দির গির্জে সমাধি যার যার সম্পত্তি সব কেডে নিয়ে, পাল্রীবাবাজিদের ছোটো বড়ো স্বাইকে ইতরের কোঠায় নামিয়ে এনে,
তাদেরই দেওয়া উপদেশ মতো পরকালের আসার আশে ইহকালের
আলা জুড়োবার অ্যোগ পাইয়ে দিলে।

#### ধর্ম এব হতোহস্তি

ধানিকেরা অবাক। ধর্মস্থানের ধর্মঅমুষ্ঠানের ধর্মাজকের এ হেল অপমান, অপচ ভগবানের কোপের কোনো চিহ্ন নেই। ধরণী বিধা হওয়া দুরে পাক্ একটুও কাঁপল না, কারো মাপায় বাঞ্চও পড়ল না। আর রুশের দেই ডাকসাইটে ধর্মপ্রাণ চাষীর্ন্দ,—তারাই বা কোন্প্রাণে এই সর্বনাশ সয়ে গেল। এমন না যে তারা একেবারে মাটির মামুর, রা কাড়তেই জানে না। থেতে না পেলে তারা কতবার প্রেনাপ্নি কাও করেছে। কী সম্মোহন মন্ত্র জানে বিপ্লবীরা যে তাদিকে এমন কেঁচো বানিয়ে দিলে।

বাঁরা চোখ চেয়ে দেখলেন, তাঁরা কিন্তু এমন কিছু তাজ্জ্ব হবার কারণ পেলেন না। শিথিয়েছ নির্বিবাদী হতে, হয়েছে নির্বিবাদী, তাতে আর আশ্চর্য কী। দিশাহারা হলে চাধারা ধাদের কাছে বিধান নিত তাদের বিপদে এখন বিধান দেয় কে। কাজ্জেই ধর্ম বলে যা জ্ঞানত, এখন জ্ঞানল তার উপর নির্ভর করা চলে না। গির্জের কর্তাই শ্রীহীন, কার থাতিরে গির্জের যাবে। কাজেই চাধার নিজের পশ্বনিজে দেখতে লাগল।

দেখাশোনার লোক নেই, গির্জে ভেঙে পড়ছে, ভাঙা ইটকাঠ বে-যার বাড়ির কাজে লাগিয়ে নিলে। রবিবার এখন হল গ্রামবাসীর আরামের দিন,—বাড়ি বসে গৃহস্থালি তদারক, খোসগল্ল, হাসিখেলা এই সবের অবসর পায়। এতে বিচলিত হবার কোনো কারণও দেখে না, ভগবানের অসম্ভোবের লক্ষণ তো নেই; জীবনের স্থখত্থ আঙ্গের মতোই, বরং করবৃত্তি উঠে যাওয়ার অবস্থা হয়েছে সচ্ছল। এমন বিশ্লব মেনে নেওয়ার জন্তে কি কোনো মন্ত্রজ্ঞ লাগে।

তবে বিপ্লবী কর্তানা একটু কৌশলও খেলেছিলেন। জনির স্বস্থবদল নিয়ে তাঁরা চাবাদিকে অকালে ঘাঁটাননি। বিপ্লবের নতুন ধারা

# **ह** कुर्वर्श कन विहास

গা সওয়া হয়ে যাবার পর তবে সমবায়ে চাবাদের ডাক পড়ল, তখন কাজ হাসিল করতে বেশি বেগ পেতে হল না।

তার পর থ্রীন্টানমহলে রব উঠল—বিপ্লবী-প্র্থির কুশিক্ষার চাবাদের
ধর্ম নষ্ট করে তাদিকে নান্তিক বানিয়েছে।

এ সিকায়তে আমর। কি সার দিতে পারি। প্রথমত একটি বিশেষ শ্রীস্টান সম্প্রদায়ের বিগ্রহে, ক্রিয়াকর্মে, আস্থা হারানোকে, বা তারা ভগবানের যে স্বরূপ প্রচার করে তার মাহাত্ম্য স্বীকার না করাকে, কেমন করে নাস্তিকতা বলা যায়।

তবে বিপ্লবীরা এমন কথা কেন বলে—"গরীবের তিন শক্র,—ধনী,
শরতান, আর ভগবান। ধনীকে তাড়িয়েছি, শরতানে আর বিশ্বাস করি
নে, এখন ভগবানকে বিদার দিলেই হয়।" এ কথা শুনে ভজেরা
কানে হাত দেবেন, আমাদের বদন কিন্তু অমান থাকে। এমন কি,
জানতে ইচ্ছে করে, "ভজ্জদের হাত থেকে বাঁচাও"—ভগবান কথনো
এমন আক্রেপ করেন কি না।

চাষারা যখন রাজ-আমলার আর জমিদারের নিষ্ঠ্র নিম্পেরণে জেরবার হয়ে পড়েছিল, দিনের পর দিন বছরের পর বছর স্থখ দূরে থাক্ সোয়াস্তি কাকে বলে তাই জানত না, তখন ধর্মযাজকদের কাছে না মিলল অম্ভারের প্রতীকার না প্রতিবাদ, পেতে পেল ফাঁকা উপদেশ — শুনই তাঁর ইচ্ছে, নিজের অবস্থার সম্ভষ্ট না থাকা মহাপাপ।

বিপ্লবের ঝাঁকানি খেরে ভাদের বৃদ্ধি যথন একটু খুলে গেল, ভখন থাকে যন্ত্রণামর অবস্থার মূল কারণ বলে বৃথিরে দিয়েছিল, ভাকে শিত্র<sup>99</sup> বললে ভাষার একটু উলটো প্রয়োগ হত্না কি।

ভার চেরে, আমাদের শাল্পের উপদেশমতো তাদিকে যদি বোঝানো হত বে, "তার শক্তি ভোমার মধ্যেই; তার ইচ্ছার নম্ন, তার অভাবে

### ধর্ম এব হতোহন্তি

ভোমরা হীন হয়ে আছ; আত্মশক্তি জাগাও, তাঁকেও পাবে।" তাহলে চাবার মনে ভগবানকে শয়তানের সঙ্গে এক কোঠায় বাস করতে হত না।

সাধে এক নাস্তিক বলেছিল— "আমরা তো ভগবানকে নিন্দে করিনে, যাকে মানিনে তার নিন্দেই বা কি প্রশংসাই বা কি। কিন্তু ভোমরা ভজেরা ভোমাদের মনগড়া ভগবানের বড়াই করতে গিয়ে তার রূপ থেরকম দেখাও, তাতে মানহানির অপরাধ আসে বই কি।"

বাস্তবিক অন্তত ভাবে ভগবৎ-রূপ-ব্যাখ্যা মাঝে মাঝে করা হয় বলেই আমাদের আলোচনায় ভগবানের নাম আনতেই ভয় হয়, পাছে শ্রোতা অনবধানে আমাধের কথার সঙ্গে সেরকম ভাব জড়িয়ে ফেলেন।

যাই হোক, অনেকদিনের চাপা-পড়া আত্মশক্তি গতামুগতিকের বাঁধ ভেঙে যথন প্লাবনের মতো রুশে দেখা দিল, তাতে 'আমরা আছি, আমরা থাকব', 'আমরা উঠব, আমরা ওঠাব', চারদিকে এই সব ভরসার ধ্বনি শোনা বেত, এখনো বাচ্ছে। নান্তিকভার 'কেই কেঁই, নেই নেই' বিলাপ তার মধ্যে কোথায়।

মামুবের প্রতি মামুব স্বাভাবিক প্রীতি নিয়ে ধরার আসে। রিপুর আক্রমণে সে-প্রীতি চাপা পড়ে যায় ব'লে 'ভব'টা এত নিরানন্দ। বিপ্লবের ধাক্কায় রিপুগুলো একপন্তন সরে যেতে রুশবাসীর পরস্পরের প্রতি স্বাভাবিক টান ফুটতে পেয়ে ভাদিকে সমবায়ে বেঁথে ফেললে। প্রীতির বাড়া কি ধর্ম আছে, ভালোবাসার চেয়ে জোর বাঁধন কি থাকতে গারে।

প্রীতির অভাবে ক্রিয়াকর্ম বল, মন্ত্রজ্ঞ বল, সে শুর্ বৃধা নয় আফিমের নেশার মতো অনিষ্টকর,—প্রীতির অভাবের আলা উপস্থিত-মতো ভূলিয়ে রাখতে পারে, কিন্তু বৃধিক্ষচির অধঃপতন ঘটায়।

দেশবাসীকে থাড়া করে তোলার জন্তে বিপ্লবী কর্ডারা সেই আফিম বন্ধ করলেন, তাতে পুরোনো নেশাখোর যারা ছিল তাদের কিছু কষ্ট হল বটে, কিন্তু ধর্মনষ্ট হওয়ার অভিযোগটা আমাদের কানে কিছু অন্তত শোনার।

মান্থবে মান্থবে প্রীতির যোগসাধন হলে কর্মের কৌশল, কর্মের অ্ফল, কর্মের আনন্দ সবই বাড়ে তা শাস্ত্রেও লেখে, কাজেও দেখা যাছে। তবে ধর্মের বাকি থাকে কী। যদি বল 'বাকি রইলেন ভগবান!' তবে সে কথাটা একটু ভাবতে হয়।

ভগবানকে ডাকার কত কৌশল মান্থবে বার করেছে—মনে জ্বপ, হাতে জ্বপ, লিখে জ্বপ, এমনকি তিব্বতী কায়দায় জ্বলের স্রোতে কল প্রিয়ে জ্বপ; মন্ত্র উচ্চারণের বিড়বিড়, গুনগুন, হুংকার ছাড়ার আওয়াল, কাশর ঘণ্টার কানে-তালা-লাগানো আওয়াল, ঢাকঢোলের আকাশ-ফাটানো আওয়াল; কিন্তু এত করেও আমাদের মতো সিধে বৃদ্ধির দর্শকের মনে সেই সন্দেহ জাগতে থাকে,—"ভগবানই বাকি রইলেন বৃঝি।"

কোনো কল্লিত রূপকে সারাদিন চোখের সামনে ধরলে, মাছুবের দেওরা বে-কোনো নামকে অপ্তপ্রহর আওড়াতে থাকলে, তাতে তো ভগবানকে জবরদন্তি হাজিরও করা যায় না, তাঁকে আনার সামিলও হয় না। অনেক সময় দেখা যায়, তিনি যখন স্বয়ং নিজমূর্তি ধরে আসেন, আমরা চিনতেই পারিনে। তবে তাঁর আগমন সম্বন্ধ নিঃসন্দেহ হবার এক লক্ষণ ঋষি বাতলে দিয়েছেন,— "তাঁর সাক্ষাতের আনন্দ যিনি পেয়েছেন, তিনি কখনো কিছুতে ভয় পান না।"

রুশের বিপ্লবী গ্রামবাসীদের আমরা ষেটুকু পরিচয় পেরেছি, ভাতে ওদের মধ্যে পরস্পর প্রীতির অভাব দেখা যায় না, আলগা আলগা থেকে ধ'সে পড়বার লক্ষণ কিছু নেই। দলে দলে ভেদ, জাতে জাতে জেদ,

### ধর্ম এব হতোহন্তি

বিচারে স্নচিতে ভেদ,—এরকম ছন্নছাড়া হয়ে ধর্মকে মারলে ধর্মের পাল্টা মার কেমন ক'রে থেতে হয়, আমরা ভুক্তভোগী তা হাড়ে হাড়ে জানি।

ধর্মকে অক্সভাবে মেরে রুশের রাজপুরুষরা তাদৈর ধামাধরা ধর্মজীবীদিকে সঙ্গে জড়িয়ে ধর্মের মারে সমূলে ধ্বংস হল। কিন্তু ঐ রুশেরই প্রজারা ধর্মমারা পাপে লিপ্ত না থাকায়, বিপ্লবের ঘারা তারা উদ্ধার পেয়ে গেল। তাদের মধ্যে আগে যারা জেগে উঠল, কিবা করে কিবা নারী, তারা নিজেকে ভূলে অক্স হারা মোহনিদ্রায় আধাআঠেতন, তাদিকে বাঁচিয়ে ভুলতে প্রাণপাত করছে। ফলে রুশের জাগ্রত আত্মশক্তি রাষ্ট্রকে সমবায়ে সমবায়ে জড়িয়ে এমন অভেন্স বর্ম পরিয়েছে যে যত পাশ্চান্ড্য রাজভন্তী আছে, তারা বিরুদ্ধে দিখেও ভন্ম দেখাতে পারেনি। ভন্ম পেতে অপর পক্ষরাই পাছে, এদের তেজ দেখে তাদের বিরুদ্ধতার ঝাঁজ আপনিই মরে আগতে।

এখানকার শেষ প্রশ্ন এই টুকু— এমন ভাবে অভয়ে প্রভিটিভ হারা, ভারা ভগবানের কোনো বিশেষ নাম উচ্চারণ করে না বলে ভাদের কি ধর্ম নেই। কানাই বিনা খেয়ানৌকো ভো টলতে টলতে চলে—হিদি নৌকোটা বেশ সোজা চলতে থাকে ভাহলে চর্মচোখে দর্শন না পেলেও, মন কি বলৈ না যে, হাঁলে কানাই ঠিক আছেন। রুশের দেশে কলির শেষে বাধ হয় জয়দেব কবির কথা আর খাটছে ন',—হিরির নাম বাদ দিয়েই তাঁদের গুভি হয়-বা।

একটা ছড়া কেটে ধর্মের কাহিনী শেষ করে আনা যাক:
নরের মিলন হলে মেলে নারায়ণ।
ফাঁকা নাম হাঁকে তাঁর দূরে পলায়ন।

## ভ্যক্তেন ভূঞীথা

ব্যক্তির হাতে সম্পত্তি রাখা নয়, কিছুতেই নয়, এই হল USSR-এর প্রধান নিবেধ। সম্পত্তি বলতে তাঁরা বোঝেন আবশুকের অতিরিক্ত জমানো মৃলধন যা দিয়ে পরকে থাটিয়ে নিজের বিলাস বাড়ানো যায়। সংসারে কারো অতিরিক্ত কারো অভাব হয়েই থাকে। যায় যা উষ্ভ সবই থাকা উচিত সমবায়ের হাতে, যায় যা অভাব প্রিয়ে সামঞ্জ্ঞ রাখার জন্তে। দরকায়ের বেশি ধনে লোভ না রাখলে ঝঞ্চাট চিন্তা অনেক বেঁচে যায়, অতিরিক্ত উৎপন্ন মাল গভাবার গোলামচোরের থোঁজে ফিরতে হয় না। প্রত্যেকে অতিরিক্তের লোভ ত্যাগ করে সকলৈর সজ্যোগের বিধিমতো ব্যবস্থা করা, এই হল আদর্শ।

USSIA দেখে শুনে বুঝে সাব্যস্ত করেছেন, মূলধন এক জনের হাতে জমতে দিলেই তাতে রিপুর বীজ এসে বসে, স্বার্থপরতার সার পেরে বেডে ওঠে, শেষ্টা সমাজকে গ্রাস করে। মূলধনের জড় মেরে দিলে, ধনী-দরিজের ভেদ; প্রবল-ছুর্বলের আহার-বিহারের ভেদ; স্ত্রীপুরুবের আধিক অবস্থার ভেদ,—এ সব ঘুচে গিয়ে সমাজ পরিকার হয়ে যাবে; দলে, দলে, জাতে জাতে, মান্থবে মান্থবে আর ঝগড়া লাগবে না, মানব-ছদমের যে স্বাভাবিক মৈত্রী তাই বিরাজ করবে।

ক্ষমতা অনুসাবে সকলকেই শ্রম করতে বাধা হওয়ার শরীর মনতা অনুসাবেই; তাছাড়া, পরের চাপে কি নিজের লোভে অতিরিক্ত খাটুনিতে শরীর না ভাঙলে, অনিশ্চিত অন্নের ফুশ্চিস্তায় তথিয়ে বেতে না হলে, পরস্পরের স্থখ বাড়াবার চেষ্টায় নতুন জ্ঞান লাভ, নতুন নতুন সম্পদ সৃষ্টি করার যথেষ্ট অবসর থাকবে।

<sup>&</sup>gt; निक्तित वा পরিবারবর্গের দরকারী লিনিস ভাড়ারে ক্ষমা রাখতে সানা নেই।

২ পালোৱানকে দিয়ে কলার চর্চা, কিখা ভাবুককে :দিয়ে লাওল চালানো, কাজের এমন অস্কৃত বাঁটোরারা হবে না, বলাই বাহলা

# ত্যক্তেন ভূঞ্জীপা

এ আদর্শ, এ যতায়ত যানলে, আজকাল হাকে পাশ্চান্তা সভ্যতা বলে, যার মধ্যে আমরাও জড়িরে পড়েছি, তার গোড়ায় কুডুলের বা পড়ে; সেজপ্তে মুরোপের মার্কিনদেশের লোকে, আর তাদের এ দেশের চেলারা তো USSR-এর উপর এত খাপ্পা। কিন্তু আমাদের দেশের সনাতন ভাবের তরফ থেকে এতে আপত্তি করার কারণ পাওয়া যায় না। ভোলানাথ অরপূর্ণার অর্থ নারীশ্বর মৃতি ভারতে প্রসিদ্ধ। সম্পত্তিতে ব্রিপুর আবির্ভাবের ভয় সম্বন্ধে আমাদের দেশ বরাবরই সচেতন; সেজপ্তে ধনীকে সমাজের মাথায় বসানো হত না, ত্যাগীর উপদেশের বেশি মূল্য দেওয়া হত।

ত্বভাগের স্বাভাবিক কামনা সকলের মধ্যে চারিয়ে দিলে তাতে আশান্তির স্টে হর না, লোকহিতে রত থাকলে ক্ষুত্রতা থেকে মুক্তি পাওরা যার, ভূমার মধ্যেই আনন্দ, এ ভাবের অনেক কথা আমাদের শাস্ত্রের মধ্যে ছড়িয়ে আছে, কিন্তু সেগুলি সংসারের কাজের মধ্যে দানা বেঁৰে উঠতে পারেনি। আমাদের দেশে না-ধর্মি অহিংসার এক সময় চূড়ান্ত দৃষ্টান্ত দেখা গিয়েছিল, কিন্তু প্রাণ-দিয়ে মানব-সাধারণের ইহিক ইষ্ট-সাধনের কোনো হাঁ-ধর্মি পন্থা এ পর্যন্ত কেটে বার করা হয়নি; প্রজ্ঞাপতির সন্তানমাত্রকে এক ভোরে বাঁধবার কোনো মহামন্ত্র উদ্ভাবন হয়নি।

বর্ণাশ্রম ধর্ম, অবলম্বন করায় প্রত্যেক বর্ণের নিজের নিজের ভণ-কর্ম চর্চার স্থানেগ হয়েছিল বটে, কিন্তু পরস্পারের মধ্যে বেডা ক্রমে শক্ত হয়ে ওঠার এক আশ্রম থেকে অন্ত আশ্রমে আসাধাওয়ার প্রথ থোলসা রইল না। দেখা গেল যে, অধিকারভেদ মেনে বলে থাকলে ভেদ্টাই টিকৈ যায়, স্থিকার আর বাড়ে না। ক্রমশ বর্ণভেদের

ভারগার ভাতিভেদ চেপে বসল, গুণকর্মের বদল হলে বে ভেদটাঃ বাধা হত না, সেটা জীবন থাকতে পার হবার উপায় বন্ধ হল।

তথন ধর্মের গারে লাগল আঘাত,—শুধু কর্তৃপক্ষের জবরদন্তির আঘাত নয়,শুধু ধর্মাজকের ফরমাশি আঘাত নয়, ভেদের পর ভেদ বিনা প্রতিবাদে মেনে চলায় জাত-কে-জাত নিজের হাতে-দেওয়া আঘাতের অপরাধে লিপ্ত হওয়ায় সকলে মিলে সাজা পেলও তেমনি। কারো সঙ্গে মিলিনে মিশিনে করতে করতে হিন্দু জাতটাই হল একঘরে; যারা পরের ভালো দেখতে পারল না, এখন তাদের ভালো কেউ দেখতে পারে না।

পরস্পর প্রীতি যে-পরম-ধর্ম তাকে চিনতে না পারায়, ত্যাগের দারা ভোগ করার যে সনাতন উপদেশ, আমাদের দেশের লোক তার ঠিক ভাৎপর্ব পেল না। সম্পত্তি ত্যাগ করার মানে দাঁড়াল সম্পত্তি ছেড়ে পালানো। যে-রোগীর ওর্ধ-পথ্যির থরচ জ্টছে না, তাকে চেঞ্চে পার্চালে সে যেমন ধনেপ্রাণে মারা পড়ে, এতেও সে ধরনের ফল হল। বিষয়কে বিষময় যেমন বোঝা ওমনি স্ত্রীপ্রেকে তার মধ্যে ফেলে, গেরুয়া পরে গৃহস্থ দে পিট্রান, ভাতে অস্তু গৃহস্থদের গলগ্রহ হয়ে তাদের বিষাক্ত বিষয়ের ভাগ নিতে হয়, সে থেয়াল নেই। ভারতবর্ষেরই মধ্যয়ুগের সাধকদের জীবনে দেখা যায়, ঐহিক জীবিকার চেটা পারত্রিক উন্নতি সাধনের বিম্ন নয়—তবে জীবিকা অর্জনে সম্ভট্ট পারার্রিক উন্নতি লাভে মাভোয়ারা হওয়া, তুটো জিনিস আলাদা। শেবেরটা ত্যাগ করে প্রথমটা রাখলে নিজের জোরে থাকা যায়, কারও গলগ্রহ হতে হয় না।

পরের কাঁবে চাপার এ সহজ উপায়টি জাহির হওয়ায় মেকী-ও চলছে বিস্তর; বিষয়ে যারা মোটেই বিরাগী নয়, তারাও ভেখ নিয়ে

## ত্যক্তেন ভুঞ্জীথা

রোজগারের দায় এড়ায়। কুন্তমেলার সময় একজন গেরুয়াধারীর নিজের এইমেট শোনা গিয়েছিল— লাখে একজন সাচা মেলে না। এতে দেশের অবস্থা যদি কাছিল হয়ে থাকে, তাতে আশ্চর্য হবার কী আছে।

আবার বলি, মিছে আক্ষেপ করার জ্বন্তে এসব কথা তোলা হচ্ছেন। একজনের ফেল হবার কারণ বোঝা থাকলে অক্তের পাস হবার সম্ভাবনা যাচাই করা সহজ্ঞ হয়।

বিষয়র কর্মফল ভোগ করবে, আমি তার করব কী।—নিজের শাস্তির চেষ্টা দেখি।"—এ ধারার নাম আর ষাই হোক, একে প্রেমের পথ বলা যার না। এর উলটো ভাব হচ্ছে USSR-এর। "যে যেমন ক'রেই ধরার এসে থাকি, আমরা সকলেই ভবলীলার খেলুডে। এসো তবে, সকলে যাতে ভালো করে খেলতে পারি, পরস্পারকে সাহায্য করা যাক, খেলাটা ভালো করে জমিয়ে সকলে মিলে আনন্দ করা যাক।" একে অস্তত নিরানন্দের পথ বলা যার না।

তবে নাম নিয়ে তো নয়, পরিণাম নিয়ে কথা। য়ে পথে লাঝে একজন উচ্চ অবস্থা পেলেও পেতে পারে, আর বাকি সকলে দ'য় মজে, তার বিষম পাকের চেহারা তো আমরা চারিদিকেই দেখছি—গোড়ায় পুষ্টির অভাবে বলকয়; বলহীনের বৃদ্ধিনাশ, ঐহিক পারত্রিক উন্নতির পথ ইকয়; শেষে রিক্ত আআারং আরো বলকয়। অক্তদিকে, ইহলীলা ভালো করে খেললে তাতেই শরীর মনের পুষ্টি, সেকথা কে না মানবে। ভালো করে খেলা মানে ভালোবেসে খেলা। প্রেমের গতি কেন্ত্রাভিগ; বাড়ায় দিকেই চলে। আলেপাশের প্রেম উপরের প্রেমকে টেনে আনে, উপর খেকে প্রেম নামলে বিশ্বময় ছড়ায়। খেলা জমে উঠলে খেলানে-গুরালাকে দলে টেনে নিয়ে শেষে আরো বড়ো খেলা কাঁদবার আশা

পাকে না কি। অন্তত এইটুকু জোর করে বলা চলে,—লীলামরের দেওয়া খেলা ফুডি করে খেললে তাঁর সঙ্গে ঝগড়ার কারণ হতেই পারে না।

আপত্তি করতে পার,— এসব ভারতবর্ষী ভাব রুশদেশ সম্বন্ধে খাটবে না। আছা বেশ, ওদেরই পাঁচজনের কথা একজনের জবানিতে, আমাদের সেই প্রবাসীর টোকা থেকে শুনিয়ে দেওয়া যাক। এক বিপ্লবী সমবায়-সম্পাদক বলছেন,—"মার্কিন দেশ থেকে যারাই আমাদের বিপ্লবের থবর করতে আসে, তারা জিজ্ঞেস করে—ওছে, তোমরা বে এত ভাবছ, এত খাটছ, ষতই অভ্ববিধ হোক ভালো মনে সয়ে যাজ, এ কোন্ সম্পদ পাবার আশায়। ভোমাদের নিজেদের পাওনা-থোওনার তো কোনো ব্যবস্থাই দেখছিনে।

"আমাদের উত্তর এই—তোমরা যে সব বিলাসের উপকরণকে সম্পদ্ধ বল, তা আমরা পাব না বটে, পাবার শথও নেই; পরের ঘাড়-ভাঙার যে ক্ষমতাকে তোমরা খ্যাতি-প্রতিপত্তি বলে থাক, তাও পাব না, পেলে নিতাম না; কিন্তু আমার গ্রামের ফসল বাড়ুক, আর হাজার মাইল দুরে খাল কেটে জলদানের ব্যবস্থা হোক, আমার পাড়ার কারথানা ভালো চলুক, আর অক্ত প্রদেশের খনি থেকে রক্ব উঠুক, সব ভা'তে আমার মনপ্রাণ বংকার দিয়ে ওঠে, কারণ আমি জানি, এ সব কোনো সম্পদ একজনের বা একদলের নর, সমৃদ্ধি সকলেরই; আর সে 'সকলের' মধ্যে আমিও আছি, স্থতরাং আমারই। এত বড়ো লাভের জল্পে যে কর্তু ছিটুকু ছাড়তে হয়েছে, সে ত্যাগে কাঁটা নেই, তাভে সমবেত সন্তোগের যে কুল ফোটে তার রাষ্ট্রজ্বাড়া সৌরভে আমরা নিশিদিন মাতোয়ারা। সোনায় গিল্টি করা লাগে না, কুলে রং দিতে ছয়্ব

# ত্যক্তেন ভূঞ্গীথা

না, আমাদের আনন্দের লজ্জত বাড়াবার জ্বন্তে গেকেলে ধর্মজীবীদের বাসী-বচনের পালিশ আবগুক নেই।"

আমরা গোড়ার প্রশ্ন তুলেছিলাম—সমবারের হাতে সম্পত্তি থাকার ব্যক্তিগত আর্থিক উনাসীন্ত, পারমাথিক উরতির বাধা হয় কি না। সম্পাদকের কথা যা শোনা গেল, তাতে বেশ বোঝা যায়, নিজের উরতির সক্ষে সকলের উরতি জড়িয়ে গেলে ব্যক্তির উৎসাহ কম পড়ে না। যদি বল এ ভন্তে মার্কিন দেশের মতো অত বড়ো বড়ো কারখানা জন্মার না, তার উত্তরে বলতে হয় USSR-এর সব কারখানাই তো এক প্রকাশু কারখানার শাখা, স্মৃতরাং আয়তনের দিক থেকে ধরলেও একদল নেতার হাতে এত বড়ো আয়োজন আর কোথাও দেখা যায় না।

কিন্তু আমরা সাবধান করে দিয়েছিলাম যে, লক্ষার প্রসাদ বড়ো মঞ্চার জিনিস, তাকে ওরকম স্থুলভাবে মাপলে ঠকা হয়। তুলনা করতে হলে একদিকে রাখো প্রত্যেক সমবায়ীর কাছে সকলের আনন্দের যে ভাগ গোঁছয়; অছাদিকে রাখো সেই সমবায়ীর নিজের শ্রমের ক্রেশ। দাঁডি-পালা তুলে ধরলেই মঞাটা বেরিয়ে পড়বে। প্রথম দিকে দেখবে আনন্দকে ভাগাভাগি করে নিলে গণিতের নিয়ম মানে না, কমে না গিয়ে বেড়ে যায়। অছাদিকে স্বস্থ সবল শরীর ছ্শ্চিঙার্হিত মন দিয়ে ধে শ্রম করা যায় তাতে তো ক্লেশই পাকে না, সেও আনন্দের পালায় গিয়ে বসতে চায়।

এ চমৎকার ব্যাপার দেখো আর মনের আনন্দে জয়জয়কার করে।।
কার জয় ? যে আনন্দ দিচ্ছে, যে আনন্দ পাচ্ছে, তোমার আমার মতো
যারা সে আনন্দদৃশ্য দেখছে. সব উপরে যিনি আনন্দের মূল উৎস,—
সকলেরই জয়।

পারমাধিক উরতির কথা আর বেশি বাকি কি। বোঝাই ভো গেল,

সংবেদ্ধ কারণে ঘটা দুরে থাক্, বাধা আসে অভাব থেকে। ব্যক্তিগত সম্পত্তির রাজ্যে যে ক্বতী তার একমাত্র লক্ষ্য সম্পত্তি বাড়িয়ে চলা,— ছেলে থাকলে বাড়াও, ছেলে না থাকলে বাড়াও, ছেলে ব'কে যাছে তব্ও বাড়াও, ধূঁক্তে ধূঁক্তে বাড়াও, মরতে মরতে বাড়াও—এ অবস্থায় আত্মার থবর সে কী রাথবে। আর যে অক্বতী, সে তো তথোছে, আশায় আশায় ভথোছে, নিরাশায় ভথোছে, প্রবলের চাপে ভথোছে, অভাবে ক্ষীণ হয়ে ভথোছে—ঠাকুরদেবতার নাম ধ'রে আর্জনাদ করলে, কী হবে, আত্মার সন্ধান তো ত্র্বলে পায় না। বাড়তি কম্তি এই ত্রই বিষম অবস্থা থেকে সমবায়ে যে মুক্তি পেয়েছে, সে তো বেঁচে গেছে।

অতএব, সংঘের ভারে মামুধকে তরীর মতে। উপরে ভাসিয়ে তোলে, জড়পিণ্ডের মতো তাকে তলিয়ে দেয় না,—এই রায় দিয়ে তৃতীয় বর্ণের আলোচনায় বসা যাক।

### স্বে মহিন্দ্র

অন্ত সভ্য সমাজের তুলনায় USSR-এর বিধানে স্ত্রীজ্ঞাতির অবস্থা ভালোমন্দ কেমন দাঁড়িয়েছে, সে খবর শ্রোতার কাঁছে ধ'রে দেওয়ার আগে যাকে বলে "নর-নারী সমস্তা" সেটা নিয়ে আপোশে একটু বোঝা-পড়া করে নেওয়া মন্দ না। বাস্তবিকই যত সব সমাজের উপর এ সমস্তাটা যেন ঝোড়ো অন্ধলারের মতো চেপে আছে, সমাজ-নেতারা কৃলকিনারা ঠাওর পাচ্ছেন না। কিন্তু বলে রাখি, আমরা ভয়ভাবনায় মন ভার করে আলোচনায় বসছিনে।

শুধু মামুষের নয়, অনেক শ্রেণীর জীবের মধ্যে স্স্তান উৎপাদন-লালন-পালনের ভার স্ত্রীপুরুষের উপর ভাগ করে দেওয়া আছে।

#### স্বে মহিমি

শ্রক্তির নিজের জনাটা কিনা আনন্দ থেকে, তাই তিনিও সন্তানদের জীবনযাত্রায় আহারে বিহারে ব্যায়ামে বিরামে, পদে পদেই আনন্দের ব্যবস্থা করেছেন। বংশবৃদ্ধি কাজটা জীবনের ধারা চালাবার পক্ষে যেমন দরকারী, স্ত্রী-পুরুষের আনন্দের বরাদটাও তেমনি বেশি।

বে কাজের সঙ্গে যে আনন্দ দেওয়া আছে, পশুরা তাই দাদাসিধে ভাবে উপভোগ করে। যেমন আহলাদ করে থায় দায় লাফায় ঝাঁপায় দুমোয়, তেমনি ক্ষৃতি করে যথাকালে জ্বোড় বাঁধে, বাচ্চা দেয়, তাদিকে খোরাক যোগায়, লায়েক হলে সংসারে ভেড়ে দিয়ে জীবনের এক পরিচ্চেদ থত্ম করে।

লোভ মামুষকে পেয়ে বসায় তার এমন বদ অভ্যেস হয়ে গেছে বে, পরিছেদ ছেড়ে সে জীবনের কোনো প্যারাগ্রাফকে ফুরোতে দিতে চাম্ন না। প্রকৃতিমায়ের দেওয়া আনন্দ যেখানে যা পাবার, এমন কি যেখানে নাও পাবার, ক'চলে বেশি করে আদায় করতে গিয়ে, জীবনটাই বিম্বাদ ক'রে ফেলে। ফলে ফুর্ভোগী আর ফাঁকা-ত্যাগী ফুই দলে সমস্বরে ফুকরে উঠে—"সবি ই: আর উ: আর আ:. জীবনটাই কিছু না:।"

আহারের ব্যরস্থা দেখলে মামুষ-জাতের ভাবটা পাওয়া যায়। মুখে যেই খাবার ভালো লাগা, অমনি বুদ্ধি এসে বাতলায়—"একা জিভটার উপর সব চাপানো কেন, চোখ-ক্ষচি সাজাও, নাক-ক্ষচি গন্ধ লাগাও, কান-ক্ষচি হাপুস্- ছপুস্ও যেন বাদ না যায়, ভবে তো বোলো আনা মজা পাবে।' সেই সজে রিপু জুটে ফোস্লায়,—"থিধের কম্ভি থাকলে চাটনি; পেট ভার করলে হজমীগুলি।' রোমানবা ছিল বড়ো পাকা জাত। ভোজে একপ্রস্থ নতুন ব্যঞ্জন পরিবেশনের যোগাড় দেখলে, উঠে গিয়ে বমি ক'রে জায়গা খালি ক'রে আগত! এমন জাত কলির শেবে মুবলিনী প্রস্বকর্বল কেন, যৃত্বংশের ইভিছালে তার নজির পাওয়া যেতে পারে।

এই সবই বৃদ্ধির আড়ালে আদি-রিপু লোভের কেরামতি। রিপ্টির ছয়বেশ ভেদ করে চিনে নিতে পারলে ভার জারিজুরি আর থাটে না। অঠরের আগুন ওস্কাভে গিয়ে চিতার আগুনটা অকালে টেনে আনা না হয়, নিজের দাঁত দিয়ে নিজের গোর না থোঁড়া হয়, সে বিবয়ে মায়বে সাবধান হয়ে আসছে। আগে আগে ব্যায়ামে-বাড়ানো শরীরের বহর দেখিয়ে লোকে আফালন করতে তালোবাসত, এখন বুঝেছে মাংসপেশী ফোলাতে গিয়ে হুৎপিণ্ড ফেল্ পড়তে পারে। প্রভূষ ষতই মিষ্টি লাগুক, আজ্কাল বিপ্লবের ছায়া যেখানে-সেথানে বেরকম উকিরুকি মারছে, তাতে যা রয়সয় তারি মধ্যে কর্তারা নিজেকে সংবরণ করতে শিখছে।

কিন্তু নরনারী-সমস্তা সভ্যতার সঙ্গে সঙ্গে বাড়ছে তো বাডছেই,—
তার মানে ওটা একা রিপুর পাকানো ফ্যাসাদ নয়, ওতে মিত্রেরও হাত
আছে। এ রকম জটিল জিনিসকে ছাড়িয়ে দেখা দরকার, নইলে জটের
পাঁচে বুছিটাও জডিয়ে যেতে পারে। হ'লে কী হবে, এ সমস্তার কথা
উঠলে লোকে হয় গদ্গদ, নয় জড়সড়, নয় আগুন হয়ে ওঠায় ওয়
ধেইগুলো আলাদা ক'য়ে ধরাই য়য় না। আচ্ছা, হয় না ো কী হয়েছে,
আমরাই ঠাগু৷ মনে বিচার করলেই ভো চুকে যাবে।

রিপুর। হাত কোপার ভাবতে গেলে দেখা যায়, নারীকে নরের সম্পত্তি বানিয়ে দিয়ে সে এক আঁচড়েই কর্ম সারা করেছে। এখন সমাজের যে স্তরেই দেখ, সেই অঘটনের ক্রিয়া চলুছে।

আছুরিক ন্তরে পুরুষটা প্রণয়িনীকে ঘাড়ে ধরে নিজের আড়ায় টেনে নিয়ে যায়, সেধানে তাকে দিয়ে দাসীগিরি, রাধুনি-গিরি, না-গিরি সব করায়। জ্রীলোকটা ভতার কাছে পেটভাতা পায়, ভাছাড়া সে এটাও বোঝে যে, ছুটো থেকে প্রপতির থাবা খাওয়ার চেয়ে নাছ্য-

### স্থে মহিমি

পতির চড়টা চাপড়টা মন্দের ভালো, তাই চুপচাপ না ধাকলেও, তার বরে টি কে থাকে ঠিক।

পৈশাচিক সমাজে শৌখিন নর-পূক্ষব তার অর্থ-সামর্থ্যে যে পর্যস্ত কুলোর, ততগুলি রমণীরত্ব সে সংগ্রহ করে। অবলা মাহুদ নিরাশ্রম থাকলে পাঁচ জনের মন যুগিয়ে তাকে চালাতে হত, তার চেয়ে এক জনকে খুশি করে যদি খাওয়াপরা সাজসজ্জা আরামে পাওয়া যায় মন্দই বাঁ কী, তাই এ অবস্থায়ও সে পোষ মেনে থাকে, এমন কি কামিনীগিরি প্র্যাকটিন ক'রে কিছু শ্ববিধেও ক'রে নেয়।

আগল বাঁধন ধর্মের ফাঁদে। শাস্ত্রে-আইনে মিলে ইছকাল পরকাল জড়ানো শিকল বার করেছে। তন্ত্রমতো মন্ত্র একবার আওড়ে ফেললে কনের আর ছাড়ন-ছোড়ন নেই। গৃহকর্তা বেঁচে থাকতে তার ঘরের, তার কুলের, তার শথসাধের প্রসঙ্গ নিয়েই জীবন, পতিদেবতা মারা গোলেও নিজেকে ভূলে তার ধ্যানে মশগুল থাকতে হয়। প্রস্কার কী,—না "সতী" থেতাব। আর পায় কে? ধর্মের সিঁদকার্টির মতো উচু অঙ্কের মন চুরী করার উপায় আর নেই, স্বাধীন বিচারের মাধা ঐধানেই থাওয়া গ্যেল। জীবন উৎসর্গ তো ভূচ্ছ কথা, সতী বলকে পতিত্রতা আগুনেও বাঁপ দিতে রাজি।

আঞ্চলাকার কচিতে এ সব অবস্থার কোনোটাই যদি ছেলেমেরেদের মনে না ধরে, তাঁতে তাদের অপরাধ কী। যে ভাবে হোক
ভয় দেখিয়ে, ঘূষ খাইয়ে, বোকা বৃঝিয়ে—স্ত্রীজ্ঞাতিকে মানিয়ে নেওয়া
য়ায়। কিন্তু ভা'তে ভার হালটা কী দাঁড়ায়। নিজেকে কেন্দ্র করে
ভার চারদিকে স্ত্রীকে ঘ্রিয়ে যে প্রুম সন্তঃ পাকে, ভার সেই সংকীর্ণ
মনের মাপে সেই ঘরের বউ, সেই কুলবধুকে খাটো হয়ে পাকতে হয়।

ভারপর সেইমতো ছাঁটাই নারীকে শক্তিরূপিণী বলে হাজার খোশামোদ করলেও, সে কোনো বড়ো কাজ করার শক্তি পাবে কোখেকে।

ছেলেকে মেব না করে মামুষ করা, সংসারকে গারদ না করে দীলাঘর করা, আগামী রুত্যুগ আবাহনের আয়োজন করা,—নরনারী নিজ নিজ মহিমায় মিললে তবেই এ সবের আশা থাকে, কিন্তু আমরা যতগুলি সম্পত্তি-পাগল সমাজ জানি তার মধ্যে সে সম্ভাবনা কোথায়।

বলা হয়েছিল নরনারী সমস্থার মধ্যে মিত্রেরও হাত আছে। সে রহস্তটাও এবার খুলে দেখার চেষ্টা দেখা যাক।

প্রারম্ভে শ্রোতাকে সেই থাঁটি প্রেমের কথা মনে করিয়ে দিই,
আনন্দলোকের সঙ্গে যে প্রেম মামুষকে যোগ ক'রে রাখে, যার ধারা
একেবারে ছেডে গেলে মারুষ ঘোর অন্ধকারে তলিয়ে যায়। এ প্রেমের
প্রকার বা ক্রিয়া এ বর্গের মধ্যে আলোচনা হতে পারে না, তবে
আমাদের কথাটা ফোটাবার জন্মে যেটুকু দরকার তাই বলা যাক।

বিশুদ্ধ স্বাধীন ভাবই খাঁটি প্রেমের বিশেব লক্ষণ। সংসারের কাজে এ প্রেম আমাদের সহায় নয়; এর প্রভাবে মা-বাপ সন্থানকে কোলেপিঠে নেয় না, দম্পতি সোহাগ করে না, সন্থান মাবাপের নেওটো হয় না। স্নেহ মমতা ভক্তির সঙ্গে এর সম্পর্ক নেই,— এক নিছক সখ্যের মধ্যে সংসারে একে দৈবাৎ পাওয়া যায়। ত্তরু-শিয়, জ্যেষ্ঠ-কনিঠ, নয়-নারী এ সব ভেদে এ প্রেমের বাধা ঘটে না, বড়ো জাের রং বা সৌরভের কিছু রক্মারি হতে পারে। প্রয়োজন বা সন্থরের নাবি এয় অন্তরায়। এর আকর্ষণে মামুষ মামুষ্কে টানে কিন্তু বাঁথে না। আপাতত আমরা যদি মেনে নিই যে, এ রক্ম প্রেম কদােচ লাভ হলেও, এর্থন জগতে আছে, তাহলেই এ বর্গের আলােচনার কাজ চলে যাবে।

যেখানেই পাঁচরকম সাংসারিক ভালোবাসার সঙ্গে এই মুক্ত প্রেমকে

#### খে মহিয়ি

শুলিয়ে ফেলা হয়, সেখানেই বৃদ্ধিবিপাকে পড়ে একটা না একটা সমস্তা পাকিয়ে উঠতে চায়। তাই এক পত্তন সাংসারিক ভাবগুলিকে ছাড়িয়ে ছুড়িয়ে সাদা বৃদ্ধির আলোতে তুলে ধরে, মাধাটা ভাবাটা পরিকার করে নেওয়া যাক। বাঁধি গৎ নিয়ে গ'লে থাকলে চলে না। খুঁটিয়ে দেখতে গিয়ে কোনো ভাবের অপ্রচলিত চেহারা বেরিয়ে পড়লেও তাতে ভয় পাবার কিছু নেই।

• প্রথমে ধরো স্নেছ। এ কথাটা বেশ। যে ভাব মায়ের বুকে ছ্ধ টেকে আনে, যেভাবে ছেলেকে কোল ধরে মা-বাপে আদর করেন, সাজান গোজান, থেলেন থেলান,— স্নেছ ভার উপযুক্ত নাম। অপর পকে, স্নেইর বিনিময়ে যে মিষ্টি রস মা-বাপ আদায় করে নেন, ছেলেকে পালন করার পরিশ্রমের তাই তাঁদের পুরস্কার,— বড়ো হয়ে ছেলে ক্বভক্ত হবে তার অপেকা ছনিয়াদারির অভ্যেকে মা-বাপ করতে পারেন, কিন্তু স্নেহডে তা করায় না। এই পুরস্কার প্রাণ ভরে উপভোগে কোনো দোষ নেই যদি মনে রাখা যায় স্নেহের স্বাভাবিক আয়ু শিশুকালের সীমার মধ্যে পরিমিত। শিক্ষাদীকার সময় এলে স্নেহের জায়গায় যিত্রভা আসার দরকার, নইলে বুড়ো ছেলেকে আঁচল-বাধা করলে, কিংবা নিজের মনের মতো তার স্বভাবকে মোচড়াবার চেষ্টা করলে, না ছেলের না মা-বাপের পক্ষে ভালো।

সে যাই হোক; আমশ্বা যে বন্ধনহীন প্রেমের কথা বলছিলাম, এ পরিমিত বাৎসলাবৃত্তি সে প্রেম নয়। তবে সেহভক্তির জ্ঞাল যথা-কালে কাটিয়ে উঠতে পারলে, মা-বাপ ছেলেমেয়ের মধ্যে সেই অহেতুকী প্রেমের সঞ্চার হতে পারে না, এমন কোনো কথা নেই।

ভক্তি জিনিসটা কিন্তু বস্তুত। শ্রদ্ধাতে ভক্তিতে তফাত এই বে, সভিয়কার কোনোগুণ অমূভব করলে, অক্তদোষ দেখা সন্ত্রেও শ্রদ্ধা আপনি

আদে, তার অস্তে ঢাকঢাক গুড়গুড় লাগে না। গুণ আরোপ করে, দোব চাপা দিয়ে তবে ভক্তি আনতে হয়; বিগ্রহে যেমন প্রাণ প্রতিষ্ঠা করে, স্ববস্তুতি দিয়ে বাড়িয়ে না তুললে তার প্রজা চলে না। এইজস্তে মা-বাপ সম্বন্ধে ছেলেপিলের যে স্বাভাবিক ভাব, তার নাম "ভক্তি" দিতে আমরা নারাজ। বাঁদের আত্মসম্বন্ধাধ আছে এমন কোন্ মা-বাপ ছেলেদের কাছে মেকি দেবতা সেজে থাকতে চান। পাকা বৃদ্ধি বা উদার হৃদয়ের গুণে কোনো মা-বাপ যদি ছেলেদের শ্রদ্ধা পান, ভালোই; না পেলেই বা কী। নিজেদের দোবে না খোয়ালে, সব মা-বাপ নিশ্চয়ই ভালোবাসার অধিকারী। ভালোবাসায় যার কুলোয় না, ভালোবাসা কী সে ভা জানে না।

এত কথার পর বলাই বাহুল্য আমরা যে প্রেমের কথা বলছিলাম, ভক্তির সূক্ষে তার কোনো সম্পর্ক নেই।

এবার আসল কথার আসা যাক। বে স্বাভাবিক টানে যুবক্যুবতী প্রজনার্থ পরস্পরকে চায়, ভার নাম দেওয়া যাক প্রণয়। এই প্রণয়ের সহজ রাস্তায় সকারণে অকারণে মায়ব নানা বাধাবিয় এনে ফেলেছে,— সমাজের বিধিনিবেধ, ছুই পক্ষের মা-বাপের ইচ্ছে অনিচ্ছে, টাকাকড়ি নিম্নে টানাটানি, আরও কত কী। ফলে, সমাজের মধ্যে স্বাভাবিক প্রণয় অমুসারে পরিণয় বড়ো একটা ঘটে না, বিয়ের পর য়েটুকু প্রণয় গজায় ভাই নিয়েই দম্পতিকে ঘর করতে হয়। এপায়ের স্বাভাবিক স্থান গৃহের মধ্যে, ওর স্বাভাবিক আয়ু গৃহস্বাশ্রমেই শেষ। স্বস্থানে ওকে না রাখলে এক পত্তন ফ্যাসাদের স্বৃষ্টি হয়; তার উপর ওকে ফেনিয়ে কাঁপিয়ে ওর মধ্যে যা নেই তা আদায়ের চেটা করলে, শরীয় মনের স্বাস্থ্য তো নই হয়ই, তার উপর যেটা ছিল মাত্র ফ্যাসাদ সেটা সমস্তা হয়ে ওঠে।

#### ত্থে মহিয়ি

প্রকৃতির জীবধারা-রক্ষার উপায় যে দৈহিক প্রণয়, আর মানবাত্মার মহাযাত্রার পাথেয় যে বিদেহী প্রেম, এ ছুইয়ের মধ্যে মান্ত্যের মনে অনেক্কাল থেকে যেন একটা গোল পাকিয়ে রয়েছে।

কবি যথন বিলাপ করলেন— লাখো যুগ ধরে হিয়ায় হিয়া রেখে ফুড়োনো গেল না, তথন এ সহজ্ঞ কথাটা তিনি কি ভুলেছিলেন যে, হিয়ার মিলনের আনন্দের রেশ ক্ষণ-কয়েকের বেশি থাকে না ?—তা তো সম্ভব নয়৾, তবে কী ভেবে তিনি তাতে যুগ ভরা আশের কথা তুলেছিলেন। মনে হয় তাঁর প্রিয়া তাঁর সঙ্গে এক আধ্যাত্মিক স্তরে ছিলেন না, তাই কাছাকাছি আসার কারণে আত্মায় আত্মায় যে স্বাভাবিক আকর্ষণ অমুভব করতেন, সেটা সত্যিকার প্রেমের মিলন পর্যন্ত পৌছতে পেত না,— না পেলেও কী-যেন-হলে-হতে-পারত, কী-যেন-হয়েও-হল-না এরকমের অক্ট আক্ষেপ কবির গভীরে রয়ে যেত।

যবন-দার্শনিক Plato এই বিদেহী প্রেমকে আলাদা করে চিনে-ছিলেন বলে মনে হয়। কিন্তু সে দেশেরই হোক, এ দেশেরই হোক, সেকেলে কবিরা সম-শুরের সলীসঙ্গিনী না পাওয়ায়, বা যে কারণেই হোক, তাঁদের আদিরয়ের গুণগান দেহের বন্ধন ছাড়িয়ে উঠত না। অথচ আসল প্রেমের আকাজ্জা তাঁদের ছিল নিশ্চয়ই, তাঁদের রচনাশক্তির তো কথাই নেই, তাই তাঁদের সোনার কাঠির পরশে তাঁরা প্রণয়কেই গিল্টি করে দিয়ে গেছেন। তাঁদের আধুনিক জাতভাইরাও অনেকে সেই কাজে লেগে আছেন।

ফলে, সাহিত্যজগতে প্রণয়কে যে রং চড়িয়ে রাখা হয়েছে, তাতে মামুষের বাস্তব জীবনে অনেক অলীক সাধবাসনা জেগে ওঠে, যার তৃপ্তির উপায় সাহিত্যেও দেখানো নেই, ভূল পথে খুঁজে পাঠকরাও পায় না, কাজেই হতাশ হয়, হা হতাশ করে, নানা জালে জড়ায়। প্রণয়কে

অতি উচুতে তুলতে গিয়ে গোলটা বেধেছে ব'লে তাকে মিত্রের মার বলা হয়েছিল।

তবে কি না, মিত্রের উপর রাগ করা দুরে থাক্, আমরা রিপুকেও বন্ধু করে নেওয়ার পক্ষপাতী। সব ইক্রিয়ের সাহায্যে আহারের ব্যাপারটা পরিপাটা করে আনা, সে তো সভ্যতার একটা উচ্ছল কীতি। রিপুকে ভয় করার কোনো কারণ থাকে না, যদি রুচিকে হামেশা বৃদ্ধির সাথী করে রাখা যায়। হাজার চমৎকার পশমী কাপড় যেমন ভার্বনে মহিলারও গরমী কালে গায়ে চড়াবার শথ হয় না, তেমনি খাবার বিষয়ে অখাত্যে সহজ অরুচি বৃদ্ধির সাহায্যেও চর্চা করা যায় না কি।

প্রণয় সম্বন্ধে ভাবুকের ভূলটা বুঝে চলতে পারলে তার দোবও আপনি কেটে যাবে।

নন্দনকাননে যুগল প্রমণ, চাঁদনীর লজ্জত, পাথির তান, ফুলের স্থবাস, দখিনে বায়, ছঁছ দোঁহার পানে চাওয়া, এসবে যার প্রাণ না মাতে, এর এককণা রস যে বাদ দিতে চায়, তাকে তো আকাট বেরসিক বলি। ওদিকে, এক বাসা, এক জীবিকা, একই সন্তানসন্ততি আত্মায়কুট্ছ নিম্নে ঘর করেও যে-দম্পতির মধ্যে ঘনিষ্ঠতা বা অন্তত রফারফি না হয়ে যায়, তাদিকে বেধড় বদমেজাজী বলি। কিন্তু কথক হলেই কথা নিম্নে পিটপিটে হতে হয়, তাই আপত্তি করি,—যতই চমৎকার হোক, এসবকে প্রেম বলা কেন।

ভবে কি প্রণরীদের মধ্যে প্রেম হয়ই না। ধাপে ধাপে উঠচে পারলে হতে পারে বইকি।

প্রজনার্থ প্রণয় (দেহের মিলনে ইন্দ্রিয়স্থ-বিনিমষ)। সহবাসে ভাব (মনের মিলে চিত্তবৃত্তির বাণীবিনিময়)। সহবর্মে প্রেম (আত্মার একীকরণে স্ভার আনন্দবিনিময়, বার ভাষা

### স্বে মহিয়ি

কবি শৌল দিয়েছেন: সম্ভায় সম্ভা মিশে যাওয়া (in one another's being mingle)—যদিও পাশ্চাত্য পাঠকরা এ ভাষার সে মানে ধরেন কিনা সন্দেহ)।

এই ধাপ ধরে উঠলে প্রণায়ীযুগল চরম অবস্থায় পৌছতে না পারবে কেন। কিন্তু বিয়ের মন্ত্রপড়াগোছের কোনো ক্রন্ত্রিয় তুকতাকে প্রেম হয় না; ভাছাড়া, না হতেই হয়েছে মনে করায় বা বলায় লাভই বা কী। ভয়তে উলটে প্রেমের পথে বাধা পড়ে।

এই ভূমিকার পর নরনারীসমস্তা আর একটু খুঁটিয়ে দেখা যেতে পারে। প্রকৃতির নির্দেশমতো বরকনের মিলনের পথে জাতকুলমেল যত রকমের বাধা ছিল, তার মধ্যে ক্রমশ প্রধান হয়ে দাঁড়াচ্ছে টাকা। তার প্রথম ফল এই বে, যে-ছেলে স্মবিবেচক, দ্রদর্শী, সে বিয়ে করছে না, বারা ছ্যাব্লা, কাওজ্ঞানরছিত, তারাই নিথাকী বংশ বৃদ্ধি করে অশেষ যন্ত্রণার সৃষ্টি করছে। সমাজের গতি তাতে নিচের দিকেই চলেচে।

যথাকালে উপযুক্ত পাত্রপাত্রীর বিয়ে না হওয়ায়, প্রকৃতির ভাডনায়
নানা সামাজিক উপসর্গও দেখা দিছে। কিন্তু সামাজ ক্রটির সোজাস্থলি
সংশোধন না করে তার উপর মহাপাতকের বোঝা চাপিয়ে প্রণয়ঘটিত
অপরাধের এমন ভীবণ মুতি খাড়া করা হয় যে, সাহায্য করতে কেউ
এগোয় না, খালি সাজার কথাই ভাবে। কিন্তু ষতই রাগ হোক, সমাজ
ভো শক্তের বাঘ হতে সাহস পায় না, কাজেই যে অবলা আইনের আশ্রয়
পায়নি, যে শিশু বিনামক্রের আমন্ত্রণে ধরায় এসে পড়েছে, চোটপাটটা
ভাদের উপরেই গিয়ে গড়ে। নরনারীসমন্তা ভো নয়, অবলা শিশুসম্ভাই বলতে হয়। সমাজের ক্রয়ের এই অপর কারণ।

সমাজবুদ্ধেরা কপাল চাপড়ান, পাহারা কড়া করেন, সাজা বাড়াভে

বসেন,—অপরাধের জড়-মারার ভাবনা ছাড়া আর সবই ভাবেন। জড় মারার উপায় করছেন USSR-এর বিপ্লবীরা।

এক বিষে, এক ভূলে যদি নরনারী-সম্বন্ধ অস্তস্থ হয়ে থাকে, তাহলে এক ওর্ধেই বা স্বাস্থ্য ফিরিয়ে আনতে পারা যাবে না কেন—ব্যক্তির হাতে সম্পত্তি থাকার, মামুবের সমানভাবে খাওরা-পরার, স্বাভাবিকভাবে মেলামেশার ষেস্ব অন্তরায় হয়ে থাকে, সমবায়ের হাতে সম্পত্তি এনে ফেলায় এক বিধানে সে সব উড়ে গেল। নারীও আর সম্পত্তির কো্টার রইল না, সে হল সব বিষয়ে নরের সম-অধিকারী।

মামুষ হল অর্থ পশুদেব; এই জ্বোড়া-স্বভাবের দোটানায় পড়ে তার যত গোল বাথে। যেগব দেহত্বথ পশুরও আছে মামুষেরও আছে, এক দিকে সেগুলো সাদাভাবে ভোগ না করে বুদ্ধির জ্বোরে জ্বরদন্তি বাড়াবার যেগব কুর্ভোগ, তার কথা ভো আগেই বলা হয়েছে। অন্তদিকে মামুষ পোয়েছে ডেপ্টিস্রষ্টার পদ, স্প্রেকাজেই ভার মামুষের উপযুক্ত উচুদরের আনন্দ পাবার উপায়, স্প্রের নব নব উল্মেষে ভার ব্রহ্মাস্থাদের ভূমানন্দ পর্যস্ত পাবার উপায় আছে।

কিন্তু ব্যক্তিগত স্বার্থের উপর চলছে বে-আধুনিক সভ্যতা, তার হড়োহুড়ির চোটে প্রাপ্ত-ক্লাস্থ গৃহস্থের স্পষ্ট কাজের অবসর কোথায়। ভাই সে নিশিদিন অবসাদে ডুবে থাকে, তাই জলে-পড়া লোক বেমন কুটোটা-কাটাটা আঁকড়ে ধরে, সে-ও ভেমনি সহক্তে-পাওয়া-যায় বে-ইন্সিয়ন্থ, সময়ে-অসময়ে স্থানে-অস্থানে তাই নিয়ে টানাটানি করে। অহরহ অরচিন্তার জালা থেকে সে যদি নিন্তার পায়, উচ্চ-আনন্দলাভের আম্বাদ পায়, সে কি সন্তা স্থথের শান্তিভোগের ধার দিয়ে আর বেভেইচ্চে করবে।

### স্বে মহিমি

যা হোক, একে একে দেখাই যাক না, সংঘবদ্ধ হলে প্রকৃতির দেওয়া স্বাভাবিক সম্বন্ধগুলোর কী অবস্থা দাঁড়ার।

আমরা তো দেখেছিলাম, পরিবারের মধ্যে বন্ধ পাকলে স্নেছের বাভাবিক আয়ু ফুলের মতো অল্পকাল স্থায়ী, টেনে রাখতে গেলে ফল থারাপ হয়। সমবায়ের হাতে পড়ে, আয়ু ঠিক রেখেও, পরিসর বাড়িয়ে স্নেছকে বিরাট করে তোলা হয়েছে। যে নারীর যেমন মাতৃ-ভাবের জোর, সে ধাপে ধাপে নিজের ছেলেদের মা, সমবায়ের ছেলেদের মা, রাষ্ট্রের ছেলেদের মা হয়ে উঠতে পারে,—তার জভ্যে শুধু যে দরজা খোলা তা নয়, সত্যিকার মায়ের সন্ধান পেলে রাষ্ট্রনেতারা তাঁকে আদর করে ডেকে নিয়ে বড়ো করে ভেলেন।

সর্ব এখর্বসম্পন্ন ভগবানকে তাঁর দেওয়া ভোগ্যবস্থ ফিরে নিবেদন করার যথার্থ তাৎপর্য কী হতে পারে। যে মান্ত্র্য প্রসাদের অধিকারী, সে অন্ধিকারীকে নিজের আসনে তুলে নিয়ে ভাগ দেবার চেষ্টা করলে সেটা বরং বেশ দিলারাম দৃশ্র হয়। তেমনি, মা-বাপকে সন্তান প্রতিদান কিবা দিতে পারে। মা-বাপের কাছে পাওয়া যা কিছু ভালো জিনিস, অদক্ষদ্ধ সেগুলো ভার নিজের ছেলেপিলেকে বুঝিয়ে দিয়ে ভবেই ভার পিতৃমাতৃশ্বন শোধ হতে পারে।—বিপ্লবী বিধানের এই ভাব।

আর ভক্তি ?— রাষ্ট্রপতিদের উপর ভক্তির চর্চা যেভাবে চলে চলুক, কিন্তু USSR-এর সমাজে আপনা-আপনির মধ্যে তার জারগা কোধার। বেখানে মাথা থাড়া রেখে নরনারী পরস্পরের চোখের দিকে সোজা চাইতে শিখেছে সেখানে সব দৃষ্টিই ওভদৃষ্টি, সেখানে কামভীতু লক্ষণ-দেওরের মতো ভাজের পারের দিকে তাকিয়ে থাকা লাগে না; সাধ্বী-নাম-পিপাসী সহধ্যিণীকে পতির দেবত তল্লাশে কপালে চোখ ওঠাতেও

হয় না। বিপ্লবীসমাজে পুরুষকে পতি খাড়া করা হয়ই না, ছেলেকে: মাছুব করে তোলাই মনে করে সাধু-সাধ্বী উভয়েরই ধর্ম।

বিপ্লবী ছেলেমেয়েরা মা-বাপের পায়ের ধুলো চায় না, চায় অনেক-সওয়া চিত্তের সরসতা, অনেক জানা মগজের সার,—মা-বাপেও তাদিকে তাই দিতেই ভালোবাসেন। যথন জরা এসে তাঁদের পায়ে ধরে, তাঁরা তথন নবীনের হাতে হাল ছেডে দিয়ে দ্রষ্টার আসনে নেমে এসে শোভা পান। সে শোভা যে দেখে সে খুশি হয়, ভক্তির কোনো প্রসঙ্গই: ওঠেনা।

শেষ কথা, এ সমাজে প্রণয়ের অবস্থা কী রকম।—পুব গোজা।
নারীর দিক থেকে দেখলেই স্পষ্ট বোঝা যাবে।

প্রকৃতির ঠেলার নারী তো যথাকালে ছেলের বাপ পছন্দ করে নেবে।
এ বিষয়ে কোনো বিধিনিবেধের ছালাম, বা ভরণপোষণের ভাবনার
চাপ না থাকার, ভার লুকোচুরি রংচং কিছুই করা লাগে না, পছন্দটা
ফেছার স্বছন্দচিতে করতে পারে; তার জল্ঞে কারো সলে যেচে
আলাপও করতে হয় না, কারণ কর্মসত্তে সমবায়ী নরনারীদের নিয়মিত
দেখাভনো মেলামেশা চলতেই থাকে। শেষে যাকে নির্বাচন করে তার
সলে শিষ্টালাপ করে, মিষ্টালাপ করে, বদ্ধুত্ব করে, সোহাগ করে; কিছ
ভাকে স্বর্গের দেবতা মনে ক'রে, বা ভার সলে জন্মজনাস্তরের সম্বন্ধ
করনা ক'রে, নিজেকে ভোলার না।

পরের পছন্দে বিরে করতে হলে যে সকল ভূগন্রান্তি আকছার হকে থাকে, এক্টেন্তে সেগুলো থেকে দম্গতি অনেকটা রেছাই পার ; তবে নিজের কাঁচা বয়সের বাছাইতেও মাঝে মাঝে গলতি থেকে যায়। তাতে ভয় কী। পর্বতপ্রমাণ ভূল হলেও স্বীকার করলে শুধরে নেওয়া যায়। বার বাইরের চিক্নচাক্র দেখে মনে ধরেছিল, ঘর করার বেলা যদি তার:

#### স্বে মহিমি

ভিতরের খড় বেরিয়ে পড়ে, তবে মুখ ভার না করে ভালো মনে আবার আলাদা হওয়াই তো ভালো। "প্রাণ যায়, তবু ধরেছি ভো সেঁপ্টে থাকি।" এ ভীষণ পণে বাহাছ্রি থাকতে পারে, স্থমতির পরিচয় পাওয়া যায় না। বিশেষত ছেলেদিকে সামলে দেবার জন্তে যেখানে সমবায় রয়েছে।

নারীর দিক থেকে যা যা বলা গেল, নরের দিকে সবই খাটে। নির্বাচন ভরুণ-ভরুণী পরস্পরকে করে,—এক হাতে তো তালি বাজে না।

এ সম্পর্কে USSR-এর সমবায়-নেতার কথাটা এই :

শিশোনো, ছেলেমেয়েরা! ভোমরা কে কার নৃত্ত কর, বা ছাড়, সে বিষয়ে তোমরা স্বাধীন। কিন্তু ধ্বরদার। ছেলে যদি জনায়, ভার বেন স্বাস্থ্যের, শিকার, আনন্দের ব্যাঘাত না হয়, সে বিষয়ে যদি তাটি ধরা পড়ে, তবে পঞ্চায়েৎ ঘাড়ে ধরে তোমাদিগকে সায়েস্তা করবে।"⁵

স্ত্রী-পুরুষের এ ভাবের মিলনে অনেকে আপন্তি করেন—"ভগবানকে ভো সাক্ষী করা হয় না।" ভগবানকে সাক্ষী না ক'রে কেউ কোনো কাঞ্চ করতে পারে, আন্তিকের পক্ষে এ কল্পনাটা আমাদের একটু অন্তুত লাগে।

আঁতে গীদ্ ব'লে একজন বিখাত ফরাসী কবি এই শেষ যুদ্ধের আগে রুশ দেশে কিয়ে তাঁর অমণবৃতাত্তে শ্রমিকদের সহজে মন্তব্য প্রকাশ করেছেন। লোকে বলে তিনি আগে যত USSR-এর পক্ষপাতী ছিলেন, এখন তা নন। লোকের কথায় কী হবে, তিনি নিজে যা বলেছেন চুম্বকে কিছু বলি শোনো। "কারখানায়, মাঠে, কাজের সময়

<sup>্</sup>ৰমাবাপের ছাড়াছাড়ি হলে পঞ্চাহতে ঠিক ক'রে দেয় কোন্ পক্ষ ছেলেকে কাছেরাধ্বে, কোন্ পক্ষকে খনচের কত ভাগ দিতে হবে।

হোক; আর, ছুটির সময় বাগানে বেড়াতে গিয়ে হোক; USSR-এর
শ্রমিকের দলে যেখানে অস্তরক ভাবে মিশেছি,— কবি ভাইদেরও
শ্রমিকের দলেই ধরছি,— আমার মনে এক অভাবনীয় আনন্দের তেউ
উঠেছে। তাদের মুক্ত জীবনের ছোঁয়া পেয়ে, আমার মধ্যেও কী যেন
একটা বাধা সরে গেল, দরদের ফোয়ারা ছুটল, কখনো বা চোঝে
আনন্দের জল ঠেলে উঠল। তাই দেখতে পাবে আমার কশে-তোলা
ছবিতে এমন একটা দিলদরিয়া হাসি ফুটে আছে, দেশের ছবিতে যারু
লেশও নেই।

"আর ছেলেদের আজ্ঞায়,—হঠাৎ তাদের একটা চড়িভাতিতে গিয়ে পড়েছিলাম—কী আনন্দের জেল্লা তাদের মুখ আলো করে ছিল। স্বস্থ পুষ্ট পরিচ্ছর শরীর, তাদের বিখাস-ভরা অসংকোচ চাউনি যেন নিজের আনন্দের ভেট আমায় দিতে এগিয়ে এল। তাদের ভাষা জানিনে, জানার দরকারও বোধ করিনি। তারা আমায় বন্ধু ব'লে চিনলে, তাতেই আমার মন কেড়ে নিলে, তার উপর কথায় বলার কী থাকতে পারে।

"তরুণ-তরুণীদের মধ্যেও সেই সরল হাসি, সহজ আনন্দ। প্রমোদ উত্যানে গিয়ে দেখি তারা নানা আমোদে মেতেছে, কিন্তু কী স্নীলতা, কী সংযম। ইতরতা নেই, ছ্যাবলামি নেই; হাসিতে নিছক ফুজি, খোঁচার ভাব, বিজ্ঞপের ভাব, কারো মনে কট হতে পারে এমন কোনো ভাবই নেই। খেলার আয়োজন, ব্যায়ামের আয়োজন, নাচের আয়োজন, এসব তো আছেই, তার উপরে জায়গায় জায়গায় ইতিহাস, ভূগোল, সাধারণ বিজ্ঞানের বিষয়ে বক্তৃতাও চলেছে; যারা ভনছে পুরো মন দিয়ে ভনছে, যারা অক্ত আমোদ চায়, তারা অশিষ্টতা ক'রে রসভল করছে না। সকলের জায়গা যেখানে নাও কুলোচ্ছে সেখানে ঠেলাঠেলি নেই, পালায় পালায় ঢোকার জভ্যে প্রসর মনে বাইরে অপেকা করছে। তাই.

### স্বে মহিম্নি

লোকারণ্য হলেও হট্টগোল নেই। উৎস্ব থেকে যেন একটা প্রশাস্ত আনন্দ উঠে আকাশ ভরে রেখেছে।"

একজন ফরাসী বন্ধু টিপ্লনি কেটেছিলেন—"এত অকাল-গান্তীর্য কি ভালো। ছেলেমেরেদের মধ্যে ফচকেমি নেই, টিটকারি নেই, কথা-কাটাকাটি নেই,—বয়স হলে এরা কি স্বাধীন বিচার করতে পারবে, না ধামাধরার দল তৈরি হবে।"

• তার উত্তরে লেখক বলছেন, —"এদের অকাল বার্ধক্য নয় গো—
অকাল-যৌবন। যাদিকে ভরুণ-তরুণী বলছি তারা যে-বয়সে যৌবনের
ফুভি টেনে রেখেছে, তাতে আমাদের দেশে বুড়িয়ে বসে যেত।"
বাস্তবিকই সত্যিকার গান্তীর্য যৌবনানন্দেরই জিনিস, জরার শিথিলতায়
তাকে পাওয়া তো যায় না।

আমাদের আরো মন্তব্য এই—সমাজবৃদ্ধের। সর্বদা আশকা করেন, নারীকে নেপথ্য গারদের বাইরে ছাঙা রাখলে, ইচ্ছেমতো চলতে ফিরতে দিলে, সমাজ লগুভগু হয়ে যাবে।—ইচ্ছেকে তাঁরা কত ভয় করেন "যাছে তাই" কথাটার ছুর্দশা থেকেই মালুম দেয়। কিন্তু কই—USSR এতা তো হল না। হবেই বা কেন। ননী খাওয়ার মানা না থাকলে ছেলে তো ননীচোঁরা হয় না। আমরাও এককালে ছেলেমাছ্ব ছিলাম,—মনে পড়ে, বারণ না থাকলে ছুইুমিও বোদা লাগত।

শারা বন্ধুম্বের তাজা রস চাইলেই পায়, কামের পচা ভোগ তাদের কচবে কেন। যারা ছ্শ্চিস্তামুক্ত, সারাদিন হিত কাজে রত, শরতান হোক শনি হোক, তাদিকে বদবুদ্ধি দেবার ফাঁকই পায় না।

এ বর্গের শেষ প্রশ্ন এই— স্বাভাবিক বৃত্তি আশ মিটিয়ে খেলাবার স্থবিধে পেয়ে, তাদের নিয়ে বাড়াবাড়ি করার কারণ ঘুচে গেলে, তখন কি USSR-এর নরনারীর মধ্যে বিদেহী প্রেমের চলাফেরার প্র

পরিছার হবে :— যে প্রেম গাঢ় হয়ে এলে নারারণকে স্থন্ধ টেনে আনবে ?

আমাদের বিবেচনায়, অবস্থা সব রক্ষমে স্বাধীন রাখতে পারলে সে প্রেম লাভ হবার সম্পূর্ণ সম্ভাবনা,—তবে যদি ইতিমধ্যে বাইরের রাজ-শক্তির আক্রমণে অস্তরের শাস্তি ভঙ্গ হয়ে বিপ্লবের তৈরি অমুকৃল অবস্থাটাই ওলট-পালট হয়ে যায়,—সে কথা আলাদা।

### ন হি কল্যাণকুৎ তুর্গতিং গচ্ছতি

মোক্ষের বিষয়ে সাদা করে ভাবতে গেলে প্রথমেই কথা ওঠে— কোথা হতে কিসের মধ্যে মুক্তি।

যে ক্লান্ত-ক্লিষ্ট আত্মা ভবের পালায় ফাঁকি দিয়ে সরে পড়তে ব্যন্ত, সে হরতো শৃষ্টের মধ্যেও আরামের না হোক, বিরামের কামনা করতে পারে; কিন্তু যে আনন্দ-মনে খেলছে, সে খেলার এক ধাপ খেকে পরের বাপে এগোতে এগোতে খেলার শেষে— হারের নয়, জিতে যে:শেষ, ভাতে পৌছতে চায়।

খেলাটা ভাহলে কী রকমের।

আনন্দলোকের আলো থেকে তো থেলুড়েরা নেমে এসেছে, ইহ-লোকের অন্ধলারে তো ড়ব মেরেছে, আবার আলোর আনন্দে ফিরে বাওয়াটাই হল থেলার বাকি পালা। এক কথার রূলতে গোলে, আসার সময় ড়বুরির মতো এক ঝাঁপে তলানো, ফেরায় সময় নিয়ম বঞ্জায় রেথে, নানা ভয়-বিপত্তি কাটিয়ে, তবে ওঠা। অন্ধলারে তলিয়ে গিয়ে না উঠতে পারাটা ভয়ংকর হার, মনে করলে গা ছমছম করে; মাঝের আব-ছায়ায় পথ ভূলে ঘুরে বেড়ানো, সে-ছুর্ভোগও হারেরই সামিল; সক্রবাধাবিছ পেরিয় আনন্দে ফেরায় শিহরণটাই জিত।

### ন হি কল্যাণকুৎ তুর্গতিং গচ্ছতি

মানব-লীলার ভূমিকা (ইংরেজীতে যাকে বলা যার play ground)
সেটা কেমন।

রামধন্তর মধ্যে ক'টি রং। এর উত্তর নানা রক্ষম দেওয়া যার।
চুল-চেরা বিচারক বলবে অসংখ্য—পাশাপাশি কোনো ছুই রং ঠিক এক
নয়; য়ুরোপের লোকে যে সময় উত্তর দেয়, তখনকার চলতি নামমতো
সাত রং বলেছিল; মোটামুটি তিন রক্ষমের রং-ও বলা যায়,—উপরের
'দিকে নীল জাতীয়, নিচের দিকে লাল-জাতীয়, মাঝে হারা-হারা।
মানবাত্মার খেলাভূমি সম্বন্ধে তেমনি একভাবে দেখলে অসংখ্য লোক
বলা যায়,—এই যে ইহলোক, এর মধ্যেই খেলুড়ে কখনো জড়ের টানে
অন্ধকারে ঘুরে মরে, কখনো মেঘের একটি রং, গানের একটি স্থর মনের
একটি স্থভাব, তাকে কোন্ উচু চুড়োয় তুলে নিয়ে উপরের আলো
দেখিয়ে দেয়। শাস্ত্রে বলে সপ্তলোক। মোটামুটি ভিনটি নিয়ে আমাদের
কথা চলতে পারবে,—উপরে তেজাময় অমৃতময় আনন্দলোক, নিচে
অন্ধ তমসারত মৃত্যুলোক, মাঝে আলো-ছায়া মেশানো রং-বেরঙে
মনোহর বৈচিত্র্যলোক।

আর যে খেলুড়ে, তারি বা চেহারা কী রকমের।

সে তো ব্যক্তির উর্দি পরে খেলার নেমেছে। সে আবরণের ভিতরেও তার সন্তার তিন স্তর—নিচে জড়তার, যার দক্ষন সে এক পত্তন তলিরেছে; উপরে আনন্দের তেঁজ, যার টানে সে আবার স্বস্থানে ফিরতে পারে; মাঝে বুদ্ধিরভির খেলা, যা তাকে ভোলপাড় করে ঘ্রিয়ে বেড়ার। ডুব দেবার সমর কিন্তু আদিস্থানের সঙ্গে তার যোগ ঠিক থাকা চাই, সেটা ছেড়ে গেলে আর ওঠার উপার থাকে না, তলিয়ে হার হছে যায়।

একটা নকশার সাহায্যে আমাদের কথাটা আর একটু ফোটাবার চেষ্টা করা যাক।

ছেলেদের খেলার বেলুনের মতো খেলুডেকে করনা করা যাক ।
সে বেলুনের চামড়া ইলাস্ত্রীক, যত গ্যাস পোরা যায় তত বাড়ে, বাড়লে
হালকা হয়ে উপরে উঠতে চায়, গ্যাস ক্সমে গেলে চুপসে মাটিতে পড়ে।
বেলুনে শুধু গ্যাস থাকলে তো সে উড়েই যেত, তৈরির সময় কিছু বাজে
আবর্জনা থেকে যায় বলে সে ধরায় থাকে। গ্যাসের আধারের সঙ্কে
আমাদের এ বেলুনের নল দিয়ে যোগ রাখা আছে, গ্যাসের চাপ বাড়লে
কানা ধেখানে নলের সঙ্কে আঁটা আছে তার কাঁক দিয়ে গ্যাস উথকে
বেরোয়। বেশি আঁটা থাকলে তা হয় না, কিন্তু তাহলে নতুন গ্যাস
পোরাও যায় না। খেলুড়ে এ রকম সজীব বেলুনের মতো এইটুকু মনে
রাখলেই আমাদের নকশার কাজ হবে।

এক পক্ষে থেলুড়ে নিজের বৃদ্ধির্ভি থেলিয়ে এমনভাবে বাড়তে পারে যে আনন্দলোকের সঙ্গে হে যোগধারা আছে তাতে শোবণের টান পড়ে। অপর পক্ষে আনন্দলোকে এমন ঢেউ উঠতে পারে— স্পৃষ্টির গোড়ায় একবার তরক্ষ উঠেছিল, আর ওঠে না, এমন তো নয়—যার প্রেরণায় স্রোত থেলুড়ের ভিতর চলে আসতে পারে। যে উপায়েই হোক, থেলুড়ের ভিতরে আনন্দ বেড়ে গেলে সে বড়ো হয়, উপরে ওঠে। সেই সঙ্গে তার পাওয়া আনন্দধারার ভাগ আশেপাশে উপলে পড়ে।

এ অবস্থায় যে যে ঘটনাগুলি ঘটে, একটি একটি করে বুঝে দেখা যাক।

বে মান্তবের উপরে ওঠার অবস্থা হয়েছে সে বদি বেলুনের মুখ
কবে বাবার মতো নিজের অবস্থা করে, আশেপাশে খেলুডে থেকে

### ন হি কল্যাণকুং তুর্গতিং গচ্ছতি

নিজেকে সরিয়ে রাখে, তাহলে তার উপরে ওঠার বাধা না হলেও পথের আনন্দ থেকে সে বঞ্চিত থাকে। মনে পড়ে সেই ইংরেজকে যে পাহাড়ে-চড়ার গাড়িতে বসে, জানলার দিকে পিঠ ঘুরিয়ে থবরের কাগজ পড়তে পড়তে পথের সময়টা কাটিয়ে, উপরে পৌছে একেবারে হোটেলানন্দে বিলীন হল।

শুধু বঞ্চিত হওয়া নয়, এতে তয়ও আছে। পরমার্থকে একা উপুভোগের বাদনা স্বার্থের মতোই দিশাহারা করে দিতে পারে। এ অবস্থার একটি তিবাজী বর্ণনা আছে। সংঘত্যাগী সাধক অভীষ্ট লোকের সন্ধানে বেরিয়েছে। প্রদিকে জলাশয়ের চিহ্ন দেখে সানের ইচ্ছায় সেদিকে চলল; পথে উত্তরদিকে ধেঁায়া দেখে গৃহত্তের আতিখ্যের লোভে সেদিকে ফিরল; মাঝের জঙ্গলে বিভীষিকা দেখে তয়ে দক্ষিণে দৌড়ল; পথিকের কাছে পশ্চিমদেশের গুণবর্ণনা শুনে অবশেষে শশ্চিমেই যাত্রা করল,— এই রক্ষম লক্ষ্যভ্রষ্ট হয় তার ভ্রমণ। আমাদের ধারণা এই, আধা-আলোর জায়গায় এসে থেলুড়ে যদি মনে করে কেল্লা মেরে দিয়েছি, ভাতে তার আবেগ মিটে গিয়ে তেজও চানতে পারেনা, আর উপরে উঠতেও পারে না, পাঁচরঙা লোকে খুরে বেড়াতেই থাকে,—বৈ অবস্থাকে হারের সামিল বলা হয়েছিল।

আনন্দটানার ক্ষমতা থাকার যে উঠতে পারে, সে যদি আনন্দ বিশ্বার কারণে কনিষ্ঠ সাথীদের স্তরে থেকে যায়, তাহলে মাঝপথে আনন্দ আদান প্রদানের একটা উপরি খেলা চলে। এ রক্ম খেলুড়ের ভাব বোধিসন্ত্ব অবলোকিতেখরের মতো, যিনি বলেছিলেন—"যভক্ষণ না স্বাইকে সল্লে নিতে পারব, ততক্ষণ মোক্ষ পাবার অধিকারী হলেও আমি তা নেব না।"

चछेनाक्रत्य এ तक्य स्कार्ष्ठ याजीत छेत्तृष्ठ चानत्लत गत्क कनिर्ष्ठत

আনন্দধারার যদি বোগ হরে পড়ে, তাহলে গুরু-শিশ্য সম্বন্ধ দীড়ার।
শিক্ষার আসনে অনেকে বসেন, তাঁদের শিশুও ফুটে থাকে, কিন্তু আনন্দ আদান-প্রদানের সম্বন্ধ না হলে গুরুকে সদ্গুরু বা শিশুকে সৎশিশ্র বলা যায় না।

সংশিষ্যের আগ্রহ আনন্দধারায় দেয় টান, তার আনন্দের খোরাক যোগাতে হয় গুরুকে। ব্যায়ামের গুণে থিধে বাড়ার মতো, শিয়কে আনন্দ যোগাবার এই প্রয়োজনই গুরুর উপর-থেকে আনন্দশোষণের ক্ষমতা বাড়িয়ে দেয়। আনন্দ দানই আনন্দ পাবার উপায়, আনন্দ পাওয়া আরো আনন্দ দানের উপায়, গুরুর লাভ হয়, এই চক্রবৃদ্ধি আনন্দধারা।

শিশের দিক থেকে দেখলে, তার নিজের ক্ষমতার যেটুকু সম্ভব হত, গুরুর কাছ থেকে তার চেয়ে প্রবল শ্রোতে আনন্দ পাওয়ায়, শিশু বেড়ে ওঠে। শেবে ঐ চক্রবৃদ্ধিস্রোতে পুষ্ট হতে হতে শিশু গুরুর সমান পদবী পেরে বায়, তথন গুরুশিশ্ব সম্বদ্ধ ঘুচে গিয়ে আসে নিছক মিত্রতা, যায় মধ্যে প্রেমের সবচেয়ে বিশুদ্ধ ভাব পাওয়া যায়।

শুরু যতক্ষণ উপর-থেকে তেজ টেনে শিয়কে যোগাচ্ছেন ততক্ষণ আনন্দলোকের যিনি অধিপতি, আর তারই আনন্দ বিতরণের উপলক্ষ্য যে শুরু, আনন্দদাতা আর আনন্দবাহক, এ চুজনের মধ্যে ভেদজান শিয়ের উপস্থিতমতো লোপ পেতে চায়। আসলেও কোনো ভেদ থাকত না যদি সোজাহ্মজি পাওয়ার, আর শুরুর রঙে রঙিয়ে পাওয়ার প্রভেদটা না থেকে যেত। কলকাতার নলের জলে আর গঙ্কার কলে যেমন তফাত থাকত না, যদি মাঝে ফলতা জল-কলের পাঁচরক্ষ কেরামতি না এসে পড্ড।

সমান পাত্রের মধ্যে আনন্দধারার যোগ-স্থাপন হলে ছ্জনের আনন্দ

### ন হি কল্য'ণকুং তুর্গতিং গচ্ছতি

ভালাচালি নানা রকমে হতে পারে,—একজনের বেশি দেওয়া, একজনের বেশি পাওয়া, চাকার মতো দেওয়া নেওয়ার বোরাফেরা; কিন্তু যতই রকমারি হোক, তুজনের মধ্যে প্রেমের আদানপ্রদান শুরু হলে, মূল উৎস থেকে তুজনেরই তেজ-টানা বেডে যায়, তুজনেরই আনন্দ বেশি বেশি উদ্রেত্ত হয়, ফলে তুজনেই প্রেমের মালোয় ওনিয়া স্থালর দেখে প্রেমের ভাগ জগৎকে বিলোয়। এর বিপরীত অবস্থা হলে সম্পেহ হয়, সিঃসকার প্রেমু হয়েছে, না কোনো প্রয়োজন বা প্রবৃত্তি বা মোহের ঝোঁকে তুজনে কারাকাচি এসেছে মাত্র।

প্রেম বিদেহী হলেও, দেহের নামরূপটা বাদ রাখা চলে না। নিয়া বেচারী সদানন্দের খোঁজে বেরিয়ে চিদানন্দের কাছে গিযে পডলে, তাঁর সঙ্গে তার বাঞ্ছিত সম্বন্ধ নাও ঘটতে পারে। তাছাড়া কণ্ঠস্ববের, মুখ-চোথের ভাবের, সাহায্য ছাড়া গুরুর মর্ম সব সময়ে হাদ্যংগম নাও হতে পারে। আসল কথা, বোঝার স্পবিধের জ্ঞান্ত, স্থুল দেহ, স্ক্র্মনরার, প্রোণমন চিত্তবৃদ্ধি, আত্মার এ সব ভাবকে আলাদা করে দেখি বটে, কিন্তু সবই তো একের ভিন্ন স্তরে প্রকাশ, কোথায় একটার শেষ অওটার আরম্ভ ধরাই যায় না। স্থুল দেহের মধ্যে মাদক ঢোকাও, স্ক্র বৃদ্ধিবৃদ্ধি যাবে গুলিয়ে। গুদিকে আত্মার উর্ভ অবস্থা শরীরের জ্ঞেল্লায় প্রকাশ পায়। তবু বলতে হয়, প্রেমের তেলা আধ্যাত্মিক স্তরেই চলে।

নরনারী ভেগে বিদেছী প্রেমের কিছু রসভেদ হয় কি না, সেকথা মাঝে মাঝে ওঠে। নরনারীর দেহযন্ত্র নিয়ে অবশু একথা উঠতেই পারে না, তবে স্ক্রন্তরেও নরনারী ভেদ স্বীকার করতে হয়। বীরাঙ্গনাকে বলা যায়, সে দেহে নারী, মনে প্রুষ। মহাপ্রতুর রাধাভাবে আরাধনা মানে তাঁর আধ্যাত্মিক নারীরূপ নেওয়া। খ্রীস্টান সাধকেও বলেন, যিশুকে জীবনের নিয়ন্তারূপে পেতে হলে আত্মাকে নারীপদবীতে তুলে

ভবে সমর্পণ করতে হয়। আমরা এইটুকু বুঝি, প্রেমিকের দেহের অবস্থা হাই হোক, যার আনন্দ্রোত বহিমুখী তার পুরুষভাব, যে অস্তরে গ্রহণ করে তার নারীপ্রকৃতি। এই দেওয়া-নেওয়ার পৃথক রসকে কি নিগমানন্দ আর আগমানন্দ বললে দোষ হয়। যাই হোক, আলাদা নাম চলতি না থাক্লেও রসভেদটা অকুভবে ধরা পড়ে।

একটি অবস্থার কথা বাকি। দৈবাৎ কথনো অনেকে মিলে পরস্পরের সঙ্গে আনন্দধারার যোগে বেঁধে পড়ে একটা প্রেমচক্র কৈরি হয়। একেই আদর্শ সংঘ বলা যায়। প্রত্যেকের বহিমু খী ধাণা অপরের অস্তরে প্রবেশ করায় এ রকম চক্রের অসীম শক্তি জন্মায়, যার সমবেত টানটা উপ্রেম্থী। ফলে, চক্রের প্রত্যেকে পথের আনন্দও যেমন প্রেয়া আদায় করে, তাদের উপরে ওঠাও তেমনি জ্বোরে এগোয়। এ রকম ঘটনা মনে করে দয়াল দাত্ বলে থাকবেন—"জলের ফোঁটা একা চলকে পথে ভথিয়ে যেতে পারে, অস্তের সঙ্গে মিলে ধারা বাঁধতে পারলে নদী হয়ে সমুদ্রে পোঁছে যায়।" সব সাচ্চার মেকী থাকে, সংঘ বা চক্রে ও তাই। যার গরজ সে অনায়াসে প্রেমের লক্ষণ দেখে আসল চিনে নিতে পারনে।

প্রেমের লক্ষণ দিয়ে যাচাই করলে অনেক ইেঁয়ালির উত্তর পাওয়া যার, অনেক সমস্তার মীমাংসা হয়। তুএকটা নমুনা দেখা যাক।

এ ভাবনা হওয়া স্বাভাবিক যে শিশ্ব তো অপ্তান অন্থায় গুরু থোঁজে,
তথন সদ্গুরু চিনবে কী করে। প্রেমানন্দই পথ দেখায়। সেটা পেলে
কে না বোঝে। তবে ভূল হওয়ায়ও কারণ আছে। গুরুবাদ সম্বক্ষে
লৌকিক অলোকিক এত রকম গল্পগুলব চলতি আছে, যারা কানপাতলা তাদের অবস্থা সেই বুড়ির মতো হতে পারে, যে ছেলের আলিফবে-তে ফারসী বর্ণমালা আওড়ানো গুনে ঠাকুরদেবতার নাম হচ্ছে মনে

### ন হি কল্যাণকং তুর্গতিং গচ্চতি

করে নয়নজ্পে বয়ান ভাসাল অবশু মোহের নকল আনন্দ টে কসই হয় না, াই শিয়ের মেজাজ ক্রমণ ক্লফ হচ্ছে বা নির্বিচারে মাত্রুবকে মাত্রুব বলে ভালোবাসতে পারছে না, দেখলে, বোঝা ধায় গুরুকরণে গলতি হয়ে, পরশমণির ছোঁয়া পায়নি।

আমাদের ধারণা অমুসারে গুরুর দেওয়া মন্ত্র ক দিয়ে আরম্ভ কি ছ দিয়ে আরম্ভ তাতে কিছু আসে যায় না, কোনো মন্ত্র না দিলেও লোকসান - েই; নিজে প্রেম টানতে পারলেই সদ্গুরু শিয়কে বাঞ্ছিত ধন দিতে পারবেন।

সাধনা লো রকম বেরক্মের হয়ে থাকে. কিন্তু আনন্দ পাওয়া দেওয়ার যে প্রেমের অবস্থাকে সিদ্ধি বলা যায়, সে কি আর এক বৈ তুই হতে পারে। গী ণার কথা ধরলে সে-সিদ্ধি যেন সাধনার উপর নির্ভরই করে না। যার যেমন ভাবনা তার সে পর্যন্থ সিদ্ধির দৌড, আমরা তো এভাবে গীতার উপদেশ বুঝেছি। ভাবনা বলতে মাথা বকানোও নয়, কয়না খেলানোও নয়; এখানে "ভাবনা মানে "হওয়া।" যে যত প্রেমিক হতে পেরেছে তার সিদ্ধি-লাভ ততটাই। বিনা প্রেমে গুরুর পক্ষেন-লালকে পাইয়ে দ্বোর চেষ্টা বুথা। অপর গক্ষে প্রেম থাকলে সংশিশ্য গুরুকে উপলক্ষ করে নিজের আবেগের জোরে নিজের কাজ হাসিল করতে পারে!

শ্রদ্ধার যে প্রশ্ন নার মনে দ্রায়, উত্তর তার মধ্যেই নিহিত থাকে, গুরু-দর্শনের আনন্দে আপনিই প্রাণ হয়ে পডে। এক বসিক বলেছিল শিষ্য গুরুকে বলে "মন-তোর-দে," গুরু শিষ্যকে বলেন "মন-তোর-নে।" শিষ্য নিশ্বেই সাধনের ধন গুরুক্তেমের আলোয় দেখতে পায়।

আর এক সমস্তা হচ্ছে, সব সত্পদেশই বলে লোকের হিতে রত থাকতে। মুশকিল এই তো নিজেরই হিতাহিত বুঝেওঠা দায়, পরের হিত

তো দ্রের কথা। তাডাতাড়ি হিত করতে গেলে রোগীর যে-দাঁতে ব্যথা নেই সেটা তুলে দেবার মতো বিপরীত না হয়। এখানেও পথ দেখার প্রেম। যাকে আনন্দ দিতে পারা গেল, তার হিত করা হল সে বিষয়ে কি সন্দেহ থাকতে পারে। এই প্রথম ধাপে পা দিলে দ্বিতীয় ধাপ তখন আপনিই দেখা দেবে। আনন্দ দিলেই তো আনন্দ পাওয়া যায়। তার মানে কল্যাণ করতে গিয়ে কল্যাণ লাভ হয়। উর্ধ্বে গিতিই কল্যাণের লক্ষণ, তাই এ বর্গের মাথায় গীতার কথা তুলে দেওয়া হয়েছে

খেলায় জিভের চেহারাটা কী, এখন কতক বেরিয়ে পড়েছে। পরস্পরের সঙ্গে প্রেমের যোগের আনন্দে ভরপুর হয়ে, বড়ো হতে হতে যখন ব্যাক্তত্বের আবরণ স্বচ্ছ স্ক্র হয়ে যাবে, তার ভিতরকার আবর্জনার জড়তা খলে যাবে, তখন আনন্দলোকে উঠে যাবার আর বাধা থাকবে না, সেখানকার আলো ভিতরে বাইরে সমান প্রকাশ পাবে; তখনকার আবরণ সে বিল্ল নয়,—"আমার এই স্বস্থান, এতে ফিরে এলে আনন্দের প্রেম-রূপ লাভ করলাম"— এই চৈত্তা সজাগ রাথার জন্তে যেটুকু ব্যবধান নইলে নয়, ভাই খেলার শেষ পর্যন্ত থাকবে।

USSR-এর মোক্ষলাভ সম্বন্ধে অবস্থা আমাদের বিচারের বিষয় ছিল। তাঁদের নিজেদের মধ্যে সম্ভাবের পরিচয় তো পাওয়া গেছে; সংঘের ঠাটটাও তাঁরা বেশ গড়ে তুলেছেন। তার মধ্যে বিদেহী প্রেমের স্কুর উঠেছে কিনা, সে খবর কে দিতে পারে।

যে সব পাশ্চান্ত্য পর্যটকেরা কশে যাতায়াত ক'রে ঝুড়িঝুড়ি মন্তব্য ছড়িয়ে বেঃ নার, তারা তো সব ধনলোভী, প্রেমের লক্ষণ তারা কী জানে। তারাই তো প্রণয়কে নিজের যথাস্থান থেকে তুলে দিয়ে, নভেলে নাটকে সিনেমায় তাকে মানবজীবনের একমাত্র সম্বল বলে ঢাক-পেটানোর

# ন হি কল্যাণকুং তুর্গতিং গচ্ছতি

চোটে পৃথিবীময় নরনারীর সহজ অ্বনর সম্বন্ধটা মাটি করবার যোগাড় করে এনেছে। বিদেহী প্রেমের খেলা দেখলেও তাদের পক্ষে চেনা সম্ভব হয় নাঃ মনের মধ্যে আভাস পেলেও প্রকাশের ভাষা কোটে না।

এক যদি এ দেশ থেকে প্রেমধন নিয়ে কোনে। সাধক রুপে যান, USSR-এর সমবায়ীদের সঙ্গে সম্বন্ধ পাতান, তিনি তাঁদের মুক্তির রাস্তায় প্রগতির কথা বলতে পারবেন। সেথানে সমাজের যে ভূমিকা গড়ে উঠেছে. তাতে না করে সহক্ষী নারীকে "কামিনী" জ্ঞান, না করে কাঞ্চনে নিজের জ্বস্থ্যে লোভ,—এমন হান সাধকপছন্দ তীর্থ না হবে কেন।

আমাদের কথা তো ফ্রল, কিন্তু সঙ্গে সঙ্গে বিপদও ঘনিয়ে এল।
যুগল-মিলন না ঘটিয়ে কথা শেষ কংলে নেহাতই বেদস্তর হবে, কথককে
শ্রোতারা ছুয়ো দেবে। অথচ যতবার ধুয়োয় এসে খোঁজ নেওয়া
গৈছে,—নারাছণ বলেন লক্ষার প্রতিষ্ঠা না হলে তিনি ধরা দেবেন না;
লক্ষ্মী বলেন যেখানে নারায়ণের দর্শন নেই সেখানে তিনি স্থির হয়ে
খাকতে পারেন না।

এখন উপায় 🔊

কবিরা বিপদ গনতেল বাণীকে ভাক দেন; আমরাও তবে ভারতীর শরণাপর হই; তিনি আমাদের ভোঁতা বৃদ্ধিবৃত্তিতে ধার দিয়ে, যে সব গাঁঠ পড়ে আমাদের সতা টুকরো টুকরো হয়ে গেছে, সেগুলো কেটে ফেলে আন্ত মাহুষ হয়ে ওঠবার উপায় করে দিন। তিনি ছাড়া আর কে ব্ঝিয়ে দিতে পারবে যে, নরনারী লক্ষীনারায়ণ সবই একমেবাদিতীয়ম্।

# পালান্ত পরিচ্ছেদ

#### को श्रव

বে সব পাশ্চান্ত্য পর্যটক আজকাল রুশে অবস্থা দেখতে যান, তাঁরা USSR এর অধীনে শ্রমিকবর্গের প্রথম্বছেলে থাকার চেলারা অস্বীকার করতে পারেন না; অথচ তাঁরা যাকে সভ্যতা বলেন তার বিধিনিবেধ রীতিনীতি সব উলটপালট করেও যে, মামুষের ভাঁলো চলতে পারে, সে কথা তালের মন একদম নিতে চার না; তাই ভীমকলের যেমন লেজে হুল, তাঁদের মস্তব্যের শেষে একটা থোঁচা থেকে যায়—"এ ভালো কি টিকবে।"

নগরকীত নে মেতে উঠে নাগরিকেরা কোলাকুলি করে, পরে উচ্ছাস জ্ডিয়ে গেলে, যে-দলাদলি সেই দলাদলি এ স্থলেও, েই পাশ্চান্ত্য সমালোচকেরা বলেন, বিপ্লবের ঝাজ নর্ম পডলে, আবার হবে ভাই-ভাই ঠাই-ঠাই। সেটা যাতে তাড়াতাডি হয়, আশপাশের হিতৈবী (়)-রা পথ চেয়ে বলে আছেন, সে কথা অবশ্য থাকে উহ

আমরা এ পথেরও কিছু জানি, ওপথেরও কিছু জানি; তাছাড়া মরে আছি বলে মরণদশারও লক্ষণ জানি। সে অবস্থার USSK-এর ভবিষ্যতের বিষয়ে অস্তুত আমাদের ধারণাটুক্ না বললে শ্রোভারা গোলমাল করতে পারে, ভাববে, কথক কাঁকি দিয়ে উঠে পড়ল। ভাই এই উপসংহার।

ষিশুঞ্জীন্ট বলেছেন, তলোয়ার যার জাবিকা, তলোয়ারেই ভার বিনাশ। USSR সম্বন্ধে এ কথা থাটে কি না সন্দেহ, কারণ রিপুর বশে জারা তো অন্ত্র ধ্বেননি। দেশের প্রজারুন্দের উপর অনেক দিনের

#### को श्रव

অমাছ্যবিক অত্যেচার এডাবার ভাবনা করতে করতে শ্রমিকদের সমবেত সমিতির যে পরিকল্পনা উদয় হয়েছিল, সেটাই হল আসল জিনিস—তাকে বাস্তব রূপ দিতে শেষে অস্ত্রের সাহায্য লেগেছিল বটে, তা সত্তে অলীবিকার উপায় করা হল তলোয়ার গলানো লাঙল-ফলায়, তাও চালাবার ভার সমবায়তয়ের, যার ধর্মই হল মিলেমিশে কাজ করা। কাজেই, USSR এমন কোনো রক্তবীজ বুনেছেন যার ঝাড় তাঁদেরই কাল হবে, সে কথা বলা যায় না।

ঘরে বাইরের শক্রর সঙ্গে অহিংসারীতি অমুসারে যুদ্ধব্যাপার না চলার, আমাদের মহাত্মার মতে হিংসার জড় ভিতরে থেকে গিয়ে শেবে মারমূভিতে দেখা দেবার আশংকা আছে। কিন্তু এ যুদ্ধের আগে পর্যস্ত USSR-এর হিংস্র ভাব কিছু তো প্রকাশ পায়নি। ইরান দেশকে রুশসম্রাট প্রায় গিলে ফেলেছিল, USSR তাকে ভালো মনে, প্রতিদানের দাবি না করে, মুক্তি দিয়ে স্বায়ত্তশাসনের পথে এগিয়ে দিলেন। সম্রাট আমলের খ্রীন্টানধর্ম প্রবল থাকতে ইছদীদের উপর যে অকথ্য নিষ্ঠ্রতা করা হত, ধর্ম-বুলি-বিহীন USSR তাঁদের প্রতি কী রকম মমতা দেখিয়ে সেটা মুছে ফেলার চেষ্টা করলেন। শুধু তাই বা কেন। USSR-এর অন্তর্গত কত আলাদা জাত, আলাদা সম্প্রদায় নিবিবাদে এক সঙ্গে আছে, নিজের নিজের আচারব্যবহার রুচিক্নষ্টি অমুসারে জীবন চালাবার বাধা পাত্ম বলে শোনা যায় না।

এখনকার যুদ্ধের ভাবটা যে ঠিক কী, সেটা যুদ্ধ শেষ হবার অনেক ্রিন পর ছাড়া জানতেই পাবা যাবে না। হালের বাজে খবরের উপর নির্ভর করে আন্দালী মস্তব্য প্রকাশ করতে যাওয়ায় কোনো লাভ নেই।

অহিংসার সব অন্ধিসন্ধি ঠিকমতো বুঝে-ওঠাই দায়। অস্থায়ের

#### পালান্ত পরিচ্ছেদ

প্রতীকার নানা রক্ষমে চেষ্টা করা যায়, — গায়ের জোরে, বাক্যের জোরে, ব্যবহারের জোরে—অনেক সময় সোজাম্বজি মারের চেয়ে বাক্যয়ন্ত্রণার: পীড়া বেশি, আরো কষ্ট দেওয়া হয় সম্পর্ক ছে টে ফেললে। তাই একা মারাকে হিংসা বলে ধরা চলে না। আবার ছোটো মার দিয়ে বড়ো মার পেকে রক্ষে করতে পারলে হিংসার হিসেবে সেটা উলটো দিকে চলে-আসে। তা ছাড়া, মারাটা যেন হিংসা হল, বিনা প্রতীকারে অসহায়কে মার পেতে দেওয়া, সেটা কি শহিংসা। প্রাণ রাখতে সদাই প্রাণাস্ত— এ সমস্তার জবাবদিছি প্রকৃতির।

প্রকণির হাত ছাড়িয়ে উঠে, মামুবের কোনো দল কোনো দেশে নিজেকে উচু পদে তুলতে চেষ্টা করছে, সেটা সারা ছুনিয়ার পক্ষে অথবর। হিংসার ওবুধ যে প্রেম, এ আবিষ্কার ভারতের; কিন্তু ভারতীয় সমাজকে জাতিভেদ মেনে ব্যক্তিগত আর্থের অধানে চলতে দেওয়ায় সেউপলব্ধি সংসারের কাজে আরেগও লাগেনি, আজও লাগতে চাচ্চে না, রয়ে গেল বচনেই, দে কথা পালার মধ্যেই বলা হয়েছে। দে উপলব্ধির উপযুক্ত নির্লোভ কর্মক্ষেত্র USSI গড়ে তুলছেন বলেই তাদের সঙ্গে লেগেছে লোভপন্থা রাশদের দল। তাদের বিরুদ্ধে বিখামিত্রের মতোক্ষ ত্রিয় ভেজকে লাগিয়ে দেওয়া ছাড়া আর উপায় কী।

ক্ষত্রপদ্ধতি হচ্ছে— "হয় ক্ষাস্ত দাও, নয় অন্ত হও।" অন্যাচার সহ্ম না করে অক্রোধে প্রাণ দেওয়ার উপদেশ অদিংসাপদ্ধীদের অমু-মোদিত। তেমনি কি ধর্মরক্ষাথে অক্রোধে প্রাণনাশও চর্চ। করা যায় না, অসহায়ের গায়ে যে ছুরি তুলেছে উভয়ের প্রতি দয়া করে তার হাতে লাঠি মেরে নিরস্ত করার মতো ?

• সব শক্ত সম্ভা মীমাংসা করে USSR-এর উছিকপারত্রিক পরিণাম সম্বন্ধ রায় দেওয়া আমাদের সামর্থ্যে কুলোবে না। এখন

#### কুলক্ষণ

মরণদশার কোনো লক্ষণ দেখা যায় কিনা, সেটা অমুসন্ধানের বিষয়। সে লক্ষণগুলি কী রক্ষ।

### কুলক্ষণ

শমবায়ীরা নেতাদের স্তুপদেশকে জীবনযাত্রার পাথেয় না করে, যদি তাদের মৃতি বা ছবি ফুল, বাতি, ধূপধূনো দিয়ে পুজো করতে শুরু করে, তাঁদের মধ্যে কে বড়ো তাই নিয়ে নিজেদের মধ্যে ঝগড়া জাগায়—

পরস্পরের প্রতি আন্তরিক দরদ, পরস্পরের উন্নতির জন্তে সত্যিকার আগ্রহ—এই দিয়ে সমবায় খাডা না রেখে, অবভার পরিবর্তন অমুসারে পদ্ধতির বদল না করে, যদি কোনো একজনের বা এক সময়ের তৈরি নিয়মকামূনকে যায়-প্রাণ থাকে-প্রাণ অটুট রাখাই সার ধর্ম বলে মানতে আরম্ভ করে, জপে-মোচডানো মনের মধ্যে স্বাধীন চিস্তার পথ ক্রমের দেয়—

শা করেছি খুব করেছি আর দরকার নেই" এই বলে যদি সস্তোষ শাস্তি এই রিপ্-ভাইছ্টির পাল্লায় পড়ে উপর থেকে প্রেরণা আসার রাস্তা খোলসা না রাখ; কিংবা "আমরা যা দেখিয়েছি, পৃথিবীর আর কেউ তা পারেনি, পারবে না" এই দক্তের মোছ আলসে মেরে গিয়ে নতুন বিজ্ঞে কাভের, নতুন উদ্ভাবনের চেষ্টায় খতম দিয়ে বসে

এ রকম কুলক্ষণের কোনো একটি প্রকাশ পেলে USSR-এর বাড় কুরিয়েছে, সে নাবী-মুখে এসে পড়েছে, বুঝতে হবে। প্রাকৃতির ঠেল -ঠেলির মধ্যে উপরে উঠতে না থাকলে নিচে পড়ে যেতে হয়, নিশ্চিস্ত হয়ে মাঝামাঝি বিরাম লাভের উপায় নেই।

#### পালাম্ব পরিচ্ছেদ

তবে USSR-এর যদি পতন আরম্ভ হয়েই থাকে, সেটা বোঝার জ্বন্থে মহা অমুসদ্ধানে মাতার কোনে: দরকার নেই,— তাতে আমাদের লাভটা কী। আমরা তো আহলাদ করে USSR-এর অভ্যুদয়ের কথা বলতে বসেছিলাম, শুনতে তোমাদিকে ডেকেছিলাম,— তাঁদের ভালো দেখে কিছু শিখব বলে, তা নেহাত না পারলেও তাঁদের অগতি দেখে আনন্দ করব বলে। মরণদশা দেখার জ্বন্তে সাতসমুদ্র তেরো নদী পার হওয়া লাগবে কেন, ত্রোরের গো গায় হিন্দুজাতের গলাযাত্রা তো রোজই চলেছে।

# ভয় নেই

তবে শোনো, নাতিনাতনীরা, যারা এতদুর পর্যস্ত থৈর্থ থবে এ বইটা পড়েছ—এখন পালার কথা শেষ হয়েছে, এইবার দাদাগিরি ফলিমে তোমাদের উপর কিছু উপদেশ ঝেড়ে বিদায় করতে চাই। ভোমরা যদি মুখ চাওয়াচাওয়ি করে নিজেদের মধ্যে ফিসফিস কর—"আছার বুড়োর পাল্লায় পড়েছি, দম-দেওয়া গ্রামোফোনের মতো থামতে পারে না।" তাহলে মনে করিয়ে দেব তোমাদেরও ছোটোবেলার প্রশ্নের স্রোত অফুরস্ত ছিল, তার ঠেলা ভো বুড়োকেই সামলাতে হয়েছে; তাই এখন শোনবার ভাক পড়লে ফোস করা চলবে না। তাছাড়া শেষে একটু মুক্রবিরানার চং না করলে মা-বাপে ভোমানিকে আমার কাছে আর আসতেই দেবেন না। হাজার হোক, তাঁরা সেকেলে লোক, মনে করেন ছেলেমেয়েরা মাঝে মাঝে বকুনি না খেলে বকে যাবার ভয়াখাকে।

ভাই যা বলি, শুনে যাও। আমাদের দেশের, আমাদের জাতের গতিক বড়ো ভালো নয়, পালা ভনতে ভনতে এ ভাবের কথা মাঝে মাঝে বলতে হয়েছে; সত্যি কথার কথনো ইষ্ট বৈ অনিষ্ঠ হয় না তাই বলেছি; তাতে তোমাদের মন থারাপ হবার কিছু নেই। দেশের, জাতের, সমাজের উত্থান পতন লেগেই আছে, পতনের সময় বিষণ্ণ হলে আবার উত্থানের দেরি হওয়া ছাড়া, লাভ কিছু নেই। সে কথা তোমরা প্রত্যেকে মনে রেখো। প্রত্যেক ভূমি" যা করবে তাই জড়িয়ে "তোমাদের" করা হবে।

, তোমার অভিধান থেকে 'অসাধ্য' আর 'নৈরাশ্য' এই ছুটো কথা কেটে দিয়ো। সমস্থা আসে মেটাবার জ্বস্থে; সংকট আসে পার হবার জ্বস্থে; ছুঃশ আসে শক্তি জাগাবার জ্বস্থে। রাত যত ঘনিয়ে আসে উষা তত এগিয়ে আসে, সে কথা ভুলো না।

অন্তর্ধামী ভৎ সনাকে যদি ভয় করে চল, তাহলে জগতে আর কিছুর ভয় পাকবে না,—মৃত্যুরও না; বিশেষত যদি 'আমার' জায়গায় সর্বদা 'আমাদের' ভাবনা করা অভ্যেস কর। আমি মরলে আমরা সকলে তো মরব না। তোমার জীবনমৃত্যু যদি এমন হয় যে, তাতে ভোমাদের সকলের আরো ভালোভাবে বাঁচার স্থযোগ হবে, তাহলে সেই সকলের মধ্যে তুমি অমর হয়ে পাকবে।

পূর্বজন্মের কর্মকঁল নিয়ে বৃথা মাথা বকিয়ো না। সে বিষয়ে ঠিক জানারও উপায় নেই, তা নিয়ে তোমার করারও কিছু নেই। প্রতি মুহুতেই তোমার নবজন, সে মুহুতে তৃমি স্বর্গে থাকবে কি নরকে থাকবে, সেটা তোমার হাতে। পরকাল নিয়েই বা ভাবনা কেন। ইহকালটা জ্বলে তবে না পরকাল। যে কালে আছ, সেই বর্তমান কালটা ভালো করে কাটাতে পারলে, ভাবীকাল আপনিই সামলে যাবে।

ভালো করে কাল কাটানো কাকে বলে। পদে পদে "ভোমার" এবং

#### পালান্ত পরিচ্ছেদ

"শোষাদের" আনন্দ বাডাবার ব্যবস্থা করা, — অক্স লোকে কবে কী করেছে তাই পডেগুনে নকল করে বাসী ভাবে নয়; নিজের বুদ্ধিরন্তি টাটকা থাটিয়ে — বৃদ্ধি দিয়ে ভেবে, হৃদয় দিয়ে অফুভব করে, কাজে আগ্রহ করে। নিজের সন্তার এমন টল্টলে অবস্থা করে তোলো যে ধ্যেন মনে বোঝা, অমনি বুকে দরদ, তৎশশৎ স্থেয়ি হাও।

টাটকা কাজ করাই স্থান্ট করা। শরীরমন যদি পরিষ্কার রাখ, চিত্ত যদি শুদ্ধ রাখ, তাহলে সেগুলি শোমার নিজের তৈরি জিনিস হয়ে উঠবে। আত্মীয়বন্ধুব সঙ্গে সামাজিক সম্পর্ক যা আছে তা আছে, নিজের স্থভাব দিয়ে যেটকে আরো মিটি করে তুলতে পাঞ্জবে সোট ভোমার হাতেগড়া সম্বন্ধ হরে। যেখানে সম্পর্ক থাকার কোনো লৌকিক কারণ নেই, সেখানে স্থগত্বংখের ভাগী হয়ে সম্বন্ধ পাতিয়ে বদা যাওঁ। কাকে ব্যবহারে কথায় কথায় নিজের মনহাদয়ের রস দিয়ে জীবনের প্রত্যেক কিয়াকে উৎসব, প্রত্যেক উৎসবকে আনক্রময় করে তোলা যায়। একবার সৃষ্টি করব ব'লে বসলে দেখবে এমন ঘটনা নেই যাকে নিজের ছোঁয়া দিয়ে আপনার না করে নেওয়া খায়। এই সৃষ্টি কাজেই মানুষ্ম মানুষ্যের উপার্ক্ত আনক্র পেতে পারে। এ সৃষ্টি রোজই করা যায়, এবেল। ওবেলা করা যায়, উঠতে বসতে করা যায়; এর জন্মে আলাদা সময় তুলে রাখায় আবশ্রক্ত করে না,—প্রতি মুহুরেই করা যায়। যে মুহুত্র কে, আনক্রময় করে ভূলতে পারবে, তাতেই অনস্তের আকাদে। বা

জিজেন করতে পার, যে প্রেমের প্রেরণা স্পৃষ্টি করায় সে প্রেম পাওয়া থাবে কেমন করে। থিও বলেছেন ঘা দিলে দরজা খুলে যায়। পতঞ্জনী বলেছেন যত আবেগে চাবে তত বেগে পাবে। তার সোজা যানে, চাওয়া আর পাওয়া একই কথা। প্রেমের আলো সকলের মধ্যে কিছু না কিছু আছে,— পথ দেখাবার ভারটা সেই আলোর উপর দিলেই মিটে যায়। যেটুকু আলো আছে প্রথম পা বাডাবার পক্ষে তাই যথেষ্ট; কোনো দলকে যুদি বিরোধী মনে কর, তার একজনকে ভালোবাসতে পারলে দলের সঙ্গে বিরোধ ভঞ্জন হবেও এক পা এগোলে পরের পা ফেলার জায়গা তখন দেখা দেবে। মিলেমিশে চলংল আলো বাড়ে. তাতে চলা যায় ভাড়াভাড়ি। কিন্তু যে রক্ষ করেই চলা হোক, চলার চেয়ে এগোবার সহস্ব কৌশন কেউ বাতলাতে এলে, তাকে সন্দেহের চোখে দেখে।

যতদিনে তোমরা তোমাদের নাতিনাতনীদের সঙ্গে শোসগল্প করতে বসবে, তার মধ্যে আমাদের দেশে আশার উষা দেখা দেবার সময় এসে থাবে। অরুণোদয়ের লালে-লাল শোভা সামনে দেশলে তারি কথা নিশ্চয়ই তোমরা বলাবলি করবে। তগন আলোচনার বিষয় হাজার হাজার মাইল দুর থেকে টেনেবুনে আনতে হবে না।

সেই ভরসায় উৎফুল্ল গয়ে বুডো মাছুবের কাঁপা-গলায় আমি জিজেস করি,—"আমরা কি দমে আছি।"

তোমরা সিংহনাদে গর্জাও- না ! না !! না !!!

# টিপ্পনী ঋণস্বীকার

পালা সাজাবার জন্তে পাঁচ জায়গা থেকে নানা রসের কথা কুভিয়ে এনে ধরে দেওয়া গেছে। ধেখানে সবই পরের কাছে পাওয়া-সেখানে বিশেষ করে কার ঋণ স্বীকার করা যায়। যে শ্রোতার মা ভালো লেগে যায়, সে যাতে ইচ্ছেমতো মূলে গিয়ে ভৃপ্তি পেতে পারে, তার উপায় রাখলেই হল।

USSR-এর সমীকরণ যজ্ঞকে উপলক্ষ্য করে, ভবলীলার আকার প্রকার থোঝা ছিল আমাদের আসল উদ্দেশ্য, হাতে সমঞ্জদার হয়ে পরের ভালো খেলা তারিফ করতে পারি, খেলায় পটু হয়ে নিজেরাও আনন্দ দিতে নিতে অপারক না হই।

খেলার হুটো দিক আছে। এক হল নিয়মকামুন,— যা মেনে অস্তত বাঁচিয়ে না চললে খেলা দাঁডায় হুটোপাটিতে, আমোদ লাগার চেমে চোট লেগে যাবার সম্ভাবনা ধাকে বেশি। আর হল ভাব, যার লক্ষণ হচ্ছে পরস্পরের :স্থবিধে-অম্ববিধে বুঝে চলা, নিজের ভালো চালে পরের ভালো চালে সমান খুশি হওয়া, মনে রাখা যে, সকলে মিললে তবেই হয় খেলা, নিজে বাহাত্বরি নেবাব থোহে না পড়া,— যে ভাবকে ইংরেজিতে বলে স্পোর্টস্ম্যানলাইক (sportsmanlike)।

ভবলীলারও সে রকম হুইদিক আছে। একপক্ষে খেলুডেকে প্রকৃতির নিয়ম মেনে চলতে হয়; তবে জীবের মধ্যে মামুষ সৃষ্টি করার ক্ষমতা পেয়েছে বলে সে নিয়মকে কতক এডিয়ে কডক বদলে চলতে পারে। আর খেলড়েকে ভাবও ঠিক রাখতে হয়, সাথীদের সঙ্গেও বটে,

#### খেলার ভাব

খেলানেওয়ালাদের সঙ্গে তে। বটেই, নইলে তাঁর সঙ্গে যোগ ছুটে গিরে, তলিয়ে বা পথ ভূলে, খেলাটা হারে না শেব হয়।

প্রথম দিক থেকে বিচার করার সময় প্রত্যক্ষদর্শীদের কথা নিয়ে আমরা আথর দিয়েছিলাম। পাশ্চান্ত্য ভাষায় বিজ্ঞানের বা ভ্রমণের বইয়ের অভাব নেই, সেগুলি দরকার নতো পড়তে পাওয়াও শক্ত নয়; ভাই বিশেষ স্থল ছাড়া আলাদা করে কোনো বইলেখকের নাম করা ইয়নি।

্তাবের কথা আশ মিটিয়ে পেতে হলে যেতে হয় বেদ-উপনিষদে,
যার মধ্যে আমাদের চিরনমন্ত ঋষিদের বাণী ধরা আছে। সেখান
থেকেও আমরা দরকারমতো চুনে নিতে ছাড়িনি, কিন্তু ফী হাতে গ্রন্থের
নাম শ্লোকের নম্বর দিলে বিশেষ স্থবিধে হত না। এক তো, ঋষিদের
বচন পড়া আজকালকার ফেশান নয়, তা ছাড়া বই আনিয়ে খুঁজে পেতে
বার করলেও দেখা যাবে, ভায়্যকারেরা যে-কালের উপযোগী ব্যাখ্যা করে
গেছেন, সেকাল থেকে এ কালটা এত তফাত হয়ে পড়েছে য়ে, নিজের
নিজের টিপ্লনী না কাটলে মানেটা কানেই থেকে যায়, ভিতরে পৌছয়
না।

তাই আমাদের ভাব ঋষিকথায় শ্রোতার মনে পৌছে দিতে হলে, নিজ্বের বোঝা মানেটা প্রকাশ করে বলতে হয়। ত্একটা নমুনা দিলেই যথেং হবে, তাতে যদি শ্রোতার ঋষিবচনের মধ্যে স্বাধীনভাবে বেড়াবার শ্ব হয়, সে তো পুব ভালো কথা।

#### খেলার ভাব

ঋথেদে যে বিফুমন্ত্র আছে, যা আমাদের সব ক্রিরার আরজ্ঞে আওড়ানো হয়, অনেক সময় মানের দিকে দৃক্পাত না করে, তাতে

### विश्वनौ

ভবের খেলার পদে পদে যে ভাব বদলে চলতে হয়, তার ইশারা পাওয়া যায়। মন্ত্রটি এই:

> তদ্ বিষ্ণো: পরমং পদং সদা পশুস্তি স্বয়ঃ দিবীব চকু: আততং।

কথার পিঠে কথা নিয়ে সাদা বাংলায় এর মানে দাঁডায় এই রকম:
স্বীরা সেই বিষ্ণুর পরম পদ সদাই দেখেন,

চোখ দিয়ে আলোয় মেলা किनिरमद गटा।

চোখের সামনে আলোয় ধরে দেওয়া জিনিসের মতো — উপমা জো বেশ পরিকার। কিন্তু সেই বিষ্ণুর পরমপদ কাকে বলে।

জিশোপনিষদের প্রথম শ্লোকে বোঝা যায়, সেই বিষ্ণু হচ্ছেন যিনি জিশা হয়ে লোকের মধ্যে যতলোক সব ছেরে আছেন। তিনি স্ষ্টের সব শুরেই বিরাজ করেন, এক এক শুরে বা লোকে তাঁর এক এক রক্মের পদ দেখা যায়, আনন্দলোকে তাঁর চরম প্রকাশ। আনন্দ দেওয়া নেওয়াই তো প্রেম, সেই প্রেমের আবেগে নিচের লোক থেকে উপরের লোকে যেমন ওঠা যায়, তাঁর নিম্নপদ উচ্চপদ হয়ে দেখা দেয়, অবশেষে পূর্ণ-প্রেমে তাঁর পরম পদের দর্শন লাভ হয়।

ফুল কেন্দো লোকের হিংসবে ফলের স্থচনা, শৌখিনের পক্ষে ঘর-বাগানের সাজ, ভাবুকের চিত্তে তার মহিমা অপার। মুনীব যাকে বলে চাকর, বিজ্ঞানীর সংজ্ঞায় সে নর, প্রেমিকের সে আপানার। ওেলেতে মা দেখেন স্নেহের পুতৃল, জনসেবক দেখেন দেশের আশা, স্থরী দেখেন বিশ্বরূপ। যশোদা-মার প্রেমের আলো যেবার স্নেহের টান ছাড়িয়ে উঠেছিল, িনিও তাই দেখেছিলেন।

স্থীদের বলে জ্ঞানী; ভার মানে প্রেমের আলোয় যা দেখা যায়, ভাই সভিয় জ্ঞানা যায়। খ্যানে জ্ঞানতে হলেও সেই আলো চাই।

# খেলার উৎপত্তি

গায়ত্রী মত্ত্রে বলে দেই সবিভার বরেণ্য তেজ ধ্যান করতে। কোন্
সবিভা। ধিনি আনন্দলোকের অধিপতি। তাঁর তেজ বা প্রকাশকে
বরেণ্য বলে দেই স্থরী বোঝেন, যাঁকে প্রেম দিয়ে বরণ করা হয়েছে।
নিচের আকিঞ্চন আর উপরের প্রেরণা, দ্বি-ধর্মী বৈছাভের মভো
পরস্পরের অপেক্ষা করে, পরস্পরকে টানে; শেষে প্রেমের ঝিলিকে
উভয়ের মিলনানন্দের উজুাস। এ মিলন দৈব স্থপ্রসন্ন হলে ঘটে,
বলাও যা, আর ঘটনাটা রহস্তময় স্বীকার করাও ভাই।

্যাই হোক, আমরা এইটুকু বুঝেছি, ভবলীলার আরস্তে, মাঝে, শেষে, সর্বত্ত সেই প্রেম। হৃদয়ে প্রীতি নিয়ে আসা হয়, প্রীতি করতে থাকলে প্রেম বেড়ে চলে, প্রেম পূর্ণ হলে পাওয়া যায় নন্দলালকে।

# খেলার উৎপত্তি

ঈশোপনিষদের এক শ্লোকে উৎপত্তির কণা আমরা যে ভাবে পেয়েছি ভাই দেখাই—

দ পর্যগাৎ শুক্রম্ অকায়ম্ অব্রণম্ অস্নাবিরং শুদ্ধম্ অপাপবিদ্ধং কবি: মনীধী পরিভূ: স্বয়স্ত্; যাতাতগ্যত: অর্থান্ ব্যদধাৎ শাস্বতীভ্যঃ দুমাভ্য:।

এর মানে আমাদের কাছে এই ভাবে আসে---

তিনি বেরিয়ে ১এলেম,— সেই নিরাকার নির্বিকার অবস্থা ছেড়ে—
এবং যিনি আপনাতে আপনি ভরপুর (স্বয়স্থু) ছিলেন তিনি লোকস্থলের অধ্যক্ষ (পরিভূ) হয়ে, কবি-মনীষী-ভাবে (শাশ্বতীর) চিরকালের
ও (সমার) কালের পর কালের পক্ষে উপযোগী ব্যবস্থা করলেন।

সর্বব্যাপী রইলেন সর্বব্যাপী, তবে স্পষ্টির কারণে একাকার অবস্থা স্তবে স্থারে লোকে লোকে ভাগ হয়ে গেল, তাতে তিনিও বছুখণ্ডিত

#### ভয় ভাবনা, আশা ভরসা

হরে আলো থেকে অন্ধনারে, স্ক্র হতে স্থুলে, পরিষানে (adventure-এ) বেরলেন, ভ্রমণে নয়, রমণ করতে। বেরিয়ে পড়া তো সহজ; পুনর্মিলনে ফেরার, নিজের মহিমায় পুনঃ প্রবেশের পথই বাধাবিয়ে বন্ধুর, পদে পদে স্প্রেছাড়া মৃত্যুলোকে পড়ার ভয়ে বিপদসংকুল। তাই উপযুক্ত ব্যবস্থা আবশুক। কবি-মনীষী-ভাবে যে ব্যবস্থা করা হয়েছে ভার মর্ম বোঝা যায় না, বৃদ্ধি (intellect) ও বৃত্তি (emotion) ছয়ের সমজস (harmonious) উৎকর্ম (culture) না হলে। ইংরেজিকথাগুলো দিয়ে দেখানো গেল যে ঋষিবাক্য একেলেভাবে আলোচনা করার অম্ববিধে কিছু নেই।

#### ভয় ভাবনা, আশা ভরুসা

উপনিষদে মাঝে মাঝে যে প্রার্থনা আছে তার ত্-একটা দেখলে, আমরা ্যে-ভাবে মানে করেছি তার সায় পাওয়া যাবে।

অসতো মা সদ্ গমর
তমসো মা জ্যোভিঃ গমর, মৃত্যোঃ মা অমৃতং গমর।
অসং থেকে সতে নিরে চল;
অন্ধকার হতে আলোর, মৃত্যু হতে অমৃতে নিয়ে এস।

স্টির মধ্যে অসং বলে কী থাকতে পারে- য়া কিছু আছে তাই তো সং। অসং বলতে হলে, স্টের নিরাকার নিরঞ্জন পূর্বাবস্থা, যার সম্বন্ধে কোনো বাক্যই যথন থাটে না. তথন সংও বলা যায় না, তাকেই অসং বলতে হয়। ওঁ তৎসং বলে নিজেকে এইটুকু মনে করিয়ে দিতে হয়, আমরা যে ইন্দ্রিয়গ্রাহ্য সদানন্দ জীবন চালাছিছ এটা সেই বাক্য-মনঅতীতেরই প্রকাশ। তবে কি না, 'এটা নয়' 'ওটা নয়' করা ছাড়া

#### সভাগ্রিহ সংকল্প

যার বর্ণনাই চলে না, সে অসং-মবস্থা রমণীয় নর, ভাই থেলার দাধ মেটানোর জন্তে স্পৃষ্টির প্রার্থনা এইভাবে উঠলো—

আমাদিকে দেই neutral অবস্থা থেকে positive সন্তার মধ্যে নিয়ে চলো,— তাতে দেহ ধরে মোদনীয়কে নিয়ে থেলা করব, যে বিশদ আসতে পারে তার রোমা যত পাব, ভয়-তরার উল্লাস জানব, শেষে স্থাবর আনন্দের বদলে জন্ম প্রেমেয় শিহরণ লাভ হবে।

প্রার্থনাটা কিন্তু ভয়ে ভয়ে করা,— মোহবশে আলোর সঙ্গে যোগ ছুটে ধ্যেতে দিলে ভো অনন্দালোকে পড়ে আত্মহত্যা করা হবে,— তাই পিঠ পিঠ আবদার—

নিচের অন্ধকার থেকে পথ দেখিয়ে আবার আলোয়, মৃত্যুলোক হতে বাঁচিয়ে আবার অমৃতময়লোকে ফিরিয়ে এনো।

এ কথাটাই অন্ত অন্ত জাধগায় বুরিয়ে ক্ষিরিয়ে বলা আছে— আবি: আবী: ম এধি।

ভূমিই ভো আলো, ভোমার সেই আলো আমাদিকে দেখালেই ফিরে যাবার পথ ঠিক পাব।

রুদ্র ষং তে দক্ষিণুং মুখং তেন মাং পাহি নিভাম্।

মৃত্যুলোকের ক্বন্দ্র্যতি থেলাচ্ছলে চকিতে দেখে নেওয়ার পর, আবে সারা রাম্ভা ভোমার সেই উজ্জ্বল প্রকাশ দেখিয়ে পথে রেখো।

#### সভ্যাগ্রহ সংকল্প

শ্রুতিবাক্য শোনানো হলে সকলে মিলে শান্তিপাঠ করা প্রথা। কিন্তু আমরা যে ভাবে বুঝেছি বুঝিয়েছি তাতে সে প্রথা মানা চলে না। এইসবের আগেকার নিজ্ঞির অবস্থা শান্তিময়ই ছিল। তাতে মন উঠল না বলেই তো থেলতে বেরনো। থেলার শেষে হয়তো আবার শান্তি

#### সভাগ্রিহ সংকল্প

আগবে, যদি ভূমানন্দের সে নাম দেওরা অস্তার না হয়। কিছু মাঝ-পথে শাস্তি চাওরা মানে তো বিপদ ডেকে আনা, ঝিমোতে ঝিমোভে আবছারা লোকে ঘুরে মরা, হারেরই মতো stalemate-এ থেলা শেষ করা।

স্থিতপ্রজ্ঞ না হলে ভালো থেলোয়াড় হয় না, তা থুব মানি। যে স্থিতপ্রজ্ঞ দে ভবের ছবি, লীলার নিয়ম, মনে এমনি বদিয়ে নিয়েছে যে, তাকে পথ থোঁজার জন্তে আঁকুবাকু করতে হয় না। উপরের আলো-কে, পে কথনো চোথের আড়াল হতে দেয় না, এগিয়ে না চললে পিছতে হবে তা দে কথনো ভোলে না। কিন্তু দে চঞ্চল নয় বলে মোটেই শাস্ত নয়। দে ভানে আবেগ শাস্ত হলেই সব মাটি, কাজেই শাস্তির প্রার্থনা করে না, দে চায় আবেগ, তীব্র আবেগ, যাতে বত্ত শীঘ্র সন্তব্দ জিতে উঠে বেতে পারে।

অত এব এসো, আমরাও আর্গ্র কামনা করি, আগ্রহের চর্চা করি, সত্যাগ্রহে থেলায় মাতি, ভাহলে স্বরং লীলামুয়, থার নাম সত্য, তিনি নিশ্চর সঙ্গে গঙ্গেবন — জিত হবেই হবে।

সত্যমেব জয়তে।